সংস্কৃত—

শিক্ষা-সরণী।

১ম খণ্ড।

শ্রীঅঘোরনাথ বিদ্যা

প্রকাশক—এন, সি, দত্ত।
৩৪নং কলেজ ষ্ট্রীট, কলিকাতা।

২০শে পৌষ, ১৩১৬।

মূল্য দশ আনা।

SANSKRITA SHIKSHA SARANI

OR

ELEMENTARY LESSONS ON SANSKRIT COMPOSITION & TRANSLATION.

PART I.

(For the use of 5th, 4th & 3rd Classes of H. E. Schools)

BY

PUNDIT AGHOR NATH VIDYANIDHI,
Head Pundit, Konnagar High School.

"আ পরিতোষাদ্বিদুষাং ন সাধু মন্যে প্রয়োগবিজ্ঞানম্।"

Calcutta:
PUBLISHED BY N. C. DUTT.
32, College Street.

1910.

Price annas ten.

PRINTER. G. C. NEOGI,
NABABIBHAKAR PRESS,
91/2, Machooa Bazar Street, Calcutta.

নিবেদন।

উচ্চশ্রেণীর বিদ্যালয়সমূহের শিক্ষাবিধানার্থ সিণ্ডিকেট্-সভা যে নূতন বিধির প্রবর্ত্তন করিয়াছেন, তাহাতে সংস্কৃত ভাষার অধিকতর আদর এবং সংস্কৃত পরীক্ষাও অপেক্ষাকৃত দুরূহ হইয়াছে। অতএব বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার্থী ছাত্রগণ সংস্কৃত ভাষা বিশেষরূপে শিক্ষা না করিলে পরীক্ষায় কখনই কৃতকার্য্য হইতে পারিবে না। অনুবাদ-শিক্ষাই ভাষা-শিক্ষার প্রথম সোপান। আবার অনুবাদ-শিক্ষা করিতে হইলে, তদুপযোগী ব্যাকরণও শিক্ষা করিতে হয়। বালকেরা ব্যাকরণের সাহায্যে যাহাতে অনায়াসে সংস্কৃত ভাষায় অনুবাদ করিতে সমর্থ হয়, তন্নিমিত্ত আমি সংস্কৃত-শিক্ষাসরণীর প্রথম খণ্ড প্রচার করিলাম। যে সকল বালক প্রথমে সংস্কৃত ভাষা শিক্ষা করিতে আরম্ভ করে, তাহারা কেবল সন্ধি ও শব্দরূপ অভ্যাস করে। কিন্তু তাহাদিগকে ইহার ব্যবহার-শিক্ষা দেওয়া হয় না। এই নিমিত্ত তাহাদিগের পক্ষে এই ভাষা অতি দুরূহ বলিয়া বোধ হয়। এই অসুবিধা দূরীকরণার্থে এই পুস্তকে প্রথমে সন্ধি ও তাহার ব্যবহার এবং তৎপরে লিঙ্গ, বিভক্তি ও বচনানুসারে বিশেষণ বিশেষ্য পদ নির্ণয় করিয়াছি। আর এই সকলের সাহায্যে বালকেরা শব্দরূপের সঙ্গে সঙ্গে কেবল শব্দ দ্বারা যাহাতে সংস্কৃত ভাষায় অনুবাদ করিতে পারে, তাহারও পথ সুগম করিয়া দিয়াছি। বালকগণ এইরূপে শিক্ষা লাভ করিলে, তাহাদিগের সংস্কৃত-শিক্ষার পথ যে, ক্রমশঃ সুগম হইয়া আসিবে,

সে বিষয়ে আর সন্দেহ নাই। আর ছাত্রগণ আধুনিক সংস্কৃত ভাষা-পদ্ধতির অনুকরণ করিয়া যে, সংস্কৃত ভাষার অনুবাদ শিক্ষা করিয়া থাকে, পণ্ডিতগণ তাহা উত্তম বলিয়া বিবেচনা করেন না। ইঁহারা প্রাচীন ঋষি ও কবিদিগের ভাষা আদর্শ করিয়া যাহাতে সংস্কৃত ভাষায় প্রবেশ করিতে পারে, ইহাই তাঁহাদের অভিপ্রেত। আমি এই অভিপ্রায় সাধনার্থে রামায়ণ, মহাভারত, বিষ্ণুপুরাণ, পঞ্চতন্ত্র ও হিতোপদেশ প্রভৃতি গ্রন্থ হইতে শিষ্ট প্রয়োগ সমুদায় উদ্ধৃত করিয়া এই পুস্তকে সন্নিবেশিত করিয়াছি। আর সুবিজ্ঞ শিক্ষক মহাশয়গণ এই শিষ্ট প্রয়োগগুলি ছাত্রদিগকে কণ্ঠস্থ করাইলে, তাহারা তন্নিম্নোল্লিখিত বাক্যগুলি অবলীলাক্রমে সংস্কৃত ভাষায় অনুবাদ করিতে পারিবে। আমি এই পুস্তক খানি প্রণয়নপূর্ব্বক মদীয় বিদ্যালয়স্থ ছাত্রদিগকে এই নিয়মানুসারে শিক্ষা দিয়া অভিলষিত ফললাভে সমর্থ হইয়াছি। এই নিমিত্তই ইহার প্রথম খণ্ডখানি উচ্চ-শ্রেণীস্থ বিদ্যালয়ের তৃতীয়, চতুর্থ ও পঞ্চমশ্রেণীর ছাত্রদিগের পাঠোপযোগী করিয়া মুদ্রাঙ্কণপূর্ব্বক প্রকাশ করিতে উৎসাহিত হইলাম। এই "শিক্ষাসরণী" যে পর্য্যন্ত পণ্ডিত মণ্ডলের পরিতোষবিধানে সমর্থ না হইবে, সে পর্য্যন্ত আমি এই প্রয়োগ-বিধান উপযুক্ত বলিয়া মনে করি না। কারণ, কবি বলিয়াছেন,—

"প্রায়ঃ প্রত্যয়মাধত্তে স্বগুণেষূত্তমাদরঃ।"

আশা করি, শিক্ষাসরণী পাঠে ছাত্রবৃন্দের চিন্তাশক্তি স্ফূর্ত্তি পাইবে, পরীক্ষামন্দিরে কুণ্ঠা উৎকুণ্ঠা দূর হইবে এবং রচনায় ও অনুবাদশিক্ষায় সবিশেষ সহায়তা করিবে। এ বিষয়ে কতদূর

কৃতকার্য্য হইয়াছি, তাহা বিদ্বন্মণ্ডলী ও শিক্ষাবিভাগের কর্ত্তৃপক্ষগণের বিবেচ্য। পরিশেষে পণ্ডিতবর্গের নিকট আমার সবিনয় নিবেদন এই যে, যদি আমার এই পুস্তকের মধ্যে কোন প্রকার ভ্রম দৃষ্ট হয়, তবে স্বকীয় মহত্ত্বগুণে আমায় জানাইলে, আমি যারপর নাই উপকৃত হইব, ইতি।

কোন্নগর ইংরাজি বিদ্যালয়। } শ্রীঅঘোরনাথ দেবশর্ম্মা।
শকাব্দাঃ ১৮৩১।

শুদ্ধিপত্র

পৃষ্ঠা		পঙ্‌ক্তি	অশুদ্ধ	শুদ্ধ
১২	...	৪	বৃষবাহিণী	বৃষবাহিনী
১২	...	১৮	দিশ্‌+সু	দিক্+সু
১৫	...	১২	শব্দ	শব্দ
২০	...	৪	আসুক্ত	আযুক্ত
২৭	...	১৬	প্রতিভু	প্রতিভূ
২৭	...	২৩	মনুষোর	মনুষ্যের
৩১	...	১৯	ওগধি	ওষধি
৪০	...	২০	হতভুজ্	হুতভুজ্
৫৫	...	২	স্ত্রীলিশব্দ	স্ত্রীলিঙ্গ শব্দ
৯৩	...	১১	ষষ্ঠাংশ	সপ্তমাংশ
৯৪	...	১৮	অস্যাথা	অন্যথা
১১১	...	২৪	নয়েরা	নয়েরা
১১৫	...	২৪	গুরুঃগুর্ব্বী	গুর্ব্বীগুরুঃ
১২০	...	২২	কর্ত্তার	কর্ত্তায়
১২৭	...	১০	সপ্তমাংশ	অষ্টমাংশ
১৪০	...	৪	রামমুপাতিষ্ঠাৎ	রামমুপাতিষ্ঠৎ
১৫১	...	২৩	অভিবতি	অভিভবতি

উদ্ধৃত গ্রন্থসমূহের সাঙ্কেতিক নাম।

মহা	...	...	মহাভারত।
রামা	...	...	রামায়ণ।
বিষ্ণু	...	...	বিষ্ণুপুরাণ।
গীতা	...	...	ভগবদ্গীতা।
পঞ্চ	...	...	পঞ্চতন্ত্র।
হিতো	...	...	হিতোপদেশ।
দশকু	...	...	দশকুমারচরিত।
উত্তর	...	...	উত্তর-চরিত।
শকু	...	...	অভিজ্ঞান শকুন্তল।
গীতগো	...	...	গীতগোবিন্দ।
কুমার	..	...	কুমারসম্ভব।
নৈষধ	...	...	নৈষধচরিত।
মনু	...	...	মনুসংহিতা।
রঘু	...	...	রঘুবংশ।
ভট্টি	...	...	ভট্টিকাব্য।
সংক্ষিপ্ত	...	...	সংক্ষিপ্তসার ব্যাকরণ।
অমর	...	...	অমরকোষাভিধান।
অনর্ঘ	...	...	অনর্ঘরাঘব।

জ্ঞাপনী।

প্রথমাংশ।

দ্বিতীয়াংশ।

তৃতীয়াংশ।

চতুর্থাংশ।

পঞ্চমাংশ।

ষষ্ঠাংশ।

সপ্তমাংশ।

অষ্টমাংশ।

অষ্টমাংশ।

নবমাংশ।

দশমাংশ।

আত্মসংস্তবঃ ।

রাঢ়েষু পল্লীপ্রথিতাগুনাড়া,
তস্যাং গয়ারামসুধীর্দ্বিজোঽভূৎ ।
তৎসূনুনাপ্যাল্পধিয়া ময়েয়ং,
যত্নেন 'শিক্ষাসরণী' প্রণীতা ।

সংস্কৃত

শিক্ষাসরণী।

প্রথমাংশ।

প্রথম পাঠ।

বর্ণ (A letter of the alphabet)।

১। বর্ণ দুই প্রকার; স্বর ও ব্যঞ্জন।

অচ্ বা স্বরবর্ণ (Vowels)।

২। যাহা স্বয়ং উচ্চারিত হয়, তাহা স্বরবর্ণ। যথা অ আ ই ঈ উ ঊ ঋ ৠ ঌ এ ঐ ও ঔ। স্বর দুই প্রকার; হ্রস্ব ও দীর্ঘ। অ ই উ ঋ ঌ এই পাঁচটি হ্রস্ব স্বর; আর আ ঈ ঊ ৠ এ ঐ ও ঔ এই আটটি দীর্ঘ স্বর।

হল্ বা ব্যঞ্জন বর্ণ (Consonants)।

৩। যাহা স্বরবর্ণের যোগ ব্যতিরেকে স্বয়ং উচ্চারিত হয় না, তাহা ব্যঞ্জন বর্ণ। যথা—ক খ গ ঘ ঙ। চ ছ জ ঝ ঞ। ট ঠ ড ঢ ণ। ত থ দ ধ ন। প ফ ব ভ ম। য র ল ব। শ ষ স হ ং ঃ। ক হইতে ম পর্য্যন্ত পঁচিশটি স্পর্শ বা বর্গীয় বর্ণ।

স্পর্শ বর্ণ পাঁচ ভাগে বিভক্ত। ইহাদের এক একটি ভাগকে এক একটিবর্গ কহে। যথা—ক বর্গ, চ বর্গ, ট বর্গ, ত বর্গ ও প বর্গ। য র ল ব এই চারিটীকে অন্তঃস্থ বর্ণ, এবং শ ষ স হ এই চারিটিকে উষ্ম বর্ণ কহে।

গুণ।

৪। ই ঈ স্থানে এ, উ ঊ স্থানে ও, ঋ ৠ স্থানে অর্ ও ঌ স্থানে অল্ হয়; ইহাকে গুণ কহে।

বৃদ্ধি।

৫। অ স্থানে আ, ই ঈ স্থানে ঐ, উ ঊ স্থানে ঔ, ঋ ৠ স্থানে আর্, ঌ স্থানে আল্, এ স্থানে ঐ, এবং ও স্থানে ঔ হয়; ইহাকে বৃদ্ধি কহে।

লঘু ও গুরু স্বর।

৬। হ্রস্ব স্বরকে লঘু স্বর এবং দীর্ঘ স্বরকে গুরু স্বর কহে; আর যাহার অন্তে সংযুক্তবর্ণ, ং অনুস্বার ও ঃ বিসর্গ থাকে তাহা হ্রস্ব হইলেও গুরু স্বর হয়।

সমান বর্ণ।

৭। অ আ, ই ঈ, উ ঊ, ঋ ৠ ও ঋ ঌ এই দুই দুইটি বর্ণ পরস্পর সমান স্বর হয়।

দ্বিতীয় পাঠ।

স্বর সন্ধি।

৮। সমান স্বরের পর সমান স্বর থাকিলে উভয়ে মিলিয়া দীর্ঘ হয়; দীর্ঘ স্বর পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা—মুর + অরিঃ = মুরারিঃ, দেব + আলয়ঃ = দেবালয়ঃ, দয়া + অর্ণবঃ = দয়ার্ণবঃ, মহা + আশয়ঃ = মহাশয়ঃ। প্রতি + ইতিঃ = প্রতীতিঃ, ক্ষিতি + ঈশঃ = ক্ষিতীশঃ, মহী + ইন্দ্রঃ = মহীন্দ্রঃ, পৃথ্বী + ঈশঃ = পৃথ্বীশঃ। সাধু + উক্তম্ = সাধূক্তম্, গুরু + ঊর্ম্মিঃ = গুরূর্ম্মিঃ, বধূ + উক্তিঃ = বধূক্তিঃ। পিতৃ + ঋণম্ = পিতৄণম্।

৯। অকার কিংবা আকারের পর ই ঈ, উ ঊ ও ঋ থাকিলে উভয়ে মিলিয়া গুণ হয়। যথা—নর + ইন্দ্রঃ = নরেন্দ্রঃ, তথা + ইতি = তথেতি, সুর + ঈশঃ = সুরেশঃ, মহা + ঈশঃ = মহেশঃ। ঘন + উদয়ঃ = ঘনোদয়ঃ, যথা + উক্তম্ = যথোক্তম্ করভ + ঊরুঃ = করভোরুঃ, মহা + ঊর্ম্মিঃ = মহোর্ম্মিঃ। হিম + ঋতুঃ = হিমর্ত্তুঃ, মহা + ঋষিঃ = মহর্ষিঃ।

১০। অকার কিংবা আকারের পর এ ঐ ও ঔ থাকিলে উভয়ে মিলিয়া বৃদ্ধি হয়। যথা—তব + এতৎ = তবৈতৎ, তথা + এব = তথৈব, মত + ঐক্যম্ = মতৈক্যম্, মহা + ঐশ্বর্য্যম্ = মহৈশ্বর্য্যম্, মম + ওষ্ঠঃ = মমৌষ্ঠঃ, মহা + ওষধিঃ = মহৌষধিঃ, তব + ঔদার্য্যম = তবৌদার্য্যম্, সদা + ঔৎসুক্যম্ = সদৌৎসুক্যম্।

১১। তৃতীয়া তৎপুরুষ সমাসে অকার ও আকারের পরস্থিত ঋত শব্দের ঋকারের বৃদ্ধি হয়। যথা—শীত + ঋতঃ = শীতার্ত্তঃ, ক্ষুধা + ঋতঃ = ক্ষুধার্ত্তঃ।

১২। অসমান স্বরবর্ণ পরে থাকিলে, ই ঈ স্থানে য্, উ ঊ স্থানে ব্ ও ঋ স্থানে র্ হয়। যথা—প্রতি+একম্=প্রত্যেকম্, নদী+এষা=নদ্যেষা, মধু+এতৎ=মধ্বেতৎ, বধূ+ইয়ম্=বধ্বিয়ম্, পিতৃ+অনুমতিঃ=পিত্রনুমতিঃ।

১৩। স্বর বর্ণ পরে থাকিলে, এ স্থানে অয়্, ঐ স্থানে আয়্, ও স্থানে অব্ এবং ঔ স্থানে আব্ হয়। যথা—নে+অনম্=নয়নম্, নৈ+অকঃ=নায়কঃ, গো+আ=গবা, নৌ+ঔ=নাবৌ।

১৪। পদের অন্তস্থিত একার কিংবা ওকারের পর অকার থাকিলে, তাহার লোপ হয়। যথা—সখে+অবগচ্ছ=সখেঽবগচ্ছ, শিশো+অবেহি=শিশোঽবেহি।

১৫। অকার ভিন্ন স্বর বর্ণ পরে থাকিলে, পদের অন্তস্থিত এ স্থানে অ ও অয়্ এবং ওস্থানে অ ও অব্ হয়। যথা—দুর্গে+আয়াহি= দুর্গ আয়াহি, দুর্গয়ায়াহি; সাধো+এহি=সাধএহি, সাধবেহি (১)।

১৬। স্বর বর্ণ পরে থাকিলে, পদের অন্তস্থিত ঐ স্থানে আ ও আয়্ এবং ঔ স্থানে আ ও আব্ হয়। যথা—তস্মৈ+ইদম্=তস্মাইদম্, তস্মায়িদম্; নরৌ+আগতৌ=নরা আগতৌ, নরাবাগতৌ (২)।

১৭। স্বর বর্ণ পরে থাকিলে, দ্বিবচন-নিষ্পন্ন ঈকার, ঊকার ও একারের সন্ধি হয় না। যথা কবী এতৌ, সাধূ আগতৌ, লতে এতে।

(১।২) এ ও স্থানে বিহিত অ এবং ঐ ঔ স্থানে বিহিত আ এই দুই বর্ণের সহিত পরস্থিত স্বরবর্ণের সন্ধি হয় না।

১৮। স্বরবর্ণ পরে থাকিলে, অব্যয় ওকারের সন্ধি হয় না। যথা—ভো অচ্যুত! অহো ঈশান!

নিম্নলিখিত পদ গুলির স্বর সন্ধি বিচ্ছেদ করঃ—

লক্ষ্মণাগ্রজঃ, যেনৈবম্, তথাপ্যুপেক্ষণীয়ম্, মনসাপ্যহম্, অথাপি, যদ্যবাপ্স্যতি, উবাচেদম্, নার্হাম্যহম্, নৈবাম্নুগন্তুম্, ইত্যুক্ত্বাত্রৈব, ক্ষুধার্ত্তে, ভোজনেঽপ্যপ্রবর্ত্তনম্, কিন্ত্বহম্, উত্তরোত্তরম্, ঘর্ম্মার্ত্তম্, ইত্যালোচ্যাপি, শাস্ত্রাণ্যধীত্যাপি, ইত্যালোচ্যোপসৃত্যাব্রবীৎ, অন্নাবপ্যাচিতম্।

তৃতীয় পাঠ।

ব্যঞ্জন সন্ধি।

১৯। চ কিংবা ছ পরে থাকিলে ত্ ও দ্ স্থানে চ্ হয় এবং জ কিংবা ঝ পরে থাকিলে ত্ ও দ্ স্থানে জ্ হয়। যথা—জগৎ + চন্দ্রঃ = জগচ্চন্দ্রঃ, তদ্ + চক্ষুঃ = তচ্চক্ষুঃ, মহৎ + ছত্রম্ = মহচ্ছত্রম্ তদ্ + ছিদ্রম্ = তচ্ছিদ্রম্। সৎ + জন্ম = সজ্জন্ম, বিপদ্ + জালম্ = বিপজ্জালম্, বৃহৎ + ঝঙ্কারঃ = বৃহজ্ঝঙ্কারঃ, এতদ্ + ঝষঃ = এতজ্ঝষঃ।

২০। ট কিংবা ঠ পরে থাকিলে, ত ও দ্ স্থানে ট এবং ড কিংবা ঢ পরে থাকিলে, ত্ ও দ্ স্থানে ড হয়। যথা—বৃহৎ + টঙ্কারঃ = বৃহট্টঙ্কারঃ, তদ্ + টীকা = তট্টীকা, বৃহৎ + ঠক্কুরঃ = বৃহট্ঠক্কুরঃ। বৃহৎ + ডুণ্ডুভঃ = বৃহড্ডুণ্ডুভঃ, উদ্ + ডীনঃ = উড্ডীনঃ, বৃহৎ + ঢক্কা = বৃহড্ঢক্কা, এতদ্ + ঢোলঃ = এতড্ঢোলঃ।

২১। জ কিংবা ঝ পরে থাকিলে, ন্ স্থানে ঞ্ এবং ড

কিংবা ঢ পরে থাকিলে ন্ স্থানে মূর্দ্ধন্য ণ হয়। যথা—ভবান্+জয়তু=ভবাঞ্জয়তু, গচ্ছন্+ঝটিতি=গচ্ছঞ্ঝটিতি। রুবন্+ডাহুকঃ=রুবণ্ডাহুকঃ, মহান্+ঢক্কারবঃ=মহাণ্ঢক্কারবঃ।

২২। তালব্য শ পরে থাকিলে ত্ ও দ্ স্থানে চ এবং তালব্য শ স্থানে ছ হয়। যথা—জগৎ+শরণম্=জগচ্ছরণম্, শরদ্+শশী=শরচ্ছশী।

২৩। তালব্য শ পরে থাকিলে ন্ স্থানে ঞ্ এবং তালব্য শ স্থানে ছ হয়। যথা—মহান্+শব্দঃ=মহাঞ্ছব্দঃ।

২৪। ল পরে থাকিলে ত্ ও দ্ স্থানে ল্ এবং ন স্থানে অনুনাসিক ল্ হয়। যথা—বৃহৎ+ললাটম্=বৃহল্ললাটম্, উদ্+লেখঃ=উল্লেখঃ, মহান্+লাভঃ=মহাঁল্লাভঃ।

২৫। তকার কিংবা দকারের পর হ থাকিলে, ত্ স্থানে দ্ ও হ স্থানে ধ হয়। যথা—মহৎ+হাস্যম্=মহদ্ধাস্যম্, বিপদ্+হেতুঃ=বিপদ্ধেতুঃ।

২৬। চকার কিংবা জকারের পর দন্ত্য ন স্থানে ঞ হয়। যথা—যাচ্+না=যাচ্ঞা, রাজ্+নঃ=রাজ্ঞঃ।

২৭। মূর্দ্ধন্য ষকারের পর ত স্থানে ট ও থ স্থানে ঠ হয়। যথা—ইষ্+তঃ=ইষ্টঃ, ষষ্+থঃ=ষষ্ঠঃ।

স্বরবর্ণ পরে থাকিলে, হ্রস্ব স্বরের পর নকারের দ্বিত্ব হয়। যথা—গচ্ছন্+অয়ম্=গচ্ছন্নয়ম্, পশ্যন্+এষঃ=পশ্যন্নেষঃ। দীর্ঘ স্বরের পর হয় না। যথা—মহান্+আগ্রহঃ=মহানাগ্রহঃ।

২৮। চ ছ, ট ঠ, ত থ পরে থাকিলে, ন স্থানে ং অনুস্বার হয়, আর চ ও ছ স্থানে শ্চ ও শ্ছ, ট ও ঠ স্থানে ষ্ট ও ষ্ঠ এবং ত ও থ থানে স্ত ও স্থ হয়। যথা—উদ্যন্+চন্দ্রঃ=উদ্যংশ্চন্দ্রঃ, গচ্ছন্+

ছাগঃ = গচ্ছংশ্ছাগঃ, মহান্ + টঙ্কারঃ = মহাংষ্টঙ্কারঃ, ভবান্ + ঠক্কুরঃ = ভবাংষ্ঠক্কুরঃ, মহান্ + তপস্বী = মহাংস্তপস্বী।

২৯। অন্তঃস্থ অথবা উষ্ম বর্ণ পরে থাকিলে, ম্ স্থানে ং অনুস্বার হয়। যথা—গৃহম্ + যাহি = গৃহংযাহি, ধনম্ + লভতে = ধনংলভতে, ভারম্ + বহতি = ভারংবহতি, শয্যায়াম্ + শেতে = শয্যায়াংশেতে, দুঃখম্ + সহতে = দুঃখংসহতে, মধুরম্ + হসতি = মধুরংহসতি।

৩০। স্পর্শ বর্ণ পরে থাকিলে, ম্ স্থানে ং অনুস্বার হয়, অথবা পরস্থিত বর্গের পঞ্চম বর্ণ হয়। যথা—কিম্ + করোতি = কিংকরোতি, কিঙ্করোতি ; শীঘ্রম্ + চল = শীঘ্রংচল, শীঘ্রঞ্চল ; ধনম্ + দদাতি = ধনংদদাতি, ধনন্দদাতি, মাম্ + পশ্য = মাংপশ্য, মাম্পশ্য।

৩১। স্বরবর্ণের পর স্বরবর্ণযুক্ত ছকারের দ্বিত্ব হয় (১)। যথা—অব + ছেদঃ = অবচ্ছেদঃ, বি + ছিন্নঃ = বিচ্ছিন্নঃ।

৩২। উৎ উপসর্গের পর স্থা ও স্তম্ভ ধাতুর সকারের লোপ হয়। যথা—উৎ + স্থিতঃ = উত্থিতঃ, উৎ + স্তম্ভঃ = উত্তম্ভঃ।

৩৩। স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ বর্ণ কিংবা য র ল ব পরে থাকিলে, ক্ স্থানে গ্ হয়। যথা—দিক্ + অম্বরঃ = দিগম্বরঃ, প্রাক্ + এব = প্রাগেব, দিক্ + গজঃ = দিগ্গজঃ, ধিক্ + যাচকম্ = ধিগ্যাচকম্।

৩৪। স্বরবর্ণ কিংবা গ ঘ দ ধ ব ভ য র ব পরে থাকিলে ত্ স্থানে দ্ হয়। যথা—বৃহৎ + অশ্বঃ = বৃহদশ্বঃ, জগৎ + ঈশঃ = জগদীশঃ, সৎ + গন্ধঃ = সদ্গন্ধঃ, বৃহৎ + ঘটঃ = বৃহদ্ঘটঃ, মহৎ +

(১) ছকারের দ্বিত্ব হইলে চ ও ছ মিলিয়া চ্ছ হয়।

দানম্ = মহদ্দানম্, দদৎ + ধনম্ = দদদ্ধনম্, জগৎ + বন্ধুঃ = জগদ্বন্ধুঃ, মহৎ + ভয়ম্ = মহদ্ভয়ম্, গচ্ছৎ + যানম্ = গচ্ছদ্‌যানম্, বৃহৎ + রথঃ বৃহদ্রথঃ, তৎ + বচনম্ = তদ্বচনম্।

৩৫। ন কিংবা ম পরে থাকিলে, ক্ স্থানে ঙ্ এবং ত ও দ স্থানে ন্ হয়। যথা—দিক্ + নাগঃ = দিঙ্‌নাগঃ, বাক্ + ময়ঃ = বাঙ্ময়ঃ, বৃহৎ + নগরম্ = বৃহন্নগরম্, যদ্ + মরণম্ = যন্মরণম্।

নিম্নলিখিত পদগুলির ব্যঞ্জন সন্ধি বিচ্ছেদ কর :—

চলচ্চিত্তম্, চলজ্জীবনম্, পুত্রচ্ছায়া, রুদন্নার্ত্তঃ, কিঞ্চিদপি, যস্মিঞ্জীবতি, এতদ্বচনম্, কুর্ব্বন্নপি, এতচ্ছ্রুত্বা, তদ্‌যাবস্মে, তাবন্মহাপঙ্কে, উত্থাপয়ামি, পাশাংশ্ছিন্ধি, বিসর্পংস্তাংস্তণ্ডুলকণান্, যাবচ্ছক্যম্, তদুপদেশাদিদানীম, এতাবাঁল্লোভবিরহঃ, তদ্ধিতবচনম্।

চতুর্থ পাঠ।

বিসর্গ সন্ধি।

৩৬। চ ছ, ট ঠ, ত থ পরে থাকিলে, বিসর্গ স্থানে যথাক্রমে শ ষ স হয়। যথা—জ্যোতিঃ + চক্রম্ = জ্যোতিশ্চক্রম্ তরোঃ + ছায়া = তরোশ্ছায়া, ধনুঃ + টঙ্কারঃ = ধনুষ্টঙ্কারঃ, ভগ্নঃ + ঠক্কুরঃ = ভগ্নষ্ঠক্কুরঃ, নদ্যাঃ + তীরম্ = নদ্যাস্তীরম্।

৩৭। অকার ও বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ এবং য র ল ব হ পরে থাকিলে, পূর্ব্বস্থিত অকারের সহিত বিসর্গ স্থানে ও হয়, ওকার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা—ততঃ + অধিকম্ = ততোঽধিকম্। মত্তঃ + গজঃ = মত্তোগজঃ, দুষ্টঃ + জনঃ = দুষ্টোজনঃ

উন্নতঃ + দন্তঃ = উন্নতোদন্তঃ, নবঃ + ঘনঃ = নবোঘনঃ, ভগ্নঃ + ষষ্টিঃ = ভগ্নোষষ্টিঃ, মিষ্টঃ + রসঃ = মিষ্টোরসঃ, মনঃ + হরঃ = মনোহরঃ।

৩৮। অকার ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে, অকারের পরস্থিত বিসর্গের লোপ হয় (১) যথা—নরঃ + আগতঃ = নর আগতঃ, অতঃ + এব = অতএব।

৩৯। অকার ভিন্ন স্বর ও ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে, 'সঃ, এষঃ' এই দুই পদের বিসর্গের লোপ হয়। যথা—সঃ + আগতঃ = স আগতঃ, এষঃ + ইচ্ছতি = এষ ইচ্ছতি, সঃ + এব = সএব, এষঃ + করোতি = এষকরোতি, সঃ + যাতি = সযাতি, এষঃ + নরঃ = এষনরঃ, সঃ + শেতে = স শেতে।

৪০। স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ অথবা য র ল ব হ পরে থাকিলে, আকারের পরস্থিত বিসর্গের লোপ হয়। যথা—নরাঃ + অমী = নরাঅমী, বৃক্ষাঃ + ইমে = বৃক্ষাইমে, অশ্বাঃ + এতে = অশ্বাএতে, দিবসাঃ + গতাঃ = দিবসাগতাঃ, নরাঃ + মৃতাঃ = নরামৃতাঃ, ব্যাঘ্রাঃ + হতাঃ = ব্যাঘ্রাহতাঃ।

৪১। স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ কিংবা য র ল ব হ পরে থাকিলে, অ আ ভিন্ন স্বরবর্ণের পরস্থিত বিসর্গ স্থানে র হয়। যথা—রবিঃ + অয়ম্ = রবিরয়ম্, রবেঃ + উদয়ঃ = রবেরুদয়ঃ, দুঃ + গতিঃ = দুর্গতিঃ, নিঃ + নয়ঃ = নির্ণয়ঃ, মুহুঃ + মুহুঃ = মুহুর্মুহুঃ, বায়ুঃ + বাতি = বায়ুর্বাতি।

৪২। স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ কিংবা য র ল ব হ পরে থাকিলে, অকারের পরস্থিত রজাত বিসর্গ স্থানে র হয়। যথা—পুনঃ + অপি = পুনরপি, প্রাতঃ + এব = প্রাতরেব, অন্তঃ +

(১) বিসর্গের লোপ হইলে আর স্বরসন্ধি হয় না;

গতঃ = অন্তর্গতঃ, পিতঃ + দেহি = পিতর্দেহি, অন্তঃ + হিতঃ = অন্তর্হিতঃ।

৪৩। র পরে বিসর্গজাত র্ এর লোপ হয় এবং পূর্ব্বস্বর দীর্ঘ হয়। যথা—পিতঃ + রক্ষ = পিতারক্ষ, নিঃ + রোগঃ = নীরোগঃ।

৪৪। ক খ প ফ পরে থাকিলে, নিঃ, দুঃ, আবিঃ, বহিঃ, প্রাদুঃ ও চতুঃ শব্দের বিসর্গ স্থানে মূর্দ্ধন্য ষ হয়। যথা—নিঃ + কৃতিঃ = নিষ্কৃতিঃ, দুঃ + করঃ = দুষ্করঃ, আবিঃ + কারঃ = আবিষ্কারঃ বহিঃ + কৃতঃ = বহিষ্কৃতঃ, প্রাদুঃ + কৃতঃ = প্রাদুষ্কৃতঃ, নিঃ + পাপঃ = নিষ্পাপঃ, নিঃ + ফলম্ = নিষ্ফলম্, চতুঃ + পথম্ = চতুষ্পথম্।

৪৫। উষ্মবর্ণ ভিন্ন যে সকল বর্ণের মস্তকে রেফ্ (র্) যায় তাহাদের বিকল্পে দ্বিত্ব হয়। যথা—অর্ক্কঃ অর্কঃ, মার্গ্গঃ মার্গঃ, অর্চ্চনা, অর্চনা, গর্জ্জনং গর্জনম্, বর্ত্তনং বর্তনম্, অর্দ্দনং অর্দনম্, অর্প্পণং অর্পণম্, কর্ব্বুরঃ কর্বুরঃ, কার্য্যং কার্যম্, গর্ব্বঃ গর্বঃ। উষ্মবর্ণ যথা—দর্শনম্, কর্ষণম্, অর্হণম্।

নিম্নলিখিত পদগুলির বিসর্গসন্ধি বিচ্ছেদ কর :—

ভরতশ্চাপি, ভর্তুরাজ্ঞা, সোঽবদৎ, কস্তস্য, পুনরাগতা, গুরোরাজ্ঞা, গুরুশ্চৈব, পার্শ্বৈর্বদ্ধঃ, প্রাতরাগতা, পতিরেব, সরস্তীরে, চতুর্বর্গঃ, নীরুজসা, বিধুরপি, গুরুরগ্নির্দ্বিজাতীনাম্, এতৈর্গুণৈরুপেতঃ, শোবার্তৈর্বিলপদ্ভিরিতস্ততঃ, স শব্দোঽস্মাভিরপ্যাকর্ণিতঃ।

পঞ্চম পাঠ।

ণত্ববিধি।

৪৬। ঋ, ৠ, র্ ও মূর্দ্ধন্য ষকারের পরস্থিত দন্ত্য ন মূর্দ্ধন্য হয়। যথা—ত্রিস্ + নাম্ = ত্রিস্ণাম্, পিতৃ + নাম্ = পিতৃণাম্, চতুর্ + নাম্ = চতুর্ণাম্, বিষ্ + নুঃ = বিষ্ণু।

৪৭। স্বরবর্ণ, কবর্গ পবর্গ, য, ব, হ ও অনুস্বারের ব্যবধান থাকিলেও দন্ত্য ন মূর্দ্ধন্য হয়। যথা—কর্ + অনম্ = করণম্, হর্ + ইনা = হরিণা, নর্ + এন = নরেণ, অর্ + ক্ + এন = অর্কেণ, মৃ + গ্ + এন = মৃগেণ। নৃ + প্ + এন = নৃপেণ, দর্ + ভ্ + এন = দর্ভেণ, কর্ + ম্ + অনা = কর্ম্মণা, বৃষ্ + অভ্ + এন = বৃষভেণ, গৃ + হ্ + এন = গৃহেণ, বৃং + হ্ + অনম্ = বৃংহণম্

৪৮। এতদ্ভিন্ন বর্ণের ব্যবধান হইলে দন্ত্য ন মূর্দ্ধন্য হয় না। যথা—অর্ + চ্ + অনা = অর্চ্চনা, মূর্ + ছ্ + অনা = মূর্চ্ছনা, গর্ + জ্ + অনম্ = গর্জ্জনম্, কির্ + ঈ + ট্ + এন = কিরীটেন।

৪৯। পদের অন্তস্থিত দন্ত্য ন মূর্দ্ধন্য হয় না। যথা—নরান্, হরীন্, গুরূন্, পিতৄন্, মৃগান্, ক্রমান্, বৃষান্।

৫০। ঋ, ৠ, র ও মূর্দ্ধন্য ষকারের পরস্থিত ন ভিন্ন তবর্গ, প ও ভযুক্ত নকারের ণত্ব হয় না। যথা—বৃন্তঃ, গ্রন্থনম্, বৃন্দম্, রন্ধনম্, তৃপ্নোতি, ক্ষুভ্নাতি।

৫১। পূর্ব্ব পদে ঋ, ৠ, র ও মূর্দ্ধন্য ষ থাকিলে, পর পদের নকারের ণত্ব হয় না। যথা—পিতৃযানম্, বৃষযানম্, পুনর্নবঃ, ত্রিনেত্রঃ, বৃষবাহনঃ, দুর্নামা।

৫২। পর পদস্থিত দন্ত্য ন বিভক্তিজাত কিংবা বিভক্তি-

যুক্ত অথবা স্ত্রীলিঙ্গবিহিত ঈপ্রত্যয়যুক্ত হইলে, বিকল্পে ণত্ব হয়। যথা—(বিভক্তিজাত) প্রভাবেণ প্রভাবেন। (বিভক্তি-যুক্ত) পুরযায়িণা পুরযায়িনা, (ঈপ্রত্যয়যুক্ত) বৃষবাহিণী বৃষবাহিনী।

৫৩। পরপদ একস্বরযুক্ত কিংবা কবর্গযুক্ত হইলে, দন্ত্য ন নিত্য মূর্দ্ধন্য হয়। যথা (একস্বরযুক্ত) প্রভুণা, পুনর্ভূণাম্, বৃত্রহণঃ। (কবর্গযুক্ত) প্রকামেণ, দুর্গমেণ, পরিপাকেণ।

৫৪। নিম্নলিখিত পদগুলির দন্ত্য ন নিত্য মূর্দ্ধন্য হয়। যথা—অগ্রণী, গ্রামণী, নারায়ণঃ, পরায়ণম্, চান্দ্রায়ণম্, প্রাহ্ণঃ, পূর্ব্বাহ্ণঃ, অপরাহ্ণঃ, শূর্পণখা, প্রণয়ঃ, নির্ণয়ঃ, পরিণয়ঃ, প্রণবঃ, প্রণামঃ, ইত্যাদি।

ষষ্ঠ পাঠ।

ষত্ববিধি।

৫৫। অ আ ভিন্ন স্বর এবং ক ও র এই কয়েকটি বর্ণের পরস্থিত প্রত্যয়ের দন্ত্য স মূর্দ্ধন্য হয়। যথা—কব্+ইসু= কবিষু, নদ্+ঈসু=নদীষু, গুরু+উসু=গুরুষু, বধ্+উসু= বধূষু, পিতৃ+ঋসু=পিতৃষু, নর্+এসু=নরেষু, গ্+ওসু=গোষু, ন্+ঔসু=নৌষু, দিশ্+সু=দিক্ষু, গীর্+সু=গীর্ষু।

৫৬। অনুস্বার ও বিসর্গের ব্যবধান হইলেও দন্ত্য স মূর্দ্ধন্য হয়। যথা—হবীং+সি=হবীংষি, আয়ুং+সি=আয়ুংষি। আশীঃ +সু=আশীঃষু, আয়ুঃ+সু=আয়ুঃষু।

৫৭। ধাতুর উত্তর বিহিত সন্ প্রত্যয়ের স মূর্দ্ধন্য হইলে,

ধাতুর স মূর্দ্ধন্য হয় না। যথা—সিচ্ + সন্ + তি = সিসিক্ষতি, স্থ + সন্ + তি = স্থস্থষতি, সেব্ + সন্ + তে = সিসেবিষতে। যেখানে সনের স মূর্দ্ধন্য হয় না, সেখানে ধাতুর স মূর্দ্ধন্য হয়। যথা—সিধ্ + সন্ + তি = সিষিৎসতি, স্বপ্ + সন্ + তি = সুষুপ্সতি। কিন্তু স্তু ধাতুর উত্তর সন্ প্রত্যয় হইলে, উভয় সই মূর্দ্ধন্য হয়। যথা—তুষ্টূষতি।

৫৮। ইকারান্ত ও উকারান্ত উপসর্গের পরস্থিত স্থা ও স্তন্ভ ধাতুর দ্বিত্ব হইলে, ত-ব্যবধানেও দন্ত্য স মূর্দ্ধন্য হয়। যথা—পরিতষ্ঠৌ, অভিতষ্টম্ভ।

৫৯। ইকারান্ত ও উকারান্ত উপসর্গের পরস্থিত স্থা, স্তন্ভ্, সিচ্, সিধ্, সঞ্জ্ ও স্বঞ্জ্, ধাতুর অকার-ব্যবধানেও দন্ত্য স মূর্দ্ধন্য হয়। যথা—অধ্যষ্ঠাৎ, প্রত্যষ্টভ্নাৎ, প্রত্যষিঞ্চৎ, ন্যষেধৎ, অভ্যষজৎ, অভ্যষ্বজত।

৬০। প্রতিভিন্ন ইকারান্ত ও উকারান্ত উপসর্গের পরস্থিত সদ্ ধাতুর অকার-ব্যবধানেও দন্ত্য স মূর্দ্ধন্য হয়। যথা—ন্যষী-দৎ, অভ্যষীদৎ। প্রতি + সদ্ = প্রত্যসীদৎ।

৬১। নি, বি, ও পরিপূর্ব্বক সেব্ ধাতুর অকার-ব্যবধানেও দন্ত্য স মূর্দ্ধন্য হয়। যথা—ন্যষেবত, ব্যষেবত, পর্য্যষেবত।

৬২। নি, বি ও পরিপূর্ব্বক সিব্, সহ্, স্তু ও স্বঞ্জ্ ধাতুর অকার-ব্যবধানেও বিকল্পে দন্ত্য স মূর্দ্ধন্য হয়। যথা—ন্যষীব্যৎ ন্যসীব্যৎ, ব্যষীব্যৎ ব্যসীব্যৎ, পর্য্যষীব্যৎ পর্য্যসীব্যৎ, ন্যষহত-ন্যসহত, পর্য্যষ্টাবীৎ পর্য্যস্তাবীৎ, পর্য্যষ্বজত পর্য্যস্বজত।

দ্বিতীয়াংশ।

প্রথম পাঠ।

প্রকৃতি (Root)।

"প্রকৃতির্দ্বিধা ধাতুর্নাম চ।" প্রকৃতি দুই প্রকার; ধাতু (A verbal root) ও নাম (Non-verbal base)। ধাতু যথা—ভূ, গম্, দুহ্, ইত্যাদি। নাম যথা,—বৃক্ষ, লতা, ফল, রাম, নর, দয়া, গমন, সুন্দর, প্রবল ইত্যাদি।

প্রত্যয় (Affix)।

"যেনার্থঃ প্রতীয়তে স প্রত্যয়ঃ।" প্রকৃতির উত্তর প্রযুক্ত হইয়া যাহা কোনও প্রকার অর্থের প্রতীতি করে, তাহাকে প্রত্যয় বলে। "সুপ্‌তিঙ্‌কৃত্তদ্ধিতাঃ প্রত্যয়াঃ।" সুপ্, তিঙ্, কৃৎ ও তদ্ধিত এই চারিটীকে প্রত্যয় বলে (১)।

পদ (An inflected word)।

"সুপ্‌তিঙন্তং পদম্।" নামের উত্তর সুপ্ ও ধাতুর উত্তর তিঙ্ প্রত্যয় হইয়া যাহা নিষ্পন্ন হয়, তাহাকে পদ বলে। যথা,—নর + সু = নরঃ, ভূ + তি = ভবতি।

(১) নামের উত্তর তদ্ধিত ও ধাতুর উত্তর কৃৎপ্রত্যয় করিয়া যে সকল শব্দ নিষ্পন্ন হয়, তাহাদের উত্তর সুপ্ প্রত্যয় করিলে তাহারা পদ হয়। যথা,—রঘু + ষ্ণ = রাঘব + সু = রাঘবঃ, এইটি পদ হইল। আর গম্ + ক্তবৎ = গতবৎ + সু = গতবান্, এইটি পদ হইল।

দ্বিতীয় পাঠ।

সংক্ষিপ্ত লিঙ্গনির্ণয়।

নামসমুদায় তিন লিঙ্গে বিভক্ত হয়। যথা,—পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ ও ক্লীবলিঙ্গ।

পুংলিঙ্গ (Masculine gender)।

সুর, অসুর, নর, পশু, পক্ষিন্, সর্প, কীট, মৎস্য, স্বর্গ, যাগ, পর্ব্বত, মেঘ, সমুদ্র, বৃক্ষ, কাল, খড়্গ, শর, তূণ, শত্রু, কর, বাহু, চরণ, গণ্ড, অধর, ওষ্ঠ, দন্ত, কর্ণ, কণ্ঠ, কেশ, নখ, স্তন, কিরণ, বর্ণ, তরঙ্গ, গ্রহ, মাস, ঋতু ও বৎসরপ্রভৃতি শব্দ এবং এতদ্বাচক শব্দ সমুদায় প্রায় পুংলিঙ্গ হয়।

সংখ্যাবাচক শব্দ ও সাগর শব্দ পুংলিঙ্গ হয়।

স্ত্রীলিঙ্গ (Feminine gender)।

বিদ্যুৎ, রাত্রি, লতা, বীণা, দিক্, নদী, ভূমি, লজ্জা, সভা, বেণী, বাণী, ও শ্রেণীপ্রভৃতি শব্দ এবং এতদ্বাচক শব্দ সমুদায় প্রায় স্ত্রীলিঙ্গ হয়।

এক স্বর দীর্ঘ ঈকারান্ত ও দীর্ঘ ঊকারান্ত শব্দ স্ত্রীলিঙ্গ হয়। যথা, ধী, ভী, শ্রী, হ্রী, ভূ, ভ্রূ ইত্যাদি।

ঊনবিংশতি হইতে নবনবতি পর্য্যন্ত এবং কোটি ও লক্ষা শব্দ স্ত্রীলিঙ্গ হয়।

ক্লীবলিঙ্গ (Neuter gender)।

মুখ, নেত্র, ললাট, বক্ষস্, উদর, রক্ত, মাংস, গৃহ, ছিদ্র, জল, বন, কাষ্ঠ, তৃণ, পত্র, পুষ্প, ফল, ধন, গগন, হল, স্বর্ণাদি, যুদ্ধ, সৈন্য, বল, সুখ, দুঃখ, শুভ, অশুভ, শৃঙ্গ, দুগ্ধ, ঘৃত, মধু, তৈল,

ব্যঞ্জন ও লবণপ্রভৃতি শব্দ এবং এতদ্বাচক শব্দ সমুদায় প্রায় ক্লীবলিঙ্গ হয়।

শত, সহস্র, অযুত, লক্ষ, নিযুত, অর্ব্বুদ, খর্ব্ব, নিখর্ব্ব, অন্ত্য, মধ্য ও পরার্দ্ধ এই কয়েকটি সংখ্যাবাচক শব্দ ক্লীবলিঙ্গ হয়। আর বৃন্দ ও পদ্ম এই দুইটি সংখ্যাবাচক শব্দ ক্লীবলিঙ্গ ও পুংলিঙ্গ হয়।

এক, দ্বি, ত্রি ও চতুর্ শব্দের তিন লিঙ্গে ভিন্ন ভিন্ন রূপ হয়। যুষ্মদ্ ও অস্মদ্ এবং পঞ্চন্ হইতে অষ্টাদশন্ পর্য্যন্ত সংখ্যাবাচক শব্দ তিন লিঙ্গেই সমান।

তৃতীয় পাঠ।

নামের উত্তর সাত বিভক্তি হয়;—প্রথমা (Nominative), দ্বিতীয়া (Accusative), তৃতীয়া (Instrumental), চতুর্থী, (Dative), পঞ্চমী (Ablative), ষষ্ঠী (Genitive) ও সপ্তমী (Locative).

প্রত্যেক বিভক্তির তিন বচন;—একবচন (Singular) দ্বিবচন (Dual) ও বহুবচন (Plural).

বিভক্তি (Case-endings)।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সু (ঃ)	ঔ	জস্ (অঃ)
দ্বিতীয়া	অম্	ঔ	শস্ (অঃ)
তৃতীয়া	টা (আ)	ভ্যাম্	ভিস্ (ভিঃ)
চতুর্থী	ঙে (এ)	ভ্যাম্	ভ্যস্ (ভ্যঃ)

পঞ্চমী ঙসি (অঃ)	ভ্যাম্	ভ্যস্ (ভ্যঃ)
ষষ্ঠী ঙস্ (অঃ)	ওস্ (ওঃ)	আম্
সপ্তমী ঙি (ই)	ওস্ (ওঃ)	সুপ্ (সু)

সম্বোধনে (Vocative) প্রথমা বিভক্তি হয়, এই নিমিত্ত সম্বোধনে শব্দের রূপ প্রথমার ন্যায়; কিন্তু কোনও কোনও শব্দের সম্বোধনের একবচনে ভিন্নরূপ হইয়া থাকে।

অর্থ বিশেষে ও শব্দবিশেষ-যোগে বিভক্তিনির্ণয়।

চতুর্থ পাঠ।

১। নামের অর্থমাত্র, লিঙ্গমাত্র ও বচনমাত্র বুঝাইলে, শব্দের উত্তর প্রথমা বিভক্তি হয়। যথা—(অর্থমাত্র) নরঃ, মুনিঃ, পশুঃ, পক্ষী। (লিঙ্গমাত্র) সুন্দরঃ, সুন্দরী, সুন্দরম্। (বচনমাত্র) দেবঃ দেবৌ দেবাঃ।

২। গুণবাচক ও দ্রব্যবাচক শব্দ দ্বারা অবিচ্ছেদ অর্থ বুঝাইলে, কালবাচক ও পথবাচক শব্দের উত্তর দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—সমস্তং দিবসং দুঃখম্=সমস্ত দিবস ব্যাপিয়া দুঃখ। ক্রোশং পর্ব্বতঃ=ক্রোশ ব্যাপিয়া পর্ব্বত।

৩। প্রকৃতি প্রভৃতি শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা—প্রকৃত্যা ধার্ম্মিকঃ=স্বভাবত ধার্ম্মিক। স্বভাবেন সুন্দরঃ= স্বভাবত সুন্দর, জাত্যা ব্রাহ্মণঃ=জাতিতে ব্রাহ্মণ। গোত্রেণ কাশ্যপঃ=কাশ্যপ গোত্র। নাম্না শ্যামঃ=শ্যাম নামে।

৪। ঊনার্থ ও প্রয়োজনার্থ শব্দের যোগে তৃতীয়া বিভক্তি

হয়। যথা—একেন উনঃ=এক কম। পুত্রেণ শূন্যঃ=পুত্র শূন্য। ধনেন প্রয়োজনম্=ধনে প্রয়োজন। ধান্যেন অর্থঃ= ধান্যে প্রয়োজন।

৫। যে অঙ্গ দ্বারা অঙ্গীর বিকার বুঝায়, তাহার উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা—চক্ষুষা কাণঃ=চক্ষে কাণা। কর্ণেন বধিরঃ=কাণে কালা।

পঞ্চম পাঠ।

৬। 'তাহার নিমিত্ত' এই অর্থে নিমিত্ত-বোধক শব্দের উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা—রন্ধনায় কাষ্ঠম্=রন্ধনের নিমিত্ত কাষ্ঠ। অশ্বায় ঘাসঃ='অশ্বের নিমিত্ত ঘাস।

৭। ভিন্ন, ব্যতিরিক্ত ও বিলক্ষণ এই কয়েকটি শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা—পুত্রাৎ ভিন্নঃ=পুত্র হইতে ভিন্ন। নরাৎ ব্যতিরিক্তঃ=নর হইতে বিভিন্ন। ছাত্রাৎ বিলক্ষণঃ=ছাত্র হইতে বিভিন্ন।

৮। দুয়ের মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে, নিকৃষ্টের উত্তর পঞ্চমী বিভক্তি হয়। আর উৎকর্ষবোধক বিশেষণের উত্তর প্রায় তর ও ঈয়স্ প্রত্যয় হয়। যথা—স্বর্গাদ্ গুরুতরা মাতা =স্বর্গ অপেক্ষা মাতার অধিক গৌরব। ধনাৎ বিদ্যা গরীয়সী =ধন অপেক্ষা বিদ্যার অধিক গৌরব।

৯। হেতু অর্থে শব্দের উত্তর পঞ্চমী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা—ধনাৎ গর্ব্বঃ=ধনহেতু গর্ব্ব। হর্ষেণ হাস্যম্= হর্ষহেতু হাস্য।

ষষ্ঠ পাঠ।

১০। উভয় পদের সম্বন্ধ থাকিলে, পূর্ব্বপদে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—বৃক্ষস্য শাখা=বৃক্ষের শাখা। রাজ্ঞঃ প্রাসাদঃ=রাজার প্রাসাদ। নদ্যাঃ জলম্=নদীর জল।

১১। তুল্যার্থ শব্দের যোগে ষষ্ঠী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা—পুত্রস্য তুল্যঃ, পুত্রেণ বা=পুত্রের তুল্য। পিতুঃ সমঃ, পিত্রা বা=পিতার সম। চন্দ্রস্য সদৃশঃ, চন্দ্রেণ বা=চন্দ্রের সদৃশ।

১২। তুলা ও উপমা শব্দের যোগে কেবল ষষ্ঠী হয়। যথা মাতুঃ তুলা=মাতার তুলনা। পিতুঃ উপমা=পিতার উপমা।

১৩। হিতার্থ, সুখার্থ, কুশলার্থ ও প্রয়োজনার্থ শব্দের যোগে ষষ্ঠী ও চতুর্থী বিভক্তি হয়। যথা—নৃপস্য হিতম্, নৃপায় বা=নৃপের হিত। পুত্রস্য সুখম্, পুত্রায় বা=পুত্রের সুখ। ছাত্রস্য কুশলম্, ছাত্রায় বা=ছাত্রের কুশল। ধনস্য প্রয়োজনম্, ধনায় বা=ধনে প্রয়োজন।

১৪। দূরার্থ ও নিকটার্থ শব্দের উত্তর দ্বিতীয়া, তৃতীয়া, পঞ্চমী ও সপ্তমী বিভক্তি হয়; আর ইহাদের যোগে শব্দের উত্তর ষষ্ঠী ও পঞ্চমী বিভক্তি হয়। যথা—নগরস্য নগরাৎ বা দূরং (দূরেণ দূরাৎ দূরে)=নগরের দূরে। গ্রামস্য গ্রামাৎ বা নিকটং (নিকটেন নিকটাৎ নিকটে)=গ্রামের নিকটে।

১৫। দূরার্থ ও নিকটার্থ শব্দ বিশেষণ হইলে, উক্ত বিভক্তি সমুদায় হয় না। যথা দূরঃ গ্রামঃ=দূর গ্রাম। নিকটং নগরম্=নিকট নগর।

সপ্তম পাঠ।

১৬। স্বামিন্, অধিপতি, ঈশ্বর, সাক্ষিন্, প্রতিভূ, প্রসূত, আয়ুক্ত ও দায়াদ শব্দের যোগে সপ্তমী ও ষষ্ঠী বিভক্তি হয়। যথা,—গোষু স্বামী, গবাং বা=গোদিগের স্বামী। দেশেষু অধিপতিঃ, দেশানাং বা=দেশের অধিপতি।

১৭। জাতি, গুণ, ক্রিয়া ও নাম দ্বারা কোনও বস্তুর সজাতীয় বস্তু হইতে পৃথক্‌করণকে নির্দ্ধার বলে; যাহা হইতে নির্দ্ধার করা যায়, তাহার উত্তর সপ্তমী ও ষষ্ঠী বিভক্তি হয়। আর নির্দ্ধারক বিশেষণ শব্দের উত্তর প্রায় তম ও ইষ্ঠ প্রত্যয় হয়। যথা—প্রাণিষু প্রাণিনাং বা নরাঃ শ্রেষ্ঠাঃ=প্রাণীদিগের মধ্যে নরেরা শ্রেষ্ঠ। নরেষু নরাণাং বা বিদ্বান্ বরিষ্ঠঃ=নরদিগের মধ্যে বিদ্বান্ অত্যন্ত মহান্। পান্থেষু পান্থানাং বা ধাবন্তঃ শীঘ্রতমাঃ=পথিকদিগের মধ্যে ধাবিত ব্যক্তি অত্যন্ত শীঘ্রগামী। পুত্রেষু পুত্রাণাং বা রামঃ প্রিয়তমঃ=পুত্রদিগের মধ্যে রাম অত্যন্ত প্রিয়।

তৃতীয়াংশ।

প্রথম পাঠ।

স্বরান্ত পুংলিঙ্গ শব্দ।

অকারান্ত—দেব শব্দ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	দেবঃ	দেবৌ	দেবাঃ
দ্বিতীয়া	দেবম্	দেবৌ	দেবান্

তৃতীয়া	দেবেন	দেবাভ্যাম্	দেবৈঃ
চতুর্থী	দেবায়	দেবাভ্যাম্	দেবেভ্যঃ
পঞ্চমী	দেবাৎ	দেবাভ্যাম্	দেবেভ্যঃ
ষষ্ঠী	দেবস্য	দেবয়োঃ	দেবানাম্
সপ্তমী	দেবে	দেবয়োঃ	দেবেষু
সম্বোধন	দেব	দেবৌ	দেবাঃ

সমস্ত অকারান্ত পুংলিঙ্গ শব্দ (১) দেব শব্দের তুল্য। অল্প প্রভৃতি (২) শব্দের প্রথমার বহুবচনে 'অল্পে অল্পাঃ' এই দুইটি পদ হয়; অন্যান্য বিভক্তিতে দেবশব্দের তুল্য। দার ও গৃহ শব্দ দেবশব্দের তুল্য, কিন্তু নিত্য বহুবচনান্ত।

দন্ত, পাদ ও মাস শব্দ দেবশব্দের তুল্য, কিন্তু দ্বিতীয়ার বহুবচন হইতে সমস্ত বিভক্তি পরে, আর একপ্রকার রূপ হয়। যথা—

দন্ত। ২য়া—দতঃ, ৩য়া—দতা দদ্ভ্যাম্ দদ্ভিঃ, ইত্যাদি।
পাদ। ২য়া—পদঃ, ৩য়া—পদা পদ্ভ্যাম্ পদ্ভিঃ, ইত্যাদি।
মাস। ২য়া—মাসঃ, ৩য়া মাসা মাভ্যাম্ মাভিঃ ইত্যাদি।

(১) অশ্ব, অজ, কর, গজ, গ্রহ, ক্রুশ, বৃক্ষ, শৈল, দ্রুম, সমুদ্র, মৃগ, বৃষ, ক্রোশ, কুশ, কাশ, দেহ, ঘাস, মৎস্য ইত্যাদি।
(২) প্রথম, চরম, অল্প, কতিপয়, দ্বয়, ত্রয়, দ্বিতয় ইত্যাদি।

বিশেষণ ও বিশেষ্য।

বিশেষ্যস্য হি যল্লিঙ্গং বিভক্তি-বচনে চ যে।
বিশেষণেঽপি তল্লিঙ্গং বিভক্তি-বচনে চ তে॥

বিশেষ্যপদের যে লিঙ্গ, যে বিভক্তি ও যে বচন; বিশেষণ পদেও সেই লিঙ্গ, সেই বিভক্তি ও সেই বচন হয়। যথা—

প্রথমা বিভক্তি।

পূজিত দেব=পূজিতঃ দেবঃ। ধাবিত অশ্ব দুইটি=ধাবিতৌ অশ্বৌ। সুশীল বালকেরা=সুশীলাঃ বালকাঃ।

দ্বিতীয়া বিভক্তি।

পণ্ডিত ব্রাহ্মণকে=পণ্ডিতং ব্রাহ্মণম্। শুভ্র বৃষ দুইটিকে=শুভ্রৌ বৃষৌ। বৃদ্ধ মনুষ্যদিগকে=বৃদ্ধান্ মনুষ্যান্।

তৃতীয়া বিভক্তি।

কোমল কর দ্বারা—কোমলেন করেণ। নিশিত শর দুইটি দ্বারা=নিশিতাভ্যাং শরাভ্যাম্। শ্যামল ঘাসগুলি দ্বারা=শ্যামলৈঃ ঘাসৈঃ।

চতুর্থী বিভক্তি।

দীন নরকে=দীনায় নরায়। যাচক মানব দুইটীকে=যাচকাভ্যাং মানবাভ্যাম্। ক্ষুধিত মৃগগুলিকে=ক্ষুধিতেভ্যঃ মৃগেভ্যঃ।

পঞ্চমী বিভক্তি।

উন্নত বৃক্ষ হইতে=উন্নতাৎ বৃক্ষাৎ। গভীর কূপ দুইটি হইতে =গভীরাভ্যাং কূপাভ্যাম। ভীষণ শ্বাপদদিগের হইতে=ভীষণেভ্যঃ শ্বাপদেভ্যঃ।

ষষ্ঠী বিভক্তি।

প্রথম পুত্রের=প্রথমস্য পুত্রস্য। উভয় লোকের=উভয়োঃ লোকয়োঃ। সুন্দর দেহগুলির=সুন্দরাণাং দেহানাম্।

সপ্তমী বিভক্তি।

চরম কালে=চরমে কালে। পবিত্র চরণ দুইটিতে=পবিত্রয়োঃ চরণয়োঃ। ক্ষুদ্র গ্রাম গুলিতে=ক্ষুদ্রেষু গ্রামেষু।

সংস্কৃতে অনুবাদ কর ঃ—

উন্নত বৃক্ষ। কৃশ মনুষ্য দুইটী। পণ্ডিত ব্রাহ্মণেরা। সুশীল বালককে। মূর্খ মানবদিগকে। নিশিত খড়্গদ্বারা। পবিত্র চরণ দুইটি দ্বারা। দীন ব্রাহ্মণকে (চতুর্থী)। ভীষণ ব্যাঘ্র হইতে। রামের সুন্দর পুত্রগুলি। যাদবের প্রথম পুত্র। মনুষ্যদিগের চরম কালে। উন্নত শৈলে কতিপয় বৃক্ষ। নৃপের পুত্রগুলি স্বভাবত সুন্দর। দুর্ব্বল অশ্বের নিমিত্ত কোমল ঘাসগুলি। মনুষ্যেরা অর্থহেতু বিজ্ঞ। রামভিন্ন সমগ্র বালক। নবীনের পুত্রটী ভীমের তুল্য বীর। ভীম ক্ষত্রিয়দিগের মধ্যে বলিষ্ঠ। বালকের শুভ্র দন্তগুলি দ্বারা। জনকের পবিত্র পাদ দুইটীতে। মাসের প্রথম দিবস হইতে। বৎসরের প্রথম মাসে।

দ্বিতীয় পাঠ।

হ্রস্ব ইকারান্ত—কবিশব্দ।

১মা—কবিঃ কবী কবয়ঃ, ২য়া—কবিম্ কবী কবীন্, ৩য়া—কবিনা কবিভ্যাম্ কবিভিঃ, ৪র্থী—কবয়ে কবিভ্যাম কবিভ্যঃ, ৫মী—কবেঃ কবিভ্যাম্ কবিভ্যঃ, ৬ষ্ঠী—কবেঃ কব্যোঃ কবীনাম্, ৭মী—কবৌ কব্যোঃ কবিষু, সম্বো—কবে।

সখি ও পতি ভিন্ন সমস্ত পুংলিঙ্গ ইকারান্ত শব্দ (১) কবি শব্দের তুল্য।

সখি শব্দ।

১মা—সখা সখায়ৌ সখায়ঃ, ২য়া—সখায়ম্ সখায়ৌ সখীন্, ৩য়া—সখ্যা সখিভ্যাম্ সখিভিঃ, ৪র্থী—সখ্যে সখিভ্যাম্ সখিভ্যঃ, ৫মী—সখ্যুঃ সখিভ্যাম্ সখিভ্যঃ, ৬ষ্ঠী—সখ্যুঃ সখ্যোঃ সখীনাম্, ৭মী—সখ্যৌ সখ্যোঃ সখিষু, সম্বো—সখে।

পতি শব্দ।

১মা—পতিঃ পতী পতয়ঃ, ২য়া—পতিম্ পতী পতীন্।

এতদ্ভিন্ন বিভক্তিতে পতি শব্দ সখি শব্দের তুল্য। আর অন্য পদের সহিত সমাস হইলে, পতিশব্দ অবিকল কবিশব্দের তুল্য। যথা,—ভূপতিনা ইত্যাদি।

(১) অরি, অগ্নি, ঋষি, কৃপি, গিরি, নিধি, মুনি, রবি, বহ্নি, বিধি, হরি ইত্যাদি।

সংস্কৃতে অনুবাদ কর।—

ভারতের কবি। বৃক্ষে কপিগুলি। প্রবল অরিকে। প্রসিদ্ধ কবিদিগকে। প্রদীপ্ত অগ্নিদ্বারা। বিজ্ঞ মুনিদিগের দ্বারা। উদ্দীপ্ত অগ্নিকে (চতুর্থী)। পবিত্র ঋষিদিগকে (চতুর্থী)। উন্নত গিরি হইতে। রবির কিরণ দ্বারা। উন্নত গিরিগুলিতে। নবীনের সখার। মাধবের প্রিয় সখাকে। যাদবের প্রিয় সখা দ্বারা। সখার সুন্দর পুত্রেরা। রাম নরদিগের পতি। কপিদিগের পতিকে। পতির স্নেহ হেতু। ধার্ম্মিক নৃপতিকে। প্রবল ভূপতি দ্বারা। ভূপতি হইতে ভীত নরেরা। নরপতির সখাকে। গিরিতে উন্নত বৃক্ষগুলি। অর্জ্জুন শ্রীপতির সখা। দৈত্যেরা দেবদিগের অরি। অরিদিগের প্রবল অশ্বগুলি। গিরিতে মুনিদিগের আশ্রমগুলি।

তৃতীয় পাঠ।

দীর্ঘ ঈকারান্ত—সুধী শব্দ (বুদ্ধিমান্)।

১মা—সুধীঃ সুধিয়ৌ সুধিয়ঃ, ২য়া—সুধিয়ম্ সুধিয়ৌ সুধিয়ঃ, ৩য়া—সুধিয়া সুধীভ্যাম্ সুধীভিঃ, ৪র্থী—সুধিয়ে সুধীভ্যাম্ সুধীভ্যঃ, ৫মী—সুধিয়ঃ সুধীভ্যাম্ সুধীভ্যঃ, ৬ষ্ঠী—সুধিয়ঃ সুধিয়োঃ সুধিয়াম্, ৭মী—সুধিয়ি সুধিয়োঃ সুধীষু; সম্বো—সুধীঃ।

সেনানী প্রভৃতি ভিন্ন প্রায় সমস্ত পুংলিঙ্গ দীর্ঘ ঈকারান্ত শব্দ সুধীশব্দের তুল্য।

সেনানী শব্দ (সেনাপতি)।

১মা—সেনানীঃ সেনান্যৌ সেনান্যঃ, ২য়া—সেনান্যম্ সেনান্যৌ সেনান্যঃ, ৩য়া—সেনান্যা সেনানীভ্যাম্ সেনানীভিঃ, ৪র্থী—সেনান্যে সেনানীভ্যাম্ সেনানীভ্যঃ, ৫মী—সেনান্যঃ সেনানীভ্যাম্ সেনানীভ্যঃ. ৬ষ্ঠী—সেনান্যঃ সেনান্যোঃ সেনান্যাম্, ৭মী—সেনান্যাম্ সেনান্যোঃ সেনানীষু; সম্বো—সেনানীঃ।

অগ্রণী ও গ্রামণী শব্দের এইরূপ।

হ্রস্ব উকারান্ত—সাধু শব্দ।

১মা—সাধুঃ সাধূ সাধবঃ, ২য়া—সাধুম্ সাধূ সাধূন্, ৩য়া—সাধুনা সাধুভ্যাম্ সাধুভিঃ, ৪র্থী—সাধবে সাধুভ্যাম্ সাধুভ্যঃ, ৫মী—সাধোঃ সাধুভ্যাম্ সাধুভ্যঃ, ৬ষ্ঠী—সাধোঃ সাধ্বোঃ সাধূনাম্, ৭মী—সাধৌ সাধ্বোঃ সাধুষু, সম্বো—সাধো।

প্রায় সমস্ত পুংলিঙ্গ হ্রস্ব উকারান্ত শব্দ (১) সাধু শব্দের তুল্য।

(১) অংশু, ঋতু, ক্রতু, গুরু, পশু, প্রভু, ভানু, বিধু, বিভু, রিপু, লঘু, বায়ু, শিশু, শত্রু, সিন্ধু, বিন্দু, বহু, বাহু, তরু, সেতু, হেতু, ৎসরু ইত্যাদি।

সংস্কৃতে অনুবাদ কর :—

সুধী বালকেরা। অল্পবুদ্ধি (অল্পধী) বালককে। মন্দবুদ্ধি (মন্দধী) অরিদ্বারা। সুধী সেনাপতিরা (সেনানী)। মনুষ্যদিগের অধ্যক্ষদ্বারা (অগ্রণী)। গ্রামের প্রধান লোকদিগের (গ্রামণী)। সাধু নরেরা। সাধু ভূপতিকে। চঞ্চল শিশুদিগকে। প্রবল শত্রুদ্বারা। দুর্ব্বল রিপুদিগের। ক্ষুধার্ত্ত পশুদিগকে (চতুর্থী)। হিংস্র পশু হইতে ভীত। প্রবল শত্রুদিগের হইতে শঙ্কিত। বিধুর শুভ্র অংশু গুলি। গুরুদিগের চরণ গুলিতে। ভানুর উত্তপ্ত অংশুগুলিতে। শিশুরা স্বভাবত চঞ্চল। মনুষ্যেরা পশুদিগের হইতে ভিন্ন। পশুদিগের মধ্যে সিংহ অধিক বলী (বলিষ্ঠ)। রামের দীর্ঘ বাহু দুইটি। কপিরা সেতু দিয়া সিন্ধু পার হইয়াছিল (উত্তেরুঃ)। সিন্ধুর উত্তাল তরঙ্গগুলি। সিন্ধুতে বহু ভীষণ জন্তু আছে (সন্তি)। ভানুর অংশুহেতু শিশিরের বিন্দুগুলি শোভা পাইতেছে (শোভন্তে)। তরুর বিটপে বহু কপি। শীত ঋতুতে শীতল বায়ুদ্বারা।

চতুর্থ পাঠ।

দীর্ঘ ঊকারান্ত প্রতিভূ শব্দ (জামিন)।

১মা—প্রতিভূঃ প্রতিভুবৌ প্রতিভুবঃ ২য়া—প্রতিভুবম্ প্রতিভুবৌ প্রতিভুবঃ, ৩য়া—প্রতিভুবা প্রতিভূভ্যাম্ প্রতিভূভিঃ,

৪র্থী—প্রতিভুবে প্রতিভূভ্যাম্ প্রতিভূভ্যঃ, ৫মী—প্রতিভুবঃ প্রতিভূভ্যাম্ প্রতিভূভ্যঃ, ৬ষ্ঠী—প্রতিভুবঃ প্রতিভুবোঃ প্রতিভুবাম্, ৭মী—প্রতিভুবি প্রতিভুবোঃ প্রতিভূষু, সম্বো—প্রতিভূঃ।

স্বয়ম্ভূ, আত্মভূ প্রভৃতি পুংলিঙ্গ দীর্ঘ উকারান্ত শব্দের এইরূপ।

ঋকারান্ত—দাতৃশব্দ।

১মা—দাতা দাতারৌ দাতারঃ, ২য়া—দাতারম্ দাতারৌ দাতৄন্, ৩য়া—দাত্রা, দাতৃভ্যাম্ দাতৃভিঃ, ৪র্থী—দাত্রে দাতৃভ্যাম্ দাতৃভ্যঃ, ৫মী—দাতুঃ দাতৃভ্যাম্ দাতৃভ্যঃ, ৬ষ্ঠী—দাতুঃ দাত্রোঃ দাতৄণাম্, ৭মী—দাতরি দাত্রোঃ দাতৃষু, সম্বো—দাতঃ।

পিতৃ প্রভৃতি ভিন্ন সমস্ত পুংলিঙ্গ ঋকারান্ত শব্দ (১) দাতৃ শব্দের তুল্য।

(১) কর্তৃ, জেতৃ, ধাতৃ, বিধাতৃ, ক্রেতৃ, ভোক্তৃ, সবিতৃ, শ্রোতৃ, হন্তৃ, নপ্তৃ ইত্যাদি।

সংস্কৃতে অনুবাদ কর :—

হরি রামের জামিন (প্রতিভূ)। চোরের জামিন চর। গ্রামের লোকেরা মাধবের জামিন। যাদবের জামিন দ্বারা। ভদ্র (সম্ভাবিত) জামিনদিগের। নবীনের জামিনের নিমিত্ত (চতুর্থী) দরখাস্ত (আবেদনম্)। দাতা মনুষ্যেরা। শ্রোতা (শ্রোতৃ) ছাত্রদিগকে। ভোক্তা (ভোক্তৃ) ব্রাহ্মণদিগের দ্বারা। ক্রেতা (ক্রেতৃ) মনুষ্যদিগকে (৪র্থী)। হন্তা (হন্তৃ) ব্যাধ হইতে ভীত পশুরা। সূর্য্যের (সবিতৃ) প্রখর অংশুগুলি। পাণ্ডবেরা ভীষ্মের নাতি (নপ্তৃ)। মাধবের সুন্দর নাতিদিগকে। ভোক্তা মনুষ্যের নিমিত্ত মৎস্য গুলি। সমস্ত জন্তু স্বয়ম্ভূ হইতে উৎপন্ন হয় (উৎপদ্যন্তে)। বিধাতার অখণ্ডনীয় নিয়ম গুলি।

পঞ্চম পাঠ।

পিতৃ শব্দ।

১মা—পিতা পিতরৌ পিতরঃ, ২য়া—পিতরম্ পিতরৌ পিতৄন্। এতদ্ভিন্ন বিভক্তিতে দাতৃশব্দের তুল্য। ভ্রাতৃ, দেবৃ, জামাতৃ, সব্যেষ্ঠৃ ও নৃ এই কয়েকটি শব্দ পিতৃ শব্দের তুল্য। কেবল নৃ-শব্দের ষষ্ঠীর বহুবচনে 'নৃণাম্, নৄণাম্' এই দুইটি পদ হয়।

ওকারান্ত—গোশব্দ।

১মা—গৌঃ গাবৌ গাবঃ, ২য়া—গাম্ গাবৌ গাঃ, ৩য়া—গবা গোভ্যাম্ গোভিঃ, ৪র্থী—গবে গোভ্যাম্ গোভ্যঃ, ৫মী গোঃ গোভ্যাম্ গোভ্যঃ, ৬ষ্ঠী—গোঃ গবোঃ গবাম্, ৭মী—গবি গবোঃ গোষু, সম্বো—গৌঃ।

ঔকারান্ত—গ্লৌশব্দ (চন্দ্র)।

১মা—গ্লৌঃ গ্লাবৌ গ্লাবঃ, ২য়া—গ্লাবম্ গ্লাবৌ গ্লাবঃ, ৩য়া—গ্লাবা গ্লৌভ্যাম্ গ্লৌভিঃ, ৪র্থী—গ্লাবে গ্লৌভ্যাম্ গ্লৌভ্যঃ, ৫মী—গ্লাবঃ গ্লৌভ্যাম্ গ্লৌভ্যঃ, ৬ষ্ঠী—গ্লাবঃ গ্লাবোঃ গ্লাবাম্, ৭মী—গ্লাবি গ্লাবোঃ গ্লৌষু, সম্বো—গ্লৌঃ।

সংস্কৃতে অনুবাদ কর :—

শিশুদিগের পিতারা। রামের ভ্রাতারা। জামাতার পিতাকে। ভীষ্মের সারথিকে (সব্যেষ্ঠৃ)। ভিক্ষুক নরদিগকে (নৃ—চতুর্থী)। দেবরের (দেবৃ) পুত্রেরা। পিতাতে পুত্রদিগের অনুরাগ। যুধিষ্ঠিরের ভ্রাতাদিগের। নৃপতির ভ্রাতাদিগের পুত্রগুলি। মাধবের জামাতার পুত্র দুইটি। ক্ষুধার্ত্ত গরুগুলি।

বলিষ্ঠ গরু দ্বারা। ক্ষুধিত গরুগুলির নিমিত্ত কোমল ঘাসগুলি। গরুদিগের সুন্দর বৎসগুলি। শিক্ষক পিতার সদৃশ পূজ্য। গোপ গরুদিগের স্বামী। রামের পুত্রটি চন্দ্রের তুল্য রমণীয়। চন্দ্রের কিরণহেতু মনুষ্যদিগের হর্ষ জন্মায় (জায়তে)। সাধু নর নরদিগের মধ্যে (নৃ) শ্রেষ্ঠ।

ষষ্ঠ পাঠ।

স্বরান্ত—স্ত্রীলিঙ্গ শব্দ।

আকারান্ত—লতা শব্দ।

১মা—লতা লতে লতাঃ, ২য়া—লতাম্ লতে লতাঃ, ৩য়া—লতয়া লতাভ্যাম্ লতাভিঃ, ৪র্থী—লতায়ৈ লতাভ্যাম্ লতাভ্যঃ, ৫মী—লতায়াঃ লতাভ্যাম্ লতাভ্যঃ, ৬ষ্ঠী—লতায়াঃ লতয়োঃ লতানাম্, ৭মী—লতায়াম্ লতয়োঃ লতাসু, সম্বো—লতে।

প্রায় সমস্ত স্ত্রীলিঙ্গ আকারান্ত শব্দ (১) লতাশব্দের তুল্য। অম্বাশব্দ লতাশব্দের তুল্য, কেবল সম্বোধনের একবচনে 'অম্ব' এইরূপ পদ হয়। বর্ষা ও সিকতা শব্দ লতাশব্দের তুল্য, কিন্তু নিত্য বহুবচনান্ত।

জরা শব্দ (বার্দ্ধক্য)।

জরা শব্দ লতাশব্দের তুল্য, কিন্তু স্বরাদি প্রত্যয় পরে জরা শব্দের আর এক প্রকার রূপ হয়। যথা—১মা—জরসৌ জরসঃ, ২য়া—জরসম্ জরসৌ জরসঃ, ৩য়া—জরসা, ৪র্থী—জরসে, ৫মী—জরসঃ, ৬ষ্ঠী—জরসঃ জরসোঃ জরসাম্, ৭মী—জরসি জরসোঃ।

নাসিকা ও নিশা শব্দ লতা শব্দের তুল্য, কিন্তু দ্বিতীয়ার বহুবচন হইতে সমস্ত বিভক্তি পরে, আর এক প্রকার রূপ হয়। যথা—

নাসিকা। ২য়া—নসঃ, ৩য়া—নসা নোভ্যাম্ নোভিঃ, ৪র্থী—নসে নোভ্যাম্ নোভ্যঃ ইত্যাদি।

নিশা। ২য়া—নিশঃ, ৩য়া—নিশা নিড়্ভ্যাম্ নিড়্ভিঃ, ইত্যাদি।

(১) অজা, অশ্বা, তারা, দুর্গা, জটা, দয়া, প্রভা, মায়া, বিভা, বিদ্যা, শাখা, শিখা, শিলা, শিবা, শোভা, সভা, সেবা, চিন্তা, পূজা ইত্যাদি।

সংস্কৃতে অনুবাদ কর :—

কোমল লতাগুলি; বৃক্ষের শাখা দুইটি। আকাশে উজ্জ্বল তারাগুলি। চন্দ্রের প্রভাহেতু নরদিগের প্রীতি। শিবের জটা হইতে। অজার ক্ষুদ্র শাবকগুলি। বৃক্ষের শাখায় বানরেরা। নিশায় শৃগালের (শিবা) শব্দ। অগ্নির শিখায় পতিত পতঙ্গগুলি। নৃপতির কন্যার নিমিত্ত। বৃক্ষের শাখা হইতে পতিত বানর। সভার পরমা শোভা হেতু। বর্ষায় নূতন ঘাসগুলি। গঙ্গার উত্তপ্ত বালুকায় (সিকতা)। রাম কৌশল্যায় প্রসূত। বৃদ্ধ পিতার সেবা হেতু পুত্রদিগের কুশল। রাম অযোধ্যার অধিপতি। সূর্য্যের প্রভাহেতু ধরা উত্তপ্তা হয় (ভবতি)। উদ্যানের শোভার নিমিত্ত সুন্দর বৃক্ষগুলি। জরা হেতু মনুষ্যের শুক্ল কেশগুলি। নিশাতে চন্দ্রের শোভা।

সপ্তম পাঠ।

হ্রস্ব ইকারান্ত মতিশব্দ।

১মা—মতিঃ মতী মতয়ঃ, ২য়া—মতিম্ মতী মতীঃ, ৩য়া—মত্যা মতিভ্যাম্ মতিভিঃ, ৪র্থী—মত্যৈ মতয়ে,মতিভ্যাম্ মতিভ্যঃ; ৫মী—মত্যাঃ মতেঃ, মতিভ্যাম্ মতিভ্যঃ; ৬ষ্ঠী—মত্যাঃ মতেঃ, মত্যোঃ মতীনাম্ ; ৭মী—মত্যাম্ মতৌ, মত্যোঃ মতিষু; সম্বো—মতে।

সমস্ত স্ত্রীলিঙ্গ হ্রস্ব ইকারান্ত শব্দ (১) মতি শব্দের তুল্য।

দীর্ঘ ঈকারান্ত দেবীশব্দ।

১মা—দেবী দেব্যৌ দেব্যঃ, ২য়া—দেবীম্ দেব্যৌ দেবীঃ, ৩য়া—দেব্যা দেবীভ্যাম্ দেবীভিঃ, ৪র্থী—দেব্যৈ দেবীভ্যাম্ দেবীভ্যঃ, ৫মী—দেব্যাঃ দেবীভ্যাম্ দেবীভ্যঃ, ৬ষ্ঠী—দেব্যাঃ দেব্যোঃ দেবীনাম্, ৭মী—দেব্যাম্ দেব্যোঃ দেবীষু, সম্বো—দেবি।

ধী প্রভৃতি কতিপয় ভিন্ন প্রায় সমস্ত স্ত্রীলিঙ্গ দীর্ঘ ঈকারান্ত শব্দ (২) দেবী শব্দের তুল্য। লক্ষ্মী, তরী ও তন্ত্রী এই কয়েকটী শব্দ দেবী শব্দের তুল্য, কেবল প্রথমার একবচনে 'লক্ষ্মীঃ, তরীঃ, তন্ত্রীঃ' এইরূপ বিসর্গযুক্ত পদ হয়।

(১) অঙ্গুলি, আলি, আবলি, ওষধি, কান্তি, কৃতি, ভ্রান্তি, শান্তি, ধৃতি, ভূমি, রাত্রি, ব্রততি, স্মৃতি ইত্যাদি।

(২) নদী, গৌরী, নারী, সুন্দরী, কুমারী, নর্ত্তকী, রজকী, সিংহী, ব্যাঘ্রী, সখী, প্রাচী, অবাচী, প্রতীচী, উদীচী ইত্যাদি।

সংস্কৃতে অনুবাদ করঃ—

শিশুদিগের চপলা মতিগুলি। দুর্যোধনের দুষ্ট মতিহেতু। বালিকার কোমল অঙ্গুলি দ্বারা। ভূমির আলিতে বহু ঘাস।

ওষধি দ্বারা রোগের শান্তি। ভূমিতে শয়িত শিশুরা। প্রথম-শ্রেণীর ছাত্রেরা। রাত্রিতে চন্দ্রের শোভা। বৃক্ষ হইতে ভূমিতে পতিত লতাগুলি (ব্রততি)। স্বর্গের দেবীরা। দেবীর কৃপাহেতু মাধবের সম্পত্তি। নদীতে তরীগুলি। নদীর তীরে তরী হইতে অবতীর্ণ লোকেরা। গৌরীতে নারীদিগের দৃঢ় ভক্তি। নৃপতির অট্টালিকায় সুন্দরী নারীরা। সুকুমারী কন্যার কোমল কান্তি হেতু। নৃপের সভায় নর্ত্তকীরা। তন্ত্রীর মধুর ঝঙ্কারহেতু। পূর্ব্ব দিক্ হইতে (প্রাচী আশা)। দক্ষিণ দিকে (অবাচী কাষ্ঠা) অনেক নদী। লক্ষ্মীর কেমন (কীদৃশী) মাধুরী। ভূপতির গৃহে এত (ইয়তী) সম্পত্তি। ভৃত্যেরা জাতিতে শূদ্র।

অষ্টম পাঠ।

ধী শব্দ।

১মা—ধীঃ ধিয়ৌ ধিয়ঃ, ২য়া—ধিয়ম্ ধিয়ৌ ধিয়ঃ, ৩য়া—ধিয়া ধীভ্যাম্ ধীভিঃ, ৪র্থী—ধিয়ৈ ধিয়ে, ধীভ্যাম্ ধীভ্যঃ ; ৫মী—ধিয়াঃ ধিয়ঃ, ধীভ্যাম্ ধীভ্যঃ ; ৬ষ্ঠী—ধিয়াঃ ধিয়ঃ, ধিয়োঃ ধিয়াম্ ধীনাম্ ; ৭মী—ধিয়াম্ ধিয়ি, ধিয়োঃ ধীষু ; সম্বো—ধীঃ।

ভী, শ্রী, হ্রী প্রভৃতি শব্দ ধী শব্দের তুল্য।

স্ত্রী শব্দ।

১মা—স্ত্রী স্ত্রিয়ৌ স্ত্রিয়ঃ, ২য়া—স্ত্রিয়মস্ত্রীম্, স্ত্রিয়ৌ স্ত্রিয়ঃস্ত্রীঃ ; ৩য়া—স্ত্রিয়া স্ত্রীভ্যাম্ স্ত্রীভিঃ, ৪র্থী—স্ত্রিয়ৈ স্ত্রীভ্যাম্ স্ত্রীভ্যঃ, ৫মী—স্ত্রিয়াঃ স্ত্রীভ্যাম্ স্ত্রীভ্যঃ, ৬ষ্ঠী—স্ত্রিয়াঃ স্ত্রিয়োঃ স্ত্রীণাম্, ৭মী—স্ত্রিয়াম্ স্ত্রিয়োঃ স্ত্রীষু, সম্বো—স্ত্রি।

সংস্কৃতে অনুবাদ কর:—

মনুষ্যদিগের সূক্ষ্মা বুদ্ধি গুলি (ধী)। পণ্ডিতের ধীরা বুদ্ধি হেতু। স্ত্রীদিগের বুদ্ধির সূক্ষ্মতা হেতু। শিশুদিগের সরল বুদ্ধিতে। মৃগদিগের ব্যাঘ্র হইতে ভয় (ভী)। স্ত্রীদিগের লজ্জা হেতু (হ্রী)। লজ্জার বহু গুণ। দেহের শোভা দ্বারা (শ্রী)। সাধুদিগের সাধ্বী স্ত্রীরা। সুন্দরী স্ত্রীদিগকে। পাচিকা স্ত্রীদিগের দ্বারা। স্ত্রীদিগের হইতে জামাতার লজ্জা। ইন্দ্রের সভায় নর্ত্তকী স্ত্রীরা। পতিব্রতা স্ত্রীরা গৃহের শোভা।

নবম পাঠ।

হ্রস্ব উকারান্ত ধেনুশব্দ=(নবপ্রসূতা গো)

১মা—ধেনুঃ ধেনূ ধেনবঃ; ২য়া—ধেনুম্ ধেনূ ধেনূঃ; ৩য়া—ধেন্বা ধেনুভ্যাম্ ধেনুভিঃ; ৪র্থী—ধেন্বৈ ধেনবে ধেনুভ্যাম্ ধেনুভ্যঃ; ৫মী—ধেন্বাঃ ধেনোঃ, ধেনুভ্যাম্ ধেনুভ্যঃ; ৬ষ্ঠী—ধেন্বাঃ ধেনোঃ, ধেন্বোঃ ধেনূনাম্; ৭মী—ধেন্বাম্ ধেনৌ, ধেন্বোঃ ধেনুষু; সম্বো—ধেনো।

সমস্ত স্ত্রীলিঙ্গ উকারান্ত শব্দ (১) ধেনু শব্দের তুল্য।

(১) চঞ্চু, তনু, রেণু, উড়ু ইত্যাদি।

সংস্কৃতে অনুবাদ কর :—

পয়স্বিনী ধেনুগুলি। কৃষ্ণবর্ণা ধেনুটিকে। সবৎসা ধেনু দুইটি দ্বারা। তৃষার্ত্তা ধেনুগুলিকে (চতুর্থী)। যমুনার পুলিনে ধেনুদিগের চঞ্চল বৎস গুলি (তর্ণক)। শিশুর কোমল তনু। পিতার তনু হইতে জাত তনয়েরা। সুকুমারী বালিকার তনুর

কান্তি। পুষ্পের রেণুগুলি। বিহঙ্গেরা চঞ্চুদ্বারা বাসা নির্ম্মাণ করে (নীড়ং নির্ম্মান্তি)। বিহঙ্গদিগের চঞ্চু হইতে পতিত তণ্ডুলের কণাগুলি (কণ)। আকাশে উজ্জ্বল তারকাগুলি (উড়ু)। তারকাদিগের উজ্জ্বল কান্তি হেতু আকাশের শোভা। পিতার চরণদুইটির রেণুহেতু পুত্রের সমৃদ্ধি।

দশম পাঠ।

ঊকারান্ত বধূ শব্দ।

১মা—বধূঃ বধ্বৌ বধ্বঃ, ২য়া—বধূম্ বধ্বৌ বধূঃ, ৩য়া—বধ্বা বধূভ্যাম্ বধূভিঃ, ৪র্থী—বধ্বৈ বধূভ্যাম্ বধূভ্যঃ, ৫মী—বধ্বাঃ বধূভ্যাম্ বধূভ্যঃ, ৬ষ্ঠী—বধ্বাঃ বধ্বোঃ বধূনাম্, ৭মী—বধ্বাম্ বধ্বোঃ বধূষু, সম্বো—বধু।

ভূ প্রভৃতি কতিপয় ভিন্ন সমস্ত স্ত্রীলিঙ্গ দীর্ঘ ঊকারান্ত শব্দ (১) বধূ শব্দের তুল্য।

(১) চমূ, চঞ্চূ, তনূ, পুনর্ভূ, প্রসূ ইত্যাদি।

ভূশব্দ (পৃথিবী)।

১মা—ভূঃ ভুবৌ ভুবঃ, ২য়া—ভুবম্ ভুবৌ ভুবঃ, ৩য়া—ভুবা ভূভ্যাম্ ভূভিঃ, ৪র্থী—ভুবৈ ভুবে, ভূভ্যাম্ ভূভ্যঃ ; ৫মী—ভুবাঃ ভুবঃ, ভূভ্যাম্ ভূভ্যঃ ; ৬ষ্ঠী—ভুবাঃ ভুবঃ, ভুবোঃ ভুবাম্ ভূনাম্ ; ৭মী—ভুবাম্ ভুবি, ভুবোঃ ভূষু ; সম্বো—ভূঃ।

ভ্রূ ও সুভ্রূ এই দুইটি শব্দ ভূশব্দের তুল্য। সুভ্রূ শব্দের সম্বোধনের এক বচনে ‘সুভ্রু’ এই রূপ পদ হয়।

সংস্কৃতে অনুবাদ কর:—

কৃষ্ণের বধূ দুইটি। মাধবের সুচরিত্রা বধূরা। বধূদিগের শিশু পুত্র গুলি। কাকের চঞ্চু হইতে পতিত তণ্ডুল গুলি। বধূর কোমল তনূতে অলঙ্কার গুলি। পুনর্ব্বিবাহিতা (পুনর্ভূ) নারীর পুত্রেরা। পুত্রগুলিতে জননীদিগের (প্রসূ) অকপট স্নেহ। কৃষকের উর্ব্বরা ভূমিতে (ভূ)। নৃপতি সমস্ত ভূর অধিপতি। ভূ হইতে জাত বৃক্ষ গুলি। ক্রুদ্ধ মনুষ্যের কুটিল ভ্রূ দুইটি। বধূর উন্নত ভ্রূ দুইটিতে। ভ্রূ দুইটির মধ্যে চন্দনের ফোঁটা (পুণ্ড্রঃ)। নব বধূরা স্বভাবত লজ্জিতা। নবীনা বধূর কোমল তনু। প্রথমা বধূর বহু পুত্র।

একাদশ পাঠ।

ঋকারান্ত মাতৃশব্দ।

১মা—মাতা মাতরৌ মাতরঃ, ২য়া—মাতরম্ মাতরৌ মাতৄঃ, ৩য়া—মাত্রা মাতৃভ্যাম্ মাতৃভিঃ, ৪র্থী—মাত্রে মাতৃভ্যাম্ মাতৃভ্যঃ, ৫মী—মাতুঃ মাতৃভ্যাম্ মাতৃভ্যঃ, ৬ষ্ঠী—মাতুঃ মাত্রোঃ মাতৄণাম্, ৭মী—মাতরি মাত্রোঃ মাতৃষু, সম্বো—মাতঃ!

দুহিতৃ, ননান্দৃ ও যাতৃ শব্দ মাতৃ শব্দের তুল্য।

স্বসৃশব্দ (ভগিনী)।

১মা—স্বসা স্বসারৌ স্বসারঃ, ২য়া—স্বসারম্ স্বসারৌ।

এতদ্ভিন্ন বিভক্তিতে মাতৃ শব্দের তুল্য।

দ্যোশব্দ পুংলিঙ্গ গোশব্দের তুল্য। আর নৌশব্দ পুংলিঙ্গ গ্লৌশব্দের তুল্য।

সংস্কৃতে অনুবাদ কর:—

রামের মাতারা। শ্যামের মাতাকে। শিশুদিগের বৎসলা মাতার। ভ্রাতার দুহিতাদিগকে (চতুর্থী)। মাতার অতুল স্নেহ হেতু। পিতার ভগিনীরা (স্বসৃ)। ভগিনীর মুখরা ননদেরা (ননান্দৃ)। ননদের মধ্যমা যা (যাতৃ)। যাদবের দুহিতার দেবরেরা। হরি নবীনের দুহিতার পতি। মাধবের দুহিতার যাদিগকে। ভগিনীর ননদের পুত্রেরা। দুহিতার মধ্যমা যার ভ্রাতারা। কনিষ্ঠা ভগিনীর দেবরেরা। চন্দ্রদ্বারা উজ্জ্বল আকাশ (দ্যো)। তারাগুলি দ্বারা আকাশের শোভা। আকাশে বহু বিহঙ্গম। স্বর্গ হইতে (দ্যো) আগত দেবতারা। ইন্দ্র স্বর্গের অধিপতি। ধার্ম্মিক মনুষ্যদিগের স্বর্গে বাস। গঙ্গায় নৌকাগুলি (নৌ)। নদীর তটে নৌকা হইতে অবতীর্ণ লোক গুলি। হরি নৌকার মাঝি (কর্ণধার)। বড় (মহতী) নৌকায় বহু লোক।

দ্বাদশ পাঠ।

স্বরান্ত ক্লীবলিঙ্গ শব্দ।

অকারান্ত ফল শব্দ।

১মা—ফলম্ ফলে ফলানি, ২য়া—ফলম্ ফলে ফলানি।

এতদ্ভিন্ন বিভক্তিতে পুংলিঙ্গ অকারান্ত শব্দের তুল্য।

সমস্ত ক্লীবলিঙ্গ অকারান্ত শব্দ (১) ফল শব্দের তুল্য।

ইকারান্ত বারি শব্দ।

১মা—বারি বারিণী বারীণি, ২য়া—বারি বারিণী বারীণি, ৩য়া—বারিণা বারিভ্যাম্ বারিভিঃ, ৪র্থী—বারিণে বারিভ্যাম্ বারিভ্যঃ, ৫মী—বারিণঃ বারিভ্যাম্ বারিভ্যঃ, ৬ষ্ঠী—বারিণঃ বারিণোঃ বারীণাম্, ৭মী—বারিণি বারিণোঃ বারিষু, সম্বো—বারে বারি।

দধি প্রভৃতি কয়েকটী শব্দ ভিন্ন প্রায় সমস্ত ক্লীবলিঙ্গ ইকারান্ত শব্দ বারিশব্দের তুল্য।

(১) পত্র, পুষ্প, জল, বন, ধন, তৃণ, মূল, নেত্র, গৃহ ইত্যাদি।

সংস্কৃতে অনুবাদ কর :—

বৃক্ষের সুপক্ক ফল। লতার শুভ্র পুষ্প দুইটি। সরোবরে লোহিত পদ্মগুলি। পিতার মধুর বচনগুলি। নারীর বিশাল নেত্র দুইটি। সুখের নিমিত্ত মনুষ্যদিগের দুঃখ। গঙ্গার বারি হইতে উত্থিত কুম্ভীর। নদীর নির্ম্মল বারিতে ক্ষুদ্র মৎস্যগুলি। নদীর তীরে পুষ্পিত বনের পরম শোভা (সুষমা)। যমুনার বারিতে বহু কচ্ছপ। গঙ্গার বারিদ্বারা পবিত্র দ্রব্যগুলি। বৃক্ষের সুরভি পুষ্পগুলিতে মধুকরেরা বসিতেছে (উপবিশন্তি)। ঋষিদিগের পবিত্র (শুচি) বচনগুলি। নারীদিগের শুভ্র (শুচি) বস্ত্রগুলি। স্ত্রীদিগের দুঃখহেতু রোদন। দানের নিমিত্ত দাতাদিগের ধনগুলি। বর্ষাকালে ক্ষেত্রের আলীতে শ্যামল তৃণগুলি। বসন্তে সুন্দর পুষ্পহেতু বন শোভা পায় (শোভতে)।

ত্রয়োদশ পাঠ ।

দধিশব্দ ।

১মা—দধি দধিনী দধীনি, ২য়া—দধি দধিনী দধীনি, ৩য়া—দধ্না দধিভ্যাম্ দধিভিঃ, ৪র্থী—দধ্নে দধিভ্যাম্ দধিভ্যঃ, ৫মী—দধ্নঃ দধিভ্যাম্ দধিভ্যঃ, ৬ষ্ঠী—দধ্নঃ দধ্নোঃ দধ্নাম্, ৭মী—দধ্নি দধনি, দধ্নোঃ দধিষু, সম্বো—দধে দধি ।

অক্ষি, অস্থি ও সক্থি শব্দ দধিশব্দের তুল্য ।

উকারান্ত মধুশব্দ ।

১মা—মধু মধুনী মধূনি, ২য়া—মধু মধুনী মধূনি, ৩য়া—মধুনা মধুভ্যাম্ মধুভিঃ, ৪র্থী—মধুনে মধুভ্যাম্ মধুভ্যঃ, ৫মী—মধুনঃ মধুভ্যাম্ মধুভ্যঃ, ৬ষ্ঠী—মধুনঃ মধুনোঃ মধূনাম্, ৭মী—মধুনি মধুনোঃ মধুষু । সম্বো—মধো মধু ।

প্রায় সমস্ত ক্লীবলিঙ্গ উকারান্ত শব্দ (১) মধু শব্দের তুল্য ।

(১) অম্বু, অশ্রু, জতু, জানু, ত্রপু, দারু, মস্তু, বস্তু, শ্মশ্রু, সানু ইত্যাদি ।

সংস্কৃতে অনুবাদ কর ঃ—

মিষ্ট দধিদ্বারা । রাত্রিতে দধির বহু দোষ । ধেনুর দধিতে স্বাদু মাৎ (মস্তু) আছে । মস্তুর মধুরতাহেতু লোকদিগের তৃপ্তি । বালিকার বিশাল অক্ষি দুইটি । জন্তুগণ অক্ষিদ্বারা দর্শন করে । (পশ্যন্তি) । পুরুষের স্থূল উরু দুইটি (সক্থি) । গজের স্থূল অস্থিগুলি । শিবের গলে অস্থির মাল্য । পদ্মের মধুদ্বারা । পুষ্পের মধুতে মক্ষিকাগুলি । নদীর শীতল অম্বুদ্বারা । সরো-

বরের নির্ম্মল অম্বুতে শ্বেত পদ্মগুলি। নৃপতির ভবনে সুন্দর বস্তুগুলি। সুন্দর বস্তুহেতু শিশুদিগের হর্ষ। পর্ব্বতের সানুতে বহু বৃক্ষ। সানু হইতে উত্থিত সুন্দর শৃঙ্গগুলি। নারীরা শুষ্ক কাষ্ঠ দ্বারা (দারু) অন্ন পাক করে (পচন্তি)। ফলটি মধুর সদৃশ মধুর। নারীর নয়ন দুইটির অশ্রু হেতু। বৃদ্ধদিগের শ্বেত শ্মশ্রুগুলি। শ্মশ্রুহেতু বদনের শোভা।

ব্যঞ্জনান্ত পুংলিঙ্গ শব্দ।

প্রথম পাঠ।

চকারান্ত জলমুচ্ শব্দ (মেঘ)

১মা—জলমুক্ জলমুচৌ জলমুচঃ, ২য়া—জলমুচম্ জলমুচৌ জলমুচঃ, ৩য়া—জলমুচা জলমুগ্‌ভ্যাম্ জলমুগ্‌ভিঃ, ৪র্থী—জলমুচে জলমুগ্‌ভ্যাম্ জলমুগ্‌ভ্যঃ, ৫মী—জলমুচঃ জলমুগ্‌ভ্যাম্ জলমুগ্‌ভ্যঃ, ৬ষ্ঠী—জলমুচঃ জলমুচোঃ জলমুচাম্, ৭মী—জলমুচি জলমুচোঃ জলমুক্ষু, সম্বো—জলমুক্।

পয়োমুচ্, বারিমুচ্ প্রভৃতি পুংলিঙ্গ চকারান্ত শব্দ জলমুচ্ শব্দের তুল্য।

জকারান্ত ভিষজ্‌শব্দ (বৈদ্য)।

১মা—ভিষক্ ভিষজৌ ভিষজঃ, ২য়া—ভিষজম্ ভিষজৌ ভিষজঃ, ৩য়া—ভিষজা ভিষগ্‌ভ্যাম্ ভিষগ্‌ভিঃ, ৪র্থী—ভিষজে

ভিষগ্‌ভ্যাম্‌ ভিষগ্‌ভ্যঃ, ৫মী—ভিষজঃ ভিষগ্‌ভ্যাম্‌ ভিষগ্‌ভ্যঃ, ৬ষ্ঠী—ভিষজঃ ভিষজোঃ ভিষজাম্‌, ৭মী—ভিষজি ভিষজোঃ ভিষক্ষু, সম্বো—ভিষক্‌।

সম্রাজ্‌ প্রভৃতি ভিন্ন সমস্ত জকারান্ত শব্দ (১) ভিষজ্‌ শব্দের তুল্য।

(১) বণিজ্‌, ঋত্বিজ্‌, ভূভুজ্‌, ভৃতিভুজ্‌, হুতভুজ্‌ ইত্যাদি।

সংস্কৃতে অনুবাদ কর :—

পশ্চিম আকাশে নবীন মেঘ। বর্ষায় মেঘ হইতে নূতন বারি পতিত হয় (পততি)। কৃষ্ণের কলেবর নব মেঘের সদৃশ শ্যাম। নীল মেঘে চপলার কান্তি। কলিকাতার বিজ্ঞ বৈদ্যেরা। পীড়িত মনুষ্যদিগের বৈদ্যে প্রয়োজন। মূর্খ বৈদ্যেরা কৃতান্তের কিঙ্কর। তাদৃশ বৈদ্য হইতে পীড়িত নরদিগের ভয়। সাধু বৈদ্যদিগের কৃপাহেতু দরিদ্রেরা আরোগ্য লাভ করে (লভন্তে)। কলিকাতায় বহু বণিক্‌। বাণিজ্যের নিমিত্ত বণিক্‌দিগের নৌকাগুলি। বণিকের দোকানে (আপণে) সুন্দর দ্রব্যগুলি। নৃপতির বিজ্ঞ পুরোহিতেরা (ঋত্বিজ্‌)। ধার্ম্মিক পুরোহিতহেতু যজমানের মঙ্গল। পুরোহিতের নিমিত্ত রেশমী (কৌশেয়) বস্ত্রগুলি। রাজার (ভূভুজ্‌) ভবনে বহু বেতন-গ্রাহী (ভৃতিভুজ্‌) ভৃত্য। ঋত্বিজেরা অগ্নিতে (হুতভুজ্‌) ঘৃত দান করেন (যচ্ছন্তি)।

দ্বিতীয় পাঠ।

সম্রাট্ শব্দ (রাজচক্রবর্ত্তী)।

১মা—সম্রাট্ সম্রাজৌ সম্রাজঃ, ২য়া—সম্রাজম্ সম্রাজৌ সম্রাজঃ, ৩য়া—সম্রাজা সম্রাড্ভ্যাম্ সম্রাড্ভিঃ, ৪র্থী—সম্রাজে সম্রাড্ভ্যাম্ সম্রাড্ভ্যঃ, ৫মী—সম্রাজঃ সম্রাড্ভ্যাম্ সম্রাড্ভ্যঃ, ৬ষ্ঠী—সম্রাজঃ সম্রাজোঃ সম্রাজাম্, ৭মী—সম্রাজি, সম্রাজোঃ সম্রাট্সু, সম্বো—সম্রাট্।

ভ্রাজ্, ব্রাজ্, রাজ্, মৃজ্ ও সৃজ্ ভাগান্ত শব্দ সম্রাজ্ শব্দের তুল্য। কিন্তু বিশ্বসৃজ্ শব্দ ভিষজ্ ও সম্রাজ্ শব্দের তুল্য।

তকারান্ত ভূভৃৎ শব্দ (রাজা, পর্ব্বত)।

১মা—ভূভৃৎ ভূভৃতৌ ভূভৃতঃ, ২য়া—ভূভৃতম্ ভূভৃতৌ ভূভৃতঃ, ৩য়া—ভূভৃতা ভূভৃদ্ভ্যাম্ ভূভৃদ্ভিঃ, ৪র্থী—ভূভৃতে ভূভৃদ্ভ্যাম্ ভূভৃদ্ভ্যঃ, ৫মী—ভূভৃতঃ ভূভৃদ্ভ্যাম্ ভূভৃদ্ভ্যঃ, ৬ষ্ঠী—ভূভৃতঃ ভূভৃতোঃ ভূভৃতাম্, ৭মী—ভূভৃতি ভূভৃতোঃ ভূভৃৎসু, সম্বো—ভূভৃৎ।

অৎ, মৎ, বৎ ও তবৎ প্রত্যয়ান্ত এবং মহৎ শব্দ ভিন্ন প্রায় সমস্ত পুংলিঙ্গ তকারান্ত শব্দ (১) ভূভৃৎ শব্দের তুল্য।

(১) দিনকৃৎ, পাপকৃৎ, কর্ম্মকৃৎ, পুণ্যকৃৎ, পরভৃৎ, শশভৃৎ, পরিক্ষিৎ, ইন্দ্রজিৎ, মহীভৃৎ ইত্যাদি।

সংস্কৃতে অনুবাদ কর :—

পৃথিবীতে বহু সম্রাট্। সম্রাটের তুল্য প্রভুত্ব। নৃপেরা সম্রাট্কে কর দেন (যচ্ছন্তি)। নৃপেরা সম্রাটের আজ্ঞায় রাজ্য শাসন করেন (শাসতি)। চন্দ্রের দীপ্তিমান্ (বিভ্রাজ্) কিরণ-

গুলি। দীপ্তিমান্ পুষ্পহেতু উদ্যানের শোভা হয় (ভবতি)। সুচরিত্রা স্ত্রীদিগের দীপ্তিমান্ ভূষণে প্রয়োজন নাই (ন অস্তি)। দীপ্তিমান্ শরীর অপেক্ষা উন্নত চিত্ত শ্রেষ্ঠতর। অর্জ্জুন ইন্দ্রের (দেবরাজ্) সদৃশ বীর ছিলেন (বভূব)। দেবরাটের উদ্যানে পারিজাতের সৌরভ। ব্রাহ্মণেরা মুক্তির নিমিত্ত ভিক্ষুক (পরিব্রাজ্) হইতেন (বভূবুঃ)। পৃথিবীতে বহু পর্ব্বত (ভূভৃৎ)। উন্নত পর্ব্বত হইতে পতিত নির্ঝর। পাপকারী (পাপকৃৎ) মনুষ্যেরা স্বভাবতঃ নিষ্ঠুর। পাপকারী নরের সমান অধম নাই (ন অস্তি। পাপকারী মনুষ্য হইতে সাধুদিগের শঙ্কা। পুণ্যকারী (পুণ্যকৃৎ) মানবেরা স্বভাবতঃ ধীর। পুণ্যকারী লোকের পবিত্র হৃদয়। নৃপতির ভবনে বহু কর্ম্মচারী (কর্ম্মকৃৎ) লোক। কর্ম্মচারী লোকদিগের নির্দ্দিষ্ট বেতনগুলি। কাকের বাসায় (কুলায়ে) কোকিলের (পরভৃৎ) শাবকগুলি। চন্দ্রের (শশভৃৎ) কিরণহেতু নিশার শোভা। জনমেজয় পরিক্ষিতের (পরিক্ষিৎ) পুত্র। কলি পরিক্ষিৎ হইতে ভীত হইয়াছিল (বভূব)। লঙ্কায় ইন্দ্রজিতের সদৃশ বীর ছিল না (ন বভূব)। ইন্দ্রজিতের মৃত্যুহেতু রাবণের শোক।

তৃতীয় পাঠ।

অৎভাগান্ত—বৃহৎশব্দ (বড়)।

১মা—বৃহন্ বৃহন্তৌ বৃহন্তঃ, ২য়া—বৃহন্তম্ বৃহন্তৌ বৃহতঃ, সম্বো—বৃহন্।

এতদ্ভিন্ন বিভক্তিতে ভূভৃৎ শব্দের তুল্য।

বায়ু অর্থে পুংলিঙ্গ জগৎ শব্দের এইরূপ।

মৎভাগান্ত—ধীমৎশব্দ।

১মা—ধীমান্ ধীমন্তৌ ধীমন্তঃ, ২য়া—ধীমন্তম্ ধীমন্তৌ ধীমতঃ, সম্বো—ধীমন্।

এতদ্ভিন্ন বিভক্তিতে ভূভৃৎ শব্দের তুল্য। সমস্ত মৎপ্রত্যয়ান্ত (১), বৎপ্রত্যয়ান্ত (২), যৎপ্রত্যয়ান্ত (৩) এবং যুষ্মদর্থ ভবৎ শব্দ ধীমৎ শব্দের তুল্য।

মহৎশব্দ।

১মা—মহান্ মহান্তৌ মহান্তঃ, ২য়া—মহান্তম্ মহান্তৌ মহতঃ, সম্বো—মহন্।

এতদ্ভিন্ন বিভক্তিতে ভূভৃৎ শব্দের তুল্য।

শতৃ (অৎ) প্রত্যয়ান্ত ও তবৎ প্রত্যয়ান্ত শব্দের প্রয়োগ কৃদন্তের একবাক্যপ্রকরণে বিশেষরূপে প্রদর্শিত হইবে।

(১) মতিমৎ, বুদ্ধিমৎ, শ্রীমৎ, হনুমৎ, অংশুমৎ, আয়ুষ্মৎ ইত্যাদি।

(২) ধনবৎ, গুণবৎ, ভগবৎ, মঘবৎ, দয়াবৎ, যাবৎ, তাবৎ, এতাবৎ, বিবস্বৎ, নভস্বৎ ইত্যাদি।

(৩) ইয়ৎ, কিয়ৎ।

সংস্কৃতে অনুবাদ কর :—

অরণ্যের মধ্যে বৃহৎ বৃক্ষ দুইটি। নৃপতির বৃহৎ অশ্বগুলি। অর্জ্জুন বৃহৎ ভুজ দুইটি দ্বারা শত্রুদিগকে জয় করিয়াছিলেন (জিগায়)। বৃহৎ বৃক্ষ হইতে পতিত ফলগুলি। বৃহৎ পর্ব্বতের গুহায় বহু শ্বাপদ। বৃহৎ সরোবরগুলিতে বহু পদ্ম। মাধবের ধীমান্ পুত্রেরা। যাদবের শ্রীমান্ তনয়গুলিকে। নবীনকে

বুদ্ধিমান্ লোকের সদৃশ দেখিতেছি (পশ্যামি)। হনুমান্ হইতে রাক্ষসদিগের শঙ্কা হইয়াছিল (বভূব)। সূর্য্যের (অংশুমৎ) প্রভাহেতু অন্ধকার (তিমিরং) নষ্ট হয় (নশ্যতি)। সাধু মনুষ্যেরা চিরজীবী (আয়ুষ্মৎ) হউক (ভবন্তু)। নগরে ধনবান্ বণিক্-দিগের সুন্দর ভবনগুলি। গুণবান্ মনুষ্যদিগের শিষ্টাচারহেতু। ভগবানের প্রসাদহেতু মাধবের পুত্রগুলি বিদ্যাবান্ হইয়াছে (অভবন্)। দয়াবান্ লোকেরা দরিদ্রের দুঃখহেতু কাতর হন (ভবন্তি)। নৃপতির ভবনে যতগুলি (যাবৎ) ভৃত্য। যতগুলি দরিদ্র আসিয়াছে (আগচ্ছন্) নবীন ততগুলিকে (তাবৎ) বস্ত্র দান করিবেন (দাস্যতি)। নদীতে কতগুলি (কিয়ৎ) মৎস্য)। উদ্যানের এতগুলি (এতাবৎ) বৃক্ষ হইতে ফলগুলি পড়িয়াছে (অপতন্)। মনু সূর্য্যের (বিবস্বৎ) পুত্র।

চতুর্থ পাঠ।

দকারান্ত সুহৃদ্‌শব্দ।

১মা—সুহৃৎ সুহৃদৌ সুহৃদঃ, ২য়া—সুহৃদম্ সুহৃদৌ সুহৃদঃ, ৩য়া—সুহৃদা সুহৃদ্ভ্যাম্ সুহৃদ্ভিঃ, ৪র্থী—সুহৃদে সুহৃদ্ভ্যাম্ সুহৃদ্ভ্যঃ, ৫মী—সুহৃদঃ সুহৃদ্ভ্যাম্ সুহৃদ্ভ্যঃ, ৬ষ্ঠী—সুহৃদঃ সুহৃদোঃ সুহৃদাম্, ৭মী—সুহৃদি সুহৃদোঃ সুহৃৎসু, সম্বো—সুহৃৎ।

সমস্ত পুংলিঙ্গ দকারান্ত শব্দ (১) সুহৃদ্ শব্দের তুল্য।

অন্‌ভাগান্ত লঘিমন্ শব্দ (লঘুতা)।

১মা—লঘিমা লঘিমানৌ লঘিমানঃ, ২য়া—লঘিমানম্ লঘিমানৌ লঘিম্নঃ, ৩য়া—লঘিম্না লঘিমভ্যাম্ লঘিমভিঃ, ৪র্থী—লঘিম্নে

লঘিমভ্যাম্ লঘিমভ্যঃ, ৫মী—লঘিম্নঃ লঘিমভ্যাম্ লঘিমভ্যঃ, ৬ষ্ঠী—লঘিম্নঃ লঘিম্নোঃ লঘিম্নাম্, ৭মী—লঘিম্নি লঘিমনি, লঘিম্নোঃ লঘিমসু, সম্বো—লঘিমন্।

আত্মন্, শ্বন্, যুবন্ ও মঘবন্ প্রভৃতি ভিন্ন সমস্ত অন্ভাগান্ত শব্দ (২) লঘিমন্ শব্দের তুল্য।

রাজন্ শব্দের দ্বিতীয়াদি বিভক্তিতে "রাজ্ঞঃ রাজ্ঞা" ইত্যাদি এইরূপ পদ হয়।

(১) দুর্হৃদ্, উদ্ভিদ্, ক্রব্যাদ্, সভাসদ্, নিরাপদ্, জ্যোতির্ব্বিদ্ ইত্যাদি।

(২) গরিমন্, দ্রাঘিমন্, প্রথিমন্, ম্রদিমন্, প্রেমন্, বেমন্, মূর্দ্ধন্ ইত্যাদি।

সংস্কৃতে অনুবাদ কর :—

সাধু লোকেরা সমস্ত মানবের সুহৃৎ। ক্রূর লোকেরা সমস্ত-জন্তুর শত্রু (দুর্হৃদ্)। সুহৃদ্দিগের কটু বাক্যগুলিতে অমৃত থাকে (তিষ্ঠতি)। দুর্হৃদ্দিগের মধুর বাক্যগুলিতে বিষ থাকে। রাক্ষসেরা (ক্রব্যাদ্) মনুষ্যদিগের শত্রু। রাক্ষস হইতে মনুষ্যদিগের মহান্ ত্রাসহেতু। খল মনুষ্যেরা রাক্ষসদিগের তুল্য নৃশংস। পৃথিবীতে বহু উদ্ভিদ্। উদ্ভিদ্গুলি দ্বারা মনুষ্যদিগের মহান্ উপকার। উদ্ভিদের বহু গুণ। সভায় সভ্যদিগের (সভাসদ্) সত্য ও প্রিয় (সূনৃতানি) বচনগুলি। সুবর্ণের এত গুরুত্ব (গরিমন্)। বলবান্ শরীরের লঘুতাহেতু (লঘিমন্)। দেহের স্থূলতাহেতু (প্রথিমন্) মনুষ্যেরা হীনবল হয় (ভবন্তি)। বৃদ্ধের মস্তকে (মূর্দ্ধন্) শুক্ল কেশগুলি। পিতার চরণে মস্তক-দ্বারা প্রণত পুত্রেরা। রাজার সুন্দর পুত্রগুলি। ভারতের

রাজারা জাতিতে ক্ষত্রিয়। রাজধানীতে রাজার মহতী অট্টালিকা। প্রজাবৎসল রাজাদিগের উপমা নাই। নবীনের পুত্রটি রাজার পুত্রের সদৃশ সুন্দর।

পঞ্চম পাঠ।

আত্মন্‌শব্দ (দেহ, ধৈর্য্য, জীব, স্বভাব)।

১মা—আত্মা আত্মানৌ আত্মানঃ, ২য়া—আত্মানম্ আত্মানৌ আত্মনঃ, ৩য়া—আত্মনা আত্মভ্যাম্ আত্মভিঃ, ৪র্থী—আত্মনে আত্মভ্যাম্ আত্মভ্যঃ, ৫মী—আত্মনঃ আত্মভ্যাম্ আত্মভ্যঃ, ৬ষ্ঠী—আত্মনঃ আত্মনোঃ আত্মনাম্, ৭মী—আত্মনি আত্মনোঃ আত্মসু, সম্বো—আত্মন্।

সমস্ত ম-সংযুক্ত ও ব-সংযুক্ত বর্ণে মিলিত অন্‌ভাগান্ত শব্দ (১) আত্মন্ শব্দের তুল্য।

শ্বন্‌শব্দ (কুক্কুর)।

১মা—শ্বা শ্বানৌ শ্বানঃ, ২য়া—শ্বানম্ শ্বানৌ শুনঃ, ৩য়া—শুনা শ্বভ্যাম্ শ্বভিঃ, ৪র্থী—শুনে শ্বভ্যাম্ শ্বভ্যঃ, ৫মী—শুনঃ শ্বভ্যাম্ শ্বভ্যঃ, ৬ষ্ঠী—শুনঃ শুনোঃ শুনাম্, ৭মী—শুনি শুনোঃ শ্বসু, সম্বো—শ্বন্।

(১) অশ্মন্, অধ্বন্, যজ্বন্, যক্ষ্মন্, ব্রহ্মন্ ইত্যাদি।

সংস্কৃতে অনুবাদ কর :—

সাধুর মহান্ আত্মাকে। রাজার উন্নত আত্মাহেতু। পুত্রেরা পিতার আত্মা হইতে জন্মায় (জায়ন্তে)। আত্মার নিমিত্ত

মনুষ্যদিগের পুণ্য। আত্মাই (এব) আত্মার বন্ধু। সাধু মনুষ্য আত্মাতে শান্তি অনুভব করেন (অনুভবতি)। ব্যাধদিগের বলবান্ কুক্কুরগুলি। কুক্কুরেরা স্বল্প খাদ্যদ্বারা তুষ্ট হয় (তুষ্যন্তি)। কুক্কুরদ্বারা মনুষ্যদিগের বহু উপকার হয় (ভবন্তি)। প্রভুর কুক্কুরের নিমিত্ত মাংসগুলি। শৃগালেরা বলবান্ কুক্কুর হইতে ভয় পায় (বিভ্যতি)। কুক্কুরদিগের বহু গুণ আছে (সন্তি)। গৃহস্থদিগের কুক্কুরে প্রয়োজন। নির্দ্দয় মানবের হৃদয় পাষাণদ্বারা (অশ্মন্) নির্ম্মিত। পাষাণ হইতে লৌহ জন্মায় (জায়তে)। নৃশংস মানুষের হৃদয় পাষাণ অপেক্ষা কঠিন। রাজার ভবনে বিধিপূর্ব্বক যাগকারী (যজ্বন্) ব্রাহ্মণেরা। যক্ষ্মাহেতু মাধবের পুত্রটি প্রাণত্যাগ করিয়াছে (প্রাণান্ অত্যজৎ)। বৈদ্যের ঔষধহেতু যক্ষ্মার নিবৃত্তি হয়। সমস্ত জগৎ ব্রহ্মার সৃষ্টি। ব্রহ্মাতে সাধুদিগের দৃঢ়া ভক্তি। ব্রহ্মার কৃপাহেতু জগতের মঙ্গল।

ষষ্ঠ পাঠ।

যুবন্ শব্দ।

১মা—যুবা যুবানৌ যুবানঃ, ২য়া—যুবানম্ যুবানৌ যূনঃ, ৩য়া—যূনা যুবভ্যাম্ যুবভিঃ, ৪র্থী—যূনে যুবভ্যাম্ যুবভ্যঃ, ৫মী—যূনঃ যুবভ্যাম্ যুবভ্যঃ, ৬ষ্ঠী—যূনঃ যূনোঃ যূনাম্, ৭মী—যূনি যূনোঃ যুবসু, সম্বো—যুবন্।

মঘবন্‌শব্দ (ইন্দ্র)।

১মা—মঘবা মঘবানৌ মঘবানঃ, ২য়া—মঘবানম্ মঘবানৌ

মঘোনঃ, ৩য়া—মঘোনা মঘবভ্যাম্ মঘবভিঃ, ৪র্থী—মঘোনে মঘবভ্যাম্ মঘবভ্যঃ, ৫মী—মঘোনঃ মঘবভ্যাম্ মঘবভ্যঃ, ৬ষ্ঠী—মঘোনঃ মঘোনোঃ মঘোনাম্, ৭মী—মঘোনি মঘোনোঃ মঘবৎসু, সম্বো—মঘবন্।

সংস্কৃতে অনুবাদ কর :—

ব্যাধের যুবা কুক্কুর দুইটি। রাজার যুবা পুত্রদিগকে। মাধবের পিতা যুবা পুরুষের তুল্য বলবান্। যুবা পুরুষদিগের চিত্তে মহান্ উৎসাহ। ইন্দ্র দেবতাদিগের ঈশ্বর। অর্জ্জুন ইন্দ্রের সদৃশ বীর। ইন্দ্রের প্রসাদে পৃথিবীতে প্রচুর শস্য হয়। লোকেরা জলের নিমিত্ত ইন্দ্রকে পূজা করে (পূজয়ন্তি)। যুবা পুরুষের শরীর পাষাণের (অশ্মন্) তুল্য কঠিন। রাজার পুত্রটি যুবা সিংহ অপেক্ষা বলবান্ (বলবত্তরঃ)। যুবাদিগের উদ্যমহেতু সমস্ত কার্য্য সিদ্ধ হয় (সিধ্যন্তি)। যুবা পুরুষে যাদৃশ উৎসাহ, বৃদ্ধ পুরুষে তাদৃশ উৎসাহ নাই (ন অস্তি)।

সপ্তম পাঠ।

ইন্‌ভাগান্ত—ধনিন্‌শব্দ।

১মা—ধনী ধনিনৌ ধনিনঃ, ২য়া—ধনিনম্ ধনিনৌ ধনিনঃ, ৩য়া—ধনিনা ধনিভ্যাম্ ধনিভিঃ, ৪র্থী—ধনিনে ধনিভ্যাম্ ধনিভ্যঃ, ৫মী—ধনিনঃ ধনিভ্যাম্ ধনিভ্যঃ, ৬ষ্ঠী—ধনিনঃ ধনিনোঃ ধনিনাম্, ৭মী—ধনিনি ধনিনোঃ ধনিষু, সম্বো—ধনিন্।

পথিন্ প্রভৃতি ভিন্ন সমস্ত ইন্ ভাগান্ত শব্দ (১) ধনিন্ শব্দের তুল্য।

পথিন্‌শ (পথ)।

১মা—পন্থাঃ পন্থানৌ পন্থানঃ, ২য়া—পন্থানম্ পন্থানৌ পথঃ, ৩য়া—পথা পথিভ্যাম্ পথিভিঃ, ৪র্থী—পথে পথিভ্যাম্ পথিভ্যঃ, ৫মী—পথঃ পথিভ্যাম্ পথিভ্যঃ, ৬ষ্ঠী—পথঃ পথোঃ পথান্, ৭মী—পথি পথোঃ পথিষু, সম্বো—পন্থাঃ।

মথিন্ শব্দ (মন্থন দণ্ড—a churning-stick) পথিন্-শব্দের তুল্য। ঋভুক্ষিন্ শব্দ (ইন্দ্র) পথিন্ শব্দের তুল্য, কেবল "ঋভুক্ষা ঋভুক্ষাণৌ ঋভুক্ষাণঃ, ঋভুক্ষাণম্ ঋভুক্ষাণৌ" এই কয়েকটী পদে বিশেষ।

(১) গুণিন্, মানিন্, বলিন্, পক্ষিন্, করিন্, হস্তিন্, অর্থিন্, বাজিন্, জ্ঞানিন্, বর্হিন্, একাকিন্, স্বামিন্, মেধাবিন্, মায়াবিন্, যশস্বিন্ ইত্যাদি।

সংস্কৃতে অনুবাদ কর:—

নগরের ধনী বণিকেরা। গ্রামের মানী মনুষ্যদিগকে। সেনাপতি বলী পদাতিদিগের দ্বারা যুদ্ধ করিয়াছেন (অযুধ্যত)। বালক পিঞ্জরস্থ পক্ষীকে দুগ্ধ দিতেছে (যচ্ছতি)। পথিকেরা বনে মত্ত করী হইতে ভয় পাইয়াছিল (বিভ্যুঃ)। রাজার হস্তীদিগের মহান্ ঘণ্টারব। অর্থীদিগের চিত্ত স্বভাবতঃ লঘু। জ্ঞানীর বাক্যে মনুষ্যদিগের বিশ্বাস। বৃক্ষের শাখায় সুন্দর ময়ূর-দিগের (বর্হিন্) পরমা শোভা (সুষমা)। মেধাবী মনুষ্যেরা সমস্ত কার্য্যে নিপুণ। স্বামীর সেবাহেতু স্ত্রীদিগের স্বর্গে বাস। মায়াবী মানবদিগের মধুর বাক্যহেতু ঋজু নরেরা মুগ্ধ হয় (মুহ্যন্তি)। মহারণ্যে (অরণ্যানী) তপস্বীদিগের পবিত্র আশ্রম-গুলি। নগরের বিস্তীর্ণ পথগুলি। বিস্তীর্ণ পথ দিয়া পথিকেরা

গমন করে (গচ্ছন্তি)। পথের পার্শ্বে বহু ফলবান্ বৃক্ষ। গোপিকারা মন্থনদণ্ডদ্বারা (মথিন্) দধি মন্থন করে (মথ্নন্তি)। জ্ঞানী মনুষ্যেরা তেজস্বী হয় (ভবন্তি)।

অষ্টম পাঠ।

শকারান্ত—বিশ্ শব্দ (নর ও বৈশ্য)।

১মা—বিট্ বিশৌ বিশঃ, ২য়া—বিশম্ বিশৌ বিশঃ, ৩য়া—বিশা বিড়্ভ্যাম্ বিড়্ভিঃ, ৪র্থী—বিশে বিড়্ভ্যাম্ বিড়্ভ্যঃ, ৫মী—বিশঃ বিড়্ভ্যাম্ বিড়্ভ্যঃ, ৬ষ্ঠী—বিশঃ বিশোঃ বিশাম্, ৭মী—বিশি বিশোঃ বিট্সু, সম্বো—বিট্।

মূর্দ্ধন্য ষকারান্ত দ্বিষ্ শব্দ অবিকল বিশ্ শব্দের তুল্য।

সংস্কৃতে অনুবাদ কর :—

রাজা মনুষ্যদিগের পতি। বৈশ্যেরা বাণিজ্যদ্বারা জীবন ধারণ করে (জীবন্তি)। ধনহেতু বৈশ্যদিগের শ্রেষ্ঠতা। সমাধিনামক (সমাধিনামন্) বৈশ্যের পুত্রেরা। অসুরেরা দেবতাদিগের শত্রু (দ্বিষ্)। রাজার বলবান্ শত্রুকে। চতুর লোক শত্রুকে উচ্চ আসন দেয় (যচ্ছতি)। শত্রুদিগের আক্রমণ হইতে রক্ষা। রণস্থলে (রণাঙ্গনে) শত্রুদিগের বহু সৈন্য। শত্রুতে মূর্খ নরদিগের বিশ্বাস। রাজা মনুষ্যদিগকে শত্রু হইতে ত্রাণ করেন (ত্রায়তে)।

নবম পাঠ।

সকারান্ত—সুমনস্ শব্দ (দেবতা ও পণ্ডিত)।

১মা—সুমনাঃ সুমনসৌ সুমনসঃ, ২য়া—সুমনসম্ সুমনসৌ সুমনসঃ, ৩য়া—সুমনসা সুমনোভ্যাম্ সুমনোভিঃ, ৪র্থী—সুমনসে সুমনোভ্যাম্ সুমনোভ্যঃ, ৫মী—সুমনসঃ সুমনোভ্যাম্ সুমনোভ্যঃ, ৬ষ্ঠী—সুমনসঃ সুমনসোঃ সুমনসাম্, ৭মী—সুমনসি সুমনসোঃ সুমনঃসু, সম্বো—সুমনঃ।

বিদ্বস্ প্রভৃতি ভিন্ন প্রায় সমস্ত পুংলিঙ্গ সকারান্ত শব্দ (১) সুমনস্ শব্দের তুল্য।

বস্ভাগান্ত—বিদ্বস্ শব্দ।

১মা—বিদ্বান্ বিদ্বাংসৌ বিদ্বাংসঃ, ২য়া—বিদ্বাংসম্ বিদ্বাংসৌ বিদুষঃ, ৩য়া—বিদুষা বিদ্বদ্ভ্যাম্ বিদ্বদ্ভিঃ, ৪র্থী—বিদুষে বিদ্বদ্ভ্যাম্, বিদ্বদ্ভ্যঃ, ৫মী—বিদুষঃ বিদ্বদ্ভ্যাম্ বিদ্বদ্ভ্যঃ, ৬ষ্ঠী—বিদুষঃ বিদুষোঃ বিদুষাম্, ৭মী—বিদুষি বিদুষোঃ বিদ্বৎসু, সম্বো—বিদ্বন্।

প্রায় সমস্ত বস্ ভাগান্ত শব্দ (২) বিদ্বস্ শব্দের তুল্য।

(১) চন্দ্রমস্, বেধস্, প্রচেতস্, দিবৌকস, বিহায়স্, বিমনস ইত্যাদি।

(২) জগ্মিবস্, তস্থিবস্, নিষেদিবস্ ইত্যাদি।

সংস্কৃতে অনুবাদ কর :—

স্বর্গে ইন্দ্রের সভায় দেবতারা থাকেন (তিষ্ঠন্তি)। মনুষ্যেরা দেবতাকে ভক্তি করে (ভজন্তে)। সত্যবাদী নর দেবতার সদৃশ। দেবতার নিমিত্ত সুরভি পুষ্পগুলি। সভায় পণ্ডিত-

দিগের পরস্পর কথাবার্ত্তা (সংলাপ) হয়। চন্দ্রমার শুভ্র কিরণ হেতু ভুবন উজ্জ্বল। প্রাণীদিগের সমস্ত কার্য্য বিধাতার (বেধস্) অধীন। নিখিল বিশ্ব বিধাতা হইতে উৎপন্ন। বরুণ (প্রচেতস্) জলের অধিপতি। পশ্চিম দিকে (কাষ্ঠা) বরুণের আধিপত্য। দেবতাদিগের (দিবৌকস্) কৃপাহেতু মানবদিগের সমৃদ্ধি। আকাশে (বিহায়স্) নক্ষত্রদিগের শোভা। কলিকাতায় বহু বিদ্বান্ মনুষ্য। বিদ্বান্ মনুষ্যকে লোকেরা আদর করে (আদ্রিয়ন্তে)। বিদ্বান্ লোকহেতু দেশের গৌরব। ভারতবর্ষের রাজারা বিদ্বান্ ব্রাহ্মণদিগকে ভূমি দান করিয়াছেন (দদুঃ)। লোকেরা বিদ্বান্ ব্রাহ্মণের নিকট হইতে ধর্ম্মোপদেশ শ্রবণ করে (শৃণ্বন্তি)। বিদ্বান্‌দিগের উপদেশগুলি মনুষ্যদিগের হিতকর।

দশম পাঠ।

ঈয়স্ প্রত্যয়ান্ত গরীয়স্ শব্দ (গুরুতর)।

১মা—গরীয়ান্ গরীয়াংসৌ গরীয়াংসঃ, ২য়া—গরীয়াংসম্ গরীয়াংসৌ গরীয়সঃ, ৩য়া—গরীয়সা গরীয়োভ্যাম্ গরীয়োভিঃ, ৪র্থী—গরীয়সে গরীয়োভ্যাম্ গরীয়োভ্যঃ, ৫মী—গরীয়সঃ গরীয়োভ্যাম্ গরীয়োভ্যঃ, ৬ষ্ঠী—গরীয়সঃ গরীয়সোঃ গরীয়সাম্, ৭মী—গরীয়সি গরীয়সোঃ গরীয়ঃসু, সম্বো—গরীয়ন্।

সমস্ত ঈয়স্‌প্রত্যয়-নিষ্পন্ন শব্দ (১) গরীয়স্ শব্দের তুল্য।

পুম্স্ শব্দ (পুরুষ)।

১মা—পুমান্ পুমাংসৌ পুমাংসঃ, ২য়া—পুমাংসম্ পুমাংসৌ পুংসঃ, ৩য়া—পুংসা পুংভ্যাম্ পুম্ভ্যাম্ পুংভিঃ পুম্ভিঃ, ৪র্থী—পুংসে পুংভ্যাম্ পুম্ভ্যাম্ পুংভ্যঃ পুম্ভ্যঃ, ৫মী—পুংসঃ পুংভ্যাম্ পুম্ভ্যাম্ পুংভ্যঃ পুম্ভ্যঃ, ৬ষ্ঠী—পুংসঃ পুংসোঃ পুংসাম্, ৭মী—পুংসি পুংসোঃ পুংসু, সম্বো—পুমন্।

(১) লঘীয়স্, শ্রেয়স্, প্রেয়স্, জ্যায়স্, কনীয়স্, যবীয়স্ ইত্যাদি।

সংস্কৃতে অনুবাদ কর :—

পিতা স্বর্গ অপেক্ষা গুরুতর। সত্যবাদীদিগের আত্মা অপেক্ষা মিথ্যাবাদীদিগের আত্মা লঘুতর (লঘীয়স্)। মূর্খ নরদিগের অপেক্ষা পণ্ডিত নরেরা প্রশস্ততর (শ্রেয়স্)। পুত্র অপেক্ষা ছাত্রেরা প্রিয়তর (প্রেয়স্)। শ্যাম অপেক্ষা নবীন বয়সে ছোট (কনীয়স্)। অতি মহৎ (মহীয়স্) পুরুষেরা স্বভাবতঃ মিত-ভাষী। অতিবৃদ্ধ (বর্ষীয়স্) পুরুষ দ্বারা। মাধব অপেক্ষা অধিক পটু (পটীয়স্) পুরুষদিগের কার্য্যগুলি। অতিস্থূল (স্থবীয়স্) পুরুষেরা কার্য্যে অলস।

একাদশ পাঠ।

হকারান্ত—মধুলিহ্ শব্দ (ভ্রমর ও মধুমক্ষিকা)।

১মা—মধুলিট্ মধুলিহৌ মধুলিহঃ, ২য়া—মধুলিহম্ মধুলিহৌ মধুলিহঃ, ৩য়া—মধুলিহা মধুলিড্ভ্যাম্ মধুলিড্ভিঃ, ৪র্থী—মধুলিহে মধুলিড্ভ্যাম্ মধুলিড্ভ্যঃ, ৫মী—মধুলিহঃ মধুলিড্ভ্যাম্

মধুলিড়্ভ্যঃ, ৬ষ্ঠী—মধুলিহঃ মধুলিহোঃ মধুলিহাম্, ৭মী—মধুলিহি মধুলিহোঃ মধুলিট্সু, সম্বো—মধুলিট্।

তুরাসাহ্ পৃতনাসাহ্, জলাসাহ্ ও ঋতীসাহ্ এই কয়েকটি শব্দ মধুলিহ্ শব্দের তুল্য (১)।

অনডুহ্ শব্দ (বৃষ)।

১মা—অনড্বান্ অনড্বাহৌ অনড্বাহঃ, ২য়া—অনড্বাহম্ অনড্বাহৌ অনডুহঃ, ৩য়া—অনডুহা অনডুদ্ভ্যাম্ অনডুদ্ভিঃ, ৪র্থী—অনডুহে অনডুদ্ভ্যাম্ অনডুদ্ভ্যঃ, ৫মী—অনডুহঃ অনডুদ্ভ্যাম্ অনডুদ্ভ্যঃ, ৬ষ্ঠী—অনডুহঃ অনডুহোঃ অনডুহাম্, ৭মী—অনডুহি অনডুহোঃ অনডুৎসু, সম্বো—অনড্বন্।

সংস্কৃতে অনুবাদ কর :—

লতার পুষ্পগুলিতে ভ্রমরেরা গুন্ গুন্ করিতেছে (গুঞ্জন্তি)। উদ্যানে ভ্রমরদিগের মধুর ঝঙ্কার। নদীর চড়ায় (পুলিনে) মহান্ বৃষগুলি। যাদবের পুত্রটি বৃষের সদৃশ। মাধবের বলী বৃষটিকে শুষ্ক তৃণগুলি দাও (দেহি)। গোপালের বৃদ্ধ বৃষটির নিমিত্ত কোমল ঘাসগুলি। ক্রুদ্ধ বৃষ হইতে মনুষ্যদিগের ভয়। বৃষদিগের পুরীষ হেতু ভূমি উর্ব্বরা হয় (ভবতি)। কৃষকেরা বৃষদ্বারা চাষ করে (কৃষিং কুর্ব্বন্তি)। দেবতারা ইন্দ্রকে (তুরাসাহ্) অগ্রে করিয়া (পুরস্কৃত্য) স্বয়ম্ভূর ধামে গমন করিয়াছিলেন (যযুঃ)।

(১) তুরাসাহ্ প্রভৃতি কয়েকটী শব্দের হস্থানে ট্ হইলে দন্ত্য স মূর্দ্ধন্য হয়। যথা—তুরাষাট্ তুরাসাহৌ তুরাসাহঃ, তুরাসাহম্ তুরাসাহৌ তুরাসাহঃ, তুরাসাহা তুরাষাড়্ভ্যাম্ ইত্যাদি। মতান্তরে তুরাসাহ্ ভিন্ন অন্য কয়েকটি শব্দের দন্ত্য স নিত্য মূর্দ্ধন্য হয়।

পঞ্চমাংশ।

ব্যঞ্জনান্ত স্ত্রীলিঙ্গশব্দ।

প্রথম পাঠ।

চকারান্ত বাচ্ শব্দ (বাক্য)।

১মা—বাক্ বাচৌ বাচঃ, ২য়া—বাচম্ বাচৌ বাচঃ, ৩য়া—বাচা বাগ্ভ্যাম্ বাগ্ভিঃ, ৪র্থী—বাচে বাগ্ভ্যাম্ বাগ্ভ্যঃ, ৫মী—বাচঃ বাগ্ভ্যাম্ বাগ্ভ্যঃ, ৬ষ্ঠী—বাচঃ বাচোঃ বাচাম্, ৭মী—বাচি বাচোঃ বাক্ষু, সম্বো—বাক্।

সমস্ত স্ত্রীলিঙ্গ চকারান্ত শব্দ (১) বাচ্ শব্দের তুল্য।

জকারান্ত শব্দ।

স্রজ্, রুজ্ প্রভৃতি স্ত্রীলিঙ্গ জকারান্ত শব্দ পুংলিঙ্গ ভিষজ্-শব্দের তুল্য।

(১) ঋচ্, ত্বচ্, রুচ্, শুচ্, ইত্যাদি।

সংস্কৃতে অনুবাদ কর :—

শিশুদিগের অস্ফুট বাক্যগুলি। কৃষ্ণ মধুর বাক্যদ্বারা শত্রুকেও (অপি) তুষ্ট করেন (তোষয়তি)। মনুষ্যেরা সত্য ও প্রিয় (সূনৃতা) বাক্য হেতু সকলের প্রিয় হয় (ভবন্তি)। পৃথিবীতে সকল মনুষ্য মধুর বাক্যের বশ। ঋষিরা তপোবনে বেদমন্ত্র দ্বারা (ঋচ্) ঈশ্বরকে স্তুতি করিতেন (তুষ্টুবুঃ)। রাম বনে বৃক্ষের ত্বক্ পরিধান করিয়াছিলেন (পরিদধৌ)। শোক হেতু (শুচ্) মাতার শরীর কৃশ হইতেছে (তাম্যতি)। অলস মনুষ্যদিগের শরীরে বহু রোগ (রুজ্)। প্রাণীরা বিবিধ

রোগ হেতু মরিয়া যায় (ম্রিয়ন্তে)। যুবাদিগের গলে পুষ্পের মাল্যগুলি (স্রজ্) শোভা পাইতেছে (শোভন্তে)। মালীরা রাজাকে মালা দেয় (যচ্ছন্তি)।

দ্বিতীয় পাঠ।

তকারান্ত শব্দ।

সমস্ত স্ত্রীলিঙ্গ তকারান্ত শব্দ (১) পুংলিঙ্গ ভূভৃৎ শব্দের তুল্য।

দকারান্ত শব্দ।

সমস্ত স্ত্রীলিঙ্গ দকারান্ত শব্দ (২) পুংলিঙ্গ সুহৃদ্ শব্দের তুল্য।

ধকারান্ত সমিধ্ শব্দ (কাষ্ঠ)।

১মা—সমিৎ সমিধৌ সমিধঃ, ২য়া—সমিধম্ সমিধৌ সমিধঃ ৩য়া—সমিধা সমিদ্ভ্যাম্ সমিদ্ভিঃ, ৪র্থী—সমিধে সমিদ্ভ্যাম্ সমিদ্ভ্যঃ, ৫মী—সমিধঃ সমিদ্ভ্যাম্ সমিদ্ভ্যঃ, ৬ষ্ঠী—সমিধঃ সমিধোঃ সমিধাম্, ৭মী—সমিধি সমিধোঃ সমিৎসু, সম্বো—সমিৎ।

সমস্ত স্ত্রীলিঙ্গ ধকারান্ত শব্দ (৩) সমিধ্ শব্দের তুল্য।

(১) যোষিৎ, সরিৎ, তড়িৎ, বিদ্যুৎ ইত্যাদি।

(২) আপদ্, বিপদ্, সম্পদ্, প্রতিপদ্, পরিষদ্, সংসদ্, সংবিদ্, দৃশদ্, শরদ্, উপনিষদ্ ইত্যাদি।

(৩) বীরুধ্, ক্ষুধ্, ক্রুধ্, যুধ্, ইত্যাদি।

সংস্কৃতে অনুবাদ কর:—

পুণ্যবান্দিগের গৃহে সুচরিত্রা নারীরা (যোষিৎ)। নদী হেতু (সরিৎ) কৃষকদিগের মহান্ উপকার। নদীর তীরে পুষ্পের

উদ্যানগুলি। যুবতী নারীর ক্রোড়ে সুন্দর পুত্রটি। বঙ্গদেশের নদীগুলিতে বহু কুম্ভীর। নবীন মেঘে বিদ্যুতের প্রভা। পৃথিবীতে প্রাণীদিগের বহু বিপদ্, অল্প সম্পদ্। মহতী বিপদ্ হইতে পরিত্রাণ। ঈশ্বর প্রাণীদিগের বিপদে সহায়। মহাত্মা লোকদিগের সম্পদে ক্ষমা। শুক্লা প্রতিপদে মাধবের বিবাহ হইবে। (ভবিষ্যতি)। বিবাহের সভায় (পরিষদ্) বহু ভদ্র (সম্ভাবিত) লোক আসিবেন (আগমিষ্যন্তি)। সভার (সংসদ্) শোভা হেতু দর্শকদিগের চিত্ত মুগ্ধ হইবে (মোক্ষ্যন্তি)। যুদ্ধে (যুধ্) মরণ ক্ষত্রিয়দিগের ধর্ম্ম। সত্যবাদী লোকের স্থির প্রতিজ্ঞাহেতু (সংবিদ্)। নির্দ্দয় লোকের হৃদয় পাষাণের (দৃশদ্) সদৃশ কঠিন। শরৎকালে নির্ম্মল গগনে চন্দ্রের শোভা। বৎসরের (শরদ্) প্রথম মাসে। উপনিষদে ব্রহ্মের নিরূপণ। হোমের নিমিত্ত বন্য কাষ্ঠগুলি (সমিধ্)। বনজাত কাষ্ঠের দ্বারা হোম করিবেক (কুর্য্যাৎ)। রাজার উদ্যানে পুষ্পিত লতাগুলি (বীরুধ্)। প্রভাতে লতার পত্র হইতে শিশিরের বিন্দুগুলি পতিত হয় (পতন্তি)। বীর পুরুষদিগের যুদ্ধে (যুধ্) মহান্ বিক্রম। ভোজনহেতু ক্ষুধা (ক্ষুধ্) নিবৃত্ত হয় (শাম্যতি)। ক্ষুধাহেতু প্রাণীদিগের শরীর অবসন্ন হয় (অবসীদন্তি)।

তৃতীয় পাঠ।

নকারান্ত শব্দ।

পামন্, সীমন্ প্রভৃতি কয়েকটি স্ত্রীলিঙ্গ নকারান্ত শব্দ পুংলিঙ্গ লঘিমন্ শব্দের তুল্য।

পকারান্ত—অপ্ শব্দ (নিত্য বহুবচনান্ত)।

১মা আপঃ, ২য়া—অপঃ, ৩য়া—অদ্ভিঃ, ৪র্থী—অদ্ভ্যঃ, ৫মী—অদ্ভ্যঃ, ৬ষ্ঠী—অপাম্, ৭মী—অপ্সু, সম্বো—আপঃ।

ভকারান্ত—ককুভ্ শব্দ (দিক্)।

১মা—ককুপ্ ককুভৌ ককুভঃ, ২য়া—ককুভম্ ককুভৌ ককুভঃ, ৩য়া—ককুভা ককুব্ভ্যাম্ ককুব্ভিঃ, ৪র্থী—ককুভে ককুব্ভ্যাম্ ককুব্ভ্যঃ, ৫মী—ককুভঃ ককুব্ভ্যাম্ ককুব্ভ্যঃ, ৬ষ্ঠী—ককুভঃ ককুভোঃ ককুভাম্, ৭মী—ককুভি ককুভোঃ ককুপ্সু, সম্বো—ককুপ্।

সমস্ত স্ত্রীলিঙ্গ ভকারান্ত শব্দ (১) ককুভ্ শব্দের তুল্য।

(১) অনুষ্টুভ্, ত্রিষ্টুভ্ ইত্যাদি।)

সংস্কৃতে অনুবাদ কর :—

শিশুর হস্ত দুইটিতে বহু চুল্‌কনা (পামন্)। চুল্‌কনা হেতু শিশুগুলি কাঁদিতেছে (ক্রন্দন্তি)। চুল্‌কনার নিমিত্ত বৈদ্য ঔষধ দিয়াছেন (অযচ্ছৎ)। প্রাণীদিগের দুঃখের অবধি (সীমন্) নাই (ন অস্তি)। গ্রামের সীমানায় বৃক্ষগুলি। গঙ্গার পবিত্র জল (অপ্)। বর্ষায় নদীর পঙ্কিল জলদ্বারা। যমুনার জল হইতে উত্থিত কচ্ছপগুলি। কেনেলের (কুল্যা) জলে বহু ক্ষুদ্র মৎস্য। পূর্ব্ব (প্রাচী) দিক্ হইতে বায়ু বহিতেছে (বাতি)। দক্ষিণ (অবাচী) দিকের বায়ুহেতু চিত্ত প্রীত হয় (হৃষ্যতি)। পশ্চিম (প্রতীচী) দিকে সূর্য্য অস্তগমন করে (অস্তং গচ্ছতি)। উত্তর (উদীচী) দিক্ হইতে শীতল বায়ু বহিয়া থাকে। ভারতের সমস্ত নদী পশ্চিম দিক্ হইতে পূর্ব্ব দিক্ দিয়া প্রবাহিত হয় (প্রবহন্তি)।

চতুর্থ পাঠ।

রান্ত—গির্ শব্দ (বাক্য)।

১মা—গীঃ গিরৌ গিরঃ, ২য়া—গিরম্ গিরৌ গিরঃ, ৩য়া—গিরা গীর্ভ্যাম্ গীর্ভিঃ, ৪র্থী—গিরে গীর্ভ্যাম্ গীর্ভ্যঃ, ৫মী—গিরঃ গীর্ভ্যাম গীর্ভ্যঃ, ৬ষ্ঠী—গিরঃ গিরোঃ গিরাম্, ৭মী—গিরি গিরোঃ গীর্ষু, সম্বো—গীঃ।

দ্বার্ শব্দ।

১মা—দ্বাঃ দ্বারৌ দ্বারঃ, ২য়া—দ্বারম দ্বারৌ দ্বারঃ, ৩য়া—দ্বারা দ্বার্ভ্যাম্ দ্বার্ভিঃ ইত্যাদি।

ধুর্ শব্দ (রথাদির অগ্রভাগ এবং ভার)।

১মা—ধূঃ ধুরৌ ধুরঃ, ২য়া—ধুরম্ ধুরৌ ধুরঃ, ৩য়া—ধুরা ধূর্ভ্যাম্ ধূর্ভিঃ ইত্যাদি। পুর্ শব্দ ধুর্ শব্দের তুল্য।

সংস্কৃতে অনুবাদ কর ঃ—

বিদ্বান্ মানবদিগের ন্যায্য বাক্যগুলি। শিশুর অস্ফুট বাক্য-হেতু মাতার আনন্দ বাড়ে (বর্দ্ধতে)। বাক্যগুলির বৈচিত্র্য-হেতু কবিদিগের ঈদৃশ গৌরব। রাজার নগরীর (পুর্) বহু দ্বার। লোকেরা প্রধান দ্বার দিয়া পুরে প্রবেশ করে (প্রবিশন্তি)। গৃহীর দ্বারে ভিক্ষুকেরা ভিক্ষা চাহিতেছে (যাচন্তে)। রাজার দ্বারে বহু দৌবারিক থাকে (তিষ্ঠন্তি)। রথের অগ্রভাগে বলবান্ তুরঙ্গগুলি। রাজা রাজ্যের বিপুল ভার বহন করেন (বহতি)। নগরীর সমীপে ফলবান্ বৃক্ষের উদ্যান। নৃপের নগরীতে নারী-দিগের পরম সৌন্দর্য্য।

পঞ্চম পাঠ।

বান্ত—দিব্ শব্দ (স্বর্গ ও আকাশ)।

১মা—দ্যৌঃ দিবৌ দিবঃ, ২য়া—দিবম্ দ্যাম্, দিবৌ দিবঃ; ৩য়া—দিবা দ্যুভ্যাম্ দ্যুভিঃ, ৪র্থী—দিবে দ্যুভ্যাম্ দ্যুভ্যঃ, ৫মী—দিবঃ দ্যুভ্যাম্ দ্যুভ্যঃ, ৬ষ্ঠী—দিবঃ দিবোঃ দিবাম্, ৭মী—দিবি দিবোঃ দ্যুষু, সম্বো—দ্যৌঃ।

শান্ত—দিশ্ শব্দ (দিক্)।

১মা—দিক্ দিশৌ দিশঃ, ২য়া—দিশম্ দিশৌ দিশঃ, ৩য়া—দিশা দিগ্ভ্যাম্ দিগ্ভিঃ, ৪র্থী—দিশে দিগ্ভ্যাম্ দিগ্ভ্যঃ, ৫মী—দিশঃ দিগ্ভ্যাম্ দিগ্ভ্যঃ, ৬ষ্ঠী—দিশঃ দিশোঃ দিশাম্, ৭মী—দিশি দিশোঃ দিক্ষু, সম্বো—দিক্।

দৃশ্ ও স্পৃশ্ শব্দ দিশ্ শব্দের তুল্য।

তালব্য শকারান্ত নিশ্ এবং দ্বিষ্, বিষ্, রুষ্, ও বিপ্রুষ্ প্রভৃতি মূর্দ্ধন্য ষকারান্ত শব্দ পুংলিঙ্গ বিশ্ শব্দের তুল্য।

সংস্কৃতে অনুবাদ কর :--

শরদে নির্ম্মল আকাশ। পূর্ণিমায় আকাশের শোভা। আকাশ হইতে ভূমিতে অবতীর্ণ পক্ষীরা। আকাশে উড্ডীয়মান বিবিধ বিহঙ্গেরা। স্বর্গ হইতে আগত দেবতারা। স্বর্গের সমস্ত বস্তু সুন্দর। স্বর্গে দেবতাদিগের বসতি। পূর্ব্ব দিকে চন্দ্রের উদয়। দক্ষিণ দিকে বহু বন। সমস্ত দিক্ হইতে আগত লোকেরা। উত্তর দিকে হিমালয়। রাত্রিতে (নিশ্) নক্ষত্র-দিগের শোভা। শিবের চক্ষুদ্বারা (দৃশ্) দগ্ধ মদন। রুদ্রের

চক্ষু হইতে নির্গত অগ্নিদ্বারা। সূর্য্যের তেজ হেতু (ত্বিষ্) সমস্ত বস্তু শুষ্ক হয় (শুষ্যন্তি)। মূঢ় লোকেরা ক্রোধের (রুষ্) বশ। মনুষ্যদিগের সমস্ত বিপৎ ক্রোধ হইতে সঞ্জাত। গরুর বিষ্ঠা হেতু (বিষ্) স্থান পবিত্র।

ষষ্ঠ পাঠ।

সান্ত—আশিস্ শব্দ (শুভাকাঙ্ক্ষা ও সর্পের বিষদন্ত)।

১মা—আশীঃ আশিষৌ আশিষঃ, ২য়া—আশিষম্ আশিষৌ আশিষঃ, ৩য়া—আশিষা আশীর্ভ্যাম্ আশীর্ভিঃ, ৪র্থী—আশিষে আশীর্ভ্যাম্ আশীর্ভ্যঃ, ৫মী—আশিষঃ আশীর্ভ্যাম্ আশীর্ভ্যঃ, ৬ষ্ঠী—আশিষঃ আশিষোঃ আশিষাম্, ৭মী—আশিষি আশিষোঃ আশীঃষু, সম্বো—আশীঃ।

স্ত্রীলিঙ্গ সুমনস্ (পুষ্প) ও অপ্সরস্ শব্দ পুংলিঙ্গ প্রচেতস্ শব্দের তুল্য। কিন্তু নিত্য বহুবচনান্ত (১)।

হান্ত—উপানহ্ শব্দ (চর্ম্মপাদুকা)।

১মা—উপানৎ উপানহৌ উপানহঃ, ২য়া—উপানহম্ উপানহৌ উপানহঃ, ৩য়া—উপানহা উপানদ্ভ্যাম্ উপানদ্ভিঃ, ৪র্থী—উপানহে উপানদ্ভ্যাম্ উপানদ্ভ্যঃ, ৫মী—উপানহঃ উপানদ্ভ্যাম্ উপানদ্ভ্যঃ,

---

(১) কখনও সুমনস্ ও অপ্সরস্ শব্দ একবচনান্তও হয়। যথা—শ্মশান সুমনা ইব বর্জ্জনীয়া (মৃচ্ছকটিক)=শ্মশানপুষ্পের ন্যায় বর্জ্জন করা উচিত।

৬ষ্ঠী—উপানহঃ উপানহোঃ উপানহাম্, ৭মী—উপানহি উপানহোঃ উপানৎসু, সম্বো—উপানৎ।

সংস্কৃতে অনুবাদ কর ঃ—

ব্রাহ্মণদিগের শুভাকাঙ্ক্ষাগুলি। গুরুর শুভাকাঙ্ক্ষাহেতু শিষ্যদিগের মঙ্গল। পিতার শুভাকাঙ্ক্ষার শুভ ফলগুলি। সর্পের বিষদন্ত হইতে বিষ পতিত হয় (পততি)। সর্প বিষদন্ত দ্বারা দংশন করে (দশতি)। দেবের মস্তকে পুষ্পগুলি (সুমনস্)। শ্বেত পুষ্প দ্বারা দেবতাদিগের পূজা। পৃথিবীতে পুষ্পের সদৃশ সুন্দর বস্তু নাই (ন অস্তি)। মধুকরেরা পুষ্প হইতে মধু সঞ্চয় করে (সঞ্চিন্বন্তি)। পুষ্পের সৌরভহেতু যুবাদিগের চিত্ত প্রফুল্ল। স্বর্গে (দিব্) ইন্দ্রের সভায় অপ্সরা নৃত্য করে (নৃত্যন্তি)। অপ্সরার নর্ত্তন হেতু দেবতাদির্গের মানস মুগ্ধ হয় (মুহ্যন্তি)।

জামাতার চর্ম্মপাদুকা দুইটি। তস্করের পৃষ্ঠে চর্ম্মপাদুকা দ্বারা প্রহার। রাজার চর্ম্মপাদুকার এত (এতাবৎ) মূল্য। সম্রাটের চর্ম্মপাদুকাদুইটিতে হীরকের কান্তি। চর্ম্মপাদুকা দ্বারা যুবাদিগের চরণগুলি শোভা পায় (শোভন্তে)। নৃপতির চর্ম্মপাদুকার নিমিত্ত এত গুলি টাকা (এতাবন্তি রূপ্যকাণি)।

সপ্তম পাঠ।

ব্যঞ্জনান্ত ক্লীবলিঙ্গ শব্দ।

জান্ত—অসৃজ্ শব্দ (রক্ত)।

১মা—অসৃক্ অসৃজী অসৃঞ্জি, ২য়া—অসৃক্ অসৃজী অসৃঞ্জি, সম্বো—অসৃক্।

এতদ্ভিন্ন বিভক্তিতে পুংলিঙ্গ ভিষজ্ শব্দের তুল্য। সমস্ত ক্লীবলিঙ্গ জকারান্ত শব্দ অসৃজ্ শব্দের তুল্য।

তান্ত—বলবৎ শব্দ।

১মা—বলবৎ বলবতী বলবন্তি, ২য়া—বলবৎ বলবতী বলবন্তি, সম্বো—বলবৎ।

এতদ্ভিন্ন বিভক্তিতে ভূভৃৎ শব্দের তুল্য। জগৎ, বৃহৎ প্রভৃতি অত্তাগান্ত এবং মৎ, বৎ, যৎ ও তবৎপ্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গে বলবৎ শব্দের তুল্য।

শতৃ (অৎ) প্রত্যয়ান্ত ও তবৎপ্রত্যয়ান্ত ক্লীবলিঙ্গ শব্দের প্রয়োগ কৃদন্তের এক-বাক্য-প্রকরণে বিশেষরূপে প্রদর্শিত হইবে।

মহৎ শব্দ।

১মা—মহৎ মহতী মহান্তি, ২য়া—মহৎ মহতী মহান্তি, সম্বো—মহৎ।

এতদ্ভিন্ন বিভক্তিতে ভূভৃৎ শব্দের তুল্য।

সংস্কৃতে অনুবাদ কর ঃ—

বলবান্ প্রাণীদিগের শরীরে বহুল রক্ত। বিশুদ্ধ রক্তহেতু জন্তুদিগের শরীর বলবান্ হয়। রক্তের নিমিত্ত পুষ্টিকর দ্রব্যগুলি। রক্তের স্বল্পতাহেতু শরীর দুর্ব্বল হয়। কুষ্ঠীদিগের রক্তে বহু দোষ। বীর পুরুষদিগের বলবান্ হৃদয়। আকাশে দীপ্তিমান্ নক্ষত্রগুলি। মহৎ হৃদয়হেতু সাধুরা জগতের হিত করেন (কুর্ব্বন্তি)। জগতে মহাত্মা পুরুষদিগের মহৎ কার্য্যগুলি। নৃপতির মহৎ গৃহগুলিতে বিপুল রত্ন। উদ্যানের বৃক্ষগুলিতে এতগুলি (ইয়ৎ) ফল। মনুষ্যদিগের যত (যাবৎ) সুখ তত

(তাবৎ) দুঃখ। ভৃত্যাদিগের এতগুলি (এতাবৎ) কার্য্য হিমালয়ে (হিমবৎ) দীপ্তিযুক্ত (ভাস্বৎ) রত্নগুলি।

অষ্টম পাঠ।

দান্ত—হৃদ্‌শব্দ (হৃদয় ও বক্ষঃস্থল)।

১মা—হৃৎ হৃদী হৃন্দি, ২য়া—হৃৎ হৃদী হৃন্দি, সম্বো—হৃৎ।

এতদ্ভিন্ন বিভক্তিতে সুহৃদ্‌ শব্দের তুল্য। সমস্ত ক্লীবলিঙ্গ দান্ত শব্দ হৃদ্‌ শব্দের তুল্য।

নান্ত—নামন্‌ শব্দ (নাম)।

১মা—নাম নাম্নী নামনী, নামানি, ২য়া—নাম নাম্নী নামনী, নামানি, সম্বো—নাম নামন্‌।

মসংযুক্ত ও বসংযুক্ত বর্ণে মিলিত অন্‌ভাগান্ত এবং অহন্‌-শব্দ ভিন্ন সমস্ত অন্‌ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দ (১) নামন্‌ শব্দের তুল্য।

কর্ম্মন্‌ শব্দ।

১মা—কর্ম্ম কর্ম্মণী কর্ম্মাণি, ২য়া—কর্ম্ম কর্ম্মণী কর্ম্মাণি, সম্বো—কর্ম্ম কর্ম্মন্‌।

চর্ম্মন্‌ প্রভৃতি শব্দ (২) কর্ম্মন্‌ শব্দের তুল্য।

(১) দামন্‌, ধামন্‌, প্রেমন্‌, বেমন্‌, ব্যোমন্‌, সামন্‌ ইত্যাদি।

(২) চর্ম্মন্‌, জন্মন্‌, নর্ম্মন্‌, পর্ব্বন্‌, ভস্মন্‌, বর্ত্মন্‌, বর্ম্মন্‌, লক্ষ্মন্‌, শর্ম্মন্‌, সদ্মন্‌ ইত্যাদি।

সংস্কৃতে অনুবাদ কর :—

সত্যবাদী মানবদিগের পবিত্র হৃদয়। সরল হৃদয়হেতু রাম লোকদিগের প্রিয়। সখা সখার হৃদয়ের সম। সাধুর হৃদয়ে ভগবানের পবিত্র নামগুলি। ভগবানের নামের তুল্য মধুর নাম নাই। রাম নামে দশরথের পুত্র। রামের নামের মাহাত্ম্য-হেতু হৃদয় পবিত্র হয়। চন্দ্রের শুভ্র রশ্মিগুলি (ধামন্)। রাজার প্রবল প্রভাবহেতু (ধামন্) রাজ্যের শান্তি। বিষ্ণুর পুণ্য ধামে সাধুদিগের বাস। ঈশ্বরে ভক্তদিগের অচল প্রেমহেতু। আকাশে (ব্যোমন্) পক্ষীদিগের কলরব। শরদে চন্দ্রমার শুভ্র রশ্মিহেতু (ধামন্) আকাশের পরমা শোভা। মহৎ লোকদিগের মহৎ কর্ম্মগুলি। মহাত্মা লোকদিগের মহৎ কর্ম্মহেতু দেশের প্রভূত মঙ্গল। কর্ম্মহেতু প্রাণীদিগের জগতে জন্ম। কর্ম্মের নিমিত্ত মনুষ্যদিগের জন্মগুলি। সাধু নরেরা স্বভাবতঃ পাপ কর্ম্ম হইতে নিবৃত্ত হন (নিবর্ত্তন্তে)। মূঢ় মনুজেরা ধনের নিমিত্ত নিকৃষ্ট (অর্ব্বন্) কর্ম্মগুলিতে প্রবৃত্ত হয় (প্রবর্ত্তন্তে)। পরিহাস বিষয়ে (নর্ম্মন্) অসত্য বাক্য নিন্দিত নহে। গ্রামে বহু উৎসব (পর্ব্বন্) হয়। সমস্ত গ্রামবাসীরা মহান্ উৎসবে রত। বাঁশের (বংশ) বহু পাব (পর্ব্বন্)। নগরের প্রধান পথগুলিতে (বর্ত্মন্) বহু আলো (দীপ)। নগরে ধনীদিগের উন্নত গৃহগুলি (সদ্মন্)। ধনীর গৃহে যতগুলি লোক ততগুলি ভৃত্য।

নবম পাঠ।

অহন্ শব্দ (দিন)।

১মা—অহঃ অহ্নী অহনী অহানি, ২য়া—অহঃ অহ্নী অহনী অহানি, ৩য়া—অহ্না অহোভ্যাম্ অহোভিঃ, ৪র্থী—অহ্নে অহোভ্যাম্ অহোভ্যঃ, ৫মী—অহ্নঃ অহোভ্যাম্ অহোভ্যঃ, ৬ষ্ঠী—অহ্নঃ অহ্নোঃ অহ্নাম্। ৭মী—অহ্নি অহনি অহ্নোঃ অহঃসু, সম্বো—অহঃ।

ইন্‌ভাগান্ত—স্থায়িন্ শব্দ।

১মা—স্থায়ি স্থায়িনী স্থায়ীনি, ২য়া—স্থায়ি স্থায়িনী স্থায়ীনি সম্বো—স্থায়িন্।

সমস্ত ইন্‌ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দ স্থায়িন্ শব্দের তুল্য।

অস্‌ভাগান্ত—সরস্ শব্দ (পুষ্করিণী)।

১মা—সরঃ সরসী সরাংসি, ২য়া—সরঃ সরসী সরাংসি, সম্বো—সরঃ।

এতদ্ভিন্ন বিভক্তিতে পুংলিঙ্গ প্রচেতস্ শব্দের তুল্য। সমস্ত অস্‌ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দ (১) সরস্ শব্দের তুল্য।

(১) অম্ভস্, অয়স্, আগস্, উরস্, চেতস্, ছন্দস্, তমস্, পয়স্, মনস্, যশস্, রজস্, রোধস্, বয়স্, বক্ষস্, বাসস্ ইত্যাদি।

সংস্কৃতে অনুবাদ কর :—

মাসের শুভ দিনগুলি। দিনের সমস্ত কর্ম্মগুলি। শুভ দিনে নবীনা বধূর আগমন। ভৃত্যাদিগের স্থায়ী কর্ম্মগুলি। ভাবী দিনে রামের অভিষেক। গ্রামে বৃহৎ পুষ্করিণীগুলি। পুষ্করিণীর

নির্ম্মল জল দ্বারা (অম্ভস্)। পুষ্করিণীর পঙ্কিল জলে বহু মৎস্য। বীরের বিশাল বক্ষে (বক্ষস্) ছুরিকা দ্বারা আঘাত। বক্ষ হইতে রুধিরের পতন। শিশুদিগের সরল চিত্তগুলি (চেতস্)। বাল্মীকির মধুর ছন্দগুলি (ছন্দস্)। যমুনার তীরে (রোধস্) শুভ্র ধেনুগুলি। বয়স্‌হেতু (বয়স্) মানবদিগের বিজ্ঞতা। গুরুর চরণ দুইটির ধূলি দ্বারা (রজস্) দেহ পবিত্র হয় (ভবতি)। দরিদ্রদিগের জীর্ণ বস্ত্রগুলি (বাসস্)। নবীনের পুকুরে শ্বেত পদ্মগুলি। মন দ্বারা চিন্তিত কর্ম্ম। কুটিল লোক-দিগের মনে বহু পাপ। পুণ্য কর্ম্মহেতু সাধুদিগের যশগুলি।

দশম পাঠ।

ইস্‌ভাগান্ত—জ্যোতিস্ শব্দ (তেজ, নক্ষত্র)।

১মা—জ্যোতিঃ জ্যোতিষী জ্যোতীংষি, ২য়া—জ্যোতিঃ জ্যোতিষী জ্যোতীংষি, ৩য়া—জ্যোতিষা জ্যোতির্ভ্যাম্ জ্যোতির্ভিঃ, ৪র্থী—জ্যোতিষে জ্যোতির্ভ্যাম্ জ্যোতির্ভ্যঃ, ৫মী—জ্যোতিষঃ জ্যোতির্ভ্যাম্ জ্যোতির্ভ্যঃ, ৬ষ্ঠী—জ্যোতিষঃ জ্যোতিষোঃ জ্যোতি-ষাম্, ৭মী—জ্যোতিষি জ্যোতিষোঃ জ্যোতিঃষু, সম্বো—জ্যোতিঃ।

সমস্ত ক্লীবলিঙ্গ ইস্‌ভাগান্ত শব্দ (১) জ্যোতিস্ শব্দের তুল্য।

উস্‌ভাগান্ত—বপুস্ শব্দ (শরীর)।

১মা—বপুঃ বপুষী বপূংষি, ২য়া—বপুঃ বপুষী বপূংষি, ৩য়া—বপুষা বপুর্ভ্যাম্ বপুর্ভিঃ, ৪র্থী—বপুষে বপুর্ভ্যাম্ বপুর্ভ্যঃ, ৫মী—

বপুষঃ বপুর্ভ্যাম্ বপুর্ভ্যঃ, ৬ষ্ঠী—বপুষঃ বপুষোঃ বপুষাম্, ৭মী—বপুষি বপুষোঃ বপুঃষু, সম্বো—বপুঃ।

সমস্ত ক্লীবলিঙ্গ উস্‌ভাগান্ত শব্দ (২) বপুস্ শব্দের তুল্য।

(১) অর্চ্চিস্, রোচিস্, বর্হিস্, শোচিস্, সর্পিস্, হবিস্ ইত্যাদি।

(২) অরুস্, আয়ুস্, চক্ষুস্, জনুস্, ত্রপুস্, ধনুস্, পরুস্, যজুস্ ইত্যাদি।

সংস্কৃতে অনুবাদ কর :—

সূর্য্যের তীব্র তেজ। গগনে প্রদীপ্ত নক্ষত্র গুলি। শুভ্রাংশুর শুভ্র জ্যোতিহেতু সমস্ত দিক্ উজ্জ্বল হয় (ভবন্তি)। সূর্য্যের তেজের উপমা নাই (ন অস্তি)। অগ্নির উজ্জ্বল শিখাগুলি (অর্চ্চিস্)। ঘৃতের (সর্পিস্) তীব্র গন্ধ। হুতাশনের উজ্জ্বল শিখায় ঘৃতের (হবিস্) আহুতি। ভাস্করের দীপ্তিহেতু (রোচিস্) অন্ধকারের (তমস্) নাশ। নদীর চড়ায় (সৈকতে) বহু কুশ (বর্হিস্)। ব্রাহ্মণেরা কুশদ্বারা সমস্ত ধর্ম্মকর্ম্ম করেন (কুর্ব্বন্তি)। শিশুদিগের মৃদু শরীরগুলি। সুন্দরী নারীর শরীরের দীপ্তিহেতু। পাপ কর্ম্মহেতু মানবদিগের অল্প আয়ু। সুন্দর বালকের বিশাল চক্ষু দুইটি। মাধবের পিতা চক্ষুতে কাণা (কাণঃ)। জন্তুদিগের শরীরের মর্ম্মস্থানগুলি (অরুস্) স্বভাবতঃ কোমল। ধৃতরাষ্ট্র জন্মহেতু (জনুস্) অন্ধ হইয়াছিলেন (বভূব)। অর্জ্জুনের ধনুকের (ধনুস্) শব্দহেতু (বিস্ফার) শত্রুদিগের শঙ্কা। পার্ব্বতীয় বেণুর কঠিন গ্রন্থিগুলি (পরুস্)।

একাদশ পাঠ।

কতকগুলি শব্দের উত্তর সকল বিভক্তিস্থানে প্রায় বিকল্পে তস্ হয়। এই তস্ প্রত্যয়ান্ত পদগুলি অব্যয় মধ্যে পরিগণিত হইয়া থাকে। যথা—আদিঃ আদিতঃ, বিশেষেণ বিশেষতঃ, স্বভাবেন স্বভাবতঃ, বশাৎ বশতঃ, মুখাৎ মুখতঃ, অর্থাৎ অর্থতঃ, রাজ্ঞঃ রাজতঃ, চৌরাৎ চৌরতঃ, আদৌ আদিতঃ, মধ্যে মধ্যতঃ, প্রথমে প্রথমতঃ, অন্তে অন্ততঃ, অগ্রে অগ্রতঃ, পার্শ্বে পার্শ্বতঃ, পৃষ্ঠে পৃষ্ঠতঃ ইত্যাদি।

সংস্কৃতে অনুবাদ কর ঃ—

ব্রহ্ম বিশ্বের আদি। বিশেষ করিয়া রাম পরম ধার্ম্মিক। বালকটি স্বভাবহেতু চঞ্চল। দৈবের বশহেতু মাধবের বড় (মহতী) বিপৎ। মুখ হইতে নিঃসৃত বাক্যগুলি। মনুষ্যেরা অর্থহেতু বলবান্। রাজা হইতে দস্যুদিগের ভয়। চৌর হইতে ধনবান্‌দিগের ভয়। পথের মধ্যে মহা বিপৎ। পুস্তকের প্রথমে গ্রন্থকারের নাম। ধনীর পার্শ্বে চাটুকারেরা। প্রভুর পশ্চাদ্ভাগে (পৃষ্ঠ) ভৃত্যেরা। শিষ্যদিগের অগ্রে গুরু। দুঃখের অন্তে সুখ।

ষষ্ঠাংশ।

সর্ব্বনাম (Pronouns)।

প্রথম পাঠ।

সর্ব্বশব্দ (সকল)।

পুংলিঙ্গ।

১মা—সর্ব্বঃ সর্ব্বৌ সর্ব্বে, ২য়া—সর্ব্বম্ সর্ব্বৌ সর্ব্বান্, ৩য়া—সর্ব্বেণ সর্ব্বাভ্যাম্ সর্ব্বৈঃ, ৪র্থী—সর্ব্বস্মৈ সর্ব্বাভ্যাম্ সর্ব্বেভ্যঃ, ৫মী—সর্ব্বস্মাৎ সর্ব্বাভ্যাম্ সর্ব্বেভ্যঃ, ৬ষ্ঠী—সর্ব্বস্য সর্ব্বয়োঃ সর্ব্বেষাম্, ৭মী—সর্ব্বস্মিন্ সর্ব্বয়োঃ সর্ব্বেষু, সম্বো—সর্ব্ব।

ক্লীবলিঙ্গ।

১মা—সর্ব্বম্ সর্ব্বে সর্ব্বাণি, ২য়া—সর্ব্বম্ সর্ব্বে সর্ব্বাণি, সম্বো—সর্ব্ব।

এতদ্ভিন্ন বিভক্তিতে পুংলিঙ্গের তুল্য।

স্ত্রীলিঙ্গ সর্ব্বাশব্দ।

১মা—সর্ব্বা সর্ব্বে সর্ব্বাঃ, ২য়া—সর্ব্বাম্ সর্ব্বে সর্ব্বাঃ, ৩য়া—সর্ব্বয়া—সর্ব্বাভ্যাম্ সর্ব্বাভিঃ, ৪র্থী—সর্ব্বস্যৈ সর্ব্বাভ্যাম্ সর্ব্বাভ্যঃ, ৫মী—সর্ব্বস্যাঃ সর্ব্বাভ্যাম্ সর্ব্বাভ্যঃ, ৬ষ্ঠী—সর্ব্বস্যাঃ সর্ব্বয়োঃ সর্ব্বাসাম্, ৭মী—সর্ব্বস্যাম্ সর্ব্বয়োঃ সর্ব্বাসু, সম্বো—সর্ব্বে।

বিশ্ব শব্দ অবিকল সর্ব্বশব্দের তুল্য। উভয় শব্দ সর্ব্বশব্দের তুল্য, কিন্তু প্রথমার বহুবচনে 'উভয়ে উভয়াঃ' এই দুইটি পদ

হয়। উভয় শব্দের একবচন ও বহুবচনে এবং উভ শব্দের দ্বিবচনে প্রয়োগ হয়। সর্ব্ব ও বিশ্ব শব্দ 'সকল' এই অর্থে সর্ব্বনাম হয়। আর অন্য কোন অর্থ বুঝাইলে, দেব শব্দের তুল্য হয়।

সর্ব্বনাম শব্দ ও বিশেষণের ন্যায় বিশেষ্যপদের লিঙ্গ, বিভক্তি ও বচন প্রাপ্ত হইয়া প্রায় বিশেষ্যপদের পূর্ব্বে বসিয়া থাকে।

সংস্কৃতে অনুবাদ কর :—

গ্রামের সকল লোক। গৃহের সকল স্ত্রীরা। উদ্যানের সকল ফলগুলি। বিদ্যালয়ের সকল শিশুদিগকে। লতার সকল পুষ্পগুলি দ্বারা। দাতা লোকেরা দেশের সকল দরিদ্রদিগকে অন্নদান করেন (যচ্ছন্তি)। উদ্যানের সকল বৃক্ষ হইতে পতিত ফলগুলি। সুশীল বালক সকল ছাত্রদিগের মধ্যে শিক্ষকের অত্যন্ত প্রিয় (প্রিয়তমঃ)। দেশের সকল গ্রামে বহু বিদ্বান্ আছে (সন্তি)। নগরের সমস্ত দিকে উপবনগুলি। বৃক্ষের সকল শাখাতে সুপক্ক ফলগুলি। গ্রামের সকল লোকগুলি স্বভাবতঃ সরল। নগরের সকল বণিকেরা জাতিতে বৈশ্য। সকল মনুষ্যদিগের মধ্যে বিদ্বান্ শ্রেষ্ঠ। সকল পুত্রের মধ্যে নবীন পিতার অত্যন্ত প্রিয় (প্রেষ্ঠঃ প্রিয়তমো বা)। সকল ছাত্রের মধ্যে মাধব বয়োঽধিক (বর্ষিষ্ঠঃ)। কুরুক্ষেত্রে উভয় সেনাপতিরা। উভয় সৈন্যদিগের মধ্যে। অর্জ্জুন উভয় হস্তদ্বারা বাণ ক্ষেপণ করিতেন (বিক্ষেপ)।

দ্বিতীয় পাঠ।

অন্য, ইতর, অন্যতর, অন্যতম, একতর, একতম, কতর, কতম, যতর, যতম, এই কয়েকটী শব্দ সর্ব্বশব্দের তুল্য। কেবল ক্লীবলিঙ্গে প্রথমা ও দ্বিতীয়ার একবচনে অন্যৎ, ইতরৎ, অন্যতরৎ, অন্যতমৎ, একতরৎ, একতমৎ, কতরৎ, কতমৎ, যতরৎ, যতমৎ এইরূপ পদ হয়।

অন্য ও ইতর শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা—মাধবাদন্যো বালকঃ = মাধব ভিন্ন অন্য বালক। সিংহাদিতরে পশবঃ = সিংহ ভিন্ন ইতর পশুরা।

অন্যতর ও অন্যতম প্রভৃতি শব্দের যোগে দুই কিংবা বহুর মধ্যে যে কোনো একটীর পৃথক্ করণ বুঝাইলে, দ্বিসংখ্যাবাচক ও বহু সংখ্যাবাচক শব্দের উত্তর ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়। যথা—দ্বয়োঃ অন্যতরঃ = দুয়ের মধ্যে যে কোনো একটি। বহূনামন্যতমঃ = বহুর মধ্যে যে কোনো একটি। ছাত্রেষু একতমঃ = ছাত্রদিগের মধ্যে যে কোনো একটি।

দ্বিতীয় ও তৃতীয় শব্দ।

পুংলিঙ্গ দ্বিতীয় ও তৃতীয় শব্দের চতুর্থী, পঞ্চমী ও সপ্তমীর একবচনে দুইটি করিয়া পদ হয়। যথা—

পুংলিঙ্গ দ্বিতীয় শব্দ।

চতুর্থী	পঞ্চমী	সপ্তমী
দ্বিতীয়স্মৈ	দ্বিতীয়স্মাৎ	দ্বিতীয়স্মিন্
দ্বিতীয়ায়	দ্বিতীয়াৎ	দ্বিতীয়ে

পুংলিঙ্গ তৃতীয় শব্দের এইরূপ। এতদ্ভিন্ন বিভক্তিতে দেব শব্দের তুল্য।

স্ত্রীলিঙ্গে দ্বিতীয়া ও তৃতীয়া শব্দের চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমীর একবচনে দুইটি করিয়া পদ হয়। যথা—

স্ত্রীলিঙ্গ—দ্বিতীয়া শব্দ।

চতুর্থী	পঞ্চমী	ষষ্ঠী	সপ্তমী
দ্বিতীয়স্যৈ	দ্বিতীয়স্যাঃ	দ্বিতীয়স্যাঃ	দ্বিতীয়স্যাম্
দ্বিতীয়ায়ৈ	দ্বিতীয়ায়াঃ	দ্বিতীয়ায়াঃ	দ্বিতীয়ায়াম্

স্ত্রীলিঙ্গ তৃতীয়া শব্দের এইরূপ। এতদ্ভিন্ন বিভক্তিতে লতা-শব্দের তুল্য।

সংস্কৃতে অনুবাদ কর :—

অন্য বালকেরা। অন্য শিশুকে। ইতর জন্তুদিগকে। ইতর প্রাণীদিগের দ্বারা। অন্য বৃক্ষ হইতে। ইতর প্রাণীদিগের। অন্য গ্রামে মাধবের বসতি। রাম ভিন্ন অন্য ছাত্রেরা। মাধব-ভিন্ন অন্য ভৃত্যগুলিকে। যুধিষ্ঠির ভিন্ন অন্য পাণ্ডবদিগের হইতে ভয়। সিংহ ভিন্ন ইতর জন্তুদিগের। ব্রাহ্মণ ভিন্ন ইতর বর্ণ হইতে। দুয়ের মধ্যে (উভ) যে কোনও একটি হস্তদ্বারা। বহুর মধ্যে যে কোনও একটি ব্রাহ্মণকে দান। দুয়ের মধ্যে কোন ফলটি। পাণ্ডবদিগের মধ্যে কাহা হইতে ভয়। রাজার দ্বিতীয় পুত্র। নৃপতির দ্বিতীয়া কন্যাকে। মাধবের দ্বিতীয়া কন্যার নিমিত্ত গ্রন্থখানি। কেশবের তৃতীয় পুত্রের নিমিত্ত পুস্তকগুলি। পাণ্ডুর দ্বিতীয় পুত্র হইতে ভীত শত্রুরা। দ্বিতীয়া শ্রেণীর ছাত্রেরা। বিদ্যালয়ের তৃতীয়া শ্রেণীতে বহু ছাত্র। মাঘ মাসে নবীনের দ্বিতীয়া কন্যার বিবাহ হইবে (ভবিষ্যতি)।

তৃতীয় পাঠ।

পূর্ব্বাদি (দিক্, দেশ ও কালবাচক)।

পুংলিঙ্গ—পূর্ব্বশব্দ।

১মা—পূর্ব্বঃ পূর্ব্বৌ পূর্ব্বে পূর্ব্বাঃ, ২য়া—পূর্ব্বম্ পূর্ব্বৌ পূর্ব্বান্, ৩য়া—পূর্ব্বেণ পূর্ব্বাভ্যাম্ পূর্ব্বৈঃ, ৪র্থী—পূর্ব্বস্মৈ পূর্ব্বাভ্যাম্ পূর্ব্বেভ্যঃ, ৫মী—পূর্ব্বস্মাৎ পূর্ব্বাৎ পূর্ব্বাভ্যাম্ পূর্ব্বেভ্যঃ, ৬ষ্ঠী—পূর্ব্বস্য পূর্ব্বয়োঃ পূর্ব্বেষাম্, ৭মী—পূর্ব্বস্মিন্ পূর্ব্বে পূর্ব্বয়োঃ পূর্ব্বেষু, সম্বো—পূর্ব্ব।

ক্লীবলিঙ্গ।

১মা—পূর্ব্বম্ পূর্ব্বে পূর্ব্বাণি, ২য়া—পূর্ব্বম্ পূর্ব্বে পূর্ব্বাণি সম্বো—পূর্ব্ব।

এতদ্ভিন্ন বিভক্তিতে পুংলিঙ্গের তুল্য।

স্ত্রীলিঙ্গ—পূর্ব্বা শব্দ।

১মা—পূর্ব্বা পূর্ব্বে পূর্ব্বাঃ, ২য়া—পূর্ব্বাম্ পূর্ব্বে পূর্ব্বাঃ, ৩য়া—পূর্ব্বয়া পূর্ব্বাভ্যাম পূর্ব্বাভিঃ, ৪র্থী—পূর্ব্বস্যৈ পূর্ব্বাভ্যাম্ পূর্ব্বাভ্যঃ, ৫মী—পূর্ব্বস্যাঃ পূর্ব্বাভ্যাম্ পূর্ব্বাভ্যঃ, ৬ষ্ঠী—পূর্ব্বস্যাঃ পূর্ব্বয়োঃ পূর্ব্বাসাম্, ৭মী—পূর্ব্বস্যাম্ পূর্ব্বয়োঃ পূর্ব্বাসু, সম্বো—পূর্ব্বে।

পর, অপর, অবর, অধর, দক্ষিণ, উত্তর এই কয়েকটি শব্দ পূর্ব্ব শব্দের তুল্য। আর স্ব শব্দ আত্মা ও আত্মীয় অর্থে পূর্ব্ব শব্দেরতুল্য।

দিক্, দেশ ও কাল অর্থে পূর্ব্বাদি শব্দের যোগে শব্দের উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা—গ্রামাৎ পূর্ব্বা দিক্=গ্রামের পূর্ব্ব দিক্। হিমালয়াৎ দক্ষিণো দেশঃ=হিমালয়ের দক্ষিণ দেশ। মাঘাৎ উত্তরঃ ফাল্গুনঃ=মাঘের পর ফাল্গুন।

সংস্কৃতে অনুবাদ করঃ—

পূর্ব্ব দেশ। পূর্ব্ব দিক্। পূর্ব্ব দিন। পূর্ব্ব দিক্ দিয়া। দক্ষিণ দিক্ হইতে। উত্তর দিকের শীতল বায়ু। পুণ্যবান লোকদিগের পর কালে সুখ। হিমালয়ের নিম্ন (অধর) দেশে বহু লোকের বসতি। পর্ব্বতের পশ্চাদ্বর্ত্তী (অবর) দেশ হইতে। অর্দ্ধরাত্রের (নিশীথ) পর মুহূর্ত্তে পুত্রের জন্ম। ভাগীরথীর পূর্ব্ব দিকে কলিকাতা। গঙ্গার পশ্চিম (অপরা) দিকে বারাণসী। বিন্ধ্যাচলের দক্ষিণ দিকে নিবিড় বন। হিমালয়ের দক্ষিণ দেশে আর্য্যদিগের বাস। ভারতবর্ষের উত্তর দিকে হিমালয়। পাপীদিগের উত্তর কালে মহৎ দুঃখ।

তদাদি।

চতুর্থ পাঠ।

তদ্ শব্দ (সে, তাহা)।

পুংলিঙ্গ।

১মা—সঃ তৌ তে, ২য়া—তম্ তৌ তান্, ৩য়া—তেন তাভ্যাম তৈঃ, ৪র্থী—তস্মৈ তাভ্যাম্ তেভ্যঃ, ৫মী—তস্মাৎ তাভ্যাম্ তেভ্যঃ, ৬ষ্ঠী—তস্য—তয়োঃ তেষাম্, ৭মী—তস্মিন্ তয়োঃ তেষু।

ক্লীবলিঙ্গ।

১মা—তৎ তে তানি, ২য়া—তৎ তে তানি।

এতদ্ভিন্ন বিভক্তিতে পুংলিঙ্গের তুল্য।

স্ত্রীলিঙ্গ।

১মা—সা তে তাঃ, ২য়া—তাম্ তে তাঃ, ৩য়া—তয়া তাভ্যাম্

তাভিঃ, ৪র্থী—তস্যৈ তাভ্যাম্ তাভ্যঃ, ৫মী—তস্যাঃ তাভ্যাম্ তাভ্যঃ, ৬ষ্ঠী—তস্যাঃ তয়োঃ তাসাম্, ৭মী—তস্যাম্ তয়োঃ তাসু।

যদ্ শব্দ (যে, যাহা)।

যদ্ শব্দ স্থানে পুংলিঙ্গে য এবং স্ত্রীলিঙ্গে যা হয়। আর ইহার রূপ তিন লিঙ্গেই তদ্ শব্দের তুল্য।

সংস্কৃতে অনুবাদ কর :—

সেই বালক। সেই বালিকা। সেই ফল। সেই মুনিকে। সেই সাধুদিগকে। সেই অন্নদ্বারা। সেই নদী দিয়া। সেই দীন ব্রাহ্মণকে দান। সেই শত্রুদিগের হইতে ভয়। সেই লতার সেই সুরভি পুষ্পগুলি। সেই নদীর তীরে সেই ফলবান্ তরু-গুলি। যে নর। যে নারীরা। যে পক্ষীগুলিকে। যে হস্ত দুইটি দ্বারা। যে ব্যাঘ্র হইতে ভয়। যে বিপৎ হইতে পরিত্রাণ। সেই নারীর যে ভূষণগুলি। সেই ধার্ম্মিক বালক যাহার পুত্র, সে ধন্য। যে নারীর বীর পুত্র, তাহার সফল জীবন। যে গৃহে পতিব্রতা নারী, সেই গৃহ তীর্থের তুল্য। যে লতায় সুন্দর পুষ্পগুলি, তাহা দ্বারা উদ্যান শোভা পায় (শোভতে)।

পঞ্চম পাঠ।

এতদ্ শব্দ (এই, ইহা)।

কথিতানুকথনে—অর্থাৎ কথিত শব্দের পশ্চাৎ কথন হইলে, দ্বিতীয়া, তৃতীয়ার একবচন এবং ষষ্ঠী ও সপ্তমীর দ্বিবচন পরে এতদ্ ও ইদম্ শব্দ স্থানে 'এন' হয়। আর ক্লীবলিঙ্গে দ্বিতীয়ার একবচনে 'এনৎ' হয়।

পুংলিঙ্গ।

১মা—এষঃ এতৌ এতে, ২য়া—এতম্ এনম্ এতৌ এনৌ এতান্ এনান্, ৩য়া—এতেন এনেন এতাভ্যাম্ এতৈঃ, ৪র্থী—এতস্মৈ এতাভ্যাম্ এতেভ্যঃ, ৫মী—এতস্মাৎ এতাভ্যাম্ এতেভ্যঃ, ৬ষ্ঠী—এতস্য এতয়োঃ এনয়োঃ এতেষাম্, ৭মী—এতস্মিন্ এতয়োঃ এনয়োঃ এতেষু।

ক্লীবলিঙ্গ।

১মা—এতৎ এতে এতানি, ২য়া—এতৎ এনৎ এতে এনে এতানি এনানি।

এতদ্ভিন্ন বিভক্তিতে পুংলিঙ্গের তুল্য।

স্ত্রীলিঙ্গ।

১মা—এষা এতে এতাঃ, ২য়া—এতাম্ এনাম এতে এনে এতাঃ এনাঃ, ৩য়া—এতয়া এনয়া এতাভ্যাম্ এতাভিঃ, ৪র্থী—এতস্যৈ এতাভ্যাম্ এতাভ্যঃ, ৫মী—এতস্যাঃ এতাভ্যাম্ এতাভ্যঃ, ৬ষ্ঠী—এতস্যাঃ এতয়োঃ এনয়োঃ এতাসাম্, ৭মী—এতস্যাম এতয়োঃ এনয়োঃ এতাসু।

সংস্কৃতে অনুবাদ কর:—

এই উন্নত বৃক্ষ। ভূমিতে পতিতা এই লতা। এই সুপক্ক ফলগুলি। এই পয়স্বিনী ধেনুটিকে। শিশুর এই মধুর বাক্য-হেতু। এই দীন ব্রাহ্মণকে দান। এই ঘোর বিপৎ হইতে পরিত্রাণ। এই বৃক্ষের এই মধুর ফলগুলি। এই সরোবরে বহু শ্বেত পদ্ম। এই লতার এই সুরভি পুষ্পগুলি দ্বারা দেবতার

পূজা। এই নদীতে বহু হাঙ্গর। এই গ্রামের পূর্ব্ব দিকে রামের উদ্যান। হিমালয়ের উত্তর দেশে এই মনুষ্যদিগের বাস। সেই বালকটি এই ব্রাহ্মণের পুত্র। যে নারীর উদরে এই মহাত্মার জন্ম তিনি ধন্যা। এই শিশুকে ভোজন করাও (ভোজয়) অনন্তর (অথ) ইহাকে শয়ন করাও (শায়য়)।

ষষ্ঠ পাঠ

কিম্‌শব্দ (কি, কে, কাহা, কোন্‌টি)।

পুংলিঙ্গ।

১মা—কঃ কৌ কে, ২য়া—কম্ কৌ কান্, ৩য়া—কেন কাভ্যাম্ কৈঃ, ৪র্থী—কস্মৈ কাভ্যাম্ কেভ্যঃ, ৫মী—কস্মাৎ কাভ্যাম্ কেভ্যঃ, ৬ষ্ঠী—কস্য কয়োঃ কেষাম্, ৭মী—কস্মিন কয়োঃ কেষু।

ক্লীবলিঙ্গ।

১মা—কিম্ কে কানি, ২য়া—কিম্ কে কানি।

এতদ্ভিন্ন বিভক্তিতে পুংলিঙ্গের তুল্য।

স্ত্রীলিঙ্গ।

১মা—কা কে কাঃ, ২য়া—কাম্ কে কাঃ, ৩য়া—কয়া কাভ্যাম্ কাভিঃ, ৪র্থী—কস্যৈ কাভ্যাম্ কাভ্যঃ, ৫মী—কস্যাঃ কাভ্যাম্ কাভ্যঃ, ৬ষ্ঠী—কস্যাঃ কয়োঃ কাসাম্, ৭মী—কস্যাম্ কয়োঃ কাসু।

কতিশব্দ (কয়টি)।

একবচন ও দ্বিবচনে সংখ্যার নির্দ্দেশ আছে, অতএব কতি-শব্দ নিত্য বহুবচনান্ত, এবং তিন লিঙ্গেই সমান। ১মা—কতি, ২য়া—কতি, ৩য়া—কতিভিঃ, ৪র্থী—কতিভ্যঃ, ৫মী—কতিভ্যঃ, ৬ষ্ঠী—কতীনাম, ৭মী—কতিষু।

যথা—কতি পুরুষাঃ ?=কয়টি পুরুষ ? কতি স্ত্রিয়ঃ ?=কয়টি স্ত্রী ? কতি ফলানি ?=কয়টি ফল ?

হেত্বর্থ শব্দের সহিত সর্ব্বনামশব্দের বিশেষণ বিশেষ্যভাবে প্রথমাদি সকল বিভক্তি হয়। যথা—কো হেতুঃ। কং হেতুম্। কেন হেতুনা। কস্মৈ হেতবে। কস্মাৎ হেতোঃ। কস্য হেতোঃ। কস্মিন্ হেতৌ। কিং নিমিত্তম। কিং কারণম্। কিং প্রয়োজনম্।

সংস্কৃতে অনুবাদ কর :—

কে এই বালকটি ? কে এই বালিকা ? এই লতার কোন পুষ্পের দ্বারা ? যে কোনও (চিৎ) মনুষ্যকে দান। শত্রুদিগের মধ্যে কাহা হইতে অধিক ভয় ? এই বালকটি কাহার পুত্র ? কোন্ গ্রামে তাহার বাস ? তাহারা কোন্ পথ দিয়া যাইতেছে (যান্তি) ? কোন্ নগরীতে বহু ধনীর বাস ? এই বিদ্যালয়ে কয়টি ছাত্র ? সেই রাজার ভবনে কয়টি দাসী ? কয়খানি বস্ত্র-দ্বারা দেবতার পূজা ? কয়টি ব্রাহ্মণের নিমিত্ত এই ফলগুলি ? কয়টি শত্রু হইতে তাহার শঙ্কা ? কয়টি বৃক্ষের এতগুলি (ইয়ৎ) ফল ? বিদ্যালয়ের কয়টি শ্রেণীতে বহু ছাত্র ? কি হেতু গ্রামের বনে বাস ? কি কারণ তাহার বিষণ্ণ বদন ? কি নিমিত্ত পিতার এত দুঃখ ? সেই বনবাসীর ধনে কি প্রয়োজন ?

সপ্তম পাঠ।

ইদম্ শব্দ (এই, ইহা)।

পুংলিঙ্গ।

১মা—অয়ম্ ইমৌ ইমে, ২য়া—ইমম্ এনম্ ইমৌ এনৌ ইমান্ এনান্, ৩য়া—অনেন এনেন আভ্যাম্ এভিঃ, ৪র্থী—অস্মৈ আভ্যাম্ এভ্যঃ, ৫মী—অস্মাৎ আভ্যাম্ এভ্যঃ, ৬ষ্ঠী—অস্য অনয়োঃ এনয়োঃ এষাম্, ৭মী—অস্মিন্ অনয়োঃ এনয়োঃ এষু।

ক্লীবলিঙ্গ।

১মা—ইদম্ ইমে ইমানি, ২য়া—ইদম্ এনৎ ইমে এনে ইমানি এনানি। এতদ্ভিন্ন বিভক্তিতে পুংলিঙ্গের তুল্য।

স্ত্রীলিঙ্গ।

১মা—ইয়ম্ ইমে ইমাঃ, ২য়া—ইমাম্ এনাম্ ইমে এনে ইমাঃ এনাঃ, ৩য়া—অনয়া এনয়া আভ্যাম্ আভিঃ, ৪র্থী—অস্যৈ আভ্যাম্ আভ্যঃ, ৫মী—অস্যাঃ আভ্যাম আভ্যঃ, ৬ষ্ঠী—অস্যাঃ অনয়োঃ এনয়োঃ আসাম্, ৭মী—অস্যাম্ অনয়োঃ এনয়োঃ আসু।

সংস্কৃতে অনুবাদ কর :—

এই বলবান্ অশ্ব। এই মহান্ হস্তী দুইটি। এই লোহিত পুষ্পগুলি। মাধবের এই নাতিগুলি (নপ্তৃ)। এই বালকের পিতাকে। এই লতা হইতে পতিত পুষ্পগুলি। এই বনে বহু হিংস্র জন্তু (শ্বাপদ)। কলিকাতার এই পথ দিয়া বহু লোক গমন করে (গচ্ছন্তি)। এই বালকের নিমিত্ত এই লোহিত বস্ত্রখানি। কোন্ বালকের এই পুস্তকগুলি? এই উদ্যানের

কোন্ বৃক্ষে এই পাখীটির বাসা (কুলায়ঃ)? হিমালয়ের কোন্ দিকে ইহাদিগের বসতি? এই বিদ্যালয়ের প্রথম শ্রেণীতে কতগুলি ছাত্র? কয়টি ব্রাহ্মণের নিমিত্ত এই পক্ক আম্রগুলি। যাহার পুত্রেরা বিদ্বান্, এই জগতে তাহার জন্ম সফল।

অষ্টম পাঠ।

অদস্ শব্দ (উহা, যাহা অঙ্গুলিদ্বারা নির্দ্দিষ্ট হইতে পারে না)।

পুংলিঙ্গ।

১মা—অসৌ অমূ অমী, ২য়া—অমুম্ অমূ অমূন্, ৩য়া—অমুনা অমূভ্যাম অমীভিঃ, ৪র্থী—অমুষ্মৈ অমূভ্যাম্ অমীভ্যঃ, ৫মী—অমুষ্মাৎ অমূভ্যাম্ অমীভ্যঃ, ৬ষ্ঠী—অমুষ্য অমুয়োঃ অমীষাম্, ৭মী—অমুষ্মিন্ অমুয়োঃ অমীষু।

ক্লীবলিঙ্গ।

১মা—অদঃ অমূ অমূনি, ২য়া—অদঃ অমূ অমূনি।

এতদ্ভিন্ন বিভক্তিতে পুংলিঙ্গের তুল্য।

স্ত্রীলিঙ্গ।

১মা—অসৌ অমূ অমূঃ, ২য়া—অমূম্ অমূ অমূঃ, ৩য়া—অমুয়া অমূভ্যাম্ অমূভিঃ, ৪র্থী—অমুষ্যৈ অমূভ্যাম্ অমূভ্যঃ, ৫মী—অমুষ্যাঃ অমূভ্যাম্ অমূভ্যঃ, ৬ষ্ঠী—অমুষ্যাঃ অমুয়োঃ অমূষাম্, ৭মী—অমুষ্যাম্ অমুয়োঃ অমূষু।

সংস্কৃতে অনুবাদ কর :—

ঐ মহান্ বৃক্ষগুলি। ঐ শীতল বায়ু দ্বারা। রাজার ঐ হস্তীগুলি। চন্দ্রের ঐ শুভ্র কিরণহেতু সকল দিক্ উজ্জ্বল। নিবিড় বনে ঐ সিংহের ভীষণ গর্জ্জন। পর জন্মে পাপীদিগের দারুণ দুঃখ। ঐ হিমালয়ে বিবিধ রত্ন। কৌরবদিগের ঐ মহান্ সেনাপতিরা। ঐ রাজার ভবনে বহু ভৃত্য। ঐ যুদ্ধে শরশয্যায় ভীষ্মের শয়ন। ঐ হিমালয় ঐ মহৎ রত্নগুলির আকর। ঐ রত্নগুলির ঐ জ্যোতিঃহেতু হিমালয়ের পরম শোভা। ঐ পর্ব্বতে বহু বন। ঐ বন হইতে কতিপয় ভীষণ ব্যাঘ্র আসিয়াছে (আগচ্ছন্)। ঐ ব্যাঘ্রগুলি হইতে সকল প্রাণীর ভয়।

নবম পাঠ।

যুষ্মদ্ ও অস্মদ্ শব্দ তিন লিঙ্গেই সমান।

যুষ্মদ্ শব্দ (তুমি, তুই)।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ত্বম্	যুবাম্	যূয়ম
দ্বিতীয়া	ত্বাম্ ত্বা	যুবাম্ বাম্	যুষ্মান্ বঃ
তৃতীয়া	ত্বয়া	যুবাভ্যাম্	যুষ্মাভিঃ
চতুর্থী	তুভ্যম তে	যুবাভ্যাম্ বাম্	যুষ্মভ্যম্ বঃ
পঞ্চমী	ত্বৎ	যুবাভ্যাম্	যুষ্মৎ
ষষ্ঠী	তব তে	যুবয়োঃ বাম্	যুষ্মাকম্ বঃ
সপ্তমী	ত্বয়ি	যুবয়োঃ	যুষ্মাসু

অস্মদ্ শব্দ (আমি)।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অহম	আবাম্	বয়ম্
দ্বিতীয়া	মাম্ মা	আবাম্ নৌ	অস্মান্ নঃ
তৃতীয়া	ময়া	আবাভ্যাম্	অস্মাভিঃ
চতুর্থী	মহ্যম্ মে	আবাভ্যাম্ নৌ	অস্মভ্যম্ নঃ
পঞ্চমী	মৎ	আবাভ্যাম্	অস্মৎ
ষষ্ঠী	মম মে	আবয়োঃ নৌ	অস্মাকম্ নঃ
সপ্তমী	ময়ি	আবয়োঃ	অস্মাসু

ত্বা, মা, তে, মে, বাম্, নৌ, বঃ, নঃ এই কয়েকটি পদ বাক্যের মধ্যে ও অন্তে প্রযুক্ত হইয়া থাকে। আর এই সকল পদের পর চ, বা, হ, অহ, এব, এই পাঁচটি অব্যয়েরও প্রয়োগ হয় না।

যুষ্মদ্ ও অস্মদ্ শব্দের উত্তর অপাদান-বিহিত পঞ্চমী স্থানে বিকল্পে তস্ হয়। যথা—ত্বত্তঃ ভয়ম্, ত্বৎ ভয়ম্ বা=তোমা হইতে ভয়। মত্তঃ ত্রাণম্, মৎ ত্রাণম্ বা=আমা হইতে ত্রাণ।

সংস্কৃতে অনুবাদ কর :—

কে তুমি? আমি রাম। তোমরা কাহার পুত্র? আমরা রাজার পুত্র। আমি তোমাকে জানি (জানামি)। তোমার পিতা আমাকে জানেন (জানাতি)। এই বালক তোমার তুল্য সুশীল। তোমার পুত্র আমার সদৃশ মূর্খ। তোমার নিমিত্ত এই পুস্তকগুলি। আমার নিমিত্ত তোমার এত দুঃখ। তোমা হইতে সকল মনুষ্যের মহৎ ভয়। আমা হইতে যাহার ভয় সে ভীরু। তোমার নাম কি? আমার নাম যাদব। তোমাতে

আমার অচল স্নেহ। আমাতে তোমার দৃঢ় ভক্তি। তোমার সদৃশ বিদ্বান্ এ দেশে বিরল। তোমাদের গ্রামে বহু ব্রাহ্মণের বাস। এ বৎসর আমাদের দেশে প্রচুর শস্য।

যে শব্দ দ্বারা জাতিমাত্রের বোধ হয়, তাহা একবচন স্থলে বিকল্পে বহুবচন হয়। যথা—অয়ং মনুষ্যঃ, ইমে মনুষ্যাঃ বা= এই মনুষ্য।

বিশেষণ-রহিত অস্মদ্ শব্দ একবচন ও দ্বিবচন স্থলে বিকল্পে বহুবচন হয়। যথা—অহং করোমি, বয়ং কুর্ম্মঃ বা=আমি করিতেছি। আবাং কুর্ব্বঃ, বয়ং কুর্ম্মঃ বা=আমরা দুইজন করিতেছি।

গুরু শব্দ বিশেষণ হইলে, যুষ্মদ্ শব্দ একবচন স্থলে বিকল্পে বহুবচন হয়। যথা—ত্বং মে গুরুঃ, যূয়ং মে গুরবঃ বা=তুমি আমার গুরু।

গৌরব বুঝাইলে একবচন স্থলে বিকল্পে বহুবচন হয়। যথা—ভবন্তঃ এতাদৃশাঃ ধর্ম্মজ্ঞাঃ (হিতো)=আপনি এরূপ ধার্ম্মিক।

সংখ্যাবাচক শব্দ (Numeral)

দশম পাঠ।

এক শব্দ।

একশব্দ একবচনান্ত, তিন লিঙ্গেই সর্ব্ব শব্দের তুল্য; কিন্তু কতিপয় (Some or a few) অর্থে বহুবচনেও ইহার প্রয়োগ হয়। যথা—একে মৃতাঃ (পঙ্ক)=কতিপয় মরিল।

দ্বি শব্দ (দুই)।

দ্বি শব্দ নিত্য দ্বিবচনান্ত হয়।

	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	ক্লীবলিঙ্গ
প্রথমা	দ্বৌ	দ্বে	দ্বে
দ্বিতীয়া	দ্বৌ	দ্বে	দ্বে
তৃতীয়া	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্
চতুর্থী	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্
পঞ্চমী	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্
ষষ্ঠী	দ্বয়োঃ	দ্বয়োঃ	দ্বয়োঃ
সপ্তমী	দ্বয়োঃ	দ্বয়োঃ	দ্বয়োঃ

এক হইতে অষ্টাদশন্ পর্য্যন্ত শব্দ সংখ্যেয় অর্থাৎ গণনীয় দ্রব্যবাচক হইয়া থাকে। এই নিমিত্ত ইহারা সংখ্যাবাচক বিশেষণ (Cardinal Adjectives) হইয়া বিশেষ্য পদের পূর্ব্বে ব্যবহৃত হয়।

সংস্কৃতে অনুবাদ কর :—

এক নর। এক নারী। একটি পত্র। এক কবিকে। এক বালিকাকে। একটি পশুদ্বারা। একটি অঙ্গুলি দ্বারা। এক ভিক্ষুকে। এক বৃক্ষ হইতে। এক ব্রাহ্মণীর দুইটি পুত্র। এক সরোবরে দুইটি পদ্ম। এক বৃক্ষের দুইটি শাখা। তোমার দুইটি ছাত্রকে। আমার দুইটি হস্তদ্বারা। এই বৃক্ষে দুইটি মধুর ফল। মনুষ্যের দুইটি পদ দ্বারা। উদ্যানের দুইটি বৃক্ষ হইতে পতিত দুইটি পাকা ফল। গৃহের দুই পার্শ্বে দুইটি পুষ্করিণী। আমার দুইটি পুত্রের এই পুস্তকগুলি। বৃক্ষের দুইটি শাখায় পক্ষীদিগের বহু বাসা (কুলায়াঃ)।

একাদশ পাঠ ।

ত্রি হইতে অষ্টাদশন্ পর্য্যন্ত সমস্ত সংখ্যাবাচক শব্দ নিত্য বহুবচনান্ত হয় ।

ত্রি শব্দ (তিন) ।

	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	ক্লীবলিঙ্গ
প্রথমা	ত্রয়ঃ	তিস্রঃ	ত্রীণি
দ্বিতীয়া	ত্রীন্	তিস্রঃ	ত্রীণি
তৃতীয়া	ত্রিভিঃ	তিসৃভিঃ	ত্রিভিঃ
চতুর্থী	ত্রিভ্যঃ	তিসৃভ্যঃ	ত্রিভ্যঃ
পঞ্চমী	ত্রিভ্যঃ	তিসৃভ্যঃ	ত্রিভ্যঃ
ষষ্ঠী	ত্রয়াণাম্	তিসৃণাম্	ত্রয়াণাম্
সপ্তমী	ত্রিষু	তিসৃষু	ত্রিষু

চতুর্ শব্দ (চারি) ।

	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	ক্লীবলিঙ্গ
প্রথমা	চত্বারঃ	চতস্রঃ	চত্বারি
দ্বিতীয়া	চতুরঃ	চতস্রঃ	চত্বারি
তৃতীয়া	চতুর্ভিঃ	চতসৃভিঃ	চতুর্ভিঃ
চতুর্থী	চতুর্ভ্যঃ	চতসৃভ্যঃ	চতুর্ভ্যঃ
পঞ্চমী	চতুর্ভ্যঃ	চতসৃভ্যঃ	চতুর্ভ্যঃ
ষষ্ঠী	চতুর্ণাম্	চতসৃণাম্	চতুর্ণাম্
সপ্তমী	চতুর্ষু	চতসৃষু	চতুর্ষু

সংস্কৃতে অনুবাদ কর :—

তিন কাল। মনুষ্যদিগের তিন দশা। শিবের তিনটি

লোচন। রাজার তিনটি পুত্রকে। মন্ত্রীর তিনটি দুহিতাকে। নৃপতির তিনটি বলবান্ অশ্বদ্বারা। বণিক্‌দিগের তিনখানি নৌকাদ্বারা। তিনটি শত্রু হইতে আমার শঙ্কা। তিন ভুবনের সমস্ত প্রাণী। তিন লোকে তোমার মহৎ যশ বিস্তৃত (প্রথিত)। পশুদিগের চারিটি পা (পাদ)। ব্রহ্মার চারিটি মুখ। দশরথের চারিটি পুত্রকে। ঐরাবতের চারিটি দন্তদ্বারা। চারিটি ব্রাহ্মণের নিমিত্ত এই চারিখানি বস্ত্র। চারিটি দুহিতার নিমিত্ত চারিখানি অলঙ্কার। চারিদিক্ হইতে সমাগত লোকেরা। চারি ভ্রাতার চারিটি গৃহ। সরোবরের চারিদিকে পুষ্পের উদ্যান। আমার চারিটি সরোবরে বহু মৎস্য।

দ্বাদশ পাঠ।

পঞ্চন্ হইতে অষ্টাদশন্ পর্য্যন্ত সমস্ত সংখ্যাবাচক শব্দ তিন লিঙ্গেই সমান।

পঞ্চন্ শব্দ (পাঁচ)।

১মা	২য়া	৩য়া	৪র্থী	৫মী	৬ষ্ঠী	৭মী
পঞ্চ	পঞ্চ	পঞ্চভিঃ	পঞ্চভ্যঃ	পঞ্চভ্যঃ	পঞ্চানাম্	পঞ্চসু।

অষ্টন্ ভিন্ন সমস্ত অন্‌ভাগান্ত সংখ্যাবাচক শব্দ (১) পঞ্চন্ শব্দের তুল্য।

ষষ্ শব্দ (ছয়)।

১মা	২য়া	৩য়া	৪র্থী	৫মী	৬ষ্ঠী	৭মী
ষট্	ষট্	ষড়্ভিঃ	ষড়্ভ্যঃ	ষড়্ভ্যঃ	ষণ্ণাম্	ষট্‌সু।

অষ্টন্ শব্দ (আট)।

১মা	২য়া	৩য়া	৪র্থী
অষ্টৌ অষ্ট	অষ্টৌ অষ্ট	অষ্টাভিঃ অষ্টভিঃ	অষ্টাভ্যঃ অষ্টভ্যঃ

৫মী	৬ষ্ঠী	৭মী
অষ্টাভ্যঃ অষ্টভ্যঃ	অষ্টানাম্	অষ্টাসু অষ্টসু।

(১) সপ্তন্, নবন্, দশন্, একাদশন্, দ্বাদশন্, ত্রয়োদশন্, চতুর্দ্দশন্, পঞ্চদশন্, ষোড়শন্, সপ্তদশন্, অষ্টাদশন্।

সংস্কৃতে অনুবাদ কর :—

মদনের পাঁচটি বাণ। হাতের পাঁচটি অঙ্গুলি। শিবের পাঁচটি বদন। বেদের ছয়টি অঙ্গ। সূর্য্যের সাতটি রশ্মি। শিবের আটটি মূর্ত্তি। দশ দিকের দশ দিক্‌পাল। বিদ্যালয়ের একাদশটি ছাত্রকে। পঞ্চ ভূতদ্বারা নির্ম্মিত দেহ। দ্বাদশটি বালকের দ্বাদশখানি বস্ত্র। এক পক্ষে পঞ্চদশ তিথি। ষোড়শ উপচারদ্বারা দেবতার পূজন। গঙ্গার গর্ভে অষ্ট বসুর জন্ম। অষ্টাদশ পুরাণে রাজাদিগের জন্মের বৃত্তান্ত।

ত্রয়োদশ পাঠ।

ঊনবিংশতি, বিংশতি, দ্বাবিংশতি, ত্রয়োবিংশতি, অষ্টাবিংশতি। ত্রিংশৎ, দ্বাত্রিংশৎ, ত্রয়স্ত্রিংশৎ, অষ্টাত্রিংশৎ। চত্বারিংশৎ, দ্বিচত্বারিংশৎ, দ্বাচত্বারিংশৎ, ত্রিচত্বারিংশৎ, ত্রয়শ্চত্বারিংশৎ, অষ্ট-চত্বারিংশৎ, অষ্টাচত্বারিংশৎ। পঞ্চাশৎ, দ্বিপঞ্চাশৎ, দ্বাপঞ্চাশৎ, ত্রিপঞ্চাশৎ, ত্রয়ঃপঞ্চাশৎ, অষ্টপঞ্চাশৎ অষ্টাপঞ্চাশৎ। ষষ্টি, দ্বিষষ্টি

দ্বাষষ্টি, ত্রিষষ্টি ত্রয়ঃষষ্টি, অষ্টষষ্টি, অষ্টাষষ্টি। সপ্ততি, দ্বিসপ্ততি দ্বাসপ্ততি, ত্রিসপ্ততি ত্রয়ঃসপ্ততি, অষ্টসপ্ততি অষ্টাসপ্ততি। অশীতি, দ্ব্যশীতি, ত্র্যশীতি, চতুরশীতি, অষ্টাশীতি। নবতি, দ্বিনবতি দ্বানবতি, ত্রিনবতি ত্রয়োনবতি, অষ্টনবতি অষ্টানবতি। শত, সহস্র, ইত্যাদি।

বিংশতি, ষষ্টি, সপ্ততি, অশীতি, নবতি ও কোটি শব্দ মতি শব্দের তুল্য; ত্রিংশৎ, চত্বারিংশৎ ও পঞ্চাশৎ শব্দ ভূভৃৎ শব্দের তুল্য; আর শত প্রভৃতি শব্দের মধ্যে যাহা পুংলিঙ্গ তাহা দেব শব্দের তুল্য এবং যাহা ক্লীবলিঙ্গ তাহা ফল শব্দের তুল্য।

ঊনবিংশতি হইতে পরার্দ্ধ পর্য্যন্ত সমস্ত শব্দ সংখ্যেয় বাচক কিংবা সংখ্যাবাচক হইয়া থাকে।

যখন ঊনবিংশতি প্রভৃতি শব্দ সংখ্যেয় বাচক হয়, তখন বিশেষণ হইয়া বিশেষ্যপদের পূর্ব্বে ব্যবহৃত হয়। আর বিশেষ্য পদ বহুবচন হইলেও ঊনবিংশতি প্রভৃতি শব্দ নিত্য একবচন হয়। যথা বিংশতিঃ পুরুষাঃ=কুড়িটি পুরুষ। ত্রিংশৎ স্ত্রিয়ঃ= ত্রিশটি স্ত্রী। চত্বারিংশৎ ফলানি=চল্লিশটি ফল। শতং শ্লোকাঃ =শত শ্লোক।

ঊনবিংশতি প্রভৃতি শব্দ কেবল সংখ্যাবাচক হইলে, দুইবার আবৃত্তিতে দ্বিবচন ও বহুবার আবৃত্তিতে বহুবচন হইয়া থাকে। যথা—দ্বে বিংশতী=দুই কুড়ি। ত্রীণি শতানি=তিন শত।

যখন ঊনবিংশতি প্রভৃতি শব্দ কেবল সংখ্যাবাচক হয়, তখন যে বিশেষ্যপদের সংখ্যা বুঝায়; তাহার উত্তর সম্বন্ধে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—ফলানাং বিংশতিঃ=কুড়িটি ফল। শরদাং শতম্ (রামা)=শত বৎসর। রথানাং সহস্রম্=সহস্র রথ। পুষ্পাণাং

দ্বে বিংশতী=দুই কুড়ি পুষ্প। দিনানাং ত্রীণি শতানি=তিন শত দিন। ছাত্রাণাং চত্বারি সহস্রাণি=চারি সহস্র ছাত্র।

যাহা হইতে কাল ও পথের পরিমাণ বুঝায়, তাহার উত্তর পঞ্চমী বিভক্তি হয়। আর কালবাচক শব্দের উত্তর সপ্তমী এবং পথবাচক শব্দের উত্তর সপ্তমী ও প্রথমা বিভক্তি হয়। যথা—বৈশাখাৎ চতুর্ষু মাসেষু=বৈশাখ হইতে চারি মাস। প্রয়াগাৎ পঞ্চসু ক্রোশেষু (পঞ্চ ক্রোশাঃ বা)=প্রয়াগ হইতে পাঁচ ক্রোশ।

সংস্কৃতে অনুবাদ কর ঃ—

কুড়ি বৎসর। বাইশ দিন। সাতাশটি নক্ষত্র। ত্রিশ দিনে এক মাস। সেই গোপের বত্রিশটি ধেনু। এই শ্রেণীতে চল্লিশটি ছাত্র। আমার বাগানে বিয়াল্লিশটি আম গাছ। মহাভারতের সেই অধ্যায়ে পঞ্চাশটি শ্লোক। এই গ্রামে তিপ্পান্নটি ব্রাহ্মণের বাস। আমার পিতার বয়স ষাটি বৎসর। আশী পণে পাঁচ কাহন (কার্ষাপণাঃ)। তোমার বাগানে সত্তরটি বৃক্ষে প্রচুর ফল। নব্বইটি দরিদ্রের নিমিত্ত এই বস্ত্রগুলি। দুই কুড়ি ফল। দুই শত লোক। তিন হাজার গরু। চারি লক্ষ টাকা (রূপ্যক)। রাজার পাঁচ হাজার পদাতি। দশ হাজার ইষ্টক দ্বারা নির্ম্মিত এই মন্দির। পাঁচ শত বৃক্ষের এই ফলগুলি। রাজার ভবনে ছয় হাজার দরিদ্রকে দান। পনর হাজার অশ্বারোহী যুদ্ধ। পাঁচ লক্ষ পদাতি হইতে আমার ভয়। শত্রুদিগের শিবিরে সাত শত তাঁবু (উপকার্য্যা)। পৌষ হইতে দুই মাস। বৃন্দাবন হইতে মথুরা তিন ক্রোশ। আমাদের বাড়ী হইতে গঙ্গা চারি ক্রোশ। মাধবের বাড়ী হইতে কলিকাতা দশ ক্রোশ। বৈশাখ হইতে ছয় মাস।

চতুর্দ্দশ পাঠ।

পূরণবাচক বিশেষণ (Ordinal Adjectives.)

প্রথম, দ্বিতীয়, তৃতীয়। তুর্য্য তুরীয় চতুর্থ, ষষ্ঠ, কতিথ, কতিপয়থ। পঞ্চম, সপ্তম, অষ্টম, নবম, দশম। একাদশ, ষোড়শ, অষ্টাদশ। ঊনবিংশ ঊনবিংশতিতম, ত্রিংশ ত্রিংশত্তম, চত্বারিংশ চত্বারিংশত্তম, পঞ্চাশ পঞ্চাশত্তম। ঊনষষ্টিতম, ষষ্টিতম, একষষ্ট একষষ্টিতম। ঊনসপ্ততিতম, সপ্ততিতম, একসপ্তত একসপ্ততিতম। ঊনাশীতিতম, অশীতিতম, একাশীত একাশীতিতম। ঊননবতিতম, নবতিতম, একনবত একনবতিতম। শততম, সহস্রতম ইত্যাদি।

সমস্ত পূরণবাচক শব্দ পুংলিঙ্গে দেবশব্দের তুল্য এবং ক্লীবলিঙ্গে ফলশব্দের তুল্য।

প্রথম, দ্বিতীয়, তৃতীয়, তুর্য্য, তুরীয় ভিন্ন সমস্ত পূরণবাচক শব্দ স্ত্রীলিঙ্গে দেবীশব্দের তুল্য।

সংস্কৃতে অনুবাদ কর ;—

রাজার প্রথম পুত্র। মাধবের দ্বিতীয়া কন্যাকে। মাসের চতুর্থ দিবসে রামের পঞ্চম পুত্রের বিবাহ। এই বিদ্যালয়ের ষষ্ঠী শ্রেণীতে চারিটি বুদ্ধিমান্ ছাত্র। কৃষ্ণপক্ষের অষ্টমী তিথিতে পিতার শ্রাদ্ধ। একাদশী তিথিতে বিধবাদিগের উপবাস। কলিকাতায় কত নম্বরের (কতিথ) বাড়ীতে তোমার বাস। আদিপর্ব্বের ত্রিশ অধ্যায়ের পঞ্চাশের শ্লোক। চতুর্থী শ্রেণীর ছাত্রদিগের কতকগুলি (কতিপয়থ) শাস্ত। বিষ্ণুপুরাণের আশী অধ্যায়ের শত শ্লোক। অশৌচান্তের দ্বিতীয় দিবসে শ্রাদ্ধ।

পঞ্চদশ পাঠ।

উদ্দেশ্য ও বিধেয় (The subject and the predicate.)

যাহা সিদ্ধ তাহা উদ্দেশ্য, যাহা সাধ্য তাহা বিধেয়। অর্থাৎ যে সিদ্ধপদার্থকে অন্য কোনওরূপে বর্ণনা করা যায়, তাহা উদ্দেশ্য। আর যেরূপে বর্ণনা করা যায়, তাহা বিধেয়। বিধেয় পদ বিশেষণের ন্যায় হইয়া উদ্দেশ্য পদের পরে ব্যবহৃত হয়। যথা—ব্যাধিতস্যৌষধং পথ্যম্ (হিতো)=রুগ্ন ব্যক্তির ঔষধ হিতকর। এখানে ঔষধকে পথ্যরূপে বর্ণনা করা হইতেছে বলিয়া 'ঔষধম্' এই পদটি উদ্দেশ্য এবং 'পথ্যম্' এই পদটি বিধেয়।

"উদ্দেশ্যে চ বিধেয়ে চ বিভক্তিস্তু সমা ভবেৎ।
কদাচিজ্জায়তে তত্র বৈষম্যং লিঙ্গসংখ্যয়োঃ॥"

উদ্দেশ্য ও বিধেয় পদে সমান বিভক্তি হয়, কিন্তু লিঙ্গ ও বচনের কখনও পার্থক্য হইয়া থাকে। যথা—সম্পদঃ পদমাপদাম্ (হিতো)=সম্পদ্ আপদের স্থান। এখানে 'সম্পদঃ' এই উদ্দেশ্য পদটি স্ত্রীলিঙ্গ ও বহুবচন এবং 'পদম্' এই বিধেয় পদটি ক্লীবলিঙ্গ ও একবচন।

কোনও বিশেষণ ও সর্ব্বনাম পদ থাকিলে, তাহা বিধেয় পদের লিঙ্গ, বিভক্তি ও বচন প্রাপ্ত হয়। যথা—

অহিংসা পরমো ধর্ম্মঃ (মহা)=অহিংসা পরম ধর্ম্ম।

প্রথমা গতিরাত্মৈব (রামা)=আত্মাই প্রথম উপায়।

যন্মরণং সোঽস্য বিশ্রামঃ (হিতো)=যাহা মৃত্যু, তাহা ইহার বিশ্রাম।

এখানে 'পরমঃ ও প্রথমা' এই দুইটি বিশেষণ পদ এবং 'সঃ' এই সর্ব্বনাম পদ যথাক্রমে 'ধর্ম্মঃ, গতিঃ ও বিশ্রামঃ' এই তিনটি বিধেয় পদের সহিত এক বিভক্তি হইতেছে।

উদ্দেশ্য ও বিধেয় পদ এক কারক হইয়া একটি ক্রিয়াপদের সহিত অন্বিত হইয়া থাকে। যথা—আসীৎ শূদ্রকো নাম রাজা (কাদম্বরী)=শূদ্রক নামে রাজা ছিলেন। এখানে 'শূদ্রকঃ' এই পদটি উদ্দেশ্য এবং 'রাজা' এই পদটি বিধেয়; এই দুই পদই 'আসীৎ' এই ক্রিয়ার কর্ত্তা হইয়া এক কারক হইতেছে। অন্যান্য বিভক্তিতেও এইরূপ হইয়া থাকে।

ষষ্ঠাংশ।

অব্যয় শব্দ (Indeclinable Words.)

প্রথম পাঠ।

অতঃ—এই হেতু=therefore; অতোঽহং ব্রবীমি (হিতো) =এই হেতু আমি বলিতেছি।

অতীব—অত্যন্ত=very much; অতীব তেজসঃ কূটম্ (চণ্ডী) অত্যন্ত তেজোরাশি।

অত্র—এখানে=here; সোঽত্র জীবতু (পঞ্চ)=সে এখানে জীবিত হউক। এ বিষয়ে=in this matter; তদত্র স্বামী প্রমাণম্ (পঞ্চ)=সেই হেতু এ বিষয়ে স্বামী প্রমাণ।

অথবা—পক্ষান্তরে=or, otherwise; দীর্ঘায়ুরথবাল্পায়ুঃ (মহা)=দীর্ঘায়ু বা অল্পায়ু। অথবা সাধু ইদমুচ্যতে (পঞ্চ)= অথবা ইহা সাধু উক্ত হইতেছে।

অথ—অনন্তর=after ; অথ মার্জ্জারস্তত্রাগতঃ (হিতো)= অনন্তর বিড়াল সেখানে আসিল। প্রশ্ন সূচক—(interrogative) ; অথ ক বর্ত্ততে ভগবান্ চন্দ্রঃ ? (পঞ্চ)=ভগবান্ চন্দ্র কোথায় আছেন ?

অদ্য—আজি=to-day ; শূন্যমদ্য গৃহং মম (পঞ্চ)=আজি আমার গৃহ শূন্য।

অদ্যাপি—আজি পর্য্যন্ত=to this day ; অদ্যাপি ন নিবর্ত্তন্তে (বিষ্ণু)=আজি পর্য্যন্ত ফিরিয়া আসিতেছে না।

অধস্—নিম্নে=down, below ; গৃহী যত্রাগতং দৃষ্ট্বা অধো বীক্ষেত (পঞ্চ)=গৃহী ব্যক্তি যে সময়ে অতিথিকে দেখিয়া নিম্নে দৃষ্টিপাত করে।

অধুনা—এক্ষণে=now, at present ; অধুনা সর্ব্বজলচরাণাং ক্ষেমং ভবিষ্যতি (পঞ্চ)=এক্ষণে সমস্ত জলচরদিগের মঙ্গল হইবে।

অন্যথা—অন্যপ্রকারে, নতুবা=otherwise ; যোঽন্যথা সন্তমাত্মানম্ অন্যথা সৎসু ভাষতে (মনু)=যে অন্য প্রকারে হইয়া সাধুদিগের নিকটে আপনাকে অন্যপ্রকারে বলে। অন্যথা রাজকুলে নিবেদয়িষ্যামি (পঞ্চ)=নতুবা রাজকুলে নিবেদন করিব।

অন্যেদ্যুঃ—অন্য দিনে=another day ; অথান্যেদ্যুঃ সর্ব্বে তং প্রোচুঃ (পঞ্চ)=অনন্তর অন্য দিনে সকলে তাহাকে বলিয়াছিল।

অপি—প্রশ্ন সূচক=(interrogative) ; মহারাজ ! অপি কুশলং কুমারলক্ষ্মণস্য ? (উত্তর)=মহারাজ ! কুমার লক্ষ্মণের কুশল ত ? সমুচ্চয়=and ; শম্বরস্য চ যা মায়া যা মায়া নমুচেরপি

(পঞ্চ)=শম্বরের যে মায়া এবং নমুচির যে মায়া। সম্ভাবনা= possibility ; স শিতৈঃ শরৈঃ মন্দরমপি দারয়েৎ (রামা)।= সে নিশিত শর দ্বারা মন্দর পর্ব্বতকেও বিদীর্ণ করিতে পারে।

অমুত্র—পরলোকে=in the next world ; স অমুত্র মাং ভক্ষয়িতা (মনু)=সে পরলোকে আমাকে ভক্ষণ করিবে।

অর্থে—নিমিত্তে=for ; গ্রামস্যার্থে কুলং ত্যজেৎ (হিতো)= গ্রামের নিমিত্ত কুল ত্যাগ করিবে।

অবশ্যম্—নিশ্চয়=certainly ; স তস্য অবশ্যং ফলং প্রাপ্নোতি (রামা)=সে তাহার নিশ্চয় ফল প্রাপ্ত হয়।

অহহ—খেদ সূচক=Aha ! অহহ পঙ্কে পতিতোঽসি ? (হিতো)=আহা পঙ্কে পড়িয়াছ ?

দ্বিতীয় পাঠ।

অহো—খেদ সূচক=Alas ! (pain) ; অহো মে দুর্দৈবম্ (হিতো)=হায় আমার দুর্দৈব। আশ্চর্য্য=wondrous ; অহো ভগবতস্তেজঃ (রামা)=আশ্চর্য্য ভগবানের তেজ। সম্বোধন= an address ; অহো সত্যমভিহিতং ভবতা (পঞ্চ)=ওহে তুমি সত্য বলিয়াছ।

আম্—স্বীকার, হাঁ—yes ; আং কুশলং কুমারস্য (উত্তর)= হাঁ কুমারের কুশল।

আঃ—হর্ষ=ah ! (joyfully ; আঃ স্বয়ং মৃতোঽসি ? (হিতো) =আঃ নিজেই মরিয়াছ ? কোপ=ah ! (angrily) ; আঃ পাপ ! ক যাসি ? (উত্তর)=আঃ পাপাত্মন্ ! কোথায় যাইতেছিস্ ? পীড়া=alas ! (sorrowfully) ; আঃ কষ্টম্ (ভট্টি)=হায় ! কষ্ট।

ইতঃ—এইস্থানে = here ; ইতো নিষীদ (কুমার) = এই স্থানে উপবেশন কর। এখান হইতে = hence ; ইতঃ স দৈত্যঃ প্রাপ্তশ্রীঃ (কুমার) = সেই দৈত্য এখান হইতে উন্নতি লাভ করিয়াছে।

ইতস্ততঃ—এখানে সেখানে = here and there ; শৃগালঃ ইতস্ততঃ পরিভ্রমন্ তং প্রদেশমাজগাম (পঞ্চ) = শৃগাল এখানে সেখানে পরিভ্রমণ করিয়া সেই প্রদেশে আসিয়াছিল।

ইতি—এই হেতু = therefore ; অপরাধো ন মেঽস্তীতি নৈতৎ বিশ্বাসকারণম্ (হিতো) = আমার অপরাধ নাই এই হেতু ইহা বিশ্বাসের কারণ নহে। ইহা—it, this ; ইত্যালোচ্য অব্রবীৎ (হিতো) = ইহা আলোচনা করিয়া বলিল। এই প্রকার = such ; ইতি ব্যাধানাং মুখাৎ কিংবদন্তী শ্রূয়তে (হিতো) = ব্যাধদিগের মুখ হইতে এই প্রকার কিংবদন্তী শুনিতেছি। সমাপ্তি = finish ; নদীতটাৎ স শ্যেনেন হৃত ইতি (পঞ্চ) = শ্যেন পক্ষী নদীতীর হইতে তাহাকে হরণ করিয়াছে।

ইত্থম্—এই প্রকার = such ; অথবা ইত্থমেব এতৎ (হিতো) = অথবা ইহা এই প্রকারই।

ইদানীম্—এক্ষণে = now ; ইদানীমন্যত্র গমিষ্যামি (হিতো) = এক্ষণে অন্যস্থানে যাইব।

ইব—সাদৃশ্য = as, like ; স বিবস্বানিব তেজস্বী (মহা) = তিনি সূর্য্যের সদৃশ তেজস্বী। উৎপ্রেক্ষা (যেন) = as if ; শূলৈরিব শিরো বিদ্ধম্ অহং সংলক্ষয়ামি (মহা) = আমি বোধ করিতেছি, যেন শূলদ্বারা মস্তক বিদ্ধ হইতেছে।

ইহ—এখানে = here ; ইহাগচ্ছ ইহাগচ্ছ = এখানে আইস,

এখানে আইস। এই লোকে = in this world ; অহমিহ যস্য মাংসমদ্মি (মনু) = আমি এই লোকে যাহার মাংস ভোজন করি।

উত—বা, কিংবা = or ; সিংহাদিভির্ব্যাপাদিতঃ উত লুব্ধকৈঃ (পঞ্চ) = সিংহাদিকর্ত্তৃক কিংবা ব্যাধগণকর্ত্তৃক বিনাশিত হইয়াছে।

উতাহো-স্বিৎ—প্রশ্ন (সসংশয়) = why ? (doubtingly) ; অহো কিমদ্য কপিঞ্জলো নায়াতঃ ? উতাহো-স্বিৎ কেনাপি ব্যাপাদিতঃ ? (পঞ্চ) = হায় কেন আজি কপিঞ্জল আসিল না ? কেহ কি বিনাশ করিয়াছে ?

একদা—একসময়ে = once upon a time ; একদা শৃগালো নিভৃতং ব্রূতে (হিতো) = এক সময়ে শৃগাল গোপনে বলিতেছে।

তৃতীয় পাঠ।

এব—অবধারণ = indeed.

এব শব্দের অবধারণ অর্থ তিন প্রকার। যথা —স্বান্যযোগব্যবচ্ছেদ, অন্যযোগ ব্যবচ্ছেদ ও স্বাযোগব্যবচ্ছেদ।

স্বান্যযোগব্যবচ্ছেদ, যথা—পার্থ এব ধনুর্ধরঃ = পার্থ ই ধনুধর। এখানে স্ব শব্দ পার্থ, তাহাতে এবশব্দ অন্য ধনুর্ধরদিগের যোগ ব্যবচ্ছেদ করিতেছে। অর্থাৎ পার্থ যাদৃশ ধনুর্ধর, অন্য ক্ষত্রিয়েরা তাদৃশ ধনুর্ধর নহে।

অন্যযোগব্যবচ্ছেদ, যথা—শঙ্খঃ পাণ্ডুর এব = শঙ্খ পাণ্ডু-

বর্ণ ই। এখানে পাণ্ডুর শব্দের পর এবশব্দ অন্য বর্ণের যোগ ব্যবচ্ছেদ করিতেছে। অর্থাৎ শঙ্খ পাণ্ডুবর্ণ ভিন্ন অন্য বর্ণ নহে।

স্বাযোগব্যবচ্ছেদ, যথা—নীলং পদ্মমস্ত্যেব = নীলপদ্ম আছেই। এখানে স্ব শব্দ নীল, পদ্মে তাহার যে অযোগ, এবশব্দ তাহার ব্যবচ্ছেদ করিতেছে। অর্থাৎ শুভ্র ও লোহিত পদ্ম আছে এবং নীলপদ্মও আছে।

এবম্—এই প্রকারে = thus : এবং কশ্চিৎ কালঃ অপাক্রান্তঃ (মহা) = এই প্রকারে কিছুকাল অতীত হইল।

কথম্—কি প্রকারে = how, in what manner ; কথমেতান্ দন্তৈঃ স্পৃশামি ? (হিতো)=কি প্রকারে ইহা দন্তদ্বারা স্পর্শ করি ? প্রশ্ন সূচক—(interrogative) হা কথমত্র ন কশ্চিদপি ? (উত্তর) = হায় ! এখানে কেহই নাই ?

কথঞ্চিৎ—কোনও প্রকারে=anyhow, somehow ; উপকারং বিনা কথঞ্চিৎ কস্যচিৎ প্রীতির্ন ভবেৎ (পঞ্চ) = উপকার ব্যতিরেকে কোনও প্রকারে কাহারও প্রীতি হয় না।

কথমপি—কষ্টে = with difficulty ; পিঙ্গলকোঽপি চেতনাং সমাসাদ্য কথমপি উবাচ (পঞ্চ) = পিঙ্গলকও চেতনা প্রাপ্ত হইয়া কষ্টে তাহাকে বলিল।

কদা—কবে = when ? কদা রামস্য মুখং দ্রক্ষ্যামি ? (রামা) = কবে রামের মুখ দেখিব ?।

কর্হিচিৎ—কোন সময়ে = at any time ; এনাং কর্হিচিৎ গুণহীনায় ন প্রযচ্ছেৎ (মনু) = এই কন্যা কোন সময়ে গুণহীনকে প্রদান করিবে না।

কিন্তু—প্রথমোক্তের বৈপরীত্যসূচক=but (indicating

contrast ;) সখে! নীতিস্তাবৎ ঈদৃশ্যেব। কিন্তু অহমাশ্রিতানাং দুঃখং সোঢ়ুমসমর্থঃ (হিতো) = সখে! নীতি এইরূপই বটে। কিন্তু আমি আশ্রিতদিগের দুঃখ সহ্য করিতে অসমর্থ। জ্ঞানিনো মনুজাঃ সত্যং কিন্তু তে নহি কেবলম্ (চণ্ডী)=মনুষ্যেরা জ্ঞানী সত্য, কিন্তু কেবল তাহারা নহে।

কিম্—কি ? প্রশ্ন-সূচক = (interrogative ;) কিমস্মিন্ বনে ব্যাধাঃ সঞ্চরন্তি ? (হিতো) = এই বনে কি ব্যাধেরা বিচরণ করে ?

কিমপি—কোনও = any, some ; অস্মদ্বনে কিমপি অপূর্ব্বং সত্ত্বং প্রবিষ্টম্ (পঞ্চ) = আমাদিগের বনে কোনও আশ্চর্য্য প্রাণী প্রবেশ করিয়াছে।

কিমিতি—প্রশ্ন-সূচক, কেন ? – why ? = কিমিতি নায়ং বধ্যঃ (হিতো) = এ বধ্য নহে কেন ?

কিমিব—কি-ই = what ? = কিমিব হি মধুরাণাং মণ্ডনং নাকৃতীনাম্ (শকু) = মধুর আকৃতির ভূষণ কি-ই নহে।

কিল—সম্ভাবনা = probably ; দেব্যা গৃহে স্থানং ন কিল ভবতামভিমতম্ (উত্তর) = দেবীর গৃহে অবস্থান সম্ভবতঃ তোমাদিগের অভিমত নহে। বার্ত্তা = news ; অগস্ত্যেন কিল স মহাসুরঃ ভক্ষিতঃ (রামা) = অগস্ত্য সেই মহাসুরকে ভক্ষণ করিয়াছিলেন। নিশ্চয় = certainly ; কিল তদ্বদ, যেন মম শান্তির্ভবতি (পঞ্চ) = নিশ্চয় তাহা বল, যাহাতে আমার শান্তি হয়।

কিংস্বিৎ—বিতর্ক = musings ; কিংস্বিৎ অদ্য মহারাজো মাং ন প্রত্যভিনন্দতি (রামা) = আজি মহারাজ কেন আমাকে প্রত্যভিনন্দন করিলেন না।

চতুর্থ পাঠ।

ক্বতে—নিমিত্তে=for; অহং তব কৃতে সমুদ্রাৎ আগতঃ (পঞ্চ)=আমি তোমার নিমিত্তে সমুদ্র হইতে আসিয়াছি।

খলু—নিশ্চয়=certainly; নৃপ! অহং খলু ত্বাং দোষতঃ ন ব্রবীমি (রামা)=রাজন্! আমি নিশ্চয় তোমাকে দোষহেতু বলিতেছি না।

চ—সমুচ্চয়=and; যেখানে অনেক পদ পরস্পরকে অপেক্ষা না করিয়া একের সহিত অন্বিত হয়, তাহাকে সমুচ্চয় বলে। যথা—মাতরং পিতরঞ্চ প্রণম=মাতা এবং পিতাকে প্রণাম কর। ইতরেতর যোগ=mutual connection; পদসমুদায়ের পরস্পর মিলিতভাবে অন্বয় হইলে, তাহাকে ইতরেতরযোগ বলে। যথা—রামশ্চ লক্ষ্মণশ্চ বনং গতৌ=রাম ও লক্ষ্মণ বনে গিয়াছিলেন। পাদপূরক=expletive; বরমেকো গুণী পুত্রো নচ মূর্খশতান্যপি (হিতো)=গুণবান্ এক পুত্র বরং ভাল, মূর্খ শতপুত্রও কিছু নহে।

জাতু—কদাচিৎ, কখনও=ever; ন জাতু কামঃ কামানা-মুপভোগেন শাম্যতি (হিতো)=বিষয়ের উপভোগহেতু অভিলাষ কখনও নিবৃত্ত হয় না।

তৎ—তবে=then; যদ্যেবং তদ্গচ্ছ (পঞ্চ)=যদি এইরূপ তবে যাও। সেইহেতু=therefore; তদ্গচ্ছ সিদ্ধ্যৈ (কুমার) =সেইহেতু কার্য্যসিদ্ধির নিমিত্ত গমন কর।

ততঃ—সেইহেতু=therefore; ততো মামপি তত্র নয় (হিতো)=সেইহেতু আমাকেও সেখানে লইয়া চল। তদনন্তর

=then : ততো রাজা ভৃত্যান্ অব্রবীৎ (পঞ্চ)=তদনন্তর রাজা ভৃত্যদিগকে বলিলেন।

তথা—সমুচ্চয়=and ; সরাংসি সরিতস্তথা (রামা)=সরোবর এবং নদীসমুদায়। সেই প্রকারে=in that manner ; কৌশল্যা তথা বহু বিলপ্য পুনরভাষত (রামা)=কৌশল্যা সেই-প্রকারে বহু বিলাপ করিয়া পুনর্ব্বার বলিলেন। স্বীকার-সূচক, আচ্ছা=very well ; তপোধনঃ তথা ইত্যুক্ত্বা অগ্নিশরণং প্রবিবেশ (রামা)=তপোধন তাহা হউক, ইহা বলিয়া অগ্নিগৃহে প্রবেশ করিলেন।

তথাপি—তবু=yet ; যদি মে মৃত্যুঃ স্যাৎ তথাপি শোভনম (পঞ্চ)=যদি আমার মৃত্যু হয়, তবু ভাল।

তাবৎ—অবধারণ—indeed ; সঞ্জাতোঽয়ং তাবন্মম মৃত্যুঃ (পঞ্চ)=আমার নিশ্চয় এই মৃত্যু উপস্থিত। সাকল্য=as much as (the whole) ; তৎ তাবৎ উচ্যতাম্ (পঞ্চ)=সেই সকল বল।

তদা—তখন=then ; তদা তৈঃ কিরাতৈরভিহিতম্ (পঞ্চ)=তখন সেই ব্যাধেরা বলিল।

তর্হি—তবে=then ; তর্হি শিবাস্তে পন্থানঃ সন্তু (পঞ্চ)=তবে তোমার পথসমুদায় নির্বিঘ্ন হউক।

তু—কিন্তু=but, পাদপূরক=expletive ; লোকঃ সূর্য্যং বিনা তিষ্ঠেৎ, নতু রামং বিনা দেহে তিষ্ঠেৎ তু মম জীবিতম্ (রামা)=লোক সূর্য্য ব্যতিরেকে থাকিতে পারে, কিন্তু রামব্যতিরেকে আমার দেহে জীবন থাকিতে পারে না।

দিষ্ট্যা—ভাগ্যক্রমে=fortunately ; বৎস্যৈবং, তর্হি দিষ্ট্যা

সিদ্ধং নঃ প্রয়োজনম্ (পঞ্চ)=যদি এইরূপ, তবে ভাগ্যক্রমে আমাদের প্রয়োজন সিদ্ধ হইয়াছে।

পঞ্চম পাঠ।

নানা—বহু=many ; নানা বাচশ্চরিষ্যন্তি (রামা)—বহু বাক্য প্রচারিত হইবে।

নাম—প্রসিদ্ধি=publicity : অহং লক্ষ্মণো নাম তস্য ভ্রাতা (রামা)=আমি লক্ষ্মণ নামে তাঁহার ভ্রাতা। স্মরণ=remembrance ; এতানি তানি নাম কান্তারাণি (উত্তর)=এই সেই দুর্গম পথসমুদায়। নিন্দা—reproach ; কো নাম প্রিয়ং পুত্রং ত্যজেৎ (রামা)=কে প্রিয় পুত্রকে ত্যাগ করে।

নূনম্—নিশ্চয়=certainly ; নূনমেষ রামভদ্রস্য ভ্রমঃ(উত্তর) =নিশ্চয় ইহা রামভদ্রের ভ্রম। তর্ক- perhaps , নূনং ন তপসঃ কিঞ্চিৎ ফলং মন্যে (রামা)=বোধ করি তপস্যার কিছু ফল নাই।

পরম্—কিন্তু=but ; পরং ভবান্ অপি নখায়ুধঃ (পঞ্চ)= কিন্তু তুমিও নখায়ুধ।

পুনঃ—আবার=again ; পুনর্বিমৃশ্য আহ (হিতো)=আবার বিবেচনা করিয়া বলিল।

পুরা—পূর্ব্বকালে=formerly ; কস্মিংশ্চিৎ বৃক্ষে পুরাহমবসম্ (পঞ্চ)=আমি পূর্ব্বকালে কোনও বৃক্ষে বাস করিতাম।

প্রাতঃ—প্রভাতে=in the morning ; অদ্য প্রাতরেব অনিষ্টদর্শনং জাতম্ (হিতো)=আজি প্রভাতেই অনিষ্ট দর্শন হইল।

মিথঃ—পরস্পর=mutually ; শশকা মিথো মন্ত্রং চক্রুঃ (পঞ্চ) = শশকেরা পরস্পর মন্ত্রণা করিয়াছিল।

যাবৎ—অবধারণ=indeed ; যাবৎ উপস্থিতাং হোমবেলাং গুরবে নিবেদয়ামি (শকু) = নিশ্চয় হোমের বেলা উপস্থিত গুরুকে জানাই।

যতঃ—যে হেতু = since, because ; যতোঽয়ং পুণ্যকর্ম্মণাং ধুরীণঃ (হিতো) = যেহেতু ইনি পুণ্যকারীদিগের অগ্রগণ্য।

যুগপৎ—এককালে = at once ; মঘোনঃ অক্ষ্ণাং সহস্রং তস্মিন্ যুগপৎ পপাত (কুমার) = ইন্দ্রের সহস্র চক্ষু তাহাতে এককালে পতিত হইয়াছিল।

বা—বিকল্প=either ; কৌশল্যাং বা সুমিত্রাং বা ত্যজেয়ম্ (রামা) = কৌশল্যা কিংবা সুমিত্রাকে ত্যাগ করিতে পারি। সমুচ্চয় = and ; তিষ্ঠেল্লোকো বিনা সূর্য্যং শস্যং বা সলিলং বিনা (রামা) = লোক সূর্য্য ব্যতিরেকে এবং শস্য জল ব্যতিরেকে থাকিতে পারে। অবধারণ = indeed ; মৃতঃ কো বা ন জায়তে (পঞ্চ) = মরিয়া কেই না জন্মায়।

ষষ্ঠ পাঠ।

বৃথা—নিরর্থক=in vain : পশুং বৃথা হন্তুং ন ইচ্ছেৎ (মনু) = পশুকে নিরর্থক হনন করিতে ইচ্ছা করিবে না।

বৈ—পাদপূরক = expletive . যে সত্যবতি বৈ গুণাঃ (মহা)=সত্যবানে যে গুণসমুদায়।

শনৈঃ—অল্পে অল্পে = slowly ; শনৈঃ স শোকঃ প্রশমং জগাম (রামা)=সেই শোক অল্পে অল্পে নিবৃত্ত হইয়াছিল।

শ্বঃ—আগামী দিনে = to-morrow ; শ্বস্তাম্ অভিষেক্ষ্যামি (রামা) = আগামী দিনে তোমাকে অভিষেক করিব।

শশ্বৎ—সতত = for ever ; বিপদামাশ্রয়ঃ শশ্বৎ (পঞ্চ) = সতত বিপদের আশ্রয়।

সদ্যঃ—তৎক্ষণাৎ = instantly ; ব্রাহ্মণঃ সদ্যঃ পততি (মনু) = ব্রাহ্মণ তৎক্ষণাৎ পতিত হয়।

সকৃৎ—একবার = once ; কালো হি সকৃৎ অত্যেতি (পঞ্চ) = কাল একবার গত হয়।

সর্ব্বথা—সর্ব্বপ্রকারে = entirely ; সর্ব্বথা সঞ্জীবকোঽয়ং সুহৃৎ অস্মাকম্ (পঞ্চ) = এই সঞ্জীবক সর্ব্বপ্রকারে আমাদিগের সুহৃৎ।

সহসা—হঠাৎ = suddenly ; নৃপতিঃ সহসা ভূমৌ পপাত (রামা) = নৃপতি হঠাৎ ভূতলে পতিত হইয়াছিলেন।

সম্প্রতি—এক্ষণে = now ; সম্প্রতি বয়ং বুভুক্ষয়া চলিতুং ন শক্নুমঃ (পঞ্চ) = এক্ষণে আমরা ক্ষুধাহেতু চলিতে পারিতেছি না।

স্বয়ম্—আপনি, নিজে = personally ; প্রভো! কস্মাৎ স্বয়ম্ আগতোঽসি? (মহা)=হে প্রভো! কি হেতু তুমি আপনি আসিয়াছ?

সাম্প্রতম্—এক্ষণে = now ; তব পাদৌ সাম্প্রতং মে শরণম্ (পঞ্চ) = তোমার পাদদ্বয় এক্ষণে আমার আশ্রয়। উচিত = proper ; স্বয়ং ছেত্তুমসাম্প্রতম্ (কুমার) = স্বয়ং ছেদন করা অনুচিত।

স্থানে—ন্যায্য = just ; স্থানে কোপো বৈনতেয়স্য (পঞ্চ) = গরুড়ের কোপ ন্যায্য।

হন্ত—হর্ষ=oh (joy) ; হন্ত মাতঃ! জীবামি জীবামি (উত্তর) =আহা! মা বাঁচ্‌লাম বাঁচ্‌লাম। হন্ত হন্ত সর্ব্বথা নৃশংসোঽস্মি সংবৃত্তঃ (উত্তর)=হায় হায় আমি সর্ব্বপ্রকারে নিষ্ঠুর হইলাম।

হা—বিষাদ—alas ;. হা হতোঽস্মি (হিতো)=হায় হত হইলাম।

হি—অবধারণ=indeed ; শত্রুণা নহি সন্দধ্যাৎ (হিতো)= শত্রুর সহিত নিশ্চয় সন্ধি করিবে না। যেহেতু=because ; অতীত্য হি গুণান্ সর্ব্বান্ স্বভাবো মূর্দ্ধ্নি বর্ত্ততে (হিতো)=যে হেতু সমস্ত গুণকে অতিক্রম করিয়া স্বভাব প্রবল হয়। পাদ-পূরক—expletive ; যদ্‌যদেব হি বাঞ্ছেত (হিতো)=যাহা যাহা বাঞ্ছা করিবে।

সপ্তম পাঠ।

পরস্পর সাপেক্ষ অব্যয়।

যাবৎ—তাবৎ।

যাবৎ ন কশ্চিৎ বেত্তি তাবৎ শীঘ্রং গম্যতাম্ (পঞ্চ)=যে পর্য্যন্ত কেহ না জানে, সেই পর্য্যন্ত শীঘ্র গমন কর।

যদা—তদা।

যদাহং শব্দং করোমি, তদা ত্বমুত্থায় পলায়িষ্যসে (হিতো)= আমি যখন শব্দ করিব, তখন তুমি উঠিয়া পলায়ন করিবে।

যতঃ—ততঃ।

যতঃ বালত্বং সর্ব্বদোষাণাম্ আস্পদং ততঃ অত্র কোপং যোক্তুং নার্হসি (বিষ্ণু)=যেহেতু বালকত্ব সকল দোষের আধার, সেই হেতু ইহাতে কোপ করিতে যোগ্য হইবেন না।

যদ্যপি—তথাপি।

ভো মিত্র! যদ্যপি অসাধ্যং তথাপি নিবেদয় (পঞ্চ)=হে মিত্র! যদিও অসাধ্য তবু জানাও।

যথা—তথা।

ভবতা যথা অধীতং তথা কথ্যতাম্ (বিষ্ণু)=তুমি যেরূপ অধ্যয়ন করিয়াছ, সেইরূপ বল।

যত্র—তত্র।

যত্র সলক্ষ্মণো রামঃ তত্র মামপি নয় (রামা)=যেখানে লক্ষ্মণের সহিত রাম, আমাকেও সেখানে লইয়া চল।

অব্যয় সমুদায়ের মধ্যে কতকগুলি বিশেষণ হয়। যথা—মিথ্যা বাক্যম্—মিথ্যা বাক্য। বৃথা কার্য্যম্—বৃথা কার্য্য। পৃথক্ দ্রব্যম—পৃথক্ দ্রব্য। প্রাক্ কালঃ—পূর্ব্ব কাল। বলবৎ দুঃখানি—অত্যন্ত দুঃখ। নবধা লক্ষণম্। নয়প্রকার লক্ষণ।

অব্যয় শব্দের বিশেষণপদ ক্লীবলিঙ্গ হয়। যথা—পুণ্যং দিবা—পবিত্র দিন। সুন্দরং নক্তম্—সুন্দর রাত্রি। অতীতং প্রাতঃ—গত প্রাতঃকাল। ইদং সায়ম্—এই সন্ধ্যাকাল।

অর্থবিশেষে ও অব্যয়যোগে বিভক্তি-নির্ণয়।

অষ্টম পাঠ।

সম্বোধন (case of address) বুঝাইলে নামের উত্তর প্রথমা বিভক্তি হয়। যথা—বৎস! কস্ত্বম্?=বৎস! কে তুমি? সখে! কিমেতৎ=সখে! এ কি?

সম্বোধন পদের পূর্ব্বে হে, অয়ি, অয়ে, ভোঃ, ভো ভোঃ, রে, অরে, অরে রে ইত্যাদি সম্বোধনসূচক (Interjectional) অব্যয়ের প্রয়োগ হয়। যথা—হে বালক! অয়ি মাতঃ! অয়ে ভ্রাতঃ! ভো গুরো! ভো ভোঃ পান্থাঃ! রে ভৃত্যাঃ! অরে মূর্খাঃ! অরে রে ধূর্ত্তাঃ!

কোথাও কোথাও কেবল সম্বোধনসূচক অব্যয়ের প্রয়োগ হয়। যথা—ভোঃ! তব কিং দুঃখম্? (পঞ্চ)=ও হে! তোমার কি দুঃখ? অরে! কা মম জাতিঃ (মৃচ্ছ)=ওরে! আমার জাতি কি?

সংস্কৃতে অনুবাদ কর :—

ভাই! কোথা হইতে তুমি? বৎস! তোমার নাম কি? মিত্র! এ দ্বিতীয়টি কে? হে শিশু! কে তোমার পিতা? ভো আচার্য্য! আমি দরিদ্র ব্রাহ্মণের পুত্র। ওরে ধূর্ত্ত! তোর বাস কোথায়? ও মা! এ লাল কাপড়খানি কার? ওরে! তুই কার চাকর? ওরে ওরে! তোরা কে? ও হে! তোমার হাতে এখানি কি পুস্তক? মহাশয়! এ শ্রেণীতে কয়টি ছাত্র? ওহে মাধব! তোমার পিতা কোথায়? যাদব! তোমার ভ্রাতার কয়টি পুত্র? ওহে! তোমাদের গ্রামে কতগুলি ব্রাহ্মণ?

নবম পাঠ।

অনু, অভি, প্রতি, ধিক্, নিকষা, যাবৎ, অভিতস্, পরিতস্, উভয়তস্, সর্ব্বতস, অন্তরা, অন্তরেণ, বিনা ও ঋতে ইত্যাদি অব্যয়ের যোগে শব্দের উত্তর দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—

রামম্ অনু = রামের পশ্চাৎ। পিতরম্ অনু = পিতার সহ। অর্থ-নাশম্ অনু = অর্থনাশহেতু। গ্রামম্ অভি = গ্রামের দিকে। গৃহং প্রতি = গৃহের দিকে। দীনং প্রতি = দীনের প্রতি। ধিক্ পাপিনম্ = পাপীকে ধিক্। গ্রামং নিকষা = গ্রামের নিকটে। নদীং যাবৎ = নদী পর্য্যন্ত। রাজানম্ অভিতঃ = রাজার সম্মুখে। গঙ্গাম্ অভিতঃ = গঙ্গার দুইদিকে। প্রয়াগম্ অভিতঃ = প্রয়াগের নিকটে। নগরং পরিতঃ = নগরের চারিদিকে। পর্ব্বতম্ উভয়তঃ = পর্ব্বতের দুইদিকে। দেশং সর্ব্বতঃ = দেশের সকলদিকে। অন্তরা ত্বাঞ্চ মাঞ্চ = তোমার ও আমার মধ্যে। পাপম্ অন্তরেণ = পাপ ব্যতিরেকে। ক্লেশং বিনা = ক্লেশ ব্যতিরেকে। বিদ্যাম্ ঋতে = বিদ্যা ব্যতিরেকে।

সংস্কৃতে অনুবাদ কর :—

ভীম যুধিষ্ঠিরের পশ্চাৎ জন্মিয়াছিলেন (অনুজজ্ঞে)। ব্যাঘ্র হরিণের পশ্চাৎ দৌড়িতেছে (অনুধাবতি)। বৎস ! তুমি তোমার ভ্রাতার সহিত গমন কর (অনুগচ্ছ)। কৌশল্যা রাম-হেতু শোক করিয়াছিলেন (অনুশুশোচ)। শিশুরা বিদ্যালয় হইতে গৃহের দিকে দৌড়িতেছে (অভিধাবন্তি)। ধেনুগুলি জলের নিমিত্ত নদীরদিকে যাইতেছে (অভিগচ্ছন্তি)। ঈশ্বর দরিদ্রদিগের প্রতি সদয় হউন (ভবতু)। পরের অপকারী মনুষ্যকে ধিক্। সেই পর্ব্বতের নিকটে বহু গ্রাম। তোমার পিতা কত কাল পর্য্যন্ত (কিয়ন্তং কালং যাবৎ) কাশীতে থাকি-বেন (স্থাস্যতি)। নবীনের বাড়ীর সম্মুখে (অভিতঃ) তিনটী নারীকেল বৃক্ষ ছিল (আসন্)। গঙ্গার দুই দিকে (অভিতঃ) বহু নগর। নগরের চারিদিকে (পরিতঃ) উপবন। রাজার

দুইদিকে (উভয়তঃ) দুইটি ভৃত্য। গ্রামের সকল দিকে (সর্ব্বতঃ) বহু পুষ্পের উদ্যান। রাম ও লক্ষ্মণের মধ্যে (অন্তরা) সীতা শোভা পাইয়াছিলেন (শুশুভে)। এখন ধন ব্যতিরেকে (অন্তরেণ) সাধুদিগেরও (অপি) সম্মান নাই (নাস্তি)। জ্ঞান ব্যতিরেকে (বিনা) বৃথা অধ্যয়ন। গৃহীদিগের পুত্র ব্যতিরেকে (ঋতে) গৃহ শূন্য।

দশম পাঠ।

বিনা ও পৃথক্ এই দুইটি অব্যয়ের যোগে শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা—জ্ঞানেন বিনা বৃথাধ্যয়নম্=জ্ঞান ব্যতিরেকে বৃথা অধ্যয়ন। তুষৈঃ পৃথক্ তণ্ডুলাঃ=তুষ হইতে তণ্ডুল পৃথক্।

সহ, সার্দ্ধম্, সমম্ ও সাকম্ এই চারিটি অব্যয়ের যোগে শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা—পিত্রা সহ=পিতার সঙ্গে। ধনিনা সার্দ্ধম্=ধনীর সঙ্গে। গুরুণা সমম্=গুরুর সঙ্গে। রাজ্ঞা সাকম্=রাজার সঙ্গে।

সহার্থ শব্দের অপ্রয়োগেও শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা—যস্য মিত্রেণ সম্ভাষঃ (হিতো)=মিত্রের সঙ্গে যাহার আলাপ।

নিষেধার্থ অলম্, কিম্ ও কৃতম্ এই তিনটি অব্যয়ের যোগে শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা—কলহেনালম্=কলহে প্রয়োজন নাই। বিবাদেন কিম্=বিবাদে প্রয়োজন নাই। কৃতং সন্দেহেন (শঙ্কু)=সন্দেহে প্রয়োজন নাই।

নমস্, স্বস্তি, স্বাহা, স্বধা ও বষট্ এই কয়েকটি অব্যয়ের যোগে শব্দের উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা—পিত্রে নমঃ= পিতাকে নমস্কার। তুভ্যং স্বস্তি=তোমার মঙ্গল। অগ্নয়ে স্বাহা =অগ্নিকে ঘৃত দান। পিত্রে স্বধা= পিতৃলোককে পিণ্ডদান। ইন্দ্রায় বষট্=ইন্দ্রোদ্দেশে অগ্নিতে আহুতি।

সংস্কৃতে অনুবাদ কর :—

ধর্ম্ম ব্যতিরেকে মনুষ্যের জন্ম বৃথা। যাহারা নৃশংস তাহারা রাক্ষস হইতে পৃথক্ নহে। বলবানের সঙ্গে কলহ বিপদের কারণ। সাধুর সঙ্গে বাস সম্পদের কারণ। চোরের সঙ্গে বাসহেতু সাধুও (অপি) চোর হয় (ভবতি)। বন্ধুর সঙ্গে যাহার বাস, সে ভাগ্যবান্। অর্থের নিমিত্ত পাপকর্ম্ম করিবার প্রয়োজন নাই। আত্মীয় জনের সঙ্গে বিবাদে প্রয়োজন কি। এই পৃথিবীতে দুঃখ ব্যতিরেকে সুখ কোথায় (কুতঃ)। সেই অনন্ত বিধাতাকে নমস্কার। বৎস! তোমার মঙ্গল হউক। হে নারায়ণ! তোমাকে নমস্কার।

একাদশ পাঠ।

দিক্, দেশ ও কাল অর্থে প্রাক্, অবাক্, প্রত্যক্ ও উদক্ এই কয়েকটি অব্যয়ের যোগে শব্দের উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা—প্রাক্ নগরাৎ=নগরের পূর্ব্বদিকে। প্রাক্ চৈত্রাৎ= চৈত্রের পূর্ব্বকালে। অবাক্ হিমালয়াৎ=হিমালয়ের নিম্নদেশে। অবাক্ বিন্ধ্যাৎ=বিন্ধ্যাচলের দক্ষিণদিকে। প্রত্যক্ গ্রামাৎ= গ্রামের পশ্চিম দিকে। উদক্ পর্ব্বতাৎ=পর্ব্বতের উত্তর দিকে।

বিনা, ঋতে ও পৃথক্ এই তিনটি অব্যয়ের যোগে শব্দের উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা—ধনাৎ বিনা=ধন ব্যতিরেকে। দানাৎ ঋতে=দান ব্যতিরেকে। মনুষ্যাৎ পৃথক্=মনুষ্য হইতে পৃথক্।

অধস্ ও অধস্তাৎ শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা—অধো বৃক্ষাৎ=বৃক্ষের নিম্নে। অধস্তাৎ পর্ব্বতাৎ=পর্ব্বতের নিম্নে।

সীমা ও অভিব্যাপ্তি অর্থে আ এই অব্যয়ের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা—সীমা—আ সমুদ্রাৎ=সমুদ্র পর্য্যন্ত। অভি-ব্যাপ্তি—আ ভুবনাৎ=ভুবন ব্যাপিয়া।

আরাৎ, প্রভৃতি ও আরভ্য শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা—আরাৎ গ্রামাৎ=গ্রামের নিকটে। আরাৎ পর্ব্বতাৎ =পর্ব্বতের দূরে। জন্মনঃ প্রভৃতি=জন্ম হইতে। বাল্যাৎ আরভ্য=বাল্য হইতে।

সংস্কৃতে অনুবাদ কর ঃ—

নগরের পূর্ব্বদিকে একটি উপবন। হিমালয়ের উত্তর দিকে তাহাদের বাস। গ্রামের পশ্চিম দিকে একটি বড় দীঘী (মহতী দীর্ঘিকা)। সৃষ্টির পূর্ব্বকালে কেবল আত্মাকে নমস্কার। ভারতের পশ্চিম দেশে ম্লেচ্ছদিগের বাস। পর্ব্বতের দক্ষিণ দেশে বহু বন। হিমালয়ের নিম্ন দেশে (অবাক্) একটি সরোবরে বহু পদ্ম। বৃক্ষের নিম্নে শুষ্ক পত্রগুলি পড়িয়াছে (অপতন্)। পাপ ব্যতিরেকে দুঃখ হয় না (ন ভবতি)। ধন ব্যতিরেকে মনুষ্য-দিগের মান নাই (নাস্তি)। সরল নয়েরা দেব হইতে পৃথক্ নহে। তিনি গঙ্গা পর্য্যন্ত সমস্ত গ্রামের অধিপতি। দেশ

ব্যাপিয়া সমস্ত লোক তোমার যশ গান করিতেছে (গায়ন্তি)। গঙ্গার নিকটে আমাদিগের বাস। পর্ব্বতের দূরে একটি সুন্দর নগর আছে (অস্তি)। বৈশাখ হইতে দ্বাদশ মাস। পুস্তকের প্রথম পত্র হইতে দশম পত্র পর্য্যন্ত (যাবৎ)। সেই অসভ্য লোকেরা পর্ব্বতের নিম্নে বাস করে। সেই ব্যাধ বৃক্ষের তলে উপবেশন করিল (উপাবিশৎ)।

দ্বাদশ পাঠ।

পুরস্, পুরস্তাৎ, উপরি, উপরিষ্টাৎ, উত্তরাৎ, উত্তরতস্, দক্ষিণাৎ ও দক্ষিণতস্ এই কয়েকটি অব্যয়ের যোগে শব্দের উত্তর ষষ্ঠী বিভক্তি হয়। যথা—পুরো রামস্য = রামের অগ্রে। পুরস্তাৎ ভবনস্য = বাড়ীর সম্মুখে। উপরি প্রাসাদস্য = প্রাসাদের উপরিভাগে। উপরিষ্টাৎ পর্ব্বতস্য = পর্ব্বতের উপরিভাগে। উত্তরাৎ উদ্যানস্য = বাগানের উত্তরে। দক্ষিণতো জলাশয়স্য = জলাশয়ের দক্ষিণে।

বহিস্ শব্দের যোগে ষষ্ঠী ও পঞ্চমী বিভক্তি হয়। যথা—বহিঃ নগরস্য নগরাৎ বা = নগরের বাহিরে।

বারার্থে সুচ্ প্রত্যয়-নিষ্পন্ন দ্বিঃ, ত্রিঃ এবং কৃত্বস্ প্রত্যয়-নিষ্পন্ন চতুঃকৃত্বস্, পঞ্চকৃত্বস্ প্রভৃতি অব্যয়ের যোগে কালাধিকরণে সপ্তমী ও ষষ্ঠী বিভক্তি হয়। যথা—দ্বিঃ দিবসে, দিবসস্য বা = দিবসে দুইবার। ত্রিঃ মাসে, মাসস্য বা = মাসে তিনবার। চতুঃকৃত্বঃ বৎসরে, বৎসরস্য বা = বৎসরে চারিবার।

সংস্কৃতে অনুবাদ কর :—

গৃহের সম্মুখে একটি পুষ্পের উদ্যান। আচার্য্যের সম্মুখে প্রণত শিষ্যেরা। প্রাসাদের উপর উপবিষ্ট রাজার পুত্রেরা। সেই পর্ব্বতের উপর নিবিড় বনে বহু শ্বাপদ। এই গ্রামের উত্তরে আমার মাতুলের বাস। আমার বাড়ীর দক্ষিণে তোমার কিঞ্চিৎ ভূমি আছে (অস্তি)। নগরের বাহিরে চণ্ডালদিগের বাস। মানবেরা দিবসে দুইবার খায় (খাদন্তি)। তোমার পিতা এখানে মাসে তিনবার আসেন (আগচ্ছতি)। আমি বৎসরে চারিবার বাড়ী যাই (গচ্ছামি)। তুমি এই ঔষধটি রাত্রিতে পাঁচবার পান করিবে (পাস্যসি)।

স্ত্রীপ্রত্যয় (Formation of Feminine)।

ত্রয়োদশ পাঠ।

১। পুংলিঙ্গ অকারান্ত শব্দ স্ত্রীলিঙ্গে আকারান্ত হয়। যথা—গত—গতা, সর্ব্ব—সর্ব্বা এইরূপ পূর্ব্বা, উত্তরা, দক্ষিণা, পরা, অপরা, অধরা, অন্যা, কৃশা, প্রবলা ইত্যাদি।

২। অকভাগান্ত শব্দ স্ত্রীলিঙ্গে আকারান্ত হইলে, অক স্থানে ইক হয়। যথা—বালক—বালিকা, নায়ক—নায়িকা, গায়ক—গায়িকা ইত্যাদি।

৩। অজ প্রভৃতি শব্দ স্ত্রীলিঙ্গে আকারান্ত হয়। যথা—অজ—অজা, অশ্ব—অশ্বা ইত্যাদি। (১)।

(১) বড়বা, চটকা, কোকিলা, মূষিকা, কন্যা, বালা, বৎসা, মন্দা, বিলতা, জ্যেষ্ঠা, কনিষ্ঠা, মধ্যমা, উত্তমা, অসিতা, পলিতা, ত্রিফলা।

৪। শূদ্র শব্দ স্ত্রীলিঙ্গে আকারান্ত হয়, কিন্তু মহৎশব্দ পূর্ব্বে থাকিলে ঈকারান্ত হয়। যথা—শূদ্রা, মহাশূদ্রী।

৫। নদ প্রভৃতি (১) শব্দ স্ত্রীলিঙ্গে ঈকারান্ত হয়। যথা—নদ—নদী,, দেব—দেবী, গৌর—গৌরী, ইত্যাদি।

৬। সমস্ত অৎভাগান্ত শব্দ স্ত্রীলিঙ্গে ঈকারান্ত হয়। যথা—শ্রীমৎ—শ্রীমতী, ভবৎ—ভবতী, মহৎ—মহতী, বৃহৎ—বৃহতী ইত্যাদি।

৭। অন্‌ভাগান্ত ও ইন্‌ভাগান্ত শব্দ স্ত্রীলিঙ্গে ঈকারান্ত হয়।—যথা—রাজন্—রাজ্ঞী, মানিন্—মানিনী।

৮। প্রথম, দ্বিতীয়, তৃতীয়, তুর্য্য ও তুরীয় ভিন্ন পূরণবাচক শব্দ স্ত্রীলিঙ্গে ঈকারান্ত হয়। যথা—চতুর্থ—চতুর্থী, পঞ্চম—পঞ্চমী, একাদশ—একাদশী, বিংশ—বিংশী, বিংশতিতম—বিংশতি-তমী ইত্যাদি।

৯। বস্ ও ঈয়স্ প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গে ঈকারান্ত হয়; এবং বস্ স্থানে উস্ হয়। যথা—বিদ্বস্—বিদুষী, গরীয়স্—গরী-য়সী, শ্রেয়স্—শ্রেয়সী।

১০। তৃপ্রত্যয়ান্ত বিশেষণ শব্দ স্ত্রীলিঙ্গে ঈকারান্ত হয়। যথা—দাতৃ—দাত্রী, কর্ত্তৃ—কর্ত্রী।

(১) বদরী, পাত্রী, আমলকী, হরীতকী, বিভীতকী, নটী, তটী, পটী, মৎস্যী, মনুষ্যী, মণ্ডলী, কুণ্ডলী, কদলী, কাকলী, বিকলী, পুষ্কলী, বৃষী, কেকয়ী, তরুণী ইত্যাদি।

চতুর্দ্দশ পাঠ।

১১। নর্ত্তক, খনক ও রজক শব্দ স্ত্রীলিঙ্গে ঈকারান্ত হয়। যথা—নর্ত্তকী, খনকী, রজকী।

১২। প্রাচ্ প্রভৃতি শব্দ স্ত্রীলিঙ্গে ঈকারান্ত হয়। যথা—প্রাচ্—প্রাচী, অবাচ্—অবাচী, প্রত্যচ্—প্রতীচী, উদচ্—উদীচী, তির্য্যচ্—তিরশ্চী ইত্যাদি।

১৩। অপত্যপ্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গে ঈকারান্ত হয়। যথা—পার্ব্বত—পার্ব্বতী, জানক—জানকী, দ্রৌপদ—দ্রৌপদী ইত্যাদি।

১৪। কর, চর, দৃশ ও ময় ভাগান্ত শব্দ স্ত্রীলিঙ্গে ঈকারান্ত হয়। যথা—শঙ্কর—শঙ্করী, ক্ষেমঙ্কর—ক্ষেমঙ্করী, খেচর—খেচরী, তাদৃশ—তাদৃশী, মৃণ্ময়—মৃণ্ময়ী, দয়াময়—দয়াময়ী ইত্যাদি।

১৫। জাতিবাচক শব্দ স্ত্রীলিঙ্গে ঈকারান্ত হয়। যথা—কুমার—কুমারী, ব্রাহ্মণ ব্রাহ্মণী, মানুষ—মানুষী, সিংহ—সিংহী, ব্যাঘ্র—ব্যাঘ্রী, ময়ূর—ময়ূরী, শূকর—শূকরী ইত্যাদি।

১৬। যে সকল জাতিবাচক শব্দের উপধা য থাকে, তাহারা স্ত্রীলিঙ্গে আকারান্ত হয়। যথা—ক্ষত্রিয়া, বৈশ্যা ইত্যাদি।

১৭। শোণ প্রভৃতি শব্দ স্ত্রীলিঙ্গে আকারান্ত ও ঈকারান্ত হয়। যথা—শোণা শোণী, কল্যাণা কল্যাণী, চণ্ডা চণ্ডী, পুরাণা পুরাণী, বিশালা বিশালী, বিকটা বিকটী, উদারা উদারী, চান্দ্রভাগা চান্দ্রভাগী, উপাধ্যায়া উপাধ্যায়ী।

১৮। গুণবাচক উকারান্ত শব্দ বিকল্পে ঈকারান্ত হয়। যথা—পটু—পট্বী পটুঃ, সাধু—সাধ্বী সাধুঃ, লঘু—লঘ্বী লঘুঃ, গুরু—গুরুঃ গুর্ব্বী। কিন্তু যুক্তবর্ণ উপধা হইলে, হয় না। যথা—পাণ্ডুঃ।

পঞ্চদশ পাঠ।

১৯। ক্তি প্রত্যয়ান্ত ভিন্ন স্ত্রীলিঙ্গ হ্রস্ব ইকারান্ত শব্দ বিকল্পে দীর্ঘ ঈকারান্ত হয়। যথা—রাত্রী রাত্রিঃ, ভূমী ভূমিঃ ইত্যাদি।

২০। শক্তি প্রভৃতি কয়েকটি ক্তিপ্রত্যয়ান্ত শব্দ বিকল্পে দীর্ঘ ঈকারান্ত হয়। যথা—শক্তী শক্তিঃ, যষ্টী যষ্টিঃ, পদ্ধতী পদ্ধতিঃ, বস্তী বস্তিঃ।

২১। বহুব্রীহি সমাসে অঙ্গবাচক শব্দ স্ত্রীলিঙ্গে আকারান্ত ও ঈকারান্ত হয়। যথা—চন্দ্রমুখা চন্দ্রমুখী, দীর্ঘকেশা দীর্ঘকেশী, তীক্ষ্ণশৃঙ্গা তীক্ষ্ণশৃঙ্গী, মৃদ্বঙ্গা মৃদ্বঙ্গী, চারুকর্ণা চারুকর্ণী, শুভ্রদন্তা শুভ্রদন্তী, মধুরকণ্ঠা মধুরকণ্ঠী, বিম্বোষ্ঠা বিম্বোষ্ঠী, দীর্ঘজঙ্ঘা দীর্ঘ-জঙ্ঘী, সুগাত্রা সুগাত্রী, দীর্ঘপুচ্ছা দীর্ঘপুচ্ছী, শূর্পণখা শূর্পণখী, গৌরমুখা গৌরমুখী।

২২। নাম বুঝাইলে নখান্ত ও মুখান্ত শব্দ নিত্য আকারান্ত হয়। যথা—শূর্পণখা, গৌরমুখা।

২৩। ভার্য্যা অর্থে, ইন্দ্র প্রভৃতি শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে আনী প্রত্যয় হয়। যথা—ইন্দ্রস্য ভার্য্যা—ইন্দ্রাণী, এইরূপ—ভবানী, শর্ব্বাণী, রুদ্রাণী, মৃড়ানী, বরুণানী, আচার্য্যানী।

২৪। মহত্ত্ব অর্থে হিম ও অরণ্য শব্দের উত্তর আনী প্রত্যয় হয়। যথা—মহৎ হিমং—হিমানী, মহৎ অরণ্যং—অরণ্যানী।

২৫। ভার্য্যা অর্থে মাতুল ও উপাধ্যায় শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঈ ও আনী প্রত্যয় হয়। যথা—মাতুলী মাতুলানী, উপাধ্যায়ী উপাধ্যায়ানী।

ধাতু (verb)।

ষোড়শ পাঠ।

ধাতু তিন প্রকার,—অকর্ম্মক (Intransitive), সকর্ম্মক (Transitive) ও দ্বিকর্ম্মক (Transitive with two objects)। যাহাদের কর্ম্ম নাই, তাহাদিগকে অকর্ম্মক বলে। যথা—ভূ, স্থা ইত্যাদি। যাহাদের কর্ম্ম আছে, তাহাদিগকে সকর্ম্মক বলে। যথা—গম্, দৃশ্ ইত্যাদি। যাহাদের দুইটি কর্ম্ম, তাহাদিগকে দ্বিকর্ম্মক বলে। যথা—দুহ্, যাচ্ ইত্যাদি।

কৃদন্ত-প্রকরণ।

ঘঞ্ (অ) প্রত্যয়।

ভাববাচ্যে ধাতুর উত্তর ঘঞ্ প্রত্যয় হয়। এই ঘঞ্ প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ দেব শব্দের ন্যায় হইয়া থাকে। যথা—পচ্—পাকঃ, ত্যজ্—ত্যাগঃ, ভজ্—ভাগঃ, যজ্—যাগঃ, নশ্—নাশঃ, পত্—পাতঃ, তপ্—তাপঃ, পঠ্—পাঠঃ, দহ্—দাহঃ, সিচ্—সেকঃ, শুচ্—শোকঃ, যুজ্—যোগঃ, ভুজ্—ভোগঃ, রুজ্—রোগঃ, সৃজ্—সর্গঃ, শ্রু—শ্রাবঃ, ভূ—ভাবঃ, কৃ—কারঃ, ভন্জ্—ভঙ্গঃ, সন্জ্—সঙ্গঃ, রন্জ্—রাগঃ, ইত্যাদি।

ভাববাচ্যে কৃৎপ্রত্যয়ান্ত শব্দসমুদায় ক্রিয়াবচক বিশেষ্য (Verbal nouns) হয় এবং ইহাদের কর্ত্তা ও কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—(কর্ত্তায় ষষ্ঠী) ধনস্য নাশঃ=ধনের নাশ। বৃক্ষস্য পাতঃ=বৃক্ষের পতন। (কর্ম্মে ষষ্ঠী) অন্নস্য পাকঃ=অন্ন পাক। গৃহস্য ত্যাগঃ=গৃহ ত্যাগ।

একমাত্র কৃৎপ্রত্যয়ান্ত শব্দের যোগে কর্ত্তা ও কর্ম্ম এই উভ-

য়ের প্রাপ্তি হইলে, কর্ম্মে ষষ্ঠী ও কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হয়। যথা—ছাত্রেণ পুস্তকস্য পাঠঃ=ছাত্রকর্ত্তৃক পুস্তক পাঠ।

কোন কোন বৈয়াকরণের মতে কর্ত্তায় তৃতীয়া কিংবা ষষ্ঠী বিভক্তি হয়। যথা—সূদেন সূদস্য বা অন্নস্য পাকঃ=পাচক-কর্ত্তৃক অন্ন পাক।

অৎ (অ) প্রত্যয়।

ভাববাচ্যে ধাতুর উত্তর অৎ প্রত্যয় হয়। এই অৎ প্রত্যয়ান্ত শব্দ প্রায় পুংলিঙ্গ হইয়া থাকে। যথা—ক্ষি—ক্ষয়ঃ, জি—জয়ঃ, নী—নয়ঃ, লী—লয়ঃ, ভী—ভয়ম্, দ্রু—দ্রবঃ স্তু—স্তবঃ, ভূ—ভবঃ, মুদ্—মোদঃ, মুহ্—মোহঃ, কুপ্—কোপঃ, খিদ্—খেদঃ, স্পৃশ্—স্পর্শঃ, হৃষ্—হর্ষঃ, বৃষ্—বর্ষম্, জপ্—জপঃ, বধ্ বধঃ ইত্যাদি।

কর্ত্তায় ষষ্ঠী, যথা—পাপস্য ক্ষয়ঃ=পাপের ক্ষয়। শিশূনাং ভয়ম্=শিশুদিগের ভয়। রাজ্ঞঃ কোপঃ=রাজার কোপ।

কর্ম্মে ষষ্ঠী, যথা—দুর্গায়াঃ স্তবঃ=দুর্গার স্তব। পাদয়োঃ স্পর্শঃ=পাদদ্বয় স্পর্শ।

পিত্রা পুত্রস্য আশ্লেষঃ=পিতাকর্ত্তৃক পুত্রকে আলিঙ্গন। ব্রাহ্মণেন ব্রাহ্মণস্য বা মন্ত্রস্য জপঃ=ব্রাহ্মণকর্ত্তৃক মন্ত্র জপ।

সংস্কৃতে অনুবাদ কর :—

দেহের নাশ। ব্রাহ্মণের বাস। ধনের ত্যাগ। গ্রন্থের পাঠ। মাতার শোক। রাজ্যের ভোগ। মৃণালের ভঙ্গ। অগ্নির তাপ। প্রাণীদিগের রোগ। শরীরের ক্ষয়। পৃথিবীর লয়। মনুষ্যদিগের ভয়। বিষ্ণুর স্তব। পিতাকর্ত্তৃক পুত্রশোক। শিষ্য-কর্ত্তৃক গুরুর পাদস্পর্শ। জননীর খেদ। শত্রুদিগের হর্ষ।

ঘাতককর্তৃক প্রাণীর বধ। রাজাকর্তৃক রাজ্যের জয়। শত্রু-কর্তৃক নগর দাহ। যাচককর্তৃক ধন লাভ।"

সপ্তদশ পাঠ।

আৎ (আ) প্রত্যয়।

ভাববাচ্যে কতিপয় ধাতুর উত্তর আৎ প্রত্যয় হয়। এই আৎ প্রত্যয়ান্তশব্দ স্ত্রীলিঙ্গ লতাশব্দের ন্যায় হইয়া থাকে। যথা—রক্ষ্—রক্ষা, লজ্জ্—লজ্জা, শঙ্ক্—শঙ্কা, আ + কাঙ্ক্ষ্—আকাঙ্ক্ষা, অনু + কম্প্—অনুকম্পা, আ + শন্স্—আশংসা, বাধ্—বাধা, ভিক্ষ—ভিক্ষা, পরি + ঈক্ষ্—পরীক্ষা, ব্রীড়্—ব্রীড়া, ক্রীড়্—ক্রীড়া, হিন্স্—হিংসা, নিন্দ্—নিন্দা, মূর্চ্ছ্—মূর্চ্ছা, খেল্—খেলা, সেব্—সেবা, ঈর্ষ্য—ঈর্ষ্যা, অসূয়, অসূয়া, ইষ্—ইচ্ছা, প্রচ্ছ্—পৃচ্ছা, ত্রপ্—ত্রপা, ব্যথ—ব্যথা, ছিদ্—ছিদা, ভিদ্—ভিদা, ক্ষম্—ক্ষমা, কৃপ্—কৃপা, তৃষ্—তৃষা, চিন্তি—চিন্তা, পূজি—পূজা, কথি—কথা, জিগীস্—জিগীষা, জিজ্ঞাস্—জিজ্ঞাসা, পিপাস্—পিপাসা, মীমাংস্—মীমাংসা, ইত্যাদি।

কর্ত্তায় ষষ্ঠী, যথা—স্ত্রীণাং লজ্জা = স্ত্রীদিগের লজ্জা। পাপিনাং শঙ্কা = পাপীদিগের শঙ্কা।

কর্ম্মে ষষ্ঠী, যথা—ধনস্য আকাঙ্ক্ষা = ধনের আকাঙ্ক্ষা, দেবস্য পূজা = দেবের পূজা।

আৎপ্রত্যয়ান্ত শব্দের যোগে কর্ত্তা ও কর্ম্ম এই উভয়ের উত্তর নিত্য ষষ্ঠী বিভক্তি হয়। যথা—নৃপস্য লোকানাং রক্ষা = নৃপতির লোকদিগকে রক্ষা। বিদুষঃ শাস্ত্রস্য চিন্তা = বিদ্বানের শাস্ত্র চিন্তা।

সংস্কৃতে অনুবাদ কর :—

শিশুদিগের ক্রীড়া। তোমার শঙ্কা। আমার লজ্জা। প্রাণীদিগের হিংসা। পাপীদিগের নিন্দা। ছাত্র দুইটীর পরীক্ষা। পুত্রকর্ত্তৃক পিতার সেবা। হৃদয়ের ব্যথা। খলদিগের ঈর্ষ্যা। নীচ লোকদিগের অসূয়া। দুর্য্যোধনের রাজ্য ইচ্ছা। জ্ঞানীদিগের দরিদ্রদিগকে অনুকম্পা। সাধুদিগের সকল লোককে ক্ষমা। শিশুর দুগ্ধ পিপাসা। সেনাপতির দেশ জয় করিবার ইচ্ছা (জিগীষা)। ভৃত্যের গৃহে যাইবার ইচ্ছা (জিগমিষা)। পণ্ডিতদিগের ধর্ম্মের সিদ্ধান্ত (মীমাংসা)। বৈদ্যের রোগ চিকিৎসা।

অষ্টাদশ পাঠ।

ক্তি (তি) প্রত্যয়।

ভাববাচ্যে ধাতুর উত্তর ক্তি প্রত্যয় হয়। এই ক্তি প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ মতি শব্দের ন্যায় হইয়া থাকে। যথা— খ্যা—খ্যাতি, মা—মিতিঃ, স্থা—স্থিতিঃ, নী—নীতিঃ, প্রী—প্রীতিঃ, ভী—ভীতিঃ, শ্রু—শ্রুতিঃ, স্তু—স্তুতিঃ, কৃ—কৃতিঃ, স্মৃ—স্মৃতিঃ, শক্—শক্তিঃ, মুচ্—মুক্তিঃ, বচ্—উক্তিঃ, ভজ্—ভক্তিঃ, যজ্—ইষ্টিঃ, যুজ্—যুক্তিঃ, সৃজ্—সৃষ্টিঃ, বৃৎ—বৃত্তিঃ, বৃধ্—বৃদ্ধিঃ, পদ্—পত্তিঃ, বুধ্—বুদ্ধিঃ, শুধ্—শুদ্ধিঃ, সিধ্—সিদ্ধিঃ, মন্—মতিঃ, আপ্—আপ্তিঃ, তৃপ্—তৃপ্তিঃ, দীপ্—দীপ্তিঃ, গম্—গতিঃ, শম্—শান্তিঃ, দৃশ্—দৃষ্টিঃ, বৃষ্—বৃষ্টিঃ, রুহ্—রূঢ়িঃ ইত্যাদি।

কর্ত্তার ষষ্ঠী, যথা—বিদুষঃ খ্যাতিঃ—বিদ্বানের খ্যাতি। লোকানাং স্থিতিঃ—লোকদিগের স্থিতি।

কর্ম্মে ষষ্ঠী, যথা—দেবতায়াঃ স্তুতিঃ=দেবতাকে স্তুতি। হরেঃ স্মৃতিঃ=হরিকে স্মরণ।

কোনও কোনও বৈয়াকরণদিগের মতে আৎ ভিন্ন কৃৎ প্রত্যয়ান্ত স্ত্রীলিঙ্গ শব্দের যোগে কর্ত্তায় তৃতীয়া কিংবা ষষ্ঠী বিভক্তি হয়। যথা—সূত্রস্য কৃতিঃ পাণিনিনা পাণিনেঃ=পাণিনিকর্তৃক সূত্র করণ।

সংস্কৃতে অনুবাদ কর :—

ব্যাঘ্র হইতে মৃগদিগের ভীতি। রাজার শক্তি। পৃথিবীতে সাধুদিগের খ্যাতি। গ্রামে মনুষ্যদিগের স্থিতি। সলিল হেতু শস্যের বৃদ্ধি। পাপহেতু মনুষ্যের বিপত্তি। রাজা কর্তৃক তস্করের মুক্তি। পণ্ডিতকর্তৃক শাস্ত্রের উক্তি। দেবতাকে ভক্তি। বিধিকর্তৃক জগতের সৃষ্টি। অশ্বের গতি। আকাশে নক্ষত্রদিগের দীপ্তি। ধৈর্য্যহেতু চিত্তের শান্তি। পাপীর দুঃখ প্রাপ্তি। ভৃত্যদিগের কার্য্যকরণ, (কৃতি)। শিষ্যের ধর্ম্ম শ্রবণ। (শ্রুতি)।

ঊনবিংশ পাঠ।

অনট্ (অন) প্রত্যয়।

ভাববাচ্যে ধাতুর উত্তর অনট্প্রত্যয় হয়। এই অনট্প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ ফলশব্দের ন্যায় হইয়া থাকে। যথা—ঘ্রা—ঘ্রাণম্, দা—দানম্, পা—পানম্, জ্ঞা—জ্ঞানম্, চি—চয়নম্, শী—শয়নম্, শ্রু—শ্রবণম্, কৃ—করণম্, মৃ—মরণম্, স্মৃ—স্মরণম্, গৈ—গানম্, গম্—গমনম্, পত্—পতনম্, রক্ষ্—রক্ষণম্, অধি+ই—অধ্যয়নম্, শাস্—শাসনম্, সিচ্—সেচনম্, মুচ্—মোচনম্,

ক্রীড়্—ক্রীড়নম্, কূজ্—কূজনম্, বৃধ্—বর্দ্ধনম্, দৃশ্—দর্শনম, রন্জ্—রঞ্জনম্, দন্শ্—দংশনম্ ইত্যাদি।

কর্ত্তায় ষষ্ঠী, যথা—জন্তূনাং মরণম্=জন্তুদিগের মরণ। পক্ষিণাং কূজনম্=পক্ষীদিগের কূজন।

কর্ম্মে ষষ্ঠী, যথা—গীতস্য শ্রবণম্=গীত শ্রবণ। পুষ্পস্য ঘ্রাণম্ =পুষ্পের ঘ্রাণ। ধনিনা ধনস্য দানম্=ধনিকর্তৃক ধন দান। ছাত্রেণ ছাত্রস্য বা পুস্তকস্য অধ্যয়নম্=ছাত্রকর্তৃক পুস্তক অধ্যয়ন।

সংস্কৃতে অনুবাদ কর :—

শয্যায় বৃদ্ধের শয়ন। রোগহেতু প্রাণীদিগের মরণ। অধ্যয়নহেতু মনুষ্যদিগের শাস্ত্রজ্ঞান। ব্রাহ্মণকর্তৃক পুষ্প চয়ন। ভক্তকর্তৃক হরির স্মরণ। গীতের শ্রবণহেতু আনন্দের বর্দ্ধন। পৃথিবীতে নৃপতিকর্তৃক প্রজাদিগের রক্ষণ। পিতৃকর্তৃক পুত্রের শাসন। কৃষককর্তৃক ক্ষেত্রে জলসেচন। তীর্থে সাধুদিগের দেবদর্শন। সর্পকর্তৃক মনুষ্যকে দংশন। সর্পের দংশনহেতু পরীক্ষিতের মরণ।

বিংশ পাঠ।

ণক (অক) প্রত্যয়।

কর্তৃবাচ্যে সর্ব্বকালে ধাতুর উত্তর ণক প্রত্যয় হয়। যথা—পচ্—পাচক, পঠ্—পাঠক, নী—নায়ক, শ্রু—শ্রাবক, পূ—পাবক, কৃ—কারক, স্মৃ—স্মারক, তৃ—তারক, গৈ—গায়ক, দা—দায়ক,

পা—পায়ক, লিখ্—লেখক, মুচ্—মোচক, সিচ্—সেচক, ভুজ্—ভোজক, পূর্—পূরক, হন্—ঘাতক, সেব্—সেবক, দৃশ্—দর্শক, জনি—জনক, পালি—পালক, সাধি—সাধক, পাদি—পাদক, দর্শি—দর্শক, অধ্যাপি—অধ্যাপক, পূজি—পূজক ইত্যাদি।

ণকপ্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গে দেবশব্দের তুল্য, স্ত্রীলিঙ্গে লতা শব্দের তুল্য এবং ক্লীবলিঙ্গে ফলশব্দের তুল্য হয়।

কর্ত্তৃবাচ্যে কৃৎ প্রত্যয়ান্ত শব্দ ক্রিয়াবাচক বিশেষণ (Participle adjective) হয়। আর ইহাদের কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—ব্রাহ্মণঃ পুরাণস্য পাঠকঃ=ব্রাহ্মণ পুরাণ পাঠ করেন। ব্রাহ্মণী অন্নস্য পাচিকা=ব্রাহ্মণী অন্ন পাক করেন। মিত্রং হিতস্য কারকম্=মিত্র হিত করেন। সুগ্রীবঃ সখ্যস্য কারকঃ (ভট্টি) =সুগ্রীব সখ্য করিবে।

তৃণ্ (তৃ) প্রত্যয়।

কর্ত্তৃবাচ্যে সর্ব্বকালে ধাতুর উত্তর তৃণ্ প্রত্যয় হয়। যথা—দা—দাতৃ, জি—জেতৃ, নী—নেতৃ, শ্রু—শ্রোতৃ, কৃ—কর্ত্তৃ, দিশ্—দেষ্টৃ, বুধ্—বোদ্ধৃ; দৃশ্—দ্রষ্টৃ, সৃজ্—স্রষ্টৃ, হন্—হন্তৃ, স্থাপি—স্থাপয়িতৃ, অধ্যাপি—অধ্যাপয়িতৃ ইত্যাদি।

তৃণ্ প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গে দাতৃ শব্দের তুল্য এবং স্ত্রীলিঙ্গে দেবীশব্দের তুল্য হয়। যথা—রাজা শত্রূণাং জেতা=রাজা শত্রুদিগকে জয় করেন। প্রকৃতির্জগতঃ কর্ত্রী=প্রকৃতি জগৎকে করেন। জ্ঞানং মোহস্য হন্তৃ=জ্ঞান মোহকে হনন করে। দ্রুতং দ্রষ্টা অসি মৈথিল্যাঃ (ভট্টি)=তুমি মৈথিলীকে শীঘ্র দেখিবে।

দ্বিকর্ম্মক ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে কৃৎ প্রত্যয় হইলে, কেহ প্রধান কর্ম্মে কেহ বা অপ্রধান কর্ম্মে ষষ্ঠীর বিধান করিয়া থাকেন।

যথা—গোপো গাং দুগ্ধস্য দোহকঃ বা গোপো গোঁ দুগ্ধং দোহকঃ =গোপ গোর দুগ্ধ দোহন করে।

সংস্কৃতে অনুবাদ কর :—

সে মাংস পাক করে। ঋষিরা বেদ পাঠ করেন। তোমরা গীত শ্রবণ করিয়া থাক। অগ্নি সকল দ্রব্যকে পবিত্র করে। পতিব্রতা নারী পতির সেবা করেন। শিশুরা দুগ্ধ পান করে। ভৃত্যেরা এই কার্য্যগুলি করিবে। ব্যাঘ্রেরা মৃগদিগকে হনন করে। ধনী ধন দান করেন। যোগী ছয় রিপুকে জয় করেন। দাসী গৃহের কর্ম্মগুলি করে। পুণ্যকর্ম্ম সুখ বিধান করে। তুমি তোমার পুত্রকে দেখিবে। আমি তোমার পুত্রকে অধ্যয়ন করাইব। তিনি এই কার্য্যগুলি সম্পাদন করিবেন। ভৃত্যেরা প্রভুর কার্য্যগুলি দেখাইবে। প্রাণীদিগের পরিত্রাতা হরিকে ভক্তি কর (ভজ)। প্রজাদিগের পালনকর্ত্তা রাজার মঙ্গল হউক। যিনি সমস্ত শাস্ত্র অধ্যয়ন করান, তিনিই পণ্ডিত। দরিদ্র রাজার নিকট ধন যাচ্ঞা করেন (যাচকঃ)। কৃষক বলীবর্দ্দগুলিকে ক্ষেত্রে লইয়া যায় (নায়কঃ)। গৃহী গরুর পথরোধ করে (রোদ্ধা)। ছাত্র গুরুকে পাঠ জিজ্ঞাসা করে (প্রষ্টা)।

একবিংশ পাঠ।

ণিন্ (ইন্) প্রত্যয়।

কর্ত্তৃবাচ্যে গ্রহ্ প্রভৃতি ধাতুর উত্তর ণিন্প্রত্যয় হয়। যথা —গ্রহ্—গ্রাহিন্, স্থা—স্থায়িন্, অপ+রাধ্—অপরাধিন্, উপ+রুধ—উপরোধিন্ মন্ত্র—মন্ত্রিন্, পরি+ভূ—পরিভবিন্, পরিভাবিন্,

প্র + মথ—প্রমাথিন্, বদ্—বাদিন্, বস্—বাসিন্, বি + আ + হৃ—ব্যাহারিন্, সম্ + হৃ—সংহারিন্,। অধি + কৃ—অধিকারিন্, অভি + লষ্—অভিলাষিন্ ইত্যাদি।

ঘিনুণ্ (ইন্) প্রত্যয়।

শীল, আচার ও সম্যক্ করণ অর্থে কর্ত্তৃবাচ্যে যুজ্ প্রভৃতি ধাতুর উত্তর ঘিনুণ্ প্রত্যয় হয়। যথা—যুজ্—যোগিন্, ত্যজ্—ত্যাগিন্, রন্জ্—রাগিন্, সম্ + সৃজ—সংসর্গিন্, বি + বিচ্—বিবেকিন্, সম্ + পৃচ্—সম্পর্কিন্, অভি + চর—অভিচারিন্, অপ + চর্—অপচারিন্, অভি + হন্—অভিঘাতিন্, অনু + রুধ—অনুরোধিন্, পরি + বদ্—পরিবাদিন্, দুষ্—দোষিন্, দ্বিষ্—দ্বেষিন্, দ্রুহ্—দ্রোহিন্, বি + কথ—বিকথিন্ ইত্যাদি।

ণিন্ ও ঘিনুণ্ প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গে ধনিন্ শব্দের তুল্য, স্ত্রীলিঙ্গে দেবী শব্দের তুল্য এবং ক্লীবলিঙ্গে স্থায়িন্ শব্দের তুল্য হয়। যথা—লুব্ধো জনো ধনস্য গ্রাহী = লুব্ধ ব্যক্তি ধন গ্রহণ করে। মাতা হিতস্য বাদিনী = মাতা হিত বলেন। পুণ্যং পাপস্য প্রমাথি = পুণ্য পাপকে ধ্বংস করে।

ধাতুর উত্তর ভবিষ্যৎকালে ও ঋণী অর্থে ণিন্ প্রত্যয় হইলে, তাহার কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা ভৃত্যো গৃহং গমী = ভৃত্য বাড়ী যাইবে। স উত্তমর্ণস্য শতং রূপকাণি দায়ী = সে মহাজনের শত টাকা ধারে।

সংস্কৃতে অনুবাদ কর :—

অধম নর ধার্ম্মিককে অনাদর করে (পরিভবিন্)। শিক্ষক উদ্ধত ছাত্রকে তিরস্কার করেন (পরিভাবিন্)। নৃশংস লোকেরা

সকল প্রাণীকে উৎপীড়িত করে (উপরোধিন্)। ধার্ম্মিক মনুষ্য হিত পরামর্শ দেন (মন্ত্রিন্)। সাধু লোকেরা সতত সত্য বাক্য বলেন (বাদিন্)। সেই নারী সর্ব্বদা মধুর বাক্য বলে (ব্যাহারিন্)। ক্ষমা ক্রোধকে সংহার করে। যোগী পুরুষেরা সংসার ত্যাগ করেন। পুত্র পিতার ধন অধিকার করে। সকল প্রাণী সুখ অভিলাষ করে। ভ্রাতারা পিতার ধন ভাগ করে (ভাগিন্) যাহারা অন্যের অহিতাচরণ করে (অপচারিন্) তাহারা নীচ। নীচাশয় ছাত্রেরা শিক্ষকের নিন্দা করে (পরিবাদিন্) রোগীরা ঔষধকে দ্বেষ করে।

দ্বাবিংশ পাঠ

শীলাদি অর্থে কর্ত্তৃবাচ্যে বর্ত্তমানকালে চর্ প্রভৃতি ধাতুর উত্তর ইষ্ণু প্রত্যয় হয়। যথা—চর্—চরিষ্ণু, সহ্—সহিষ্ণু, রুচ্—রোচিষ্ণু, বৃত্—বর্ত্তিষ্ণু, বৃধ্—বর্দ্ধিষ্ণু, ভূ—ভবিষ্ণু, অলঙ্কৃ—অলঙ্করিষ্ণু, উৎপত্—উৎপতিষ্ণু, কারি—কারয়িষ্ণু ইত্যাদি।

শীলাদি অর্থে কর্ত্তৃবাচ্যে বর্ত্তমানকালে ইষ্, বিন্দ্, ভিক্ষ্, আ+শন্স্ ও সনন্ত ধাতুর উত্তর উ প্রত্যায় হয়। যথা—ইচ্ছু, বিন্দু, ভিক্ষু, আশংসু, চিকীর্ষু, জিগীষু ইত্যাদি।

ইষ্ণু, ও উ প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গে সাধু শব্দের তুল্য, স্ত্রীলিঙ্গে ধেনু শব্দের তুল্য এবং ক্লীবলিঙ্গে মধু শব্দের তুল্য হয়। আর ইহাদের কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয় না। যথা—সাধুঃ দুঃখং সহিষ্ণু = সাধু ব্যক্তি দুঃখ সহ্য করেন। প্রাণিনঃ সুখমিচ্ছবঃ = প্রাণীরা সুখ ইচ্ছা করে।

সংস্কৃতে অনুবাদ কর :—

ক্ষমী লোক পরের দোষ সহ্য করেন। ভূষণগুলি কামিনী-দিগের শরীরকে অলঙ্কৃত করে। সমস্ত লোক সম্পৎ ইচ্ছা করে। জ্ঞানী লোক আপনার দোষ জানেন (বিন্দু)। ভিক্ষু-কেরা সমস্ত দিবস তণ্ডুল ভিক্ষা করে। মাতা সতত পুত্রের মঙ্গল ইচ্ছা করেন (আশংস্)। রাজা শত্রুদিগকে জয় করিতে ইচ্ছা করেন। দাতা দরিদ্রদিগকে ধন দান করিতে ইচ্ছা করেন (দিৎস্)। পুণ্যবান্ লোকেরা অবিরত শান্তি অনুভব করেন।

সপ্তমাংশ।

তিঙন্ত-প্রকরণ।

প্রথম পাঠ।

তিঙ্ বিভক্তি (Verbal Termination.)।

লট্ প্রভৃতিকে তিঙ্ বিভক্তি বলে। এই তিঙ্ বিভক্তির প্রত্যেকটি দুই ভাগে বিভক্ত। প্রথম ভাগকে পরস্মৈপদ ও দ্বিতীয় ভাগকে আত্মনেপদ বলে। কর্তৃবাচ্যে পরস্মৈপদী ধাতুর উত্তর পরস্মৈপদের বিভক্তি, আত্মনেপদী ধাতুর উত্তর আত্মনে-পদের বিভক্তি এবং উভয়পদী ধাতুর উত্তর উভয় পদের বিভক্তি হয়।

পুরুষ (Person)।

পুরুষ তিন প্রকার, প্রথম পুরুষ (Third Person), মধ্যম-পুরুষ (Second Person) ও উত্তম পুরুষ (First Person)।

ধাতুতে উত্তম পুরুষের বিভক্তি যোগ হইলে, অস্মদের ক্রিয়া, ; মধ্যম পুরুষের বিভক্তি যোগ হইলে, যুষ্মদের ক্রিয়া এবং প্রথম পুরুষের বিভক্তি যোগ হইলে, অস্মদ্ ও যুষ্মদ্ ভিন্ন সকলের ক্রিয়া বুঝায়।

বচন (Number)।

প্রত্যেক পুরুষের তিন বচন—অর্থাৎ প্রথম পুরুষে একবচন, দ্বিবচন ও বহুবচন ; মধ্যম পুরুষে একবচন, দ্বিবচন ও বহুবচন এবং উত্তম পুরুষে একবচন, দ্বিবচন ও বহুবচন হয়।

দ্বিতীয় পাঠ।

লট্ প্রভৃতি দশ বিভক্তি।

লট্ (Present Tense)।

	পরস্মৈ পদ।			আত্মনে পদ।		
	প্রথম	মধ্যম	উত্তম	প্রথম	মধ্যম	উত্তম
এক	তি	সি	মি	তে	সে	এ
দ্বি	তঃ	থঃ	বঃ	আতে	আথে	বহে
বহু	অন্তি	থ	মঃ	অন্তে	ধ্বে	মহে

লোট্ (Imperative)।

	পরস্মৈ পদ।			আত্মনে পদ।		
এক	তু	হি	আনি	তাম্	স্ব	ঐ
দ্বি	তাম্	তম্	আব	আতাম্	আথাম্	আবহৈ
বহু	অন্তু	ত	আম	অন্তাম্	ধ্বম্	আমহৈ

বিধিলিঙ্ (Potential)।

পরস্মৈ পদ।				আত্মনে পদ।			
এক	যাৎ	যাঃ	যাম্	এক	ঈত	ঈথাঃ	ঈয়
দ্বি	যাতাম্	যাতম্	যাব	দ্বি	ঈয়াতাম্	ঈয়াথাম্	ঈবহি
বহু	যুঃ	যাত	যাম	বহু	ঈরন্	ঈধ্বম্	ঈমহি

লঙ্ (First Preterite)।

পরস্মৈ পদ				আত্মনে পদ।			
এক	দ্	স্	অম্	এক	ত	থাঃ	ই
দ্বি	তাম্	তম্	ব	দ্বি	আতাম্	আথাম্	বহি
বহু	অন্	ত	ম	বহু	অন্ত	ধ্বম্	মহি

লৃট্ (Future)

পরস্মৈ পদ				আত্মনে পদ।			
এক	স্যতি	স্যসি	স্যামি	এক	স্যতে	স্যসে	স্যে
দ্বি	স্যতঃ	স্যথঃ	স্যাবঃ	দ্বি	স্যেতে	স্যেথে	স্যাবহে
বহু	স্যন্তি	স্যথ	স্যামঃ	বহু	স্যন্তে	স্যধ্বে	স্যামহে

লিট্ (Second Preterite)।

পরস্মৈ পদ।				আত্মনে পদ।			
এক	অ	থ	অ	এক	এ	সে	এ
দ্বি	অতুঃ	অথুঃ	ব	দ্বি	আতে	আথে	বহে
বহু	উঃ	অ	ম	বহু	ইরে	ধ্বে	মহে

লুঙ্ (Third Preterite)।

পরস্মৈ পদ।				আত্মনে।			
এক	দ্	স্	অম্	এক	ত	থাঃ	ই
দ্বি	তাম্	তম্	ব	দ্বি	আতাম্	আথাম্	বহি
বহু	অন্	ত	ম	বহু	অন্ত	ধ্বম্	মহি

তৃতীয় পাঠ।

কাল (Tense)।

লট্।

যে কালে একমাত্র ক্রিয়া আরব্ধ হইয়া ফল শেষ করে, তাহাকে বর্ত্তমান কাল বলে ; বর্ত্তমান কালে ধাতুর উত্তর লট্ হয়। যথা—শিশুঃ পুস্তকং পঠতি=শিশু পুস্তক পড়িতেছে।

লোট্ ও বিধিলিঙ্।

বিধি, অনুজ্ঞা, নিয়োগ, অনুরোধ, নিমন্ত্রণ, প্রার্থনা, সম্ভাবনা ইত্যাদি অর্থে ধাতুর উত্তর লোট্ ও বিধিলিঙ্ হয়। যথা—পাপং মা চর=পাপ আচরণ করিও না। সদা সত্যং বদেৎ=সদা সত্য বলা উচিত। ভৃত্য! ত্বং কার্য্যং কুরু=ভৃত্য! তুমি কাজ কর। অদ্য মে গৃহে অন্নং ভুঞ্জীত ভবান্=অদ্য আমার গৃহে আপনি অন্ন ভোজন করুন। দেহি মে ভিক্ষাম্=আমাকে ভিক্ষা দাও।

লঙ্।

অনদ্যতন (১) অতীত কালে ধাতুর উত্তর লঙ্ হয়। যথা অহং কাশ্যামতিষ্ঠম্=আমি কাশীতে থাকিতাম।

কোনও লোক-প্রসিদ্ধ বিষয় বক্তার দর্শনযোগ্য হইয়াও অগোচর হইলে অদ্যতন অতীত কালে লঙ্ হয়। যথা—অদ্য বাটীমরুণৎ=অদ্য বাটী রোধ করিয়াছে।

(১) গত রাত্রির শেষ এক প্রহর, আগামী রাত্রির প্রথম এক প্রহর এবং সমস্ত দিবসের চারি প্রহর, এই ছয় প্রহরের নাম অদ্যতন কাল। ইহার পূর্ব্বকালের নাম অনদ্যতন অতীত এবং পর কালের নাম অনদ্যতন ভবিষ্যৎ।

লিট্।

অনদ্যতন পরোক্ষ অতীত কালে ধাতুর উত্তর লিট্ হয়। যথা—রামো বনং জগাম=রাম বনে গিয়াছিলেন।

বক্তার চিত্তবিকার ও আত্মগোপন বুঝাইলে, ধাতুর উত্তর উত্তমপুরুষে লিট্ হয়। যথা—মত্তোঽহং বভ্রাম=আমি মত্ত হইয়া ভ্রমণ করিয়াছিলাম। ত্বাং কাশ্যামপশ্যম্, স আহ—নাহং কাশীং জগাম=তোমাকে কাশীতে দেখিয়াছি, সে বলিল—আমি কাশী যাই নাই।

এখানে 'আমি কাশী যাই নাই' এই বাক্য দ্বারা আত্মগোপন বুঝাইতেছে বলিয়া উত্তমপুরুষে লিট্ হইতেছে।

চতুর্থ পাঠ।

লুঙ্।

অদ্যতন অতীত কালে লুঙ্ হয়।—যথা—হরিরদ্য গৃহমগমৎ =হরি অদ্য বাড়ী গিয়াছে।

বাক্যদ্বারা অনদ্যতন কালের বোধ হইলে, ধাতুর উত্তর লুঙ্ হয়। যথা—অযোধ্যায়াং দশরথো নাম নৃপতিরভূৎ=অযোধ্যায় দশরথ নামে রাজা ছিলেন।

নিষেধার্থ মা শব্দের যোগে সর্ব্বকালে লুঙ্ হয়। যথা—ত্বং মা কার্ষীঃ=তুমি করিও না।

নিষেধার্থ মাস্ম শব্দের যোগে সর্ব্বকালে লঙ্ ও লুঙ্ হয়। যথা—স মাস্ম পশ্যৎ, মাস্ম দ্রাক্ষীৎ বা=সে দেখে নাই।

লৃট্।

ভবিষ্যৎ কালে ধাতুর উত্তর লৃট্ হয়। যথা—অহং গৃহং গমিষ্যামি=আমি বাড়ী যাইব।

তুম্, ক্ত্বা (ত্বা), যপ্ (য)।

দুই ক্রিয়ার এক কর্ত্তা হইলে, নিমিত্ত বোধক ধাতুর উত্তর ভাববাচ্যে ভবিষ্যৎ কালে তুম্ প্রত্যয় হয়। যথা—ভোক্তুং গচ্ছতি=ভোজন করিবার নিমিত্ত যাইতেছে।

জ্ঞা প্রভৃতি (১) ধাতুনিষ্পন্ন সমাপিকা ক্রিয়া ও সমর্থার্থক শব্দ পরে থাকিলে, অনিমিত্ত বোধক ধাতুর উত্তর তুম্ প্রত্যয় হয়। যথা=অহং ভোক্তুং জানামি=আমি ভোজন করিতে জানি। স গন্তুমর্হতি=সে গমন করিবার যোগ্য।

দুই ক্রিয়ার এক কর্ত্তা হইলে, পূর্ব্বকালে ধাতুর উত্তর ক্ত্বা ও যপ্ প্রত্যয় হয়। যথা—ভুক্ত্বা গচ্ছতি=ভোজন করিয়া যাইতেছে।

অব্যয় পদের যোগে ধাতুর উত্তর যপ্ প্রত্যয় হয়। যথা—ভৃত্যো বেতনমাদায় গৃহং গতঃ=ভৃত্য বেতন লইয়া বাড়ী গিয়াছে।

নঞ্ এই অব্যয় পদের যোগে ধাতুর উত্তর ক্ত্বা প্রত্যয় হয়। যথা—অনীত্বা পঙ্কতাং ধূলিমুদকং নাবতিষ্ঠতে (মাঘ)=জল ধূলিকে পঙ্ক না করিয়া অবস্থান করে না।

---

(১) জ্ঞা, ভু, অস্, গ্লৈ, অর্হ, ক্রম্, ঘট, রভ্, লভ্, শক্, সহ্, পরি+আপ্, পারি, বিদ্, যুজ্, ধৃষ্। সমর্থ, শক্ত, প্রভু, অলম্।

পঞ্চম পাঠ।

কারক (Case)।

"ক্রিয়ান্বয়ি কারকম্।" ক্রিয়ার সঙ্গে যাহার সাক্ষাৎ সম্বন্ধে অন্বয় হয়, তাহাকে কারক বলে। কারক ছয় প্রকার, যথা—কর্ত্তা, কর্ম্ম, করণ, সম্প্রদান, অপাদান ও অধিকরণ।

কর্ত্তা (Nominative)।

ক্রিয়ার সম্পাদনে যাহা প্রধান, তাহাকে কর্ত্তা বলে; কর্তৃ-কারকে প্রথমা বিভক্তি হয়। যথা—অশ্বো ধাবতি = অশ্ব দৌড়িতেছে।

কর্ম্ম (Accusative)।

কর্ত্তা যাহার উদ্দেশে ক্রিয়া সম্পাদন করে, তাহাকে কর্ম্ম বলে; কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—ভৃত্যঃ কার্য্যং করোতি = ভৃত্য কাজ করিতেছে।

করণ (Instrumental)।

যাহার দ্বারা ক্রিয়া নিষ্পন্ন হয়, তাহাকে করণ বলে; করণ কারকে তৃতীয়া বিভক্তি হয়। যথা—দরিদ্রঃ হস্তেন গৃহ্লাতি = দরিদ্র হস্তদ্বারা গ্রহণ করিতেছে।

সম্প্রদান (Dative)।

যাহাকে কোনও বস্তু দান করা যায়, তাহাকে সম্প্রদান বলে; সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি হয়। যথা—রাজা দীনায় ধনং যচ্ছতি = রাজা দীনকে ধন দিতেছেন।

অপাদান (Ablative).

যাহা হইতে চলন, ভয়, লজ্জা, ত্রাণ, বিরাম, শ্রবণ, বারণ, গ্রহণ, পরাজয়, প্রমাদ, অন্তর্ধান ও উৎপত্তি হয়, তাহাকে অপা-

দান বলে; অপাদান কারকে পঞ্চমী বিভক্তি হয়। যথা—বৃক্ষাৎ ফলং পততি = বৃক্ষ হইতে ফল পড়িতেছে।

অধিকরণ (Locative)।

ক্রিয়ার আধারকে অধিকরণ বলে, অধিকরণ চারি প্রকার;—আধারাধিকরণ, ব্যাপ্ত্যধিকরণ, বিষয়াধিকরণ ও কালাধিকরণ।

আধারাধিকরণ—কলসে জলমস্তি = কলসে জল আছে। ব্যাপ্ত্যধিকরণ—তিলেষু তৈলমস্তি = তিল ব্যাপিয়া তৈল আছে। বিষয়াধিকরণ—ধর্ম্মে মতিরস্তি = ধর্ম্ম বিষয়ে মতি আছে। কালাধিকরণ—বর্ষাসু বৃষ্টির্ভবতি = বর্ষাকালে বৃষ্টি হয়। একদেশাধিকরণ ও অবচ্ছেদাধিকরণ ভেদে আধারাধিকরণ আরও দুই প্রকার হয়। যথা—বনে সিংহো বসতি = বনের একদেশে সিংহ বাস করে। কেশেষু গৃহ্লাতি = কেশাবচ্ছেদে গ্রহণ করিতেছে।

যে ক্রিয়ার কাল প্রসিদ্ধ আছে, সেই ক্রিয়াদ্বারা অন্য ক্রিয়ার কাল লক্ষিত হইলে, তাহার উত্তর ভাবে সপ্তমী হয়। যথা—সূর্য্যে উদিতে স গৃহং গতঃ = সূর্য্য উদিত হইলে সে গৃহে গমন করিয়াছে। এখানে প্রসিদ্ধ সূর্য্যোদয়ের কাল দ্বারা তাহার গমনের কাল লক্ষিত হইতেছে।

ষষ্ঠ পাঠ।

ভ্বাদি—অকর্ম্মক—পরস্মৈপদী।

স্থা ধাতু।

লট্।			লোট্।		
তিষ্ঠতি	তিষ্ঠসি	তিষ্ঠামি	তিষ্ঠতু	তিষ্ঠ	তিষ্ঠানি
তিষ্ঠতঃ	তিষ্ঠথঃ	তিষ্ঠাবঃ	তিষ্ঠতাম্	তিষ্ঠতম্	তিষ্ঠাব
তিষ্ঠন্তি	তিষ্ঠথ	তিষ্ঠামঃ	তিষ্ঠন্তু	তিষ্ঠত	তিষ্ঠাম

বিধিলিঙ্।			লঙ্।		
তিষ্ঠেৎ	তিষ্ঠেঃ	তিষ্ঠেয়ম্	অতিষ্ঠৎ	অতিষ্ঠঃ	অতিষ্ঠম্
তিষ্ঠেতাম্	তিষ্ঠেতম্	তিষ্ঠেব	অতিষ্ঠতাম্	অতিষ্ঠতম্	অতিষ্ঠাব
তিষ্ঠেয়ুঃ	তিষ্ঠেত	তিষ্ঠেম	অতিষ্ঠন্	অতিষ্ঠত	অতিষ্ঠাম

লৃট্।			লিট্।		
স্থাস্যতি	স্থাস্যসি	স্থাস্যামি	তস্থৌ	তস্থিথ তস্থাথ	তস্থৌ
স্থাস্যতঃ	স্থাস্যথঃ	স্থাস্যাবঃ	তস্থতুঃ	তস্থথুঃ	তস্থিব
স্থাস্যন্তি	স্থাস্যথ	স্থাস্যামঃ	তস্থুঃ	তস্থ	তস্থিম

লুঙ্—অস্থাৎ অস্থাতাম্ অস্থুঃ, অস্থাঃ অস্থাতম্ অস্থাত, অস্থাম্ অস্থাব অস্থাম।

স্থাধাতুর অর্থবিশেষে আত্মনে পদ হয়।

লোট্			লট্		
তিষ্ঠতে	তিষ্ঠসে	তিষ্ঠে	তিষ্ঠতাম্	তিষ্ঠস্ব	তিষ্ঠৈ
তিষ্ঠেতে	তিষ্ঠেথে	তিষ্ঠাবহে	তিষ্ঠেতাম্	তিষ্ঠেথাম্	তিষ্ঠাবহৈ
তিষ্ঠন্তে	তিষ্ঠধ্বে	তিষ্ঠামহে	তিষ্ঠন্তাম্	তিষ্ঠধ্বম্	তিষ্ঠামহৈ

বিধিলিঙ্।			লঙ্।		
তিষ্ঠেত	তিষ্ঠেথাঃ	তিষ্ঠেয়	অতিষ্ঠত	অতিষ্ঠথাঃ	অতিষ্ঠে
তিষ্ঠেয়াতাম্	তিষ্ঠেয়াথাম্	তিষ্ঠেবহি	অতিষ্ঠেতাম্	অতিষ্ঠেথাম্	অতিষ্ঠাবহি
তিষ্ঠেরন্	তিষ্ঠেধ্বম্	তিষ্ঠেমহি	অতিষ্ঠন্ত	অতিষ্ঠধ্বম্	অতিষ্ঠামহি

লৃট্।			লিট্।		
স্থাস্যতে	স্থাস্যসে	স্থাস্যে	তস্থে	তস্থিষে	তস্থে
স্থাস্যেতে	স্থাস্যেথে	স্থাস্যাবহে	তস্থাতে	তস্থাথে	তস্থিবহে
স্থাস্যন্তে	স্থাস্যধ্বে	স্থাস্যামহে	তস্থিরে	তস্থিধ্বে,	তস্থিমহে

লুঙ্। অস্থিত অস্থিষাতাম্ অস্থিষত। তুম্-স্থাতুম্। ক্ত্বা—স্থিত্বা। ষপ্—স্থায়।

সপ্তম পাঠ।

কর্ত্তৃবাচ্য (Active voice)।

কর্ত্তৃবাচ্যে কর্ত্তৃকারকে প্রথমা বিভক্তি ও কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি হয়। আর কর্ত্তা যে বচন ও যে পুরুষ, ক্রিয়াও সেই বচন ও সেই পুরুষ হয়।

কর্ত্তৃবাচ্যে পরস্মৈপদী ধাতুর উত্তর পরস্মৈপদের বিভক্তি, আত্মনেপদী ধাতুর উত্তর আত্মনেপদের বিভক্তি এবং উভয়পদী ধাতুর উত্তর উভয় পদের বিভক্তি হয়।

কর্ত্তা ও ক্রিয়া (Nominative and verb)।

স্থা—অবস্থান করা।

প্রথম পুরুষ। সে থাকে=স তিষ্ঠতি। তাহারা দুইজন থাকে=তৌ তিষ্ঠতঃ। তাহারা থাকে=তে তিষ্ঠন্তি।

মধ্যম পুরুষ। তুমি থাকিতেছ=ত্বং তিষ্ঠসি। তোমরা দুইজন থাকিতেছ=যুবাং তিষ্ঠথঃ। তোমরা থাকিতেছ=যূয়ং তিষ্ঠথ।

উত্তম পুরুষ। আমি থাকিতেছি=অহং তিষ্ঠামি। আমরা দুইজন থাকিতেছি=আবাং তিষ্ঠাবঃ। আমরা থাকিতেছি=বয়ং তিষ্ঠামঃ।

অকর্ম্মক ধাতুর প্রয়োগে অন্য ক্রিয়া অন্তর্ভূত হইলে, অবিচ্ছেদ অর্থে দেশবাচক কালবাচক, পথবাচক ও ভাববাচক শব্দের

উত্তর কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—মাসং তিষ্ঠতি, মাসম্ অভিব্যাপ্য তিষ্ঠতি ইত্যর্থঃ=মাস ব্যাপিয়া অবস্থান করিতেছে। এখানে 'মাসং' এই পদটি 'অভিব্যাপ্য' এই অন্তর্ভূত অন্য ক্রিয়ার কর্ম্ম হইতেছে বলিয়া দ্বিতীয়া বিভক্তি হইল।

ক্রিয়ার সমাপ্তি ও ফলপ্রাপ্তি হইলে, কালবাচক ও পথবাচক শব্দের উত্তর অবিচ্ছেদ অর্থে তৃতীয়া বিভক্তি হয়। যথা—অহং মাসেন গীতামপঠম্=আমি মাস ব্যাপিয়া গীতা পড়িয়াছি, অর্থাৎ এক মাসের মধ্যে গীতা সমাপ্তি করিয়া তাহার ফল পাইয়াছি। যেখানে ক্রিয়ার সমাপ্তি ও ফলপ্রাপ্তি হয় না, সেখানে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—অহং মাসং গীতামপঠম্=আমি মাস ব্যাপিয়া গীতা পড়িয়াছি। এখানে একমাস গীতা পড়িয়াছি, কিন্তু তাহার সমাপ্তি ও ফলপ্রাপ্তি হয় নাই।

ক্রিয়ার বিশেষণ কর্ম্ম ও ক্লীবলিঙ্গের একবচন হয়। যথা,—শিশুঃ মাতুঃ ক্রোড়ে সুখং তিষ্ঠতি=শিশু মাতার ক্রোড়ে সুখে থাকে।

অষ্টম পাঠ।

যদি ক্রিয়ার পূর্ব্বে যোগ হয়, তাহা হইলে অতি, অধি, অনু, অপ, অপি, অভি, অব, আ, উদ্, উপ, দুর্, নি, নির্, পরা, পরি, প্র, প্রতি, বি, সম্, সু, এই বিংশতি অব্যয়কে উপসর্গ বলে। এই সকল উপসর্গদ্বারা ধাতুর অর্থান্তর হয়। আর কোথাও পরস্মৈপদী ধাতুর আত্মনেপদ এবং আত্মনেপদী ধাতুর পরস্মৈপদ হয়। এই সকলের উদাহরণ যথাক্রমে প্রদর্শিত হইতেছে।

অধিপূর্ব্বক স্থাধাতুর আধারের কর্ম্ম সংজ্ঞা হয়। যথা—

অধি+স্থা—অবস্থান করা। জনস্তে নিকায়ম্ অধিতিষ্ঠতি (ভট্টি)=লোক তোমার গৃহে অবস্থান করিতেছে।

আরোহণ ও অধিকার অর্থে অধিপূর্ব্বক স্থাধাতু সকর্ম্মক হয়। যথা—কেচিৎ শাখিনঃ অধাষ্ঠুঃ (ভট্টি)=কাহারাও বৃক্ষগুলিতে আরোহণ করিল। স স্বয়মেব অন্যেষাম্ অধিকারান্ অধিতিষ্ঠতি (চণ্ডী)=সে নিজেই অন্য দেবতাদিগের আধিপত্য অধিকার করিতেছে।

অনু+স্থা—১ অনুষ্ঠান করা ; ২ দান করা।

যে মানবা মে মতমিদং নিত্যমনুতিষ্ঠন্তি (গীতা)=যে মানবগণ আমার এই মত সতত অনুষ্ঠান করে।

প্রজাপতিঃ যস্য শৈলাধিপত্যং স্বয়মন্বতিষ্ঠৎ (কুমার)=প্রজাপতি স্বয়ং যাহার পর্ব্বতদিগের উপর আধিপত্য প্রদান করিয়াছিলেন।

অব, সম্, প্র ও বিপূর্ব্বক স্থা ধাতুর আত্মনেপদ হয়। যথা—

স মহাপ্রাজ্ঞঃ পরমেণ ধৈর্য্যেণ অবতস্থে (মহা)=সেই মহান্ জ্ঞানী ব্যক্তি পরম ধৈর্য্যে অবস্থান করিয়াছিলেন।

কৃষ্ণ! অয়ং পারিজাতঃ ভুবি ন সংস্থাস্যতে (বিষ্ণু)=হে কৃষ্ণ! এই পারিজাত পৃথিবীতে থাকিবে না।

স মহান্ ঋষিঃ তদা নৈকত্র ব্যতিষ্ঠত (মহা)=সেই মহান্ ঋষি তখন একস্থানে অবস্থান করেন নাই।

প্র+স্থা—প্রস্থান করা ;—নৃপঃ হুতাশং প্রদক্ষিণীকৃত্য প্রতস্থে (রঘু)=রাজা অগ্নিকে প্রদক্ষিণ করিয়া প্রস্থান করিয়াছিলেন।

প্র-পূর্ব্বক স্থা ধাতু গমনার্থে সকর্ম্মক হইলে, ইহার কর্ম্মে বিকল্পে চতুর্থী বিভক্তি হয়। যথা—

মুনিঃ প্রীতঃ আশ্রমায় প্রতস্থে (ভট্টি)=মুনি প্রীত হইয়া আশ্রমে প্রস্থান করিয়াছিলেন।

বৎস! ত্বমপি রাজধানীং প্রতিষ্ঠস্ব (শকু)=হে বৎস! তুমিও রাজধানীতে প্রস্থান কর।

আ+স্থা—আশ্রয় করা;—রাজন্! সা পুনরেব উত্তমং মৌনমাতিষ্ঠেৎ (মহা)=হে রাজন্! তিনি পুনর্ব্বার উত্তম মৌন অবলম্বন করুন।

উদ্+স্থা—উত্থিত হওয়া;—রাজা আসনাৎ ঈষৎ উদস্থাৎ (ভট্টি)=রাজা আসন হইতে ঈষৎ উত্থিত হইলেন।

দেবপূজা অর্থে উপপূর্ব্বক স্থা ধাতুর আত্মনেপদ হয়। যথা—উপ+স্থা—পূজাকরা;—অসৌ ত্র্যম্বকাৎ অন্যং ন উপাস্থিত (ভট্টি)=তিনি শিব ভিন্ন অন্য দেবতাকে পূজা করিতেন না।

মন্ত্র শব্দ করণ কারক হইলে, উপপূর্ব্বক স্থা ধাতুর আত্মনেপদ হয়। যথা—উপ+স্থা—উপাসনা করা;—যে দ্বিজাঃ মন্ত্রৈঃ সন্ধ্যাত্রয়ং সূর্য্যমুপতিষ্ঠন্তে (ভট্টি)=যে ব্রাহ্মণগণ মন্ত্রদ্বারা ত্রিসন্ধ্যা সূর্য্যের উপাসনা করেন।

সঙ্গতি অর্থে উপপূর্ব্বক স্থা ধাতুর আত্মনেপদ হয়। যথা—পুষ্পধন্বা প্রাঞ্জলিঃ শতমখমুপতস্থে (কুমার)=মদন কৃতাঞ্জলি হইয়া ইন্দ্রের সহিত মিলিত হইয়াছিলেন।

উপপূর্ব্বক অকর্ম্মক স্থাধাতুর আত্মনেপদ এবং সকর্ম্মক হইলে পরস্মৈপদ হয়।

যথা,—ব্রাহ্মণাঃ ভোক্তুমুপতিষ্ঠন্তে=ব্রাহ্মণেরা ভোজন করিবার নিমিত্ত উপস্থিত হইতেছেন।

সা হতা ইতি বদন্ মরুৎসুতঃ রামমুপাতিষ্ঠাৎ (ভট্টি)=তিনি হত হইয়াছেন, এই কথা বলিতে বলিতে হনুমান্ রামের নিকটে উপস্থিত হইল।

সংস্কৃতে অনুবাদ কর :—

যাঁহার মন পবিত্র তিনি চিরকাল সুখে থাকেন। তোমরা এখানে সমস্ত দিন থাক। আমরা কলিকাতায় একমাস অবস্থান করিয়াছিলাম। আমার পিতা বৃদ্ধ বয়সে কাশীতে থাকিবেন। রাম সীতা ও লক্ষ্মণের সহিত রথে আরোহণ করিয়াছিলেন। যুধিষ্ঠির সমস্ত ভারতবর্ষ অধিকার করিয়াছিলেন। তুমি এই চরম সময়ে কেবল ধর্ম্ম কর্ম্ম (ধর্ম্ম্যং কর্ম্ম) অনুষ্ঠান কর। সেই রাজা পুত্রলাভের নিমিত্ত একটি যজ্ঞ আরম্ভ করিয়াছিলেন। তোমার পিতা আমার গৃহে তিন দিন অবস্থান করিয়াছিলেন। বৎস! তুমি সতত এক সত্যকে আশ্রয় কর। সেই সভ্যেরা একে একে (একশঃ) আসন হইতে উঠিয়াছিলেন। ব্রাহ্মণেরা প্রতিদিন (প্রতিদিনম্) বিষ্ণুকে পূজা করেন। ঋষিরা বেদমন্ত্র দ্বারা ঈশ্বরকে উপাসনা করিতেন। কাল (পূর্ব্বেদ্যুঃ) আমার গৃহে তিনটি ব্রাহ্মণ উপস্থিত হইয়াছিলেন। দেবতারা দৈত্যদিগের ভয়ে (দৈত্যভয়াৎ) ব্রহ্মার নিকটে উপস্থিত হইয়াছিলেন)।

নবম পাঠ।

ভূ। লট্ ভবতি। লৃট্ ভবিষ্যতি। লিট্ বভূব, বভূবতুঃ বভূবুঃ, বভূবিথ বভূবথুঃ বভূব, বভূব বভূবিব বভূবিম। লুঙ্ অভূৎ অভূতাম্ অভূবন্, অভূঃ অভূতম্ অভূত, অভূবম্ অভূব অভূম। তুম্—ভবিতুম্। ক্ত্বা—ভূত্বা। যপ্—ভূয়।

ভূ—১ সত্তা, হওয়া ; ২ উৎপন্ন হওয়া।

ধনেন বলবান্ লোকোধনাৎ ভবতি পণ্ডিতঃ (হিতো)= লোক ধনহেতু বলবান্ এবং ধনহেতু পণ্ডিত হয়।

দেবি! মে বহবঃ পুত্রা ভবেয়ুঃ (মহা)=হে দেবি! আমার বহু পুত্র হউক।

তদা তদ্বনং সর্ব্বং ক্ষণেন নিঃশব্দমভবৎ (মহা)=তখন সেই সমস্ত বন ক্ষণকাল ব্যাপিয়া নিঃশব্দ হইল।

তবৈব বচনং সত্যং ভবিষ্যতি (মহা)=তোমারই বাক্য সত্য হইবে।

ভরতস্য পত্নীনাং নব পুত্রা বভূবুঃ (বিষ্ণু)=ভরতের পত্নী- দিগের নয়টি পুত্র উৎপন্ন হইয়াছিল।

অর্জ্জুনস্য উলুপ্যাম্ ইরাবান্ নাম পুত্রোঽভূৎ (বিষ্ণু)= অর্জ্জুনের উলুপীগর্ভে ইরাবান্ নামে পুত্র উৎপন্ন হইয়াছিল।

অনু+ভূ=অনুভব করা ;—সদ্ভ্যো ভয়ং নানুভবন্তি সন্তঃ (মহা)=সাধুরা সাধুদিগের হইতে ভয় অনুভব করেন না।

অভি+ভূ—১ পরাজয় করা, ২ প্রাপ্ত হওয়া।

যঃ শ্রুতেন বিক্রমেণ বা জনান্ অভিভবতি স পুমান্ (মহা)=

যিনি শাস্ত্রজ্ঞান কিংবা বিক্রমদ্বারা লোকদিগকে পরাজয় করেন, তিনি পুরুষ।

অধর্ম্মঃ কৃৎস্নং কুলম্ অভিভবতি (গীতা)=অধর্ম্ম সমস্ত কুলকে প্রাপ্ত হয়।

লঙ্ ও লুঙ্ পরে নিষেধার্থ মা ও মাস্ম শব্দের যোগে ধাতুর আদিতে অ হয় না। যথা—

পরা+ভূ—ন্যূন হওয়া;—কৌরবাণামিদং কুলং মাপরাভূৎ (মহা)=কৌরবদিগের এই বংশ ন্যূন হইবে না।

পরি+ভূ—অনাদর করা;—মা মাং মহাত্মন্ পরিভূঃ (ভট্টি) =হে মহাত্মন্! আমাকে অনাদর করিবেন না।

প্র+ভূ—১ উৎপন্ন হওয়া, ২ সমর্থ হওয়া।

লোভাৎ ক্রোধঃ প্রভবতি (হিতো)=লোভ হেতু ক্রোধ উৎপন্ন হয়। মণির্বিম্বোদ্‌গ্রাহে প্রভবতি ন মৃদাং চয়ঃ (উত্তর)=মণি প্রতিবিম্বগ্রহণে সমর্থ হয়, মৃত্তিকাস্তূপ হয় না।

সম্+ভূ—১ উৎপন্ন হওয়া, ২ সমর্থ হওয়া, ৩ মিলিত হওয়া।

পরিত্রাণায় সাধূনাং সম্ভবামি যুগে যুগে (গীতা)=(আমি) সাধুদিগের পরিত্রাণের নিমিত্ত যুগে যুগে উৎপন্ন হইয়া থাকি।

স মহীপালঃ ত্রৈলোক্যস্যাপি রক্ষণে সম্ভবেৎ (পঞ্চ)=সেই মহীপাল ত্রিভুবনেরও সংরক্ষণে সমর্থ হন।

নগাপগা মহানদ্যা সম্ভূয় অম্ভোধিমভ্যেতি (মাঘ)=গিরিনদী মহানদীর সহিত মিলিত হইয়া সাগরে গমন করে।

আবিস্+ভূ—আবির্ভূত হওয়া;—দেবানাং কার্য্যসিদ্ধ্যর্থম্ আবির্ভবতি সা যদা (চণ্ডী)=তিনি যখন দেবতাদিগের কার্য্যসিদ্ধির নিমিত্ত আবির্ভূতা হন।

অভূততদ্ভাব অর্থে কৃ, ভূ ও অস্ ধাতু পরে চ্বি হয়, এবং অকার স্থানে ঈকার হয়। যথা—

মাতৃ-জজ্ঘা বৎসস্য বন্ধনে স্তম্ভীভবতি (হিতো)=মাতার জজ্ঘা গোবৎসের বন্ধনকার্য্যে স্তম্ভস্বরূপ হইয়া থাকে।

সংস্কৃতে অনুবাদ কর:—

তোমার আগমনহেতু আমি সুখী হইতেছি। আমার শুভা-কাঙ্ক্ষা হেতু (আশিষা) তোমার পুত্র বিদ্বান্ হউক। অন্যের সম্পদে সুখ অনুভব করা উচিত। তিনি তর্কদ্বারা সমস্ত পণ্ডিতকে পরাজয় করিয়াছেন। তোমার এই পাপের ফল তোমার পুত্রদিগকে প্রাপ্ত হইবে। তিনি বিদ্যায় কাহারও নিকটে ন্যূন হইবেন না। আমি দরিদ্র বলিয়া তুমি আমাকে অনাদর করিতেছ। পাপহেতু মনুষ্যদিগের দুঃখ উৎপন্ন হয়। বৃক্ষ হইতে পুষ্প ও ফল উৎপন্ন হয়। স্বয়ং ভগবান্ পাপীদিগের বিনাশের নিমিত্ত পৃথিবীতে উৎপন্ন হইবেন। তিনি সেই প্রবল শত্রুদিগের সহিত যুদ্ধে সমর্থ হইয়াছিলেন। লুব্ধ মনুষ্যেরা অতুল সম্পত্তির অধিকারী হইয়াও সতত দুঃখ অনুভব করে। যাহার মনে সন্তোষ আছে, সে দরিদ্র হইয়াও সতত শান্তি অনুভব করে। তিনি সভার সমস্ত পণ্ডিতকে তর্কদ্বারা পরাজয় করিয়াছিলেন। বহু ক্ষুদ্র নরও মিলিত হইয়া একটি মহৎ কার্য্যে সমর্থ হয়। সেই মহতী সভায় দেশের প্রধান লোকেরা মিলিত হইবেন। ভগবান্ ধর্ম্মরক্ষার নিমিত্ত পৃথিবীতে কল্কিরূপে আবির্ভূত হইবেন।

দশম পাঠ।

জীব্। লট্ জীবতি। লৃট্ জীবিষ্যতি। লিট্ জিজীব জিজীবতুঃ ०, জিজীবিথ জিজীবথুঃ জিজীব, জিজীব জিজীবিব ०। লুঙ্ অজীবীৎ অজীবিষ্টাম্ অজীবিষুঃ, অজীবীঃ অজীবিষ্টম্ অজীবিষ্ট, অজীবিষম্ অজীবিষ্ব আজীবিষ্ম। তুম্—জীবিতুম্। ক্ত্বা—জীবিত্বা। যপ্—০ জীব্য।

জীব্—প্রাণ ধারণ করা।

অকর্ম্মাণঃ স্থাবরাঃ জীবন্তি (মহা)=নিষ্কর্ম্মা লোকেরা স্থাবর হইয়া প্রাণ ধারণ করে।

রাজন্! কুরবঃ পাণ্ডবাশ্চ সুখিনঃ সমৃদ্ধাঃ জীবন্তু (মহা)=হে রাজন্! কৌরব ও পাণ্ডবেরা সুখী ও সমৃদ্ধ হইয়া জীবিত থাকুক।

অনু+জীব্—আশ্রয় করা :—রাজন্! ব্রাহ্মণাঃ সুহৃদস্তথা ত্বাম্ অনুজীবন্তু (মহা)=হে রাজন্! ব্রাহ্মণগণ ও সুহৃদ্‌গণ আপনাকে আশ্রয় করুন।

উপ+জীব্—১ গ্রহণ করা, ২ আশ্রয় করা ;—যে বান্ধবাঃ মোহাৎ স্ত্রীধনানি উপজীবন্তি (মনু)=যে বান্ধবগণ মোহ প্রযুক্ত স্ত্রীধন গ্রহণ করে।

যাবৎ শব্দের যোগে ভবিষ্যৎকালে লট্ বিভক্তি হয়। যথা—পিতা মে কাকুৎস্থঃ যাবৎ জীবতি (রামা)=আমার ককুৎস্থ বংশীয় পিতা যত দিন জীবিত থাকিবেন।

উদ্+জীব্—পুনর্জ্জীবিত হওয়া ;—উদজীবৎ সুমিত্রাভূঃ (ভট্টি)=সুমিত্রা পুত্র (লক্ষ্মণ) পুনর্জ্জীবিত হইয়াছিলেন।

সংস্কৃতে অনুবাদ কর :—

সমস্ত প্রাণী বায়ুহেতু প্রাণধারণ করে। তোমার পুত্র চির-জীবী হউক। আমার পিতামহ শত বৎসর জীবিত ছিলেন। তুমি বহুদিন বাঁচিবে। পূর্ব্বে লোকেরা প্রায় শত বৎসর বাঁচিত। সকলে যাঁহাকে আশ্রয় করে, তাঁহার জীবন সার্থক (অর্থবৎ)। আপনকার আশীর্ব্বাদে আমার পুত্র পুনর্জীবিত হইয়াছে। যে দরিদ্র হইয়াও (দরিদ্রোঽপি) কখনও ধনীকে আশ্রয় করে না, তাহার জীবন ধন্য। এই বালক যে পর্য্যন্ত জীবিত থাকিবে, সে পর্য্যন্ত আমি ইহার নিকটে থাকিব।

একাদশ পাঠ।

ক্রম্। লট্ ক্রামতি। লৃট্ ক্রমিষ্যতি। লিট্ চক্রাম চক্রমতুঃ ০, চক্রমিথ ০ চক্রম, ০ চক্রমিব ০। লুঙ্ অক্রমীৎ অক্রমিষ্টাম্ অক্রমিষুঃ। আত্মনে—লট্ ক্রমতে। লৃট্ ক্রংস্যতে। লিট্ চক্রমে ০০, চক্রমিষে ০ চক্রমিধ্বে ঢ্বে, ০ চক্রমিবহে ০। লুঙ্ অক্রংস্ত অক্রংসাতাম্ অক্রংসত। তুম—ক্রমিতুম্। ক্তা—ক্রমিত্বা, ক্রান্ত্বা, ক্রন্ত্বা। যপ্—০ ক্রম্য।

ক্রম্—পাদবিক্ষেপ করা।

অয়ং ধূর্ত্তো বকঃ শনৈঃ শনৈঃ ক্রামতি=এই ধূর্ত্ত বক আস্তে আস্তে পাদবিক্ষেপ করিতেছে।

অতি+ক্রম্—১ উল্লঙ্ঘন করা, ২ অতীত হওয়া।

সৎপুরুষেণ সঙ্গতং নাতিক্রামেৎ (মহা)=সাধুপুরুষের সংসর্গ উল্লঙ্ঘন করা উচিত নহে।

তস্মিন্ রাষ্ট্রে বসতাং তেষাং সুমহান্ কালোঽতিচক্রাম (মহা)=সেই রাজ্যে বাস করিতে করিতে তাঁহাদিগের দীর্ঘ কাল অতীত হইয়াছিল।

জ্যোতিঃ পদার্থের উর্দ্ধগতি বুঝাইলে, আপূর্ব্বক ক্রম্ ধাতুর আত্মনেপদ হয়। যথা—

ততঃ স সূর্য্যো দিবমাচক্রমে (মহা)=তাহার পর সেই সূর্য্য আকাশে উদিত হইয়াছিল।

আ+ক্রম্—উল্লঙ্ঘন করা ;—তস্য দোষো মহানেকো গুণান্ আক্রম্য তিষ্ঠতি (মহা)=তাহার একটি মহান্ দোষ গুণসমুদায়কে উল্লঙ্ঘন করিয়া থাকে।

উপ+ক্রম্—অপসরণ করা, সরিয়া যাওয়া ;—গচ্ছতস্তস্য মার্গাৎ সর্ব্বভূতানি উপাক্রামন্ (মহা)=তিনি যাইতে যাইতে তাঁহার পথ হইতে সমস্ত প্রাণী সরিয়া গিয়াছিল।

আরম্ভ অর্থে উপ ও প্রপূর্ব্বক ক্রম্ ধাতুর আত্মনেপদ হয়। যথা—মূর্দ্ধ্নি সমুপাঘ্রায় তং প্রষ্টুং সমুপচক্রমে (রামা)=মস্তকে আঘ্রাণ করিয়া তাঁহাকে জিজ্ঞাসা করিতে আরম্ভ করিলেন।

পতঙ্গস্য প্রভা মুনেশ্চ ধেনুর্গন্তুং প্রচক্রমে (রঘু)=সূর্য্যের প্রভা ও মুনির ধেনু গমন করিতে আরম্ভ করিয়াছিল।

নির্+ক্রম্—নিষ্ক্রান্ত হওয়া ;—স মহামতিঃ তস্মাৎ সলিলাৎ নিশ্চক্রাম (বিষ্ণু)=সেই মহামতি সেই সলিল হইতে নিষ্ক্রান্ত হইয়াছিলেন।

উৎসাহ অর্থে উপ ও পরাপূর্ব্বক ক্রম ধাতুর আত্মনেপদ হয় যথা—রাক্ষসী তস্য বিক্রমং পরীক্ষিতুমুপাক্রংস্ত (ভট্টি)=রাক্ষসী তাহার বিক্রম পরীক্ষা করিবার নিমিত্ত উৎসাহিত হইয়াছিল।

নভস্বতঃ সূনুঃ খে তূর্ণং পরাক্রংস্ত (ভট্টি) = পবনপুত্র (হনু-মান্) আকাশে শীঘ্র উৎসাহ করিয়াছিল।

পরি + ক্রম্—ইতস্তত ভ্রমণ করা ;—রাজা নির্জ্জনমরণ্যং গত্বা সদারঃ পরিচক্রমে (মহা) = রাজা নির্জ্জন বনে গমন করিয়া পত্নীর সহিত ইতস্তত ভ্রমণ করিয়াছিলেন।

অতিশয় পরাক্রম ও দীর্ঘ পাদবিক্ষেপ (stride) অর্থে বিপূর্ব্বক ক্রম্‌ধাতুর আত্মনেপদ হয়। যথা—

যঃ কালে বিক্রমতে স ধীরঃ (মহা) = যিনি সময়ে অতিশয় পরাক্রম করেন, তিনি ধীর।

(রামঃ) মৃগান্ বিধ্যন্ বিচক্রমে (ভট্টি) = রাম মৃগদিগকে বিদ্ধ করিতে করিতে দীর্ঘ পাদবিক্ষেপ করিয়াছিলেন।

সংস্কৃতে অনুবাদ কর :—

পদাতিরা একসঙ্গে (যুগপৎ) পদবিক্ষেপ করে। তুমি কখনও পিতার আজ্ঞা উল্লঙ্ঘন করিও না। সাধুদিগের সময় সুখে অতীত হয়। অগ্নির শিখা আকাশে উঠিয়াছিল। মনুষ্যের স্বভাব সকল গুণকে উল্লঙ্ঘন করে। তাহারা আমাকে দেখিয়া (দৃষ্ট্বা) সেখান হইতে সরিয়া যাইবে। সেই রাজা অশ্বমেধ নামক যজ্ঞ আরম্ভ করিয়াছিলেন। পক্ষী গুলি একে একে (একশঃ) বৃক্ষ হইতে উড়িতে (উড্ডয়িতুম্) আরম্ভ করিয়াছিল। তখন ক্রোধ হেতু শিবের নেত্র হইতে অগ্নির শিখা নির্গত হইয়াছিল। তিনি এই মহৎ কার্য্য সম্পাদন করিতে (সম্পাদয়িতুম্) উৎ-সাহিত হইতেছেন। ভীম কুরুক্ষেত্রে শত্রুদিগের সমীপে উৎ-সাহিত হইতেন। আহা ! রাম কণ্টকাকীর্ণ বনে সীতা ও লক্ষ্ম-ণের সহিত ইতস্তত পরিভ্রমণ করিয়াছিলেন। যিনি শত্রুদিগের

নিকটে অতিশয় পরাক্রম করেন, তিনিই বীর। পঞ্চ পাণ্ডব দ্রৌপদীর সহিত সর্ব্বত্র বিহরণ করিয়াছিলেন।

দ্বাদশ পাঠ।

পত্। লট্ পততি। লৃট্ পতিষ্যতি। লিট্ পপাত পেততুঃ পেতুঃ, পেতিথ পেতথুঃ পেত, পপাত পেতিব পেতিম। লুঙ্ অপপ্তৎ অপপ্ততাম্ অপপ্তন্। তুম্—পতিতুম্। ক্ত্বা—পতিত্বা। যপ্—০ পত্য।

পত্—১ পতিত হওয়া, ২ গমন করা, ৩ জাতিভ্রষ্ট হওয়া।

পতন্তি পক্বানি ফলানি বৃক্ষাৎ=বৃক্ষ হইতে পাকা ফলগুলি পড়িতেছে।

এষ বীর্য্যবান্ গজো যং দৃষ্ট্বা জলং পততি (মহা)—এই বীর্য্যবান্ হস্তী যাহাকে দেখিয়া জলে গমন করিতেছে।

এতে পতিতেন সহ ভোজনং কৃত্বা সদ্যঃ পতন্তি (স্মৃতি)= ইহারা পতিতের সহিত ভোজন করিয়া তৎক্ষণাৎ জাতিভ্রষ্ট হয়।

অহং রাজ্ঞো বচনাৎ পাবকেঽপি পতেয়ম্ (রামা)=আমি রাজার বাক্য শুনিয়া অগ্নিতেও পতিত হইতে পারি।

স ছিন্নস্তরুরিবাপতৎ (রামা)=তিনি কর্ত্তিত বৃক্ষের ন্যায় পতিত হইলেন।

অদ্যাহং তস্মিন্ বিভাবসৌ পতিষ্যামি (মহা)=অদ্য আমি সেই অগ্নিতে পতিত হইব।

আ, সম্+আ+পত্=আগমন করা।

সোঽর্জ্জুনো গারুড়ং বেগমাস্থায় আপপাত (রামা)=সেই অর্জ্জুন গরুড়ের ন্যায় বেগ অবলম্বন করিয়া আসিয়াছিলেন।

সর্ব্বে ক্ষত্রিয়াঃ দিগ্‌ভ্যঃ সভাং সমাপেতুঃ (মহা)=সমস্ত ক্ষত্রিয় চারি দিক্ হইতে সভায় আসিয়াছিলেন।

উৎ+পত্—১ উল্লম্ফন করা, ২ উড়িয়া যাওয়া;—কথং মূষিকঃ এতাবৎ দূরমুৎপততি? (হিতো) মূষিক কি প্রকারে এতদূর উল্লম্ফন করিতেছে?

নি+পত্—১ পড়িয়া যাওয়া, ২ ঘটা, ৩ উপস্থিত হওয়া।

ততঃ স রাজা পুনরেব ক্ষিতৌ নিপপাত (রামা)=তাহার পর সেই রাজা পুনর্ব্বার ভূতলে পতিত হইয়াছিলেন।

মরণ-ব্যাধি-শোকানাং কিমদ্য নিপতিষ্যতি (হিতো)=মরণ, ব্যাধি ও শোকের মধ্যে কি আজ ঘটিবে।

নির্+পত্—বহির্গত হওয়া;—তস্য রক্ষসো জনস্তেন শব্দেন বিত্রস্তো গৃহান্নিষ্পপাত (মহা)=সেই রাক্ষসের লোক সেই শব্দে ভীত হইয়া গৃহ হইতে বহির্গত হইয়াছিল।

প্র+নি+পত্—প্রণিপাত করা;—তে সর্ব্বে বাগীশং প্রণিপত্য উপতস্থিরে (কুমার)=তাঁহারা সকলে বৃহস্পতিকে প্রণিপাত করিয়া উপস্থিত হইয়াছিলেন।

সংস্কৃতে অনুবাদ করঃ—

বর্ষাকালে মেঘ হইতে বারি পতিত হয়। ঝড়ে (ঝঞ্ঝাবাত) বৃক্ষ হইতে সমস্ত ফলগুলি পড়িয়াছে। তুমি এই পাপ কর্ম্ম হেতু জাতিভ্রষ্ট হইবে। যখন লোকের বিপৎ ঘটে, তখন ধীর হওয়া উচিত। যখন তোমার ভয় উপস্থিত হইবে, তখন তুমি ধৈর্য্য আশ্রয় করিবে। আমার পিতা কাশীতে পাঁচ মাস থাকিয়া

আজ বাড়ী আসিয়াছেন। সেই সভায় ছয় শত লোক আগমন করিয়াছিলেন। শিশুরা বহুদিনের পর পিতাকে দেখিয়া (দৃষ্ট্বা) আনন্দে উল্লম্ফন করিয়াছিল। পক্ষীরা সেই ব্যাধকে (শাকুনিক) দেখিয়া ভয়ে বৃক্ষ হইতে উড়িয়াছিল। ভীষ্ম অর্জ্জুনের শরাঘাতে মূর্চ্ছিত হইয়া রথ হইতে ভূমিতে পতিত হইয়াছিলেন। তাহার শরীর হইতে সমস্ত শোণিত নির্গত হইয়াছে, সে আর বাঁচিবে না। সে পিতার চরণ দুইটীতে প্রণিপাত করিয়া গৃহ হইতে বহির্গত হইয়াছে।

ত্রয়োদশ পাঠ।

চর্। লট্ চরতি। লৃট্ চরিষ্যতি। লিট্ চচার চেরতুঃ চেরুঃ, চেরিথ ০ চের, চচার চেরিব ০। লুঙ্ অচারীৎ অচারিষ্টাম্ অচারিষুঃ। তুমুন্—চরিতুম্। ক্ত্বা—চরিত্বা। যপ্—০ চর্য্য।

চর্—১ ভ্রমণ করা, ২ তৃণভক্ষণ করা, ৩ আচরণ করা, ৪ প্রচার হওয়া।

অস্মিন্ বনে বহবঃ শ্বাপদাঃ চরন্তি=এই বনে বহু হিংস্র জন্তু ভ্রমণ করে।

গাবঃ তস্মিন্ অরণ্যে নবশস্যং সুখং চেরুঃ (বিষ্ণু)=গো-সমুদায় সেই অরণ্যে সুখে নবশস্য ভক্ষণ করিয়াছিল।

বৃদ্ধস্য রাজ্ঞঃ সততং হিতং চর (রামা)=বৃদ্ধ রাজার সতত হিত আচরণ কর।

দেবি! তে মহান্ পরীবাদঃ লোকে চরিষ্যতি (রামা)=হে দেবি! তোমার মহান্ অপবাদ জগতে প্রচার হইবে।

মহাবনে রামকৃষ্ণৌ গোপালৈঃ সহ চেরতুঃ (বিষ্ণু) = রাম ও কৃষ্ণ গোপবালকদিগের সহিত মহাবনে ভ্রমণ করিয়াছিলেন।

আ, সম্+আ+চর্—আচরণ করা=যদ্‌যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জনাঃ (গীতা)=শ্রেষ্ঠ ব্যক্তি যাহা যাহা আচরণ করেন, ইতর ব্যক্তিরাও তাহা করিয়া থাকে।

শ্রুতেন কিং যো ন চ ধর্ম্মমাচরেৎ (মহা)=যে ধর্ম্ম আচরণ করে না, তাহার শাস্ত্র অধ্যয়নে প্রয়োজন কি ?

সততং কার্য্যং কর্ম্ম সমাচর (গীতা)=সতত কর্ত্তব্য কর্ম্ম আচরণ কর।

পরি+চর্—সেবা করা ;—শক্রঃ সর্ব্বেষু কালেষু দিতিং পরিচচার (রামা) = ইন্দ্র সকল সময়ে দিতির সেবা করিয়াছিলেন।

বি+চর্—ভ্রমণ করা।

রামো মহারণ্যে পদ্ভ্যাং বিচরিষ্যতি (রামা)=রাম মহাবনে পদদ্বারা ভ্রমণ করিবেন।

কথং শূন্যমিমং দেশমেকাকী বিচরিষ্যসি ? (মহা)=কি প্রকারে একাকী এই শূন্য দেশে বিচরণ করিবে ?

সম্+চর্—ভ্রমণ করা ;—কিমস্মিন্ নির্জ্জনে বনে ব্যাধাঃ সঞ্চরন্তি ? (হিতো) = এই নির্জ্জন বনে ব্যাধেরা কি ভ্রমণ করে ?

তৃতীয়ান্ত পদযুক্ত সংপূর্ব্বক চর্‌ধাতুর আত্মনেপদ হয়। যথা ;—কচিৎ সুরাণাং পথা সঞ্চরতে (রঘু)= কখনও দেবতাদিগের পথে বিচরণ করিতে লাগিলেন।

সংস্কৃতে অনুবাদ কর :—

আমি অদ্য সমস্ত দিন ব্যাপিয়া ভ্রমণ করিতেছি। তোমরা এই বৃদ্ধ বয়সে সতত ধর্ম্ম আচরণ কর। এই লোকে সকল

প্রাণীর হিত আচরণ করা উচিত। পূর্ব্বে সেই বনে বহু সিংহ, ব্যাঘ্র ও মৃগ ভ্রমণ করিত। তোমার এই দোষগুলি সমস্ত দেশ ব্যাপিয়া প্রচার হইবে। গঙ্গার চড়ায় (পুলিনে) বহু গো ও মহিষ নব তৃণ ভক্ষণ করিত। তুমি সমস্ত লোকের প্রতি যাদৃশ আচরণ করিবে, লোকেরাও তোমার প্রতি তাদৃশ আচরণ করিবে। যে বিদ্বান্ হইয়া ধর্ম্মাচরণ না করে, তাহার বিদ্যায় প্রয়োজন কি। এই সময়ে বৃদ্ধ মাতাপিতার (মাতাপিতরৌ) সেবা কর। আহা দ্রৌপদী পঞ্চ পাণ্ডবের সহিত কণ্টকাকীর্ণ বনে বিচরণ করিয়াছিলেন। সেই মহাবনে ভীষণ রাক্ষসেরা সতত বিচরণ করিত। শ্বাপদেরা রাত্রিতে বনের নিকটে গ্রামে ভ্রমণ করে। এই চোরটা রাত্রিতে সর্ব্বদা এই পথ দিয়া ভ্রমণ করে।

চতুর্দ্দশ পাঠ।

সদ্। লট্ সীদতি। লৃট্ সৎস্যতি। লিট্ সসাদ সেদতুঃ০, সেদিথ সসথ সেদথুঃ সেদ, সসাদ সেদিব ০। লুঙ্ অসদৎ অসদতাম্ অসদন্। তুম্—সত্তুম্। ক্ত্বা—সত্ত্বা। যপ—০ সদ্য।

সদ্—১ বিশীর্ণ হওয়া, ২ উপবেশন করা, ৩ গমন করা।

সীদন্তি মম গাত্রাণি (গীতা)=আমার অঙ্গ সমুদায় বিশীর্ণ হইতেছে।

নিখিলাঃ (বানরাঃ) গিরেরেকস্মিন্ নিতম্বে সেদুঃ (ভট্টি) =সমস্ত বানর পর্ব্বতের এক তটপ্রদেশে উপবেশন করিয়াছিল।

অব+সদ্—১ বিশীর্ণ হওয়া, ২ নষ্ট হওয়া।

অবসীদন্তি গাত্রাণি (রামা)=গাত্র সমুদায় বিশীর্ণ হইতেছে।

মহতাং হি ক্রিয়া নিত্যা ছিদ্রে নৈব অবসীদতি (ভট্টি)= মহান্ ব্যক্তিদিগের নিত্য কার্য্য বিপৎকালেও বিনষ্ট হয় না।

রাষ্ট্রাৎ অপেত্য বসতস্তে ধর্ম্মো নাবসীদতি (মহা)=রাজ্য হইতে অপসৃত হইয়া বাস করাতে তোমার ধর্ম্ম নষ্ট হইতেছে না।

আ+সদ্—আগমন করা ;—মুনিঃ আত্মনঃ তপোবনমাসসাদ (রঘু)=মুনি আপনার তপোবনে আগমন করিয়াছিলেন।

অসৌ উদ্ধব-সীরিভ্যাং সদঃ আসদৎ (মাঘ)=তিনি উদ্ধব ও বলরামের সহিত সভায় আসিয়াছিলেন।

উদ্+সদ্—ক্ষয় হওয়া ;—উৎসীদেয়ুরিমে লোকাঃ (গীতা)= এই লোক সমুদায় ক্ষয়প্রাপ্ত হইতে পারে।

নি+সদ্—উপবেশন করা ;—যস্মিন্ দেশে বেদবিদঃ ত্রয়ো-বিপ্রা নিষীদন্তি (মনু)=যে স্থানে তিনটী বেদজ্ঞ ব্রাহ্মণ উপবেশন করেন।

প্র+সদ্—প্রসন্ন হওয়া ;—যঃ সর্ব্বদেহিনামাত্মা স বিষ্ণুর্নঃ প্রসীদতু (বিষ্ণু)=যিনি সমস্ত দেহীদিগের আত্মা সেই বিষ্ণু আমাদিগের প্রতি প্রসন্ন হউন।

বি+সদ্—বিষণ্ণ হওয়া ;—পার্থিবো ভার্গবমবলোক্য বিষসাদ (রঘু)=রাজা পরশুরামকে অবলোকন করিয়া বিষণ্ণ হইয়া-ছিলেন।

সংস্কৃতে অনুবাদ কর :—

শ্রমহেতু আমার সর্ব্ব অঙ্গ বিশীর্ণ হইতেছে। ব্রাহ্মণেরা ভোজন করিবার নিমিত্ত উপবেশন করিতেছেন। ওহে তোমরা এই স্থানে উপবেশন কর। পাপীর সংসর্গহেতু মনুষ্যদিগের ধর্ম্ম

নষ্ট হয়। অতিভোজনহেতু মনুষ্যদিগের পরমায়ু ক্ষয় হয়। আমার পিতা মথুরায় এক মাস থাকিয়া অন্য গৃহে আসিয়াছেন। গত দিবস তিনটি সাধু আমার গৃহে আসিয়াছিলেন। পৃথিবীতে মনুষ্যেরা অধর্ম্মহেতু ক্ষয় প্রাপ্ত হয়। রাবণের পাপে রাক্ষসকুল ক্ষয়প্রাপ্ত হইয়াছিল। তোমরা আমারি নিকটে উপবেশন কর। যাঁহারা শত্রুদিগের প্রতি প্রসন্ন হন, তাঁহারাই সাধু। আমার এমন ভাগ্য হইবে যে, তিনি আমার প্রতি প্রসন্ন হইবেন। তুমি কি নিমিত্ত এ প্রকার বিষণ্ণ হইতেছ। জ্ঞানী লোকেরা কোনও কারণে বিষণ্ণ হন না।

পঞ্চদশ পাঠ।

বস্। লট বসতি। লৃট বৎস্যতি। লিট্ উবাস উষতুঃ •, উবসিথ উবস্থ উষথুঃ উষ, • উষিব •। লুঙ্ অবাৎসীৎ অবাত্তাম্ অবাৎসুঃ। তুম্—বস্তুম্। ক্ত্বা—উষিত্বা। • যপ্—উষ্য।

বস্—বাস করা।

দুষ্কর্ম্মা নরকে শাশ্বতীঃ সমাঃ বসতি (মহা) = পাপী ব্যক্তি নরকে চিরকাল বাস করে।

বাসুদেবস্তস্য হৃদি সদা বসতি (বিষ্ণু) = বাসুদেব তাঁহার হৃদয়ে সদা বাস করেন।

ইহ বা বনবাসায় বস রাম! ময়া সহ (রামা) = রাম! এই স্থানেই বনবাসের নিমিত্ত আমার সহিত বাস কর।

ভ্রাতা মে ক্ব রাত্রিমবসৎ? (রামা) = আমার ভ্রাতা কোথায় রাত্রি বাস করিয়াছেন?

বিধবা বয়ং কথং কৈকেয্যাঃ সমীপে বৎস্যামঃ (রামা)= আমরা বিধবা হইয়া কি প্রকারে কৈকেয়ীর নিকটে বাস করিব ?

স ধর্ম্মজ্ঞো দ্রৌপদ্যা সহ তাং বসতিমুবাস (মহা)=সেই ধার্ম্মিক দ্রৌপদীর সহিত সেই রাত্রি বাস করিয়াছিলেন।

অধি, অনু, আ ও উপপূর্ব্বক বস্ ধাতুর প্রয়োগে অধিকরণের কর্ম্ম সংজ্ঞা হয়। যথা—

অধি, অনু, আ, উপ+বস্—অবস্থান করা।

কথং পর্ণবৃতাং ভূমিমধিবৎস্যতি মে স্নুষা ? (রামা)=আমার পুত্রবধূ পত্রাচ্ছাদিত ভূমিতে কি প্রকারে অবস্থান করিবে ?

ভরতো রামাৎ ঋতে ন কথঞ্চিৎ রাজ্যমাবসেৎ (রামা)=ভরত রাম ব্যতিরেকে কোনও প্রকারে রাজ্যে অবস্থান করিবে না।

অভোজন অর্থে উপপূর্ব্বক বস্‌ধাতুর অধিকরণের কর্ম্মসংজ্ঞা হয় না। যথা—

উপ+বস্—উপবাস করা ;—একাদশ্যামুপবসেৎ পক্ষয়োরুভয়োরপি (স্মৃতি)=উভয় পক্ষের একাদশীতে উপবাস করা উচিত।

বি+বস্—বাস করা ;—অরণ্যে তে চতুর্দ্দশ সমাঃ বিবৎস্যন্তি (রামা)=তাঁহারা চতুর্দ্দশ বৎসর বনে বাস করিবেন।

স্মযোগে অনদ্যতন পরোক্ষ ও অনদ্যতন অপরোক্ষ অতীত কালে লট্ হয়। যথা—তত্র তাম্রচূড়ো নাম পরিব্রাজকঃ প্রতিবসতি স্ম (পঞ্চ)=তথায় তাম্রচূড় নামে পরিব্রাজক বাস করিত।

তে তস্মিন্ গ্রামে রজনীমুষিত্বা তস্মাৎ প্রতস্থিরে (রামা)= তাঁহারা সেই গ্রামে রাত্রিবাস করিয়া সে স্থান হইতে প্রস্থান করিয়াছিলেন।

সংস্কৃতে অনুবাদ কর :—

এই নগরে বহু ধনীলোক বাস করে। আমার হৃদয়ে ভগবানের পদযুগল সদা বাস করুক। যেখানে ধূর্ত্তেরা বাস করে, সেখানে ধার্ম্মিক লোকের বাস করা উচিত নয়। আমরা কাশীতে তিন মাস বাস করিয়াছি। আমার পিতা বৃদ্ধ বয়সে বৃন্দাবনে বাস করিবেন। আমরা কলিকাতায় একমাস অবস্থান করিব। পত্নী ব্যতিরেকে গৃহীদিগের গৃহে অবস্থান করা উচিত নয়। আমি সমস্ত দিন উপবাস করিয়াছিলাম। সেই বনে চণ্ডরব নামে এক শৃগাল বাস করিত। সে মথুরায় তিন দিন বাস করিয়া সেখান হইতে বৃন্দাবনের দিকে প্রস্থান করিয়াছে।

ষোড়শ পাঠ।

হস্। লট্ হসতি। লৃট্ হসিষ্যতি। লিট্ জহাস জহসতুঃ০, জহসিথ জহস০, জহাস জহসিব০। লুঙ্ অহসীৎ। তুম্—হসিতুম্। ক্ত্বা—হসিত্বা। যপ্—০হস্য।

রুহ্। লট্ রোহতি। লৃট্ রোক্ষ্যতি। লিট্ রুরোহ রুরুহতুঃ০, রুরোহিথ০ রুরুহ, রুরোহ রুরুহিব০। লুঙ্ অরুক্ষৎ অরুক্ষতাম্ অরুক্ষন্। তুম্—রোঢ়ুম্। ক্ত্বা—রূঢ়্বা। যপ্—০রুহ্য।

হস্—হাস্য করা।

ধৃষ্টা বালকাঃ সততমুচ্চৈঃ হসন্তি – দুর্বিনীত বালকেরা সতত উচ্চস্বরে হাস্য করে।

জলে সুযোধনং নিপতিতং দৃষ্ট্বা ভীমসেনঃ জহাস, কিঙ্করাশ্চ

জহস্থঃ (মহা)=দুর্য্যোধনকে জলে নিপতিত দেখিয়া ভীমসেন হাসিয়াছিলেন, কিঙ্করেরাও হাসিয়াছিল।

অব ও উপপূর্ব্বক হস্‌ধাতু উপহাস অর্থে সকর্ম্মক হয়। যথা—যে শুচীন্ অবহসন্তি তে নশ্যন্তি (মহা)=যাহারা পবিত্র ব্যক্তিদিগকে উপহাস করে, তাহারা বিনষ্ট হয়।

অহো অস্যাঃ ধার্ষ্ট্যং মামুপহসতি (মহা)=আশ্চর্য্য ? এই নারীর নির্লজ্জতা আমাকে উপহাস করিতেছে।

প্র, বি+হস্—উচ্চস্বরে হাস্যকরা।

ধার্ত্তরাষ্ট্রাঃ মাং দৃষ্ট্বা প্রাহসন্ (মহা)=ধৃতরাষ্ট্রের পুত্রেরা আমাকে দেখিয়া উচ্চস্বরে হাসিয়াছিল।

সকলা যুবতীসভা বিহসতি (গীতগো)=সমস্ত যুবতিসভা উচ্চস্বরে হাসিতেছে।

রুহ্—জন্মান।

বিনা মলয়মন্যত্র চন্দনো ন প্ররোহতি (পঞ্চ)=মলয় পর্ব্বত ব্যতিরেকে অন্যস্থানে চন্দন বৃক্ষ জন্মায় না।

অধি ও আ পূর্ব্বক রুহ্ ধাতু সকর্ম্মক হয়। যথা—অধি, আ+রুহ্—আরোহণ করা।

যৎ রজঃ উত্থায় মূর্দ্ধানম্ অধিরোহতি (মাঘ)=যে ধূলি উত্থিত হইয়া মস্তকে আরোহণ করে।

কুম্ভকর্ণে হতে প্লবঙ্গমাঃ লঙ্কামারোক্ষ্যন্তি (ভট্টি)=কুম্ভকর্ণ হত হইলে, বানরেরা লঙ্কার আরোহণ করিবে।

তদা সহিতাঃ সায়ুধাঃ শূরাঃ শৈলমারুরুহুঃ (মহা)=তখন অস্ত্রধারী বীরগণ মিলিত হইয়া পর্ব্বতে আরোহণ করিয়াছিলেন।

নরঃ সংশয়মনারুহ্য ভদ্রাণি ন পশ্যতি (হিতো)=মনুষ্য সংশয়কে আশ্রয় না করিয়া শুভফল সমুদায় দর্শন করে না।

সংস্কৃতে অনুবাদ কর:—

তুমি সর্ব্বদা হাসিতেছ কেন? তোমরা পরের বিপদে কখনও হাসিও না। দাম্ভিক লোকেরা দরিদ্রকে উপহাস করে। আহা! বৎস! অন্ধ বা খঞ্জকে উপহাস করিও না। মাতা, পিতা ও শিক্ষকের নিকটে কখনও পরিহাস করা উচিত নয়। সভার সমস্ত লোক তাহার কথা শুনিয়া (শ্রুত্বা) উচ্চ হাস্য করিয়াছিল। তোমার এই নিন্দিত কার্য্য দেখিয়া (দৃষ্ট্বা) সকলে উচ্চ হাস্য করিবে।

আমাদের দেশে বহু শস্য জন্মায়। তুমি এই বৃক্ষে আরোহণ কর। তিনি শুভ দিনে পিতার সিংহাসনে অধিরোহণ করিয়াছেন। আমি এই অশ্বে আরোহণ করি। পূর্ব্বে রাজারা রথে আরোহণ করিতেন। তিনি একাকী অশ্বে আরোহণ করিয়া গৃহে গমন করিয়াছেন। আমরা এই হস্তীতে আরোহণ করিতে ইচ্ছা করিতেছি (ইচ্ছামঃ)।

নবমাংশ।

ভ্বাদি—সকর্ম্মক—পরস্মৈপদী।

প্রথম পাঠ।

ঘ্রা। লট্ জিঘ্রতি। লৃট্ ঘ্রাস্যতি। লিট্ জঘ্রৌ জঘ্রতুঃ০, জঘ্রিথ জঘ্রাথ ০ জঘ্র, ০ জঘ্রিব ০। লুঙ্ অঘ্রাৎ অঘ্রাসীৎ, অঘ্রা-

তাম্ অঘ্রাসিষ্টাম্, অঘ্রাঃ অঘ্রাসিষুঃ। তুম্—ঘ্রাতুম্। ক্ত্বা—ঘ্রাত্বা।
যপ্—০ ঘ্রায়।

দা—লট্ যচ্ছতি। লৃট্ দাস্যতি। লিট্ দদৌ দদতুঃ ০,
দদিথ দদাথ ০ দদ, দদৌ দদিব ০। লুঙ্ অদাৎ অদাতাম্ অদুঃ।
তুম্—দাতুম্। ক্ত্বা—দত্ত্বা। যপ্—০ দায়।

ঘ্রা—আঘ্রাণ করা।

অবিচ্ছেদ অর্থ বুঝাইলে, সকর্ম্মক ধাতুর প্রয়োগে কালবাচক
ও পথবাচক শব্দের উত্তর দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—স দিবসং
ক্রোশং বা পুষ্পং জিঘ্রতি = সে দিবস কিংবা ক্রোশ ব্যাপিয়া পুষ্প
আঘ্রাণ করিতেছে।

ত্রয়ো যুবানঃ পুষ্পাণি জিঘ্রন্তি = তিনটী যুবা পুষ্প আঘ্রাণ
করিতেছে।

রাঘবঃ সৌমিত্রিং মূর্দ্ধ্নি অজিঘ্রৎ (ভট্টি) = রাম সুমিত্রানন্দনের
মস্তকে আঘ্রাণ করিয়াছিলেন।

স কদাচিৎ যমুনামভিতঃ উত্তমং গন্ধমজিঘ্রৎ (মহা) = তিনি
কখনও যমুনার নিকটে উত্তম গন্ধ আঘ্রাণ করিতেন।

সুতপ্রিয়াঃ যোষিতঃ বালান্ মূর্দ্ধ্নি অজিঘ্রন্ (ভট্টি) = পুত্রবৎসল
নারীগণ বালকদিগের মস্তকে আঘ্রাণ করিয়াছিলেন।

দা—দান করা।

দাতা দরিদ্রায় ধনং যচ্ছতি = দাতা দরিদ্রকে ধন দান করেন।

রামমাতা ধনং কিন্নু জনেভ্যঃ সংপ্রযচ্ছতি ? (রামা) = রামের
মাতা কি লোকদিগকে ধন দান করিতেছেন ?

ভগবন্! ইন্দ্রতুল্যমেকং পুত্রং মে প্রযচ্ছতু (বিষ্ণু) = হে
ভগবন্! আমাকে একটি ইন্দ্রতুল্য পুত্র প্রদান করুন।

নৃপ! হরিঃ সর্ব্বান্ কামান্ প্রদাস্যতি (বিষ্ণু)=হে রাজন্! হরি সমস্ত অভীষ্ট প্রদান করিবেন।

সংস্কৃতে অনুবাদ কর :—

ওহে যাদব! তুমি কি পুষ্প আঘ্রাণ করিতেছ? ভাই! আমি একটী যূথিকা পুষ্প আঘ্রাণ করিতেছি। আমি তোমাকে একটি পদ্মপুষ্প দিতেছি, তুমি এইটি আঘ্রাণ কর। পরমায়ুর বৃদ্ধির নিমিত্ত শ্বেতপুষ্প আঘ্রাণ করা উচিত। আমরা যখন বনে বাস করিতাম, তখন বিবিধ পুষ্প আঘ্রাণ করিতাম। তুমি আমাকে এই মালতী পুষ্পটি দাও, আমি ইহা আঘ্রাণ করিব। দশরথ স্নেহহেতু রামের মস্তকে আঘ্রাণ করিয়াছিলেন। রাম বনে বিবিধ কুসুমের সৌরভ আঘ্রাণ করিয়া সীতার সহিত বিচরণ করিতেছেন। সকল মনুষ্যই কুসুমের সৌরভ আঘ্রাণ করিতে ইচ্ছা করে (ইচ্ছন্তি)।

সাধুলোকেরা কৃপাহেতু দরিদ্রদিগকে অন্ন ও বস্ত্র দান করেন। আহা ভাই! এই দরিদ্রা নারীকে একখানি বস্ত্র দান কর। ধূর্ত্ত ও খল ব্রাহ্মণকে যে ধনদান করে সে নরকে পতিত হয়। তোমার পিতা সতত ক্ষুধার্ত্তদিগকে অন্নদান করিতেন। আমি এই বস্ত্রগুলি অন্ধ ও খঞ্জদিগকে দান করিব। রাজা ব্রাহ্মণ ও দরিদ্রদিগকে বহু ধন, রত্ন ও বস্ত্র দান করিয়াছিলেন। আমি এই বৃদ্ধ বয়সে কিছু দান করিতে ইচ্ছা করিতেছি।

দ্বিতীয় পাঠ।

পা+লট্ পিবতি। লৃট্ পাস্যতি। লিট্ পপৌ পপতুঃ ০, পপিথ পপাথ ০ পপ, ০ পপিব ০। লুঙ্ অপাৎ অপাতাম্ অপুঃ। তুম্—পাতুম্। ক্ত্বা—পীত্বা।

স্মৃ—লট্ স্মরতি। লৃট্ স্মরিষ্যতি। লিট্ সস্মার সস্মরতুঃ ০, সস্মর্থ ০ সস্মর, ০ সস্মরিব ০। লুঙ্ অস্মার্ষীৎ, অস্মার্ষ্টাম্, অস্মার্ষুঃ। তুম্—স্মর্ত্তুম্। ক্ত্বা—স্মৃত্বা। যপ্—০ স্মৃত্য।

পা—পান করা।

সর্পাঃ পিবন্তি পবনং ন তু দুর্ব্বলাস্তে (পঞ্চ)=সর্পেরা বায়ু পান করে কিন্তু তাহারা দুর্ব্বল নহে।

ভূমির্দুর্য্যোধনস্য কর্ণস্য শকুনেশ্চ শোণিতং পাস্যতি (মহা) =পৃথিবী দুর্য্যোধন, কর্ণ ও শকুনির শোণিত পান করিবে।

কবিরা দর্শনার্থেও পা ধাতুর প্রয়োগ করেন। যথা—

বনিতা তং লোচনাভ্যাং পপৌ (রঘু)=বনিতা তাহাকে লোচনদ্বারা পান করিয়াছিলেন।

স্মৃ—স্মরণ করা।

স্মরণার্থ ধাতুর প্রয়োগে কর্ম্মে দ্বিতীয়া ও ষষ্ঠী বিভক্তি হয়। যথা—অহং প্রাতরুত্থায় বিষ্ণুং স্মরামি=আমি প্রাতঃকালে উঠিয়া বিষ্ণুকে স্মরণ করি।

রঘূত্তমঃ অহ্নঃ শতকৃত্বঃ একস্যাস্তব স্মরতি (ভট্টি)=রঘুশ্রেষ্ঠ একমাত্র তোমাকে দিবসে শতবার স্মরণ করেন।

বি+স্মৃ—বিস্মৃত হওয়া, ভুলে যাওয়া;—ভটাঃ শস্ত্রাণাং ব্যস্মরন্ (ভট্টি)=সৈনিকেরা শস্ত্রসমুদায় বিস্মৃত হইয়াছিল।

দানবাঃ ত্বয়া সমং মম যুদ্ধং ন স্মরিষ্যন্তি (বিষ্ণু)=দানবেরা তোমার সহিত আমার যুদ্ধ স্মরণ করিবে না।

ন মাতুর্ন পিতুস্তত্র স্মরিষ্যামি (রামা)—আমি সেখানে মাতাকে এবং পিতাকে স্মরণ করিব না।

সোঽপি প্রহ্লাদো মধুসূদনং সস্মার (বিষ্ণু)=সেই প্রহ্লাদও মধুসূদনকে স্মরণ করিয়াছিলেন।

ততঃ সৌমিত্রির্ব্রহ্মাস্ত্রম্ অস্মার্ষীৎ (ভট্টি)=তাহার পর সুমিত্রানন্দন ব্রহ্মাস্ত্র স্মরণ করিয়াছিলেন।

সংস্কৃতে অনুবাদ কর :—

শিশু মাতার স্তন্য পান করিতেছে। বৎস! তুমি এই দুগ্ধ পান কর। আমি তাহাকে যতটুকু দুগ্ধ দিয়াছি, সে ততটুকু পান করিয়াছে। তিনি সুবিজ্ঞ বৈদ্যের ঔষধ পান করিয়াছিলেন, তথাপি জীবিত হইলেন না। তুমি ভোজনের পর মিছরীর পানা (মৎস্যণ্ডীপানীয়ং) পান করিবে। পূর্ব্বে ঋষিরা যজ্ঞের অন্তে সোমরস পান করিতেন। আমি আর কখনও মদ্যপান করিব না। মাধবের পুত্র মদ্যপান করিয়া পথের ধারে পড়িয়াছিল।

সাধুরা সতত ঈশ্বরকে স্মরণ করেন। দীনদিগের বন্ধু হরিকে স্মরণ কর। বিপদে বা সম্পদে তাঁহাকে ভুলিও না। আমি সেই ঘোর বিপদে কেবল ঈশ্বরকে স্মরণ করিয়াছিলাম। আমরা যদবধি বাঁচিব তদবধি তোমাকে দিবসে দশবার (দশকৃত্বঃ) স্মরণ করিব। ভক্তেরা সেই বিপদে মধুসূদনকে স্মরণ করিয়াছিলেন। প্রভাতে হরিকে স্মরণ করিয়া শয়ন হইতে উঠা উচিত।

তৃতীয় পাঠ।

তৃ+লট্ তরতি। লৃট্ তরিষ্যতি তরীষ্যতি। লিট্ ততার তেরতুঃ০, তেরিথ তেরথুঃ তের, ততার তেরিব০। লুঙ্ অতারীৎ অতারিষ্টাম্ অতারিষুঃ। তুম্—তরিতুম্, তরীতুম্, তর্ত্তুম। ক্ত্বা—তীর্ত্বা। যপ্—০ তীর্য্য।

তৃ—পার হওয়া

যো বিষ্ণুং স্মরেৎ স সর্ব্বং দুঃখং তরতি (বিষ্ণু)=যিনি বিষ্ণুকে স্মরণ করেন, তিনি সমস্ত দুঃখ পার হন।

ন বাহুভ্যাং নদীং তরেৎ (মনু)=দুই বাহুদ্বারা নদী পার হইবে না।

রাঘবস্তং স্যন্দনমধিষ্ঠায় তমসামতরৎ (রামা)=রাঘব সেই রথে আরোহণ করিয়া তমসা পার হইয়াছিলেন।

ইয়ং সেনা গঙ্গামদ্য তরিষ্যতি (রামা)=এই সেনা অদ্য গঙ্গা পার হইবে।

অতি+তৃ—অতিক্রম করা;—তেঽপি মৃত্যুমতিতরন্ত্যেব (গীতা)=তাঁহারাই মৃত্যুকে নিশ্চয় অতিক্রম করেন।

অব+তৃ—অবতীর্ণ হওয়া;—হিড়িম্বস্তস্মাৎ দ্রুমাৎ অবতীর্য্য পাণ্ডবান্ আজগাম (মহা)=হিড়িম্ব সেই বৃক্ষ হইতে অবতীর্ণ হইয়া পাণ্ডবদিগের নিকটে আসিয়াছিল।

উদ্+তৃ—১ নির্গত হওয়া, ২ উত্তীর্ণ হওয়া।

স বারণস্তস্মাৎ নর্ম্মদাসলিলাৎ উত্ততার (রামা)=সেই হস্তী সেই নর্ম্মদা সলিল হইতে নির্গত হইয়াছিল।

অপরে বানরাঃ সেতুনা অম্ভোধিমুদতারিষুঃ (ভট্টি)=অপর বানরেরা সেতু দিয়া সমুদ্র পার হইয়াছিল।

বি+তৃ—দান করা;—গুরুঃ প্রাজ্ঞে যথৈব বিদ্যাং বিতরতি তথা জড়ে (উত্তর)=গুরু বুদ্ধিমান্ ব্যক্তিকে যে প্রকারে, মন্দ বুদ্ধিকেও সেই প্রকারে বিদ্যা দান করেন।

সম্+তৃ—উত্তীর্ণ হওয়া;—ত্বং জ্ঞানপ্লবেনৈব সর্ব্বং বৃজিনং সন্তরিষ্যসি (গীতা)=তুমি জ্ঞানরূপ ভেলাদ্বারা সমস্ত পাপ উত্তীর্ণ হইবে।

সংস্কৃতে অনুবাদ কর:—

বিংশতিটি মনুষ্য নৌকায় উঠিয়া গঙ্গা পার হইতেছে। পশ্চিমদিকে মেঘ উঠিতেছে, ঝড় হইবে, শীঘ্র নদী পার হও। তুমি মধুসূদনকে স্মরণ কর, অনায়াসে (হেলয়া) সমস্ত দুঃখ উত্তীর্ণ হইবে। তিনি ক্রমে ক্রমে নদী, বন ও পর্ব্বত অতিক্রম করিয়াছিলেন। যোদ্ধারা (যোদ্ধারঃ) ছাউনিতে (শিবিরম্) উপস্থিত হইয়া একে একে অশ্ব হইতে অবতীর্ণ হইয়াছিল। রাজা সেই যজ্ঞে ব্রাহ্মণ ও দরিদ্রদিগকে বহু ধন বিতরণ করিয়াছিলেন। তিনি ক্রমে ক্রমে সমস্ত বিপৎ অতিক্রম করিয়া এখন সুখে বাস করিতেছেন। তিনি সেই শুভ কর্ম্মহেতু সমস্ত পাপ অতিক্রম করিবেন।

চতুর্থ পাঠ।

গৈ। লট্ গায়তি। লৃট্ গাস্যতি। লিট্ জগৌ জগতুঃ০, জগিথ জগাথ জগথুঃ জগ, ০,জগিব ০। লুঙ্ অগাসীৎ অগাসিষ্টাম্ অগাসিষুঃ। তুম্—গাতুম্। ক্ত্বা—গীত্বা। যপ্—০ গায়।

নিন্দ্। লট্ নিন্দতি। লৃট্ নিন্দিষ্যতি। লিট্ নিনিন্দ নিনিন্দতুঃ০, নিনিন্দিথ০ নিনিন্দ, নিনিন্দ নিনিন্দিব০। লুঙ্ অনিন্দীৎ অনিন্দিষ্টাম্ অনিন্দিষুঃ। তুম্—নিন্দিতুম্। ক্ত্বা—নিন্দিত্বা। যপ্—০নিন্দ্য।

গৈ—গান করা।

অহো এষ মধুরং গায়তি=আহা! এ ব্যক্তি মধুর গান করিতেছে।

যত্র মনুষ্যাঃ শুভৈরন্নপানৈস্তৃপ্তাঃ গাথাঃ গায়ন্তিস্ম (রামা)= যেখানে মনুষ্যেরা পবিত্র অন্ন ও পানীয় দ্বারা তৃপ্ত হইয়া শ্লোক গান করিত।

যুবাং পরময়া মুদা রামায়ণং কাব্যং গায়তম্ (রামা)= তোমরা দুইজন পরম আনন্দে রামায়ণ কাব্য গান কর।

গায়েয়ুঃ সাম সামগাঃ (ভট্টি)=সামবেদাধ্যায়ীরা সামবেদ গান করুন।

তৌ কাব্যমেতৎ অগায়তাম্ (রামা)=তাঁহারা দুইজন এই কাব্য গান করিয়াছিলেন।

তদা কুরূণাং গুরবঃ এবং সামানি গাস্যন্তি (মহা)—তখন কৌরবদিগের গুরুজনেরা এইরূপে সামবেদ গান করিবেন।

যাহাকে অভিপ্রায় করিয়া ক্রিয়ার আরম্ভ হয়, তাহার উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা—

যাজ্ঞবল্ক্যো মুনির্যস্মৈ ব্রহ্মপারায়ণং জগৌ (উত্তর)=যাজ্ঞবল্ক্য মুনি যাঁহার প্রীতির অভিপ্রায়ে বেদ গান করিয়াছিলেন।

তস্মিন্ নিহতে গন্ধর্ব্বাঃ ললিতং জগুঃ (চণ্ডী)=সে নিহত হইলে গন্ধর্ব্বেরা মধুরস্বরে গান করিয়াছিল।

নিন্দ্—নিন্দা করা।

যো দেবং বিনিন্দতি স ন যোগ্যো ভুবঃ পতিঃ (বিষ্ণু)=যে দেবতাকে নিন্দা করে, সে ভূপতির যোগ্য নহে।

তব সর্ব্বে যোধাঃ কেশবেন সহ যুধিষ্ঠিরং ব্যনিন্দন্ (মহা)= তোমার সমস্ত যোদ্ধারা কেশবের সহিত যুধিষ্ঠিরকে নিন্দা করিয়াছিল।

নিনিন্দ রূপং হৃদয়েন পার্ব্বতী (কুমার)=পার্ব্বতী মনে মনে নিজ সৌন্দর্য্যকে নিন্দা করিয়াছিলেন।

সংস্কৃতে অনুবাদ কর :—

এই ভিক্ষুক বেশ্ (সাধু) গান করিতেছে, ইহাকে কিঞ্চিৎ ভিক্ষা দাও। তোমরা সতত হরির গুণগান কর। তোমার পিতা প্রাতঃকালে উঠিয়া এই গীতগুলি গান করিতেন। ঋষিরা তপোবনে সাম গান করিতেন। অব+গৈ—নিন্দা করা=to blame. এই পাপ কর্ম্মহেতু লোকেরা তোমাকে চিরকাল নিন্দা করিবে। পরি+গৈ—গুণগান করা=to sing the praise. এই পৃথিবীতে সমস্ত লোক সাধুদিগের গুণ গান করে।

খলেরা এক স্থানে বসিয়া (সমাসীনাঃ) সকলকে নিন্দা করে। সকলে আমাকে নিন্দা করুক, তাহাতে আমি দুঃখিত

হইব না! অসাক্ষাতে (পরোক্ষে) কাহাকেও নিন্দা করা উচিত নহে। তিনি মনে মনে আপনাকে নিন্দা করিয়াছিলেন। পাণ্ডবদিগের নির্ব্বাসনহেতু পুরবাসীরা দুর্য্যোধনকে নিন্দা করিয়াছিল।

পঞ্চম পাঠ।

শুচ্। লট্ শোচতি। লৃট্ শোচিষ্যতি। লিট্ শুশোচ শুশুচতুঃ০, শুশোচিথ ০ শুশুচ, শুশোচ শুশুচিব ০। লুঙ্ অশোচীৎ অশোচিষ্টাম্ অশোচিষুঃ। তুম্—শোচিতুম্। ক্ত্বা—শোচিত্বা। যপ্—০ শুচ্য।

শুচ্—শোক করা।

অহমত্ত রামাৎ তং লক্ষ্মণং শোচামি (রামা)=আমি আজি রাম অপেক্ষা সেই লক্ষ্মণের জন্য শোক করিতেছি।

বানরাঃ মুহুঃ আত্মানমশোচন্ (ভট্টি)=বানরেরা আপনাদিগের জন্য পুনঃ পুনঃ শোক করিয়াছে।

অদ্য অযোধ্যানগরী অস্মান্ শোচিষ্যন্তি (রামা)=আজি অযোধ্যা নগরী আমাদিগের জন্য শোক করিবে।

অদ্রেস্তনয়া সেনান্যমিব এনং শুশোচ (রঘু)=পর্ব্বতদুহিতা (পার্ব্বতী) কার্ত্তিকের ন্যায় ইহার জন্য শোক করিয়াছিলেন।

অনু + শুচ্—অনুতাপ করা;—পণ্ডিতাঃ নষ্টং মৃতমতিক্রান্তং নানুশোচন্তি (পঞ্চ)=পণ্ডিতেরা নষ্ট, মৃত ও অতীতের জন্য অনুতাপ করেন না।

সংস্কৃতে অনুবাদ কর:—

জ্ঞানী মনুষ্যেরা কাহারও জন্য শোক করেন না। তোমার পুত্র একমাস পরে গৃহে আসিবে, অতএব তাহার জন্য শোক করিও না। এই সংসার অনিত্য, অতএব ইহার জন্য শোক করা উচিত নহে। যাদব আমার নিকটে তাঁহার ভ্রাতার জন্য বহু শোক করিয়াছেন। তিনি তাঁহার পুত্রের জন্য কখনই শোক করিবেন না। রাম যত দিন বনে বাস করিয়াছিলেন, কৌশল্যা তত দিন তাঁহার জন্য শোক করিয়াছিলেন। গত কর্ম্মের জন্য অনুতাপ করা উচিত নহে। যে আপনার পাপ কার্য্যের জন্য অনুতাপ করে, তাহার পাপ নষ্ট হয়। হে দেবি! আপনকার পুত্র রাম সেখানে তপস্যা আচরণ করিতেছেন, অতএব তাঁহার জন্য শোক করিতে যোগ্যা হইবেন না।

ষষ্ঠ পাঠ।

দৃশ্। লট্ পশ্যতি। লৃট্ দ্রক্ষ্যতি। লিট্ দদর্শ দদৃশতুঃ ০, দদর্শিথ দদ্রষ্ঠ ০ দদৃশ, ০ দদৃশিব ০। লুঙ্ অদ্রাক্ষীৎ অদ্রাষ্টাম্ অদ্রাক্ষুঃ, পক্ষে—অদর্শৎ অদর্শতাম্ অদর্শন্। তুম্—দ্রষ্টুম্। ক্ত্বা—দৃষ্ট্বা। যপ্—০ দৃশ্য।

দৃশ্ ১ জ্ঞান করা, ২ দর্শন করা।

যঃ আত্মবৎ সর্ব্বভূতানি পশ্যতি স পণ্ডিতঃ (হিতো)= যিনি সকল প্রাণীকে আপনার ন্যায় জ্ঞান করেন, তিনি পণ্ডিত।

সৌমিত্রে! প্রয়াগমভিতো ধূমং পশ্য (রামা)=হে সুমিত্রা-নন্দন! প্রয়াগের নিকটে ধূম অবলোকন কর।

সর্ব্বে ভবন্তস্তিষ্ঠন্তু সর্ব্বে পশ্যন্তু মাং যুধি (মহা)=আপনারা সকলে অবস্থান করুন, সকলে আমাকে যুদ্ধে অবলোকন করুন।

স পুষ্পকেণ গচ্ছন্তং ধনেশ্বরমপশ্যৎ (রামা)=তিনি কুবেরকে পুষ্পকদ্বারা (১) গমন করিতে দেখিয়াছেন।

অহং পশ্যামি তপসা ক্ষিপ্রং দ্রক্ষ্যসি নৈষধম্ (মহা)=আমি তপস্যা হেতু দেখিতেছি, তুমি নিষধপতিকে শীঘ্র দর্শন করিবে।

দুর্য্যোধনঃ শকুনিনা সহ তাং সভাং শনৈর্দদর্শ (মহা)= দুর্য্যোধন শকুনির সহিত সেই সভা ক্রমে ক্রমে দর্শন করিয়াছিলেন।

স তত্র মেধসঃ আশ্রমম্ অদ্রাক্ষীৎ (চণ্ডী)=তিনি সেখানে মেধা মুনির আশ্রম দর্শন করিলেন।

ত্বরা অর্থে ক্রিয়াপদের দুই তিনবার আবৃত্তি হয়। যথা—অয়ং বৃকোদরঃ এনং পশ্যত পশ্যত (মহা)—এই বৃকোদর ইহাকে দর্শন কর দর্শন কর।

কাল, সময় ও বেলাশব্দ পূর্ব্বে থাকিলে নিয়োগাদি অর্থে যৎ শব্দের যোগে বিধিলিঙ্ হয়। যথা—

পুত্র! অপীদানীং স কালো যৎ ত্বাং পশ্যেয়ম্? (রামা)= হে পুত্র! এখন কি সেই সময় যে, তোমাকে দেখিব?

সংস্কৃতে অনুবাদ কর :—

প্রাণীরা চক্ষুদ্বারা সমস্ত বস্তু দর্শন করে। দেখ দেখ নদীর চড়ায় (পুলিনে) গরুগুলি নব তৃণ ভক্ষণ করিতেছে। প্রাতঃকালে উঠিয়া সেই পাপাত্মার মুখ দর্শন করা উচিত নয়।

---

(১) পুষ্পক—কুবেরের বিমান। পুষ্পকংরীতিপুষ্পে চ বিমানে ধনদস্য চ (মেদিনী)।

আমি আজি প্রাতঃকালে তাহার মুখ দেখিয়াছি, সেইহেতু সমস্ত দিন দুঃখ অনুভব করিতেছি। যদি জীবিত থাকি, তবে আবার তোমাকে দেখিব। তাঁহারা সেই বনে বিবিধ পুষ্পের শোভা দর্শন করিয়াছিলেন। আমি তোমার পিতামহকে দেখিয়াছি। এখন কি সেই সময় যে, তোমার পুত্রকে আমরা দেখিব? মাধব কয়েকটি লোকের সহিত তাহার কন্যাকে দেখিতে গিয়াছিলেন (অগচ্ছৎ)। আমিও তাহার দুহিতাকে দেখিতে ইচ্ছা করিতেছি।

সপ্তম পাঠ।

ত্যজ্। লট্ ত্যজতি। লৃট্ ত্যক্ষ্যতি। লিট্ তত্যাজ তত্যজতুঃ ০, তত্যজিথ তত্যক্থ তত্যজথুঃ তত্যজ, তত্যাজ তত্যজিব ০। লুঙ্ অত্যাক্ষীৎ অত্যাক্তাম্ অত্যাক্ষুঃ। তুম্—ত্যক্তুম্। ক্ত্বা—ত্যক্ত্বা। যপ্—০ ত্যজ্য।

ত্যজ্—ত্যাগ করা।

প্রাণাংস্ত্যজতি যো যুদ্ধে তস্য লোকাঃ সনাতনাঃ (পঞ্চ) —যিনি যুদ্ধে প্রাণত্যাগ করেন, তাঁহার স্বর্গলোক চিরস্থায়ী হয়।

পুরাযোগে অনদ্যতন অতীত কালে লট্, লঙ্ ও লুঙ্ হয়। যথা—

মহারাজ! পুরা ক্রুদ্ধো যন্মাং ত্যজসি (ভট্টি) = মহারাজ! আপনি ক্রুদ্ধ হইয়া যে আমাকে পূর্ব্বে ত্যাগ করিয়াছেন।

রাজন্! কুলস্যাহিতম্ ইমং পুত্রং ত্যজ (মহা) = হে নৃপতে! এই পুত্র বংশের অহিতকর, ইহাকে ত্যাগ করুন।

সুখার্থী বা ত্যজেৎ বিদ্যাং বিদ্যার্থী বা ত্যজেৎ সুখম্ (মহা) =সুখার্থী ব্যক্তিই বিদ্যা ত্যাগ করিবে এবং বিদ্যার্থী ব্যক্তিই সুখ ত্যাগ করিবে।

কৌশল্যাং বা সুমিত্রাং বা ত্যজেয়ম্ (রামা)=আমি কৌশল্যা কিংবা সুমিত্রাকে ত্যাগ করিতে পারি।

সোঽপি নূনং ত্যক্ষ্যতি জীবিতম্ (রামা)=তিনি নিশ্চয় জীবন ত্যাগ করিবেন।

স্ত্রিয়ঃ কলৌ বিত্তহীনং ভর্ত্তারং পরিত্যক্ষ্যন্তি (বিষ্ণু)=নারীরা কলিযুগে ধনহীন স্বামীকে ত্যাগ করিবে।

স কাননে নিরাহারঃ স্বং কলেবরং তত্যাজ (বিষ্ণু)=তিনি বনে উপবাসী হইয়া স্বকীয় কলেবর ত্যাগ করিয়াছিলেন।

প্রসীদ দেবি পদ্মাক্ষি মা অস্মান্ ত্যাক্ষীঃ কদাচন (বিষ্ণু)= হে পদ্মনেত্রে দেবি! প্রসন্না হউন, আমাদিগকে কখনও ত্যাগ করিবেন না।

যস্ত্বং প্রাণান্ পরিত্যজ্য নাদ্য শোচসি রাঘবম্ (রামা)= যে তুমি আজি প্রাণত্যাগ করিয়া রামের জন্য শোক করিতেছ না।

সংস্কৃতে অনুবাদ কর :—

সাধুরা অন্যের দোষগুলি ত্যাগ করে। বৎস! তুমি সতত আলস্য ত্যাগ কর। আপনার নিমিত্তে (আত্মার্থে) সমস্ত ত্যাগ করা উচিত। তিনি বৈরাগ্যহেতু দারা, পুত্র ও সম্পত্তি ত্যাগ করিয়াছেন। এখানে আমাকে পুনঃ পুনঃ রোগ আক্রমণ করিতেছে, এই হেতু আমি শীঘ্র এ স্থান ত্যাগ করিব। রাম অকারণ সীতাকে ত্যাগ করিয়াছিলেন। তিনি পুত্রশোকে

গৃহ ত্যাগ করিয়া কাশীতে বাস করিতেছেন। দরিদ্র লোকও সংসার ত্যাগ করিতে সমর্থ হয় না। দশরথ রামের শোকে শীঘ্র প্রাণত্যাগ করিয়াছিলেন।

অষ্টম পাঠ।

বদ্। লট্ বদতি। লৃট্ বদিষ্যতি। লিট্ উবাদ উদতুঃ ০, উবদিথ ০ উদ, উবাদ উদিব ০। লুঙ্ অবাদীৎ অবাদিষ্টাম্ অবাদিষুঃ। তুম্—বদিতুম্। ক্ত্বা—উদিত্বা। যপ্—০ উদ্য।

বদ্—কথন।

বৃদ্ধাঃ ন তে যে ন বদন্তি ধর্ম্মম্ (হিতো)=যাহারা ধর্ম্ম কথা বলে না, তাহারা পণ্ডিত নহে।

দ্রোণ! তুভ্যং কিং প্রযচ্ছামি তদাশু বদ (মহা)=হে দ্রোণ! আপনাকে কি প্রদান করিব, তাহা শীঘ্র বলুন।

মম গুরবো ভবন্তঃ সাধু বা অসাধু বদন্তু (বিষ্ণু)=হিত কিংবা অহিত বলুন, আপনারা আমার গুরু।

সর্ব্বদা সর্ব্বযত্নেন পুত্রে শিষ্যে হিতং বদেৎ (মহা)=সর্ব্বদা সম্পূর্ণ যত্নসহকারে পুত্র ও শিষ্যকে হিতবাক্য বলা উচিত।

তং পঙ্কে পতিতং দৃষ্ট্বা ব্যাঘ্রোঽবদৎ (হিতো)=তাহাকে পঙ্কে পতিত দেখিয়া ব্যাঘ্র বলিল।

ব্রহ্মন্! তবান্তিকে কথমনৃতং বদিষ্যামি? (বিষ্ণু)=হে ব্রাহ্মণ! আপনকার নিকটে কি প্রকারে মিথ্যা বলিব?

প্রতি+বদ্—প্রত্যুত্তর দেওয়া;—অথ রাঘবোঽপি তান্

প্রত্যবাদীৎ (ভট্টি)=অনন্তর রামও তাঁহাদিগকে প্রত্যুত্তর দিয়াছিলেন।

বিবাদ অর্থে বিপূর্ব্বক বদ্‌ধাতুর আত্মনে পদ হয়। যথা—বি+বদ্—বিবাদ করা ;—অমী পক্ষিণঃ যাবৎ বিবদিষ্যন্তে (তাবৎ) পতিষ্যন্তি (পঞ্চ)=ঐ পক্ষীরা যতক্ষণ বিবাদ করিবে, সেই সময়ের মধ্যে পতিত হইবে।

সংস্কৃতে অনুবাদ কর :—

সুশীল বালকেরা কখনও মিথ্যাবাক্য বলে না। যদি তুমি ধার্ম্মিক হও, তবে সত্য বাক্য বল। সর্ব্বদা সত্য-প্রিয় (সূনৃতং) বাক্য বলা উচিত। তিনি বলিলেন, বৎস! তোমাকে দেখিয়া আমার দুঃখ হইতেছে। তুমি আমার পিতার নিকটে যাইয়া তাঁহাকে এই বৃত্তান্ত বলিবে। সীতা বলিয়াছিলেন যে, আমি রাম ব্যতিরেকে অযোধ্যায় থাকিব না। অপ+বদ্--নিন্দা ; যে পাপ কর্ম্ম করে, মনুষ্যেরা তাহাকে নিন্দা করে (অপবদন্তি ০ন্তে)। বি+প্র—বদ্—পরস্পর বিরুদ্ধ কথন ;—শাস্ত্রকার পণ্ডিতেরা শাস্ত্রে পরস্পর বিরুদ্ধ বলিয়া থাকেন (বিপ্রবদন্তি০ ন্তে)। তোমরা কেন পরস্পর বিবাদ করিতেছ ?

নবম পাঠ।

গম্। লট্ গচ্ছতি। লৃট্ গমিষ্যতি। লিট্ জগাম জগ্মতুঃ জগ্মুঃ, জগমিথ জগন্থ ০ জগ্ম, জগাম জগ্মিব ০। লুঙ্ অগমৎ অগমতাম্ অগমন্। তুম্—গন্তুম্। ক্ত্বা—গত্বা। যপ্—০ গম্য।

গম্—১ গমন করা ; ২ প্রাপ্ত হওয়া।

চেষ্টা বুঝাইলে, গমনার্থ ধাতুর কর্ম্মে বিকল্পে চতুর্থী বিভক্তি হয়। যথা—অহন্যহনি ভূতানি গচ্ছন্তি যমমন্দিরম্ (মহা)=প্রাণীরা দিন দিন যমালয়ে গমন করে।

রাজা চেদধর্ম্মঞ্চরতি নরকায় গচ্ছতি (মহা)=রাজা যদি অধর্ম্ম আচরণ করেন, নরকে গমন করেন।

পথবাচক শব্দ কর্ম্ম হইলে, কেবল দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—

বয়ং লঘু রথমারুহ্য পন্থানং গচ্ছামঃ (রামা)=আমরা শীঘ্র রথে আরোহণ করিয়া পথে গমন করিব।

চেষ্টা না বুঝাইলে, পথবাচক ভিন্ন কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হয় যথা—পাকশাসনো মনসা কন্দর্পমগমৎ (কুমার)=ইন্দ্র মনে মনে কন্দর্পের নিকটে গমন করিয়াছিলেন (কন্দর্পকে স্মরণ করিয়াছিলেন)।

কোথাও গমনার্থ ধাতু অকর্ম্মক হয়। যথা—নিদ্রয়া কলহেন বা মূর্খাণাং কালো গচ্ছতি (হিতো)=নিদ্রা কিংবা কলহ দ্বারা মূর্খদিগের কাল গত হয়।

স সুমহতা কালেন বারাণসীং পুরীমগচ্ছৎ (মহা)=তিনি দীর্ঘকাল ব্যাপিয়া বারাণসীপুরীতে গমন করিয়াছিলেন।

কাম ও মনস্ শব্দ পরে, তুম্ প্রত্যয়ের মকারের লোপ হয়। যথা—বয়ং স্বয়ম্ভুবং দ্রষ্টুকামাঃ তত্র গমিষ্যামঃ (মহা)=আমরা স্বয়ম্ভুর দর্শনাভিলাষী হইয়া তথায় গমন করিব।

অনু+গম্—অনুসরণ করা ;—সর্ব্বে মন্থরমনুজগ্মুঃ (হিতো) =সকলে মন্থরের অনুসরণ করিয়াছিল।

অপ+গম্—অপসৃত হওয়া, সরিয়া পড়া ;—রামঃ প্রাতশ্ছলেন

অপজগাম (ভট্টি)=রাম প্রাতঃকালে ছল করিয়া সরিয়া পড়িলেন।

অব+গম্—জ্ঞাত হওয়া ;—কথং ত্বং রামং ন অবগচ্ছসি ? (ভট্টি)=তুমি কি রামকে জান না ?

যাহার অনাদর বুঝায় তাহার উত্তর ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়। যথা—অভি+গম্—প্রাপ্ত হওয়া ;—তথা বিলপতস্তস্য সূর্য্যঃ অস্তম্ অভ্যগমৎ (রামা)=তিনি সেই প্রকারে বিলাপ করিতে করিতে সূর্য্য অস্তাচল প্রাপ্ত হইল।

এবং সম্ভাষমাণায়াং কৌশল্যায়াং সবিতা অস্তং জগাম (রামা) =কৌশল্যা এইরূপ বাদানুবাদ করিতে করিতে সূর্য্য অস্তাচল প্রাপ্ত হইয়াছিল।

আ+গম্—আগমন করা ;—ভো মন্থর! আগচ্ছ আগচ্ছ (পঞ্চ)=হে মন্থর! আইস আইস।

সাবিত্রী মন্ত্রিভিঃ সহ পিতুর্বেশ্ম আজগাম (মহা)=সাবিত্রী মন্ত্রীদিগের সহিত পিতার গৃহে আগমন করিয়াছিলেন।

উপ+গম্—১ সমীপে গমন করা, ২ স্বীকার করা।

স মুহূর্ত্তমধ্বানং গত্বা ভরদ্বাজম্ উপাগমৎ (রামা)=তিনি মুহূর্ত্তকাল পথে যাইয়া ভরদ্বাজের নিকটে গমন করিয়াছিলেন।

স্বয়ং সনাতনঃ যং পিতরমুপাগমৎ (ভট্টি)=স্বয়ং বিষ্ণু যাঁহাকে পিতা বলিয়া স্বীকার করিয়াছিলেন।

নির্—গম্—বহির্গত হওয়া ;—ধ্রুবঃ মাতুর্গৃহাৎ নির্জগাম (বিষ্ণু)=ধ্রুব মাতার গৃহ হইতে বহির্গত হইয়াছিলেন।

সং পূর্ব্বক অকর্ম্মক গম্ ধাতুর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা—

সম্‌+গম্‌—মিলিত হওয়া;—রাক্ষসাঃ কপিনা সমগংসত (ভট্টি)=রাক্ষসেরা বানরের সহিত মিলিত হইয়াছিল।

পুরাশব্দের যোগে বর্ত্তমান ও ভবিষ্যৎকালে লট্‌ হয়। যথা—অহং পুরা লঙ্কাং ন গচ্ছামি (ভট্টি)=আমি লঙ্কায় গমন করিব না।

সংস্কৃতে অনুবাদ কর:—

শিশুরা পিতার সহিত গৃহে যাইতেছে। তোমার পিতা পীড়িত হইয়াছেন, তুমি শীঘ্র বাড়ী যাও। বৃষ্টি ও রৌদ্র নিবারণের নিমিত্ত ছত্রী হইয়া গমন করিবেক। মাধব গত দিবস নবীনের সহিত কাশী গিয়াছে। আমি তিন মাস ছুটি লইয়া (অবকাশমাদায়) মধুপুরে যাইব। চাটুকার লোকেরা কুক্কুরের মত ধনীর পশ্চাৎ গমন করে। ওহে যাদব! তোমার পিতা আসিতেছেন, তুমি শীঘ্র এখান হইতে সরিয়া পড়। আমি মাধবের নিকটে তোমার সমস্ত বৃত্তান্ত জ্ঞাত হইয়াছি। আমার পিতার আদ্যশ্রাদ্ধে প্রায় হাজার কাঙ্গালি আসিয়াছিল। চতুর্দ্দশ বৎসর পূর্ণ হইলে, রাম, সীতা ও লক্ষ্মণের সহিত অযোধ্যায় আসিয়াছিলেন। সমস্ত পুরবাসী ও জনপদবাসী রামকেই রাজা স্বীকার করিয়াছিলেন। আহা! সেই মহাত্মা যতদিন জীবিত ছিলেন, ততদিন দেশের সমস্ত দরিদ্র অন্নের নিমিত্ত তাঁহার নিকটে গমন করিত। প্রতি+আ+গম্‌—ফিরিয়া আসা, পঞ্চ পাণ্ডব ত্রয়োদশ বৎসরের পর রাজধানীতে ফিরিয়া আসিয়াছিলেন। সেই চোর আমার গৃহ হইতে বহির্গত হইয়া এই পথ দিয়া গমন করিয়াছে। উৎ+গম্‌—ঊর্দ্ধে গমন করা, দেখ দেখ হঠাৎ নদীর তীরে ধূম উঠিতেছে কেন? যখন গ্রীষ্মের ছুটী হইবে, তখন আমি বাড়ী যাইব।

দশম পাঠ।

তপ্‌। লট্‌ তপতি। লৃট্‌ তপ্স্যতি। লিট্‌ ততাপ তেপতুঃ তেপুঃ, তেপিথ ততপ্‌থ তেপথুঃ তেপ, ০ তেপিব ০। লুঙ্‌ অতাপ্সীৎ অতাপ্তাম্‌ অতাপ্সুঃ। তুম্‌—তপ্তুম্‌। ক্ত্বা—তপ্ত্বা। যপ্‌—০ তপ্য।

তপ্‌—১ উত্তপ্ত করা বা হওয়া; ২ শোক করা।

বসুন্ধরাং তপতি করৈঃ দিবাকরঃ=দিবাকর কিরণ দ্বারা পৃথিবীকে উত্তপ্ত করে।

দ্যুতি অর্থে তপ্‌ধাতু অকর্ম্মক হয়। যথা—রবিঃ তপ্স্যতি নিঃশঙ্কম্‌ (ভট্টি)–সূর্য্য নির্ভয়ে প্রদীপ্ত হইবে।

অনু+তপ্‌—অনুতাপ করা; কুরুপুঙ্গব! ত্বাং বিনা তে ভ্রাতরঃ অনুতপন্তি (মহা)=হে কুরুশ্রেষ্ঠ! আপনকার বিরহে আপনকার ভ্রাতৃগণ অনুতাপ করিতেছেন।

পরি+তপ্‌—শোক করা;—সভার্য্যো রাজা জনকঃ অসংশয়ং পরিতপ্স্যতি (রামা)–রাজা জনক পত্নীর সহিত নিশ্চয় শোক করিবেন।

তপস্যা উপার্জ্জন অর্থে তপ্‌ ধাতুর আত্মনেপদ হয়; এবং লট্‌ প্রভৃতি চারি বিভক্তিতে মধ্যে য হয়। যথা—

শম্বূকো নাম বৃষলঃ পৃথিব্যাং তপ্যতে তপঃ (উত্তর)=শম্বূক-নামে শূদ্র পৃথিবীতে তপস্যা উপার্জ্জন করিতেছে।

স ভার্য্যয়া সার্দ্ধং বনং প্রস্থিতস্তপঃ তেপে (মহা)–তিনি পত্নীর সহিত বনে প্রস্থান করিয়া তপস্যা উপার্জ্জন করিয়াছিলেন।

সংস্কৃতে অনুবাদ কর ঃ—

রৌদ্র আমার শরীরকে উত্তপ্ত করিতেছে। গ্রীষ্মে সূর্য্যের কিরণ সমুদায় নদীর বালুকাকে অগ্নির ন্যায় উত্তপ্ত করে। সূর্য্য প্রতিদিন প্রভাতে পূর্ব্বদিকে দীপ্তি প্রকাশ করে। সে তোমাকে বিনা দোষে প্রহার করিয়া (প্রহৃত্য) বহু অনুতাপ করিয়াছে। তোমার ভ্রাতার তাদৃশী দুর্দ্দশা দেখিয়া সকলেই পরিতাপ করিবে। গ্রীষ্ম-ঋতুতে সূর্য্যের কিরণসমূহ দ্বারা ভূমি সন্তপ্ত হয়। এখনও বহু তপস্বী হিমালয়ের নির্জ্জন গহ্বরে তপস্যা উপার্জ্জন করিতেছেন। বিশ্বামিত্র ব্রাহ্মণ হইবার নিমিত্ত বহুকাল কঠোর তপস্যা উপার্জ্জন করিয়াছিলেন।

একাদশ পাঠ।

নম্। লট্ নমতি। লৃট্ নংস্যতি। লিট্ ননাম নেমতুঃ॰, নেমিথ ননন্থ॰ নেম, ননাম নেমিব॰। লুঙ্ অনংসীৎ অনংসিষ্টাম্ অনংসিষুঃ। তুম্—নন্তুম্। ক্ত্বা—নত্বা। যপ্—॰ নত্য ॰ নম্য।

দহ্। লট্ দহতি। লৃট্ ধক্ষ্যতি। লিট্ দদাহ দেহতুঃ॰, দেহিথ দদগ্ধ॰ দেহ, দদাহ দেহিব॰। লুঙ্ অধাক্ষীৎ অদাগ্ধাম্ অধাক্ষুঃ। তুম্—দগ্ধুম্। ক্ত্বা—দগ্ধ্বা। যপ্—॰ দহ্য।

নম্—১ প্রণাম করা ; ২ নত হওয়া।

তৎ পদং পরমং বিষ্ণোঃ প্রণমামঃ সদামলম্ (বিষ্ণু)=বিষ্ণুর সেই অমল পরমপদকে আমরা সর্ব্বদা প্রণাম করি।

রাবণ! অদ্য দেবেন্দ্রঃ ত্বাং প্রণংস্যতি (ভট্টি)=হে রাবণ! আজ দেবেন্দ্র তোমাকে প্রণাম করিবেন।

স যাদবো হরেশ্চরণৌ শিরসা ননাম (বিষ্ণু)=সেই যদুবংশীয় ব্যক্তি হরির চরণদ্বয়কে মস্তক দ্বারা প্রণাম করিয়াছিলেন।

নার্য্যস্তাং সীতাম্ অঞ্জলিভিঃ প্রণেমুঃ (রঘু)=নারীরা সেই সীতাকে অঞ্জলিদ্বারা প্রণাম করিয়াছিলেন।

তস্য কুম্ভকর্ণস্য ভরেণ ভূঃ অনংসীৎ (ভট্টি)=সেই কুম্ভকর্ণের ভরে পৃথিবী নত হইয়াছিল।

দহ্—দগ্ধ করা।

অগ্নিরিব আশ্রয়ং শোকো মাং দহতি (রামা)=অগ্নি যেমন আশ্রয়কে দগ্ধ করে, সেইরূপ শোক আমাকে দগ্ধ করিতেছে।

ব্রাহ্মণাঃ হি অগ্নিসদৃশাঃ পৃথিবীমপি দহেয়ুঃ (মহা)=নিশ্চয় অগ্নিসদৃশ ব্রাহ্মণগণ পৃথিবীকেও দগ্ধ করিতে পারেন।

কথং সা দ্রৌপদী ক্রোধচক্ষুষা ধার্ত্তরাষ্ট্রান্ নাদহৎ? (মহা)=সেই দ্রৌপদী ক্রোধসূচক চক্ষুদ্বারা ধৃতরাষ্ট্র পুত্রদিগকে কেন দগ্ধ করেন নাই?

শোকাগ্নিঃ ত্বয়া বিহীনাং মাং প্রধক্ষ্যতি (রামা)=তোমার বিরহে শোকরূপ অগ্নি আমাকে দগ্ধ করিবে।

বাসুদেবে হৃদি স্থিতে বহ্নির্যং ন দদাহ (বিষ্ণু)=বাসুদেব হৃদয়ে অবস্থান করিলে, বহ্নি যাঁহাকে দগ্ধ করে নাই।

নির্+দহ্—নাশ করা;—তপোধনাঃ তপসা এব তৎ সর্ব্বম্ এনো নির্দহন্তি (মনু)=তাপসেরা তপস্যাদ্বারা সেই সমস্ত পাপ নষ্ট করেন।

সংস্কৃতে অনুবাদ কর :—

পুত্রেরা পিতাকে প্রণাম করিতেছে। ইনি তোমার গুরু ইঁহাকে প্রণাম কর। দেবতার ন্যায় মাতা ও পিতাকে ভক্তিপূর্ব্বক (ভক্ত্যা) প্রণাম করা উচিত। নবীন মস্তক দ্বারা মাতার চরণে প্রণাম করিয়াছে। তুমি সেখানে যাইয়া অগ্রে গুরুজনদিগকে প্রণাম করিবে। সেই সভায় সমস্ত লোক উঠিয়া কৃষ্ণকে প্রণাম করিয়াছিল। এই বানরের ভরে বৃক্ষের শাখাটি নত হইতেছে। তিনি বিষ্ণুকে প্রণাম করিয়া গৃহ হইতে বহির্গত হইয়াছেন। মহাশয়! একবার (সকৃৎ) বাহিরে আসুন, আপনাকে প্রণাম করিব। উদ্+নম্—উত্থান ;—পশ্চিমদিকে মেঘ উঠিতেছে, শীঘ্র জল হইবে। পরি+নম্—পরিপাক ;—বৃক্ষের সমস্ত ফলগুলি পরিপক্ক হয় না, কতকগুলি পড়িয়া যায়।

ঈর্ষ্যা মানুষের হৃদয়কে সতত দগ্ধ করে। এই মহাত্মার দেহ চন্দন ও ঘৃতদ্বারা দগ্ধ কর। চারিটি লোক যাইয়া গঙ্গাতীরে তাহার মৃতদেহ দগ্ধ করিবে। হনুমান্ সমুদ্র পার হইয়া রাবণের লঙ্কা দগ্ধ করিয়াছিল। আমি যদবধি (যাবৎ) বাঁচিব, তদবধি (তাবৎ) এই দারুণ পুত্রশোক আমার শরীর দগ্ধ করিবে।

দ্বাদশ পাঠ।

রক্ষ্। লট্ রক্ষতি। লৃট্ রক্ষিষ্যতি। লিট্ ররক্ষ ররক্ষতুঃ, ররক্ষিথ ০ ররক্ষ, ০ ররক্ষিব ০। লুঙ্ অরক্ষীৎ অরক্ষিষ্টাম্ অরক্ষিষুঃ। তুম্—রক্ষিতুম্। ক্ত্বা—রক্ষিত্বা। যপ্—০ রক্ষ্য।

অর্হ। লট্ অর্হতি। লৃট্ অর্হিষ্যতি। লিট্ আনর্হ আনর্হতুঃ

০, আনর্হিথ ০ আনর্হ, ০ আনর্হিব ০। লুঙ্ আর্হীৎ আর্হিষ্টাম্ আর্হিষুঃ।

রক্ষ্—রক্ষা করা।

সাধবো ভুবি জীবিতেনাপি সত্যং রক্ষন্তি (রামা)=সাধুরা পৃথিবীতে জীবনদ্বারাও সত্যকে রক্ষা করেন।

মাতা সমর্থং বা অসমর্থং সুতং রক্ষতি (মহা)=পুত্র সমর্থ কিংবা অসমর্থ হউক মাতা তাহাকে রক্ষা করেন।

স কেশবঃ সর্ব্বত্র ত্বাং রক্ষতু (বিষ্ণু)=সেই কেশব সকল স্থানে তোমাকে রক্ষা করুন।

ভবন্তঃ সর্ব্বে এব ভীষ্মমেব অভিরক্ষন্তু (গীতা)=আপনারা সকলেই কেবল ভীষ্মকে রক্ষা করুন।

যদি রাজা ন সংরক্ষেৎ পীড়া নঃ পরমা ভবেৎ (মহা)=যদি রাজা রক্ষা না করেন, (তাহা হইলে) আমাদিগের অত্যন্ত দুঃখ হইবে।

স ধৃষ্টদ্যুম্নো ভ্রাতৃভিঃ পুত্রৈশ্চ সহ যুধিষ্ঠিরমরক্ষৎ (মহা)=সেই ধৃষ্টদ্যুম্ন ভ্রাতাদিগের ও পুত্রদিগের সহিত যুধিষ্ঠিরকে রক্ষা করিয়াছিলেন।

ত্বং পুনর্ব্বিলং প্রবিশ্য আত্মানং রক্ষিষ্যসি (পঞ্চ)=তুমি নিশ্চয় গর্ত্তে প্রবেশ করিয়া আপনাকে রক্ষা করিবে।

রাজা বিগ্রহবান্ ধর্ম্ম ইব পৃথিবীং ররক্ষ (মহা)=রাজা মূর্ত্তিমান্ ধর্ম্মের ন্যায় পৃথিবীকে রক্ষা করিয়াছিলেন।

অর্হ—যোগ্য হওয়া।

অদ্য দীনাং মাং পরিরক্ষিতুমর্হসি (রামা)=আমি দুঃখিতা, আজ আমাকে সর্ব্বতোভাবে রক্ষা করিতে যোগ্য হও।

তীর্থোদকঞ্চ বহ্নিশ্চ নান্যতঃ শুদ্ধিমর্হতঃ (উত্তর) = তীর্থের জল ও অগ্নি অন্য বস্তুদ্বারা বিশুদ্ধ হয় না।

সংস্কৃতে অনুবাদ কর :—

রাজা লোকদিগকে সমস্ত বিপৎ হইতে রক্ষা করেন। মধুসূদন! আমি ঘোর বিপদে পতিত, আমাকে রক্ষা করুন। ধনদ্বারা আপনার সম্মান রক্ষা করা উচিত। তিনি আমাকে শত্রু হইতে রক্ষা করিয়াছেন, এই হেতু তাঁহাকে চিরকাল স্মরণ করিব। মিত্র ভিন্ন অন্য কে আমাকে এই শত্রুভয় হইতে রক্ষা করিবে। কৃষ্ণ পাণ্ডবদিগকে সমস্ত সঙ্কট হইতে রক্ষা করিয়াছিলেন।

সাধ্বী ভার্য্যা পতি বিনা গৃহে ক্ষণকালও (ক্ষণমপি) জীবিত থাকিতে যোগ্য হন না। দশরথ রাম বিনা জীবিত থাকিতে যোগ্য হন নাই। সে একাকী তোমাকে রক্ষা করিতে যোগ্য হইবে না।

দশমাংশ।

দিবাদি—অকর্ম্মক—পরস্মৈপদী।

প্রথম পাঠ।

নশ্। লট্ নশ্যতি। লৃট্ নশিষ্যতি নংক্ষ্যতি। লিট্ ননাশ নেশতুঃ নেশুঃ, নেশিথ ননংষ্ঠ ০ নেশ, ননাশ নেশিব নেশ্ব নেশিম নেশ্ম। লুঙ্ অনশৎ অনশতাম্ অনশন্, অম—অনেশম্। তুম্—নশিতুং নংষ্টুম্। ক্ত্বা—নশিত্বা নংষ্ট্বা। যপ্—০ নশ্য।

নশ্—১ নষ্ট হওয়া, ২ পলায়ন করা, ৩ অদৃশ্য হওয়া।

ধ্রুবাণি তস্য নশ্যন্তি (হিতো)=তাহার নিশ্চিত বিষয়গুলি নষ্ট হয়।

অর্থেন বিহীনস্য পুরুষস্য ক্রিয়াঃ সর্ব্বাঃ বিনশ্যন্তি (হিতো)= অর্থবিহীন পুরুষের সমস্ত কার্য্য বিনষ্ট হয়।

দেব! তস্য মৎপিতুঃ পাপং প্রণশ্যতু (বিষ্ণু)=হে দেব! সেই আমার পিতার পাপ নষ্ট হউক।

অল্পৈরেব দিনৈরেতে বিনংক্ষ্যন্তি (বিষ্ণু)=ইহারা অল্পদিনের মধ্যে বিনষ্ট হইবে।

পিতা মে রাজ্যে রামমনিক্ষিপ্য বিনশিষ্যতি (রামা)= আমার পিতা রামকে রাজ্যে অভিষিক্ত না করিয়া বিনষ্ট হইবেন।

বসুন্ধরা গৌর্ভূত্বা ত্বরিতা ননাশ (বিষ্ণু)=পৃথিবী গোরূপ ধারণ করিয়া শীঘ্র পলায়ন করিয়াছিলেন।

তস্যাহং ন প্রণশ্যামি স চ মে ন প্রণশ্যতি (গীতা)=আমি তাহার অদৃশ্য হই না এবং সে আমার অদৃশ্য হয় না।

সংস্কৃতে অনুবাদ কর :—

এই মর্ত্ত্যলোকে সকল প্রাণীই নষ্ট হয়। আমার সমস্ত দ্রব্য নষ্ট হউক, আমি তাহাতে দুঃখ অনুভব করিব না। রাত্রি প্রভাত হইলে (প্রভাতায়াং রাত্রৌ) নক্ষত্রগুলি ক্রমে ক্রমে অদৃশ্য হইল। তাহার পত্নী ও তিনটি পুত্র কলেরায় (বিসূচিকয়া) নষ্ট হইয়াছে। বিদুর বলিলেন, মহারাজ! আপনকার এই পুত্রের দোষে সমস্ত কুরুকুল বিনষ্ট হইবে। রাবণের দোষে সমস্ত রাক্ষসকুল বিনষ্ট হইয়াছিল। তিনটা চোর এই পথ দিয়া পলায়ন করিয়াছে। তোমরা এস্থান হইতে পলায়ন কর।

দ্বিতীয় পাঠ।

শম্। লট্ শাম্যতি। লৃট্ শমিষ্যতি। লিট্ শশাম শেমতুঃ ০, শেমিথ শেমথুঃ শেম, ০ শেমিব ০। লুঙ্ অশমৎ। তুম্—শমিতুম্। ক্ত্বা—শমিত্বা, শান্ত্বা। যপ্—০ শম্য।

ভ্রম্। লট্ ভ্রাম্যতি (ভ্বাদি—ভ্রমতি)। লৃট্ ভ্রমিষ্যতি। লিট্ বভ্রাম, ভ্রেমতুঃ বভ্রমতুঃ ; ভ্রেমুঃ বভ্রমুঃ, ভ্রেমিথ বভ্রমিথ ০, ভ্রেম বভ্রম ; বভ্রাম, ভ্রেমিব বভ্রমিব, ০। লুঙ্ অভ্রমৎ (ভ্বাদি—অভ্রমীৎ)। তুম্—ভ্রমিতুম্। ক্ত্বা—ভ্রমিত্বা, ভ্রান্ত্বা। যপ্—০ভ্রম্য।

শম্—১ শান্ত হওয়া ; ২ নিবৃত্ত হওয়া।

পিত্তং যদি শর্করয়া শাম্যতি কোঽর্থঃ পটোলেন (পঞ্চ)= যদি শর্করা দ্বারা পিত্ত শান্ত হয়, পটোলপত্রে প্রয়োজন কি ?

উপ+শম্—১ নিবৃত্ত হওয়া ; ২ নষ্ট হওয়া।

যঃ ক্ষমাকালে নোপশাম্যতি সঃ অমুত্রেহ চ নশ্যতি (মহা)= যে ব্যক্তি ক্ষমার সময়ে নিবৃত্ত না হয়, সে পরলোকে ও ইহলোকে বিনষ্ট হয়।

অতৃণে পতিতঃ বহ্নিঃ স্বয়মেব উপশাম্যতি (মহা)=বহ্নি তৃণ-শূন্য স্থানে পতিত হইয়া নিজেই নষ্ট হয়।

তাত ! লোভেনালং প্রশাম্য (মহা)=বৎস ! লোভ করিও না, শান্ত হও।

দুর্জ্জনঃ প্রত্যপকারেণ শাম্যেৎ (কুমার)=দুর্জ্জন ব্যক্তি প্রত্যপকার দ্বারা শান্ত হয়।

বৃষ্ট্যাপি বিনা দবাগ্নিঃ শশাম (রঘু)=বৃষ্টি ব্যতিরেকে বনাগ্নি নিবৃত্ত হইয়াছিল।

ভ্রম্—১ ভ্রমণ করা, ২ ভ্রম হওয়া।

অভীতাস্তে নঃ পুরং পরিতঃ ভ্রাম্যন্তি (ভট্টি)=তাহারা নির্ভয় হইয়া আমাদিগের নগরের চারিদিকে ভ্রমণ করিতেছে।

দৃষ্টির্ভ্রাম্যতি মে হৃদয়ং দীর্য্যতীব চ (মহা)=আমার দৃষ্টিভ্রম হইতেছে এবং যেন হৃদয় বিদীর্ণ হইতেছে।

তে বনৌকসো ভয়ার্ত্তা বনে বভ্রমুঃ (মহা)=সেই বনবাসীরা ভয়ে কাতর হইয়া বনে ভ্রমণ করিয়াছিল।

পরি+ভ্রম্—১ ইতস্ততঃ ভ্রমণ করা, ২ চক্রের ন্যায় ভ্রমণ করা।

স বিপ্রঃ তাং স্রজং মূর্দ্ধ্নি কৃত্বা মেদিনীং পরিবভ্রাম (বিষ্ণু)= সেই বিপ্র সেই মালা মস্তকে করিয়া পৃথিবী পরিভ্রমণ করিয়াছিলেন।

অম্ভসি বিকর্ণা নৌরিব রাজশ্রীঃ পরিভ্রমতি (রামা)= জলের উপর কর্ণবিহীন (হাইল ছাড়া) নৌকার ন্যায় রাজলক্ষ্মী ইতস্ততঃ ভ্রমণ করে।

গৃধ্রাঃ বৃত্রস্যোপরি চক্রবৎ পরিবভ্রমুঃ (মহা)=শকুনিরা বৃত্রাসুরের উপরে চক্রের ন্যায় ভ্রমণ করিয়াছিল।

সংস্কৃতে অনুবাদ কর :—

শত্রুরা সংগ্রামে পরাভূত হইয়া এখন শান্ত হইতেছে। তোমরা শান্ত হও, আর বিবাদে প্রয়োজন নাই। বহু মধুর বাক্য-দ্বারা তাহার ক্রোধ নিবৃত্ত হইয়াছে। এই উদ্ধত বালক প্রহার ব্যতিরেকে শান্ত হইবে না। যদি তুমি একমাস বৈদ্যের ঔষধ খাও, তবে তোমার পীড়া নিবৃত্ত হইবে।

তাহারা অদ্য সমস্ত দিন ভ্রমণ করিতেছে। সেই তিনটি

যুবা কি হেতু (কো হেতুঃ) ভ্রমণ করিতেছে। উদ্+ভ্রম্— ঊর্দ্ধে ভ্রমণ ;—সে বেলুন যন্ত্রে (ব্যোমযানম্) আরোহণ করিয়া সমস্ত দিন ঊর্দ্ধে ভ্রমণ করিয়াছে। পাণ্ডবেরা বনে যাইয়া দ্রৌপদীর সহিত ইতস্ততঃ ভ্রমণ করিয়াছিলেন। দেখ দেখ, আকাশে পাখীগুলি চক্রের ন্যায় ভ্রমণ করিতেছে।

তৃতীয় পাঠ।

ক্রুধ্। লট্ ক্রুধ্যতি। লৃট্ ক্রোৎস্যতি। লিট্ চুক্রোধ চুক্রুধতুঃ ০, চুক্রোধিথ ০ চুক্রুর্দ্ধ, ০ চুক্রুধিব ০। লুঙ্ অক্রুধৎ। তুম্—ক্রোদ্ধুম্। ক্ত্বা—ক্রুদ্ধা। যপ্=০ ক্রুধ্য।

মুহ। লট্ মুহ্যতি। লৃট্ মোহিষ্যতি মোক্ষ্যতি। লিট্ মুমোহ মুমুহতুঃ০, মুমোহিথ মুমোগ্ধ মুমোঢ় ০ মুমুহ, ০ মুমুহিব ০। লুঙ্ অমুহৎ। তুম্—মোহিতুম্, মোগ্ধুম্, মোঢ়ুম্। ক্ত্বা—মোহিত্বা, মুগ্ধ্বা, মূঢ়্বা। যপ্—০ মুহ্য।

ক্রুধ্—ক্রুদ্ধ হওয়া।

ক্রোধার্থ ধাতুর প্রয়োগে যাহার উপর ক্রোধ করা যায়, তাহার উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা—

অসৌ সীতায়ৈ ন অক্রুধ্যৎ (ভট্টি)—সে সীতার উপর ক্রুদ্ধ হয় নাই।

ভীষ্মঃ ক্ষত্রিয়াণাং বচঃ শ্রুত্বা চুক্রোধ (মহা)—ভীষ্ম ক্ষত্রিয়-দিগের বাক্য শুনিয়া ক্রুদ্ধ হইয়াছিলেন।

দ্রৌপদি! ক্ষমায়াঃ গাথাঃ শ্রুত্বা তুষ্য, মা ক্রুধঃ (মহা)= হে দৌপদি! ক্ষমাগুণের বর্ণন শুনিয়া তুষ্ট হও, ক্রোধ করিও না।

ক্রোধার্থ ধাতু অভি, অনু, প্রতি ও সম্ এই কয়েকটি, উপসর্গযুক্ত হইলে, চতুর্থী স্থানে দ্বিতীয়া হয়। যথা—

ক্রুধ্যন্তং ন প্রতিক্রুধ্যেৎ (মনু)=ক্রুদ্ধ ব্যক্তির উপর ক্রোধ করা উচিত নহে।

মৃষা কিং ত্বং মাং সংক্রুধ্যসি (ভট্টি)=তুমি বৃথা আমার উপর ক্রোধ করিতেছ কেন?

মুহ্—১ মুগ্ধ হওয়া; ২ মূর্চ্ছিত হওয়া।

পণ্ডিতাঃ আপৎস্বপি ন মুহ্যন্তি (মহা)=পণ্ডিতেরা বিপৎকালেও মুগ্ধ হন না।

স্বার্থে সর্ব্বে বিমুহ্যন্তি যেঽপি ধর্ম্মবিদো জনাঃ (মহা)= যে মনুষ্যেরা ধর্ম্মজ্ঞ, তাঁহারা সকলেই স্বার্থবিষয়ে মুগ্ধ হন।

পণ্ডিতো জনঃ পৃথগ্জনবৎ ন জাতু মুহ্যেৎ (ভট্টি)=পণ্ডিত ব্যক্তি মূর্খ ব্যক্তির ন্যায় কখনও মুগ্ধ হন না।

ততো রাঘবৌ বীরৌ প্রামুহ্যতাম্ (ভট্টি)=তাহার পর রঘুবংশীয় বীরদ্বয় মুগ্ধ হইয়াছিলেন।

নৃপতির্দুঃখেন শয়নে ভূয়ো মুমোহ (রামা)=নৃপতি দুঃখহেতু শয্যায় পুনর্ব্বার মূর্চ্ছিত হইয়াছিলেন।

সংস্কৃতে অনুবাদ কর:—

মূর্খেরা বিনা কারণে সকলের উপর ক্রোধ করে। সে ক্রোধ করুক, কিন্তু তুমি তাহার উপর ক্রোধ করিও না। কাহারও উপর (কস্মৈচিৎ) ক্রোধ করা উচিত নহে। তিনি কেন

আমার উপর ক্রোধ করিয়াছিলেন, আমি তাহা অবগত হই নাই। আমি আজ হইতে (অদ্যাবধি) শত্রুদিগেরও উপর ক্রোধ করিব না। ভীম সভায় দ্রৌপদীর অবমাননা দেখিয়া কৌরবদিগের উপর ক্রোধ করিয়াছিলেন।

জ্ঞানী লোকেরা কোনও কারণে মুগ্ধ হন না। মূর্খেরা কোনও অদ্ভুত ব্যাপার দেখিয়া হঠাৎ মুগ্ধ হয়। তোমরা মূর্খের ন্যায় শোকহেতু মুগ্ধ হইও না। আমরা সেই রাক্ষসের মায়ায় মুগ্ধ হই নাই। সেই কন্যার রূপ দেখিয়া রাজপুত্রদিগের মন মুগ্ধ হইয়াছিল। আমি ধূর্ত্তদিগের মধুর বচনে কখনও মুগ্ধ হইব না। বিশ্বাসী নরেরা খলদিগের মধুর বাক্যে মুগ্ধ হইয়া মহতী বিপৎ প্রাপ্ত হন।

চতুর্থ পাঠ।

দিবাদি—সকর্ম্মক—পরস্মৈপদী।

ক্ষম্। লট্ ক্ষাম্যতি। লৃট্ ক্ষমিষ্যতি। লিট্ চক্ষাম চক্ষমতুঃ ০, চক্ষমিথ ০ চক্ষম, ০ চক্ষমিব ০। লুঙ্ অক্ষমৎ। তুম্—ক্ষমিতুং ক্ষন্তুম্। ক্ত্বা—ক্ষমিত্বা ক্ষান্ত্বা।

ব্যধ্। লট্ বিধ্যতি। লৃট্ ব্যৎস্যতি। লিট্ বিব্যাধ বিবিধতুঃ ০, বিব্যধিথ বিব্যদ্ধ ০ বিবিধ, ০ বিবিধিব ০। লুঙ্ অব্যাৎসীৎ অব্যাদ্ধাম্ অব্যাৎসুঃ। তুম্—ব্যদ্ধুম্। ক্ত্বা—বিদ্ধা। যপ্—০ বিধ্য।

ক্ষম্—ক্ষমা করা।

রিপূনপি ক্ষাম্যতি সজ্জনঃ সদা=সাধুব্যক্তি শত্রুদিগকেও সতত ক্ষমা করেন।

প্রভো! মূঢ়োঽহং মাং ক্ষাম্যতু ভবান্—হে প্রভো! আমি অজ্ঞ, আপনি আমাকে ক্ষমা করুন।

হেতু ও তাহার ফল বুঝাইলে, ভবিষ্যৎকালে লিঙ্ ও লৃট্ হয়। যথা—যদি সত্যং বদেস্ত্বামহং ক্ষাম্যেয়ম্=যদি তুমি সত্য বল, তোমাকে ক্ষমা করিব।

ত্বঞ্চেৎ মিথ্যা বদিষ্যসি নাহং ক্ষমিষ্যামি=তুমি যদি মিথ্যা বল, আমি তোমাকে ক্ষমা করিব না।

ব্যধ্—বিদ্ধ করা।

ব্যাধাঃ বিপিনে মৃগান্ বিধ্যন্তি=ব্যাধেরা বনে মৃগদিগকে বিদ্ধ করে।

সোঽন্যৎ কার্ম্মুকমাদায় নবত্যা শরৈঃ ফাল্গুনমবিধ্যৎ (মহা) =তিনি অপর ধনুক লইয়া নব্বইটি বাণদ্বারা অর্জ্জুনকে বিদ্ধ করিলেন।

পাণ্ডবঃ শল্যং পঞ্চবিংশত্যা শরৈর্বিব্যাধ (মহা)=পাণ্ডুপুত্র শল্যকে পঁচিশটি বাণদ্বারা বিদ্ধ করিয়াছিলেন।

ভীমসেনো দুর্য্যোধনং ত্রিভিঃ (শরৈঃ) বিদ্ধা পুনঃ পঞ্চভির্বিব্যাধ (মহা)=ভীমসেন দুর্য্যোধনকে তিনটি বাণদ্বারা বিদ্ধ করিয়া পুনর্ব্বার পাঁচটি বাণদ্বারা বিদ্ধ করিয়াছিলেন।

সংস্কৃতে অনুবাদ কর :—

মহৎ লোকেরা সম্পৎকালে সকলকে ক্ষমা করেন। আমি দুঃখহেতু তোমাকে কটু বাক্য বলিয়াছি, অতএব আমাকে ক্ষমা কর। যাহারা জ্ঞানী হইয়া পাপ কর্ম্ম করে, তাহাদিগকে ক্ষমা করা উচিত নয়। আমি সেই তিনটি ভৃত্যকে ক্ষমা করিয়াছি। যদি আর কখনও (পুনঃ কদাপি) তোমার দোষ দেখি, তখন

তোমাকে ক্ষমা করিব না। যুধিষ্ঠির কৌরবদিগের সমস্ত অপরাধ ক্ষমা করিয়াছিলেন।

দেখ এই ব্যাধ শরদ্বারা পাখীটিকে বিদ্ধ করিতেছে। ঐ হরিণটি চরিতেছে, তুমি উহাকে বিদ্ধ কর। অর্জ্জুন বাণদ্বারা লক্ষ্য বিদ্ধ করিয়াছিলেন। আমি এই সুতীক্ষ্ণ বাণদ্বারা তোমার বক্ষঃস্থল বিদ্ধ করিব। অপ+ব্যধ্—প্রত্যাখ্যান; শত্রুও গৃহে আসিলে, তাহাকে প্রত্যাখ্যান করা উচিত নহে। আ+ব্যধ্—পরিধান; তোমাকে এই মুক্তাহার দিতেছি, তুমি ইহা কণ্ঠে পরিধান কর।

পঞ্চম পাঠ।

তুদাদি—অকর্ম্মক—পরস্মৈপদী।

মস্জ্। লট্ মজ্জতি। লৃট্ মঙ্ক্ষ্যতি। লিট্ মমজ্জ মমজ্জতুঃ ০, মমজ্জিথ মমঙ্ক্থ ০ মমজ্জ, ০ মমজ্জিব ০। লুঙ্ অমাঙ্ক্ষীৎ অমাঙ্ক্তাম্ অমাঙ্ক্ষুঃ। তুম্—মঙ্ক্তুম্। ক্ত্বা—মঙ্ক্ত্বা, মক্ত্বা।০ যপ্—০ মজ্জ্য।

স্ফুট্। লট্ স্ফুটতি। ভ্বাদি—লট্ স্ফোটতি। লৃট্ স্ফুটিষ্যতি। লিট্ পুস্ফোট ০ পুস্ফুটুঃ, পুস্ফুটিথ (ভ্বাদি—পুস্ফোটিথ)০ পুস্ফুট, পুস্ফোট পুস্ফুটিব ০। লুঙ্ অস্ফুটীৎ অস্ফুটিষ্টাম্ অস্ফুটিষুঃ। ভ্বাদি—অস্ফুটৎ অস্ফোটীৎ। তুম্—স্ফোটিতুং, স্ফুটিতুম্। ক্ত্বা—স্ফোটিত্বা, স্ফুটিত্বা। যপ্—০ স্ফুট্য।

মস্জ্—মগ্ন হওয়া।

দুর্য্যোধনঃ পার্থজলে পুরা নৌরিব মজ্জতি (মহা)—দুর্য্যোধন পার্থরূপ জলে নৌকার ন্যায় মগ্ন হইবে।

নি + মস্জ্—বিলীন হওয়া ;—একো হি দোষো গুণসন্নিপাতে নিমজ্জতি (কুমার) = যেমন একমাত্র দোষ গুণসমূহে বিলীন হইয়া যায়।

উদ্ + মস্জ্—জল হইতে উত্থিত হওয়া ;—বন্যো গজঃ সরিত্তঃ উন্মমজ্জ (রঘু) = বন্য হস্তী নদী হইতে উঠিয়াছিল।

স্ফুট্—১ বিদীর্ণ হওয়া, ফাটিয়া যাওয়া ; ২ বিদ্ধ হওয়া।

হা হা দেবি ! স্ফুটতি হৃদয়ম্ (উত্তর) = হায় হায় দেবি ! হৃদয় বিদীর্ণ হইতেছে।

কথং দুঃখেন হৃদয়ং ন স্ফোটতি সহস্রধা ? (রামা) = দুঃখ-হেতু হৃদয় সহস্র প্রকারে কেন বিদীর্ণ হইতেছে না ?

ইদানীং মে হৃদয়ং চেৎ সহস্রধা ন স্ফুটিষ্যতি (রামা) = এক্ষণে আমার হৃদয় যদি সহস্র প্রকারে বিদীর্ণ না হয়।

স শরস্তস্য হৃদয়ে পুস্ফোট (রামা) = সেই শর তাহার হৃদয়ে বিদ্ধ হইয়াছিল।

স (প্রাসঃ) অঙ্গদোরসি অস্ফোটীৎ (ভট্টি) = সেই (ক্ষেপণীয় অস্ত্র) অঙ্গদের বক্ষঃস্থলে বিদ্ধ হইয়াছিল।

সংস্কৃতে অনুবাদ কর :—

তোমরা পুকুরের ঠাণ্ডা জলে বার বার (অসকৃৎ) ডুব দিতেছ কেন ? তুমি গঙ্গায় একবার ডুব দাও, তোমার দেহ শুদ্ধ হইবে (শোৎস্যতি)। সমুদ্রে একখানি বড় জাহাজ (পোতঃ) ডুবিয়াছে। ধৃতরাষ্ট্র পুত্রদিগের মৃত্যুসংবাদ শুনিয়া শোক-সাগরে নিমগ্ন হইয়াছিলেন। এই ভগ্ন নৌকাখানি শীঘ্র জলে নিমগ্ন হইবে। কুম্ভীরেরা জল হইতে উঠিয়া নদীর চড়ায়

(সৈকতে) পড়িয়া থাকে। সেই মৃদঙ্গের ধ্বনি তিন খানি ঢাকের (ত্রয়াণাং পটহানাম্) শব্দে বিলীন হইয়াছিল।

আহা বৎস! তোমার দুঃখ দেখিয়া আমার হৃদয় বিদীর্ণ হইতেছে। আমার হৃদয় লৌহময়, নতুবা পুত্রশোকে বিদীর্ণ হইতেছে না কেন? বৃক্ষ হইতে পড়িয়া (পতিত্বা স্থিতস্য) তাহার মাথার খুলি (কপালঃ) ফাটিয়াছে। আমার পায়ে একটা খেজুর কাঁটা (খর্জ্জূর কণ্টকং) বিদ্ধ হইয়াছে। রাবণের সেই ভীষণ শেল লক্ষ্মণের বক্ষঃস্থলে বিদ্ধ হইয়াছিল। অর্জ্জুনের বাণসমুদায় ভীষ্মের সকল অঙ্গে বিদ্ধ হইয়াছিল। তুমি এই বিপথ দিয়া যাইও না, তোমার পায়ে কাঁটা ফুটিবে।

তুদাদি—সকর্ম্মক—পরস্মৈপদী।

ষষ্ঠ পাঠ।

কৄ—লট্ কিরতি। লৃট্ করিষ্যতি করীষ্যতি। লিট্ চকার চকরতুঃ ০, চকরিথ ০ চকর, ০ চকরিব০। লুঙ্ অকারীৎ অকারিষ্টাম্ অকারিষুঃ। তুম্—করিতুম্ করীতুম্। ক্ত্বা—কীর্ত্বা। যপ্—০কীর্য্য।

ইষ্—লট্ ইচ্ছতি। লঙ্—ঐচ্ছৎ। লৃট্—এষিষ্যতি। লিট্—ইয়েষ ঈষতুঃ ০, ইয়েষিথ ০ ঈষ, ০ ঈষিব ০। লুঙ্—ঐষীৎ ঐষিষ্টাম্ ঐষিষুঃ। ক্ত্বা—ইষিত্বা, ইষ্ট্বা। যপ্—০ ইষ্য।

কৄ—১ আচ্ছাদন করা; ২ ক্ষেপণ করা; ৩ বিকিরণ করা, ছড়ান।

রাবণিঃ সৌমিত্রিং পরিতো বাণৈরবাকিরৎ (ভট্টি)=রাবণ-পুত্র (ইন্দ্রজিৎ) সুমিত্রানন্দনের চারিদিক্ বাণদ্বারা আচ্ছাদন করিয়াছিল।

বাললতাঃ প্রসূনৈস্তম্ অবাকিরন্ (রঘু)=নবীন লতাসমুদায় পুষ্পদ্বারা তাঁহাকে আচ্ছন্ন করিয়াছিল।

নিপুণাঃ (লোকাঃ) বিচিত্রৈঃ পুষ্পৈর্দিশঃ চকরুঃ (ভট্টি)=নিপুণ লোকেরা বিচিত্র পুষ্পদ্বারা দিক্সমুদায় আচ্ছন্ন করিয়াছিল।

ততো নীলহনূমন্তৌ তুঙ্গান্ গিরীন্ অকারিষ্টাম্ (ভট্টি)=তাহার পর নীল ও হনূমান্ উন্নত পর্ব্বতসমুদায় ক্ষেপণ করিয়াছিল।

অথ তেন ব্যাধেন তণ্ডুলকণান্ বিকীর্য্য জালং বিস্তীর্ণম্ (হিতো)=অনন্তর সেই ব্যাধ তণ্ডুলকণা ছড়াইয়া জাল বিস্তার করিল।

ইষ্—ইচ্ছা করা।

ভবদ্ভিঃ সহ মিত্রত্বমিচ্ছামি (হিতো)=আপনাদিগের সহিত সৌহৃদ্য ইচ্ছা করিতেছি।

নরব্যাঘ্র! যেষাং কুশলমিচ্ছসি তে কুশলাঃ? (রামা)=হে নরশ্রেষ্ঠ! যাহাদিগের কুশল ইচ্ছা কর, তাহাদিগের কুশল ত?

ভর্ত্তারং পরিত্যজ্য কা স্ত্রী জীবিতুমিচ্ছেৎ (রামা)=স্বামীকে পরিত্যাগ করিয়া কোন স্ত্রী জীবিত থাকিতে ইচ্ছা করে।

অলুব্ধাঃ কৌন্তেয়াঃ ন রাজ্যমিচ্ছেয়ুঃ (মহা)=অলুব্ধ কুন্তী-পুত্রগণ রাজ্য ইচ্ছা করিবেন না।

অহমদ্য ত্বয়া বিনা স্বর্গঞ্চাপি ন দ্রষ্টুমিচ্ছেয়ম্ (রামা)=আমি আজি তোমা ব্যতিরেকে স্বর্গও দেখিতে ইচ্ছা করি না।

রাবণো নৃভ্যঃ নাভয়মৈচ্ছৎ (ভট্টি)=রাবণ মনুষ্যগণ হইতে অভয় ইচ্ছা করে নাই।

অনু+ইষ্—অন্বেষণ করা;—স্বয়ম্ আত্মনঃ গুণৈঃ সদৃশং ভর্ত্তারম্ অন্বিচ্ছ (মহা)=আপনি আপনার গুণের সদৃশ পতি অন্বেষণ কর।

প্রতি+ইষ্—১ স্বীকার করা; ২ গ্রহণ করা।

মহাত্মন্! সদ্বৃত্তাং জানকীং দেবীং প্রতীচ্ছ (মহা)=হে মহাত্মন্! সচ্চরিত্রা দেবী জানকীকে স্বীকার করুন।

বালিজঃ অঙ্গদস্তাং (গদাং) প্রতীয়েষ (ভট্টি)=বালিপুত্র অঙ্গদ সেই গদা গ্রহণ করিয়াছিল।

সংস্কৃতে অনুবাদ কর ঃ—

সূর্য্য দিবসে সহস্র কিরণ বিকিরণ করে। পুরবাসীরা পুষ্প-দ্বারা রাজার সর্ব্ব শরীর আচ্ছাদন করিল। সেই দুষ্ট বালক সতত লোষ্ট্র বিক্ষেপ করে। ব্যাধের পুত্র কপোতদিগকে খাওয়াইবার নিমিত্ত তণ্ডুল ছড়াইতেছে। অর্জ্জুন অসংখ্য বাণদ্বারা ভীষ্মের সমস্ত শরীর আচ্ছাদন করিয়াছিলেন। উদ্+কৄ—উৎক্ষেপণ; সমস্ত নৃপতি দ্রুপদের সেই লক্ষ্য বিদ্ধ করিবার নিমিত্ত শর উৎ-ক্ষেপণ করিয়াছিলেন। সম্+উদ্+কৄ—ছিদ্রকরণ; সূত্রধার ভ্রমর দ্বারা (বৈধনিকয়া) কাষ্ঠ বিদ্ধ করে। বি+কৄ—বিক্ষেপ; আমি একটী লোষ্ট্র বিক্ষেপ করিয়া তিনটী ফল পাড়িয়াছি (অপাতয়ম্)।

সাধুরা সকলের সঙ্গে সৌহৃদ্য ইচ্ছা করেন। যে আপনার মঙ্গল ইচ্ছা করে, সে আলস্য ত্যাগ করুক। বৎস! তুমি আলস্য ত্যাগ করিয়া আপনার মঙ্গল ইচ্ছা কর। যে আপনার

সম্পং ইচ্ছা করিবে, সে সাধুদিগের সহিত বাস করুক। আমার পুত্রেরা তোমার সহিত বাড়ী যাইতে ইচ্ছা করিয়াছে। আমি তাদৃশ দুর্জ্জনের সহিত বন্ধুত্ব ইচ্ছা করিব না। অযোধ্যার সমস্ত লোকেরা রামের অনুগমন করিতে ইচ্ছা করিয়াছিল। রাম লক্ষ্মণের সহিত বনে সীতাকে অন্বেষণ করিয়াছিলেন। মহাশয়! আপনাকে এই বস্ত্রখানি দান করিতেছি, আপনি ইহা (এনং) গ্রহণ করুন। আমি এই বস্ত্রখানি তাঁহাকে দান করিব, কিন্তু তিনি স্বীকার করিবেন না।

সপ্তম পাঠ।

বিশ্। লট্ বিশতি। লৃট্ বেক্ষ্যতি।° লিট্ বিবেশ বিবিশতুঃ ০, বিবেশিথ ০ বিবিশ, ০ বিবিশিব ০। লুঙ্ অবিক্ষৎ। তুম্—বেষ্টুম্। ক্ত্বা—বিষ্ট্বা। যপ্—০ বিশ্য।

কৃত্। লট্ কৃন্ততি। লৃট্ কর্ত্তিষ্যতি কর্ৎস্যতি। লিট্ চকর্ত্ত চকৃততুঃ ০, চকর্ত্তিথ ০ চকৃত, ০ চকৃতিব ০। লুঙ্ অকর্ত্তীৎ অকর্ত্তিষ্টাম্ অকর্ত্তিষুঃ। তুম্—কর্ত্তিতুম্। ক্ত্বা—কর্ত্তিত্বা। যপ্—০ কৃত্য।

বিশ্—প্রবেশ করা।

ন হি সুপ্তস্য সিংহস্য বিশন্তি বদনে মৃগাঃ (হিতো) = মৃগেরা নিদ্রিত সিংহের বদনে প্রবেশ করে না।

কো মনুজঃ স্বেচ্ছয়া হুতাশনং প্রবিশতি (পঞ্চ) = কোন্ মনুষ্য স্ব-ইচ্ছায় অগ্নিতে প্রবেশ করে।

অলক্ষ্মীঃ অলসং নরমাবিশতি (পঞ্চ)=অলক্ষ্মী অলস মনুষ্যে প্রবেশ করে।

আ+বিশ্—ঘটান ;—মা ত্বং মে মৃত্যুমাবিশ (রামা)= তুমি আমার মৃত্যু ঘটিও না।

প্রভো! ত্বমস্মাভিঃ সহ অযোধ্যাং প্রবিশ (রামা)=হে প্রভো! আপনি আমাদিগের সহিত অযোধ্যায় প্রবেশ করুন।

রাবণঃ অশুচিঃ সারমেয় ইব যজ্ঞং প্রাবিশৎ (রামা)=রাবণ অপবিত্র কুক্কুরের ন্যায় যজ্ঞে প্রবেশ করিয়াছিল।

অহং পিত্রা সহ অগ্নিং বা রামেণ সহ বনং বা প্রবেক্ষ্যামি (রামা)=আমি পিতার সহিত অগ্নিতে অথবা রামের সহিত বনে প্রবেশ করিব।

ততঃ স রাজা যানাৎ অবরুহ্য তৎ কাননং বিবেশ (মহা)= তাহার পর সেই রাজা রথ হইতে অবতীর্ণ হইয়া সেই বনে প্রবেশ করিয়াছিলেন।

মদম্বা পিতুর্মে শয়নস্থানমেকাকিনী প্রাবিক্ষৎ (দশকু)=আমার মাতা একাকিনী আমার পিতার শয়নগৃহে প্রবেশ করিলেন।

নি পূর্ব্বক বিশ্ ধাতুর আত্মনেপদ হয়। যথা—

ততোঽসৌ রামশালাং ন্যবিক্ষত (ভট্টি)=তাহার পর সে রামের কুটীরে প্রবেশ করিল।

সম্+বিশ্—১ শয়ন করা, ২ নিদ্রা যাওয়া।

স তত্র কেদারখণ্ডে সংবিবেশ (মহা)=সে সেই আলির একাংশে শয়ন করিল।

ক্রমেণ সুপ্তামনু সংবিবেশ (রঘু)=ক্রমে নিদ্রা যাইলে পশ্চাৎ নিদ্রা যাইলেন।

কৃত্—কর্ত্তন করা।

কৃষকাঃ দাত্রৈর্ধান্যানি কৃন্ততি=কৃষকেরা কাস্তে দ্বারা ধান কাটিতেছে।

রাঘবো রণে কুম্ভকর্ণস্য গাত্রাণি কর্ৎস্যতি (ভট্টি)=রাঘব যুদ্ধে কুম্ভকর্ণের অঙ্গসমুদায় ছেদন করিবেন।

কুলীরকস্তস্য বকস্য মৃদুগ্রীবাং চকর্ত্ত (পঞ্চ)=কর্কট সেই বকের মৃদু গ্রীবা ছেদন করিয়াছিল।

রাবণিঃ ছন্নরূপো রাবণবিদ্বিষাং দেহান্ অকর্ত্তীৎ (ভট্টি)= রাবণপুত্র লুক্কায়িত হইয়া রাবণ-শক্রদিগের দেহ কর্ত্তন করিয়াছিল।

সংস্কৃতে অনুবাদ কর :—

শৃগালেরা ইতস্তত বিচরণ করিয়া গর্ত্তে প্রবেশ করে। ওহে প্রতিবেশীরা শীঘ্র আইস, আমার গৃহে তিনটা চোর প্রবেশ করিয়াছে। এই আমি (এষোঽহং) গৃহ হইতে বাহির হইলাম, আর কখনও এ গৃহে প্রবেশ করিব না। সুমন্ত্র রামকে পরিত্যাগ করিয়া একাকী অযোধ্যায় প্রবেশ করিয়াছিল। উপ—উপবেশন ; রাম শুভদিনে সীতার সহিত অযোধ্যার রাজাসনে উপবেশন করিয়াছিলেন। নির্—উপভোগ ; মনুষ্যেরা যৌবনে বিবিধ গন্ধদ্রব্য উপভোগ করিতে অভিলাষী (নির্বেষ্টুকামাঃ) হয়। হায়! যে রাম প্রাসাদের উপরি পর্য্যঙ্কে নিদ্রা যাইতেন, আজ তিনি কণ্টকাকীর্ণ বনে কুশশয্যায় শয়ন করিতেছেন।

উমেশ ছুরি করিয়া (ছুরিকয়া) কঞ্চি (কঞ্চিকাং) কাটিতেছে। তুমি কাটারি করিয়া সজনে গাছের (কর্ত্তরিকয়া

শোভাঞ্জনবৃক্ষস্য) ডালগুলি কাট। তোমার গৃহের চতুর্দ্দিকে বনগুলি কাটা উচিত। তাহারা আমার বাগানে তিনটি তেঁতুল গাছ (চিঞ্চাবৃক্ষান্) কাটিয়াছে। জামদগ্ন্য পিতার আদেশে মাতার মস্তক ছেদন করিয়াছিলেন। উৎ+কৃত্—খণ্ড খণ্ড করিয়া বহিষ্করণ; চিকিৎসক গর্ভস্থ মৃত শিশুটিকে খণ্ড খণ্ড করিয়া বাহির করে।

অষ্টম পাঠ।

সৃজ্। লট্ সৃজতি। লৃট্ স্রক্ষ্যতি। লিট্ সসর্জ্জ সসৃজতুঃ ০, সসর্জ্জিথ সস্রষ্ঠ ০ সসৃজ, ০ সসৃজিব ০। লুঙ্ অস্রাক্ষীৎ অস্রাষ্টাম অস্রাক্ষুঃ। তুম্—স্রষ্টুম্। ক্ত্বা সৃষ্ট্বা। যপ্— ০ সৃজ্য।

স্পৃশ্। লট্ স্পৃশতি। লৃট্ স্প্রক্ষ্যতি স্পর্ক্ষ্যতি। লিট্ পস্পর্শ পস্পৃশতুঃ০, পস্পর্শিথ ০ পস্পৃশ, ০ পস্পৃশিব ০। লুঙ্ অস্প্রাক্ষীৎ অস্প্রাষ্টাম্ অস্প্রাক্ষুঃ। অস্পার্ক্ষীৎ আস্পার্ষ্টাম্ অস্পার্ক্ষুঃ। অস্পৃক্ষৎ অস্পৃক্ষতাম্ অস্পৃক্ষন্। তুম্—স্প্রষ্টুম্, স্পর্ষ্টুম্। ক্ত্বা—স্পৃষ্ট্বা। যপ্—০ স্পৃশ্য।

সৃজ্—১ সৃষ্টি করা; ২ ত্যাগ করা; ৩ উৎসর্গ বা দান করা।

অহং পুনস্তানি বিসৃজামি (গীতা)=আমি পুনর্ব্বার তৎসমুদায় সৃষ্টি করি।

রে দক্ষিণ হস্ত! শূদ্রমুনৌ কৃপাণং বিসৃজ (উত্তর)=ওরে দক্ষিণ হস্ত! শূদ্র তাপসের উপর খড়্গ ত্যাগ কর।

প্রাজ্ঞঃ ধনানি জীবিতঞ্চৈব পরার্থে উৎসৃজেৎ (হিতো)= জ্ঞানী ব্যক্তি পরের নিমিত্ত ধন ও জীবন ত্যাগ করেন।

অব+সৃজ্—নিক্ষেপ ;—অপ এব সসর্জ্জাদৌ তাসু বীজমবাসৃজৎ (মনু =অগ্রে জলের সৃষ্টি করিলেন, তাহাতে বীজ নিক্ষেপ করিলেন।

দূরাৎ আবসথাৎ মূত্রং পুরীষঞ্চ সমুৎসৃজেৎ (বিষ্ণু)=বাসস্থান হইতে দূরে মূত্র ও মল পরিত্যাগ করা উচিত।

বালঃ পিতরমুৎসৃজ্য মাতুর্মন্দিরং জগাম (বিষ্ণু)=বালক পিতাকে ত্যাগ করিয়া মাতার গৃহে গমন করিয়াছিল।

স্পৃশ্—স্পর্শ করা।

চরণৌ তে মূর্দ্ধ্না স্পৃশামি (রামা)=মস্তক দ্বারা তোমার চরণদ্বয় স্পর্শ করিতেছি।

বয়ং পুণ্যং ভাগীরথীজলং কথং ন স্পৃশেম ? (রামা)= আমরা পবিত্র ভাগীরথীর জল কেন স্পর্শ করিব না ?

ত্বাং কৃষ্ণসর্পমিব অস্পৃশম্ (রামা)=তোমাকে কৃষ্ণসর্পের ন্যায় স্পর্শ করিয়াছি।

পাণ্ডবো রাজা পাণিনা তং করে পস্পর্শ (মহা)=পাণ্ডুপুত্র রাজা যুধিষ্ঠির হস্ত দ্বারা তাঁহার হস্ত স্পর্শ করিয়াছিলেন।

ইন্দ্রস্তদঙ্গং হস্তেন পস্পর্শ (কুমার)=ইন্দ্র হস্ত দ্বারা তাঁহার অঙ্গ স্পর্শ করিয়াছিলেন।

উপ+স্পৃশ্—আচমন করা ;—দ্বিজো নিত্যমুপস্পৃশ্য শুদ্ধো ভবেৎ (স্মৃতি)=ব্রাহ্মণ প্রতিদিন আচমন করিয়া শুদ্ধ হইবেন।

সংস্কৃতে অনুবাদ কর :—

বৎস ! তুমি ইন্দ্রিয়দ্বারা যে সমস্ত পদার্থ অনুভব কর, ঈশ্বর সে সমস্ত সৃষ্টি করেন। তুমি এই নূতন বস্ত্রখানি একটি পবিত্র ব্রাহ্মণকে উৎসর্গ কর। যাহাদ্বারা দেশের অনিষ্ট হয়, ঈদৃশ

কুসংস্কার ত্যাগ করা উচিত। পুরোহিত সমস্ত মিষ্টান্নগুলি দেবতাকে উৎসর্গ করিয়াছেন। তিনি দরিদ্রদিগের ভরণের নিমিত্ত সমস্ত সম্পত্তি দান করিবেন। হরিশ্চন্দ্র বিশ্বামিত্রকে সমস্ত রাজ্য দান করিয়াছিলেন। আমি এই বাড়ীখানি কোনও (কস্মৈচিৎ) দীন মনুষ্যকে দান করিতে ইচ্ছা করিতেছি। আমি সমস্ত বিভব গুরুকে দান করিয়া একাকী কাশীতে বাস করিব।

কে আমার শরীর স্পর্শ করিতেছে। তোমার দেহ অপবিত্র হইয়াছে, তুমি গঙ্গাজল স্পর্শ কর। ছুঁওনা ছুঁওনা এই লজ্জাবতী লতা। তুমি কুক্কুরকে স্পর্শ করিয়াছ, অতএব বিষ্ণুর স্নানীয় জল স্পর্শ কর। যিনি ব্রাহ্মণ, তিনি কথনও কুকুরকে স্পর্শ করিবেন না। পুত্র বলিল, হে পিতঃ! আমি আপনকার চরণ স্পর্শ করিয়া বলিতেছি, আর কথনও পরের দ্রব্য স্পর্শ করিব না। তুমি আসনে বসিয়া অগ্রে আচমন কর। যিনি আচমন করিয়া কর্ম্ম করেন, তাঁহার সমস্ত কর্ম্ম সফল হয়।

স্বাদি—সকর্ম্মক—পরস্মৈপদী।

নবম পাঠ।

শ্রু। লট্ শৃণোতি শৃণুতঃ শৃণ্বন্তি, শৃণোষি ০০, শৃণোমি ০০। লোট্ শৃণোতু০০, শৃণু০০, শৃণবানি০০। লিঙ্ শৃণুয়াৎ। লঙ্ অশৃণোৎ০ অশৃণ্বন্, অশৃণোঃ ০০, অশৃণবম্ অশৃণুব ০। লৃট্ শ্রোষ্যতি। লিট্ শুশ্রাব শুশ্রুবতুঃ ০, শুশ্রোথ ০ শুশ্রুব, ০ শুশ্রুব ০। লুঙ্ অশ্রৌষীৎ অশ্রৌষ্টাম্ অশ্রৌষুঃ। তুম্—শ্রোতুম্। ক্ত্বা—শ্রুত্বা। ষপ্ ০ শ্রুত্য।

শ্রু—শ্রবণ করা।

যস্তস্য চরিতং শৃণোতি হরিস্তং রক্ষতি (বিষ্ণু)=যে তাঁহার চরিত্র শ্রবণ করে, হরি তাহাকে রক্ষা করেন।

বত বৈদেহী দ্বয়মপ্রিয়ং শ্রোষ্যতি (রামা)=হায়! বৈদেহী দুইটি অপ্রিয় শ্রবণ করিবেন।

ভীষ্মো বিপ্রেভ্যঃ সুবলাত্মজাং গান্ধারীং শুশ্রাব (মহা)= ভীষ্ম ব্রাহ্মণদিগের নিকটে সুবলের কন্যা গান্ধারীর বিষয় শ্রবণ করিয়াছিলেন।

স ধনঞ্জয়ঃ তদা অন্তরীক্ষে "তিষ্ঠ"ইতি বচঃ শুশ্রাব (মহা)=সেই ধনঞ্জয় তখন আকাশে "দাঁড়াও" এই কথা শ্রবণ করিয়াছিলেন।

প্রতিজ্ঞা অর্থে আ ও প্রতিপূর্ব্বক শ্রুধাতুর প্রয়োগে যাহার নিকটে প্রতিজ্ঞা করা যায়, তাহার উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা—

বিপ্রায় গাম্ আশৃণোতি (পাণিনি)=ব্রাহ্মণকে গো অঙ্গীকার করিতেছে।

সা পয়স্বিনী রাজ্ঞে কামং প্রতিশ্রুত্য ইতি আদিদেশ (রঘু) =সেই দুগ্ধবতী ধেনু রাজাকে বর অঙ্গীকার করিয়া এই আদেশ করিয়াছিল।

শ্রুধাতু সংপূর্ব্বক হইয়া অকর্ম্মক হইলে, আত্মনেপদী হয়। যথা—

হিতাৎ ন যঃ সংশৃণুতে স কিং প্রভুঃ (ভারবি)=যিনি হিতৈষী ব্যক্তির নিকট হইতে হিত শ্রবণ না করেন, তিনি নিন্দিত প্রভু।

কিন্তু সকর্ম্মক হইলে পরস্মৈপদী হয়। যথা—

যস্তস্যাঃ উক্তানি ন সংশৃণোতি (ভট্টি) = যে তাহার বাক্য-গুলি শ্রবণ করে না।"

সংস্কৃতে অনুবাদ কর :—

এই সভায় সহস্র লোক আমার উপদেশ শ্রবণ করিতেছে। আমি যে সমস্ত হিতবাক্য বলিতেছি, তোমরা তাহা শ্রবণ কর। যিনি কর্ম্মে সাধু, তাঁহারই উপদেশ শ্রবণ করা উচিত। সে বন্ধুদিগের হিতবাক্য শ্রবণ করে নাই, এই হেতু এখন দুঃখ অনুভব করিতেছে। বৎস! বিদ্যালয়ে শিক্ষক যাহা বলিবেন, তাহা অনন্যচিত্ত হইয়া শ্রবণ করিবে। দুর্য্যোধন গুরুজনদিগের ধর্ম্মোপদেশ শ্রবণ করেন নাই, সেই হেতু কৌরবেরা বিনষ্ট হইয়াছিলেন। ভীষ্ম দুর্য্যোধনের নিকটে সেনাপতির কার্য্য (সৈনাপত্যং) প্রতিজ্ঞা করিয়াছিলেন। যদি তুমি আপনার মঙ্গল ইচ্ছা কর, তবে মিত্রের নিকট হইতে শ্রবণ কর। তাহার মধুর গীত শুনিয়া সমস্ত লোক মুগ্ধ হইয়াছিল। যুধিষ্ঠির ভীষ্মকে বলিলেন, পিতামহ! আমি আপনকার নিকট হইতে কিঞ্চিৎ ধর্ম্মোপদেশ শ্রবণ করিতে ইচ্ছা করিতেছি।

দশম পাঠ।

আপ্। লট্ আপ্নোতি আপ্নুতঃ আপ্নুবন্তি, আপ্নোষি ০০, আপ্নোমি আপ্নুবঃ ০। লোট্ আপ্নোতু ০ আপ্নুবন্তু, আপ্নুহি ০০, আপ্নবানি ০০। লিঙ্ আপ্নুয়াৎ। লঙ্ আপ্নোৎ ০ আপ্নুবন্, আপ্নোঃ ০০, আপ্নবম্ আপ্নুব ০। লৃট্ আপ্স্যতি। লিট্ আপ

আপতুঃ ০, আপিথ ০ আপ, আপ আপিব ০। লুঙ্ আপৎ আপতাম্ আপন্। তুম্—আপ্তুম্। ক্ত্বা—আপ্ত্বা। যপ্—০ আপ্য।

আপ্—প্রাপ্ত হওয়া।

যঃ কালে মৃদুর্ভবতি কালে দারুণো ভবতি স সুখমাপ্নোতি (মহা)=যিনি উপযুক্ত সময়ে মৃদু হন এবং উপযুক্ত সময়ে উগ্র হন, তিনি সুখ প্রাপ্ত হন।

তৃষ্ণার্ত্তো মানবঃ পরত্রেহ চ দুঃখমাপ্নোতি (হিতো)=অর্থলুব্ধ মনুষ্য পরলোকে ও ইহলোকে দুঃখ প্রাপ্ত হয়।

উত্তমঃ স মম ভ্রাতা রাজাসনমাপ্নোতু (বিষ্ণু)=উত্তম আমার ভ্রাতা সে রাজসিংহাসন প্রাপ্ত হউক।

পিতরমবজ্ঞায় কঃ প্রতিষ্ঠামবাপ্নুয়াৎ (মহা)=পিতাকে অবজ্ঞা করিয়া কে গৌরব প্রাপ্ত হয়?

যে নরাঃ ইদং শৃণুয়ুস্তে দেবতুল্যতাং প্রাপ্নুয়ুঃ (মহা)=যে মনুষ্যেরা ইহা শ্রবণ করেন, তাঁহারা দেবতুল্যতা প্রাপ্ত হন।

রাবণঃ সর্ব্বতশ্চ অভয়ং প্রাপ্নোৎ (ভট্টি)=রাবণ সকলেরই নিকট হইতে অভয় প্রাপ্ত হইয়াছিল।

ভবানপি পুত্রশোকাৎ দিষ্টান্তমবাপ্স্যতি (রঘু)=আপনিও পুত্রশোকে পঞ্চত্ব প্রাপ্ত হইবেন।

মম নিয়োগেন ত্বং হি শ্রেয়ঃ পরমবাপ্স্যসি (মহা)=আমার নিয়োগহেতু আপনি নিশ্চয় উৎকৃষ্ট শুভফল প্রাপ্ত হইবেন।

অহং তৎ স্থানমিচ্ছামি মম পিতা যন্ন প্রাপ (বিষ্ণু)=আমি সেই স্থান ইচ্ছা করি, আমার পিতা যে স্থান প্রাপ্ত হন নাই।

ততস্তে ত্রিদশাঃ অতুলং হর্ষমবাপুঃ (চণ্ডী)=তাহার পর সেই দেবগণ অতুল প্রীতি প্রাপ্ত হইয়াছিলেন।

বি+আপ্—ব্যাপ্ত হওয়া ;—ত্বমিমান্ লোকান্ ব্যাপ্য তিষ্ঠসি (গীতা)=তুমি এই লোক সমুদায় ব্যাপিয়া অবস্থান করিতেছ।

সংস্কৃতে অনুবাদ কর :—

ধার্ম্মিক লোকেরা ইহলোকে যশ ও পরলোকে স্বর্গ প্রাপ্ত হয়। আমার শুভাকাঙ্ক্ষাহেতু (আশিষা) তোমার পুত্র মহতী সম্পৎ প্রাপ্ত হউক। মানুষ ক্রোধহেতু কখনও শান্তি প্রাপ্ত হয় না। তাহার পুত্র পরীক্ষায় ছাত্রদিগের প্রথম হইয়াছিল, তাই প্রথম পুরস্কার পাইয়াছে। পাণ্ডবেরা ত্রয়োদশ বৎসরের পর যুদ্ধে কৌরবদিগকে পরাভব করিয়া পুনর্ব্বার রাজ্যপ্রাপ্ত হইয়াছিলেন। তাঁহারা বনে বহু ক্লেশ পাইয়া তাহার পর সুখী হইয়াছিলেন। বুদ্ধিমান্ বালকেরা উত্তরকালে (আয়ত্যাম্) সম্পৎ পাইবার নিমিত্ত বাল্যকালে পরিশ্রম করে। বর্ষাকালে মেঘ আকাশ ব্যাপ্ত করে। সেই মহাত্মার মহৎ যশগুলি দেশ ব্যাপিয়াছে।

একাদশ পাঠ।

ক্র্যাদি—সকর্ম্মক—পরস্মৈপদী।

জ্ঞা। লট্ জানাতি জানীতঃ জানন্তি, জানাসি ০০, জানামি জানীবঃ ০। লোট্ জানাতু ০ ০, জানীহি ০০, জানানি ০০। লিঙ্ জানীয়াৎ। লঙ্ অজানাৎ ০ অজানন্, অজানাঃ ০ ০, অজানাম্ অজানীব ০। লৃট্ জ্ঞাস্যতি। লিট্ জজ্ঞৌ জজ্ঞতুঃ ০, জজ্ঞিথ জজ্ঞাথ ০ জজ্ঞ, জজ্ঞৌ জজ্ঞিব ০। লুঙ্ অজ্ঞাসীৎ অজ্ঞাসিষ্টাম্ অজ্ঞাসিষুঃ। আত্মনে—লট্ জানীতে জানাতে জানতে, জানীষে ০ জানীধ্বে,

জানে জানীবহে ০। লোট্ জানীতাম্ ০০, জানীধ্ব ০০, জানৈ জানাবহৈ ০। লিঙ্ জানীত। লঙ্ অজানীত ০ অজানত, অজানীথাঃ ০০, অজানি অজানীবহি ০। লিট্ জজ্ঞে ০০, জজ্ঞিষে ০০, জজ্ঞে জজ্ঞিবহে ০। তুম্—জ্ঞাতুম্। ক্ত্বা—জ্ঞাত্বা। যপ্—০ জ্ঞায়।

জ্ঞা—জ্ঞান, জানা।

জানামি ধর্ম্মং ধর্ম্মজ্ঞ! (রামা)=হে ধর্ম্মজ্ঞ! আমি ধর্ম্ম জানি।

আপৎসু মিত্রং জানীয়াৎ (হিতো)=বিপৎকালে মিত্রকে জানিবে।

কিমনুরক্তো বিরক্তো বা স্বামীতি জ্ঞাস্যামি (হিতো)= প্রভু কি অনুরক্ত বা বিরক্ত ইহা জানিব।

অনু+জ্ঞা—অনুমতি করা।

মাতঃ! মাং বনবাসায় অনুজানীহি (রামা)=হে মাতঃ! আমাকে বনবাসের নিমিত্ত অনুমতি করুন।

বসতিমনুজানাতু নো ভবান্ (রামা)=আপনি আমাদিগের বাসস্থান অনুমতি করুন।

অভি+জ্ঞা—১ বিশিষ্টরূপে জানা, ২ স্মরণ করা।

মূঢ়ো জনো মাং ন অভিজানাতি (গীতা)=মূঢ় ব্যক্তি আমাকে বিশিষ্টরূপে জানে না।

স শান্তনুর্দৃষ্টপূর্ব্বামপি তাং ন অভ্যজানাৎ (মহা)=সেই শান্তনু পূর্ব্বে দেখিয়াও তাহাকে স্মরণ করেন নাই।

অব+জ্ঞা—অনাদর করা;—কস্তব পিতরমবজানাতি? (বিষ্ণু)=কে তোমার পিতাকে অবজ্ঞা করিতেছে?

পরি+জ্ঞা—সম্যক্ জ্ঞান, নিশ্চয়রূপে জানা;—ব্যবহারং

পরিজ্ঞায় বধ্যঃ পূজ্যোঽথবা ভবেৎ (হিতো)=ব্যবহার নিশ্চয়-রূপে জানিয়া বধার্হ অথবা পূজার্হ হইবে।

প্রতি ও সম্ পূর্ব্বক জ্ঞা ধাতুর আত্মনেপদ হয়; কিন্তু উৎ-কণ্ঠা পূর্ব্বক স্মরণার্থে (১) হয় না। যথা—

প্রতি + জ্ঞা—প্রতিজ্ঞা করা;—সত্যং তে প্রতিজানে প্রিয়োঽসি মে (গীতা)=তোমার নিকটে সত্য প্রতিজ্ঞা করিতেছি, তুমি আমার প্রিয়।

সম্ + জ্ঞা—সম্যক্ জ্ঞান;—শতং সংজানীতে (পাণিনি)= শত টাকা জানে।

প্রতি + জ্ঞা—মনে করা;—অসৌ দুর্ম্মতির্লোকেঽস্মিন্ আত্মানং পুরুষোত্তমং প্রতিজানীতে (মহা)=সেই দুর্ম্মতি ইহলোকে আপনাকে পুরুষশ্রেষ্ঠ মনে করে।

সম্ + জ্ঞা—উৎকণ্ঠাপূর্ব্বক স্মরণ করা;—মাতরং মাতুর্বা সংজানাতি (পাণিনি)=মাতাকে স্মরণ করিতেছে।

প্রতি + অভি + জ্ঞা—'ইহা সেই' এইরূপ জ্ঞান, স্মরণ-বিশেষ;—ততো হিরণ্যকস্তদ্বচনং প্রত্যভিজ্ঞায় সসম্ভ্রমং বহির্নিঃসৃত্যাব্রবীৎ (হিতো)=তাহার পর হিরণ্যক তাহার বাক্য বুঝিতে পারিয়া (ইহা সেই এইরূপ জানিয়া) বাহিরে যাইয়া সাদরে বলিল

কর্ত্তা ক্রিয়ার ফলভাগী হইলে, অনুপসর্গ জ্ঞাধাতুর আত্মনে-পদ হয়। যথা—স শ্রান্তং ক্ষুধার্ত্তঞ্চ মাং জানীতে (মহা)= তিনি আমাকে শ্রান্ত এবং ক্ষুধার্ত্ত জানিতেছেন।

(১) গোরীচন্দ্র বলেন,—"স্মরণমাত্র এবাত্মনে পদং ন ভবতীতি বহূনাং সম্মতম্" অর্থাৎ স্মরণমাত্রেই আত্মনেপদ হয় না, ইহা বহুসম্মত।

ন জানে ক্রুদ্ধঃ স্বামী কিং বিধাস্যতি (হিতো)=জানি না স্বামী ক্রুদ্ধ হইয়া কি করিবেন।

সংস্কৃতে অনুবাদ কর:—

সকলে তাহাকে ধার্ম্মিক জানে। আপনারা এই শুভ কর্ম্মে আমাকে অনুমতি করুন। তুমি এই চরমকালে সতত গুরুর চরণ স্মরণ কর। তোমাকে বহুদিন দেখি নাই, এক্ষণে তোমার মুখ দেখিয়া তোমাকে চিনিতেছি। দরিদ্রদিগকে দেখিয়া অবজ্ঞা করা উচিত নয়। আমি স্বইচ্ছায় (স্বেচ্ছয়া) তাহার বাড়ীতে গিয়াছিলাম, কিন্তু সে আমাকে দেখিয়া অনাদর করিল। গর্ব্বিত নরেরা সকল মনুষ্য অপেক্ষা আপনাকে শ্রেষ্ঠ জানিয়া সকলকে অবজ্ঞা করে। সে কেন এখানে আসিয়াছে, তাহা নিশ্চয় জানিয়া আমাকে বলিবে। ভীষ্ম প্রতিজ্ঞা করিয়াছিলেন যে, আমি রাজা হইব না। দাম্ভিক মনুষ্যেরা আপনাদিগের বিদ্যা ও বুদ্ধি কখনও স্মরণ করে না।

দ্বাদশ পাঠ।

অশ্। লট্ অশ্নাতি অশ্নীতঃ অশ্নন্তি, অশ্নাসি ০০, ০ অশ্নীবঃ ০। লোট্ অশ্নাতু ০০, অশান ০০, অশ্নানি ০০। লিঙ্ অশ্নীয়াৎ। লঙ্ আশ্নাৎ আশ্নীতাম্ আশ্নন্, আশ্নাঃ ০০, আশ্নাম্ ০০। লৃট্ অশিষ্যতি। লিট্ আশ আশতুঃ ০, আশিথ ০ আশ, আশ আশিব ০। লুঙ্ আশীৎ আশিষ্টাম্ আশিষুঃ। তুম্—অশিতুম্। ক্ত্বা—অশিত্বা। যপ্—০ অশ্য।

বন্ধ্। লট্ বধ্নাতি। লৃট্ ভন্‌ৎস্যতি। লিট্ ববন্ধ০০,

ববন্ধিথ ববন্ধ, ববন্ধথুঃ, ববন্ধ ; ০ ববন্ধিব ০। লুঙ্ অভান্ৎসীৎ অবান্ধাম্ অভান্ৎসুঃ। তুম্—বন্ধুম্। ক্ত্বা—বদ্ধা। যপ্— ০ বধ্য।

অশ্—ভোজন করা।

দেবতাঃ মাংসানি অশ্নন্তি (ভট্টি)=দেবতারা মাংস ভোজন করেন।

নক্তমন্নং সমশ্নীয়াৎ (মনু)=রাত্রিতে অন্ন ভোজন করিবে।

সূত ! স রাঘবঃ কিমশিষ্যতি (রামা)=হে সুমন্ত্র ! সেই রাম কি ভোজন করিবে ?

উপ+অশ্—১ প্রাপ্ত হওয়া, ২ উপভোগ করা।

অহং সর্ব্বান্ যজ্ঞভাগান্ পৃথক্ পৃথক্ উপাশ্নামি (চণ্ডী)= আমি সমস্ত যজ্ঞভাগ পৃথক্ পৃথক্ প্রাপ্ত হই।

স্বর্গলোকমুপাশ্নীয়াম্ (রামা)=(আমি) স্বর্গলোক উপভোগ করি।

বন্ধ্—১ বন্ধন, ২ উৎপাদন, ৩ করণ, ৪ ধারণ।

বনবাসিনো মুনয়শ্চীরং বধ্নন্তি (রামা)=বনবাসী মুনিরা বল্কল বন্ধন করেন।

ত্বং সুগ্রীবে মতিং বধান (ভট্টি)=তুমি সুগ্রীবে মতি উৎপাদন কর।

চিরেণ মিত্রং বধ্নীয়াৎ (মহা)=বিলম্বে মিত্র করা উচিত।

চঞ্চলা বিদ্যুৎ অম্বরে স্থৈর্য্যং ন ববন্ধ (বিষ্ণু)=চঞ্চলা বিদ্যুৎ আকাশে স্থৈর্য্য ধারণ করে নাই।

কদাচিৎ মৎস্যজীবিনস্তাং মৎস্যীং ববন্ধ (মহা)=কোনও সময়ে মৎস্যজীবীরা সেই মৎস্যীকে বন্ধন করিয়াছিল।

অনু+বন্ধ্—১ অবিচ্ছিন্ন হওয়া, ২ অনুবর্ত্তী হওয়া।

তন্তবো মৃণালানাং ভঙ্গেহপি অনুবধ্নন্তি (হিতো)= মৃণাল ভগ্ন হইলেও সূত্র সমুদায় অবিচ্ছিন্ন থাকে।

ভবতো মানসং কিং তেষু স্নেহমনুবধ্নাতি ? (চণ্ডী)= তোমার মন সেই সকলে স্নেহের অনুবর্ত্তী হইতেছে কেন ?

সংস্কৃতে অনুবাদ কর :—

পশুদিগের মধ্যে কতকগুলি (কতিপয়াঃ) তৃণ ও কতকগুলি মাংস ভোজন করে। বৎস ! আমি তোমাকে চারিটি পক্ব আম্র দিতেছি, তুমি ভক্ষণ কর। ক্ষুধা ব্যতিরেকে কোনও খাদ্য ভোজন করা উচিত নহে। তিনি দিবসে একবার ভোজন করিতেন। আমি প্রতিজ্ঞা করিতেছি, আর কখনও মাংস খাইব না। হায় ! যে রাম রাজভবনে সুস্বাদ দ্রব্য ভোজন করিতেন, তিনি বনে যাইয়া কটু, তিক্ত ও কষায় ফল ভোজন করিয়াছিলেন। যে যেমন কর্ম্ম করে, সে তাহার সেইরূপ ফল পায়। তিনি অতুল ঐশ্বর্য্য পাইয়া বহুদিন সুখ উপভোগ করিয়াছিলেন।

ধীবরেরা জালদ্বারা সমুদ্র হইতেও মৎস্যদিগকে বন্ধন করে। যে কার্য্যদ্বারা মঙ্গল হয়, তাহাতে মতি কর। পরীক্ষাদ্বারা লোককে শত্রু কিংবা মিত্র করা উচিত। একদা কোনও ব্যাধ পাশদ্বারা (বাগুরয়া) কতকগুলি পাখীকে বন্ধন করিয়াছিল। বনবাসী ঋষিরাও পুত্রাদিতে স্নেহের অনুবর্ত্তী হইয়াছিলেন। সাধুদিগের প্রণয় চিরকাল অবিচ্ছিন্ন থাকে। নি+বন্ধ্—রচনা করা ;—কালিদাস বহু কাব্য রচনা করিয়াছিলেন। প্রতি

+বন্ধ্—বাধা দেওয়া;—নদীর স্রোতকে কেহই বাধা দিতে সমর্থ হয় না।

ত্রয়োদশ পাঠ।

রুধাদি—সকর্ম্মক—পরস্মৈপদী।

ভন্জ্। লট্ ভনক্তি ভঙ্ক্তঃ ভঞ্জন্তি, ভনক্ষি ভঙ্ক্থঃ ০, ভনজ্মি ভঞ্জ্বঃ ০। লোট্ ভনক্তু ০০, ভঙ্গ্ধি ০০, ভনজানি ০০। লিঙ্ ভঞ্জ্যাৎ। লঙ্ অভনক্ অভঙ্ক্তাম্ অভঞ্জন্, অভনক্ ০০, অভনজম্ ০০। লৃট্ ভঙ্ক্ষ্যতি। লিট্ বভঞ্জ বভঞ্জতুঃ ০, বভঞ্জিথ বভঙ্ক্থ ০০,০ বভঞ্জিব ০। লুঙ্ অভাঙ্ক্ষীৎ অভাঙ্ক্তাম্ অভাঙ্ক্ষুঃ। তুম্—ভঙ্ক্তুম্। ক্ত্বা—ভঙ্ক্ত্বা ভক্ত্বা। যপ্—০ ভজ্য।

ভুজ্ ধাতু লট্ প্রভৃতি চারি বিভক্তিতে এইরূপ। লৃট্ ভোক্ষ্যতি। লিট্ বুভোজ বুভুজতুঃ ০, বুভোজিথ ০ ০, বুভোজ বুভুজিব ০। লুঙ্ অভৌক্ষীৎ অভৌক্তাম্ অভৌক্ষুঃ। তুম্—ভোক্তুম্। ক্ত্বা—ভুক্ত্বা। যপ্—০ভুজ্য।

ভন্জ্—১ ভঙ্গ, ভাঙ্গিয়া দেওয়া; ২ ছিন্নভিন্ন করা।

কপিরুপবনং ভনক্তি (ভট্টি)=বানর উপবন ভাঙ্গিতেছে।

কপির্নন্দনস্য সদৃশং বনমভনক্ (ভট্টি)=বানর নন্দনের সদৃশ বন ভাঙ্গিতেছে।

প্লবঙ্গমাঃ আশ্রমান্ ভঙ্ক্ষ্যন্তি (ভট্টি)=বানরেরা আশ্রম সমুদায় ভাঙ্গিবে।

তে পুষ্পকস্য বেদিকাঃ তোরণানি চ বভঞ্জুঃ (রামা)= তাহারা পুষ্পকের মঞ্চ ও বহির্দ্বার সমুদায় ভাঙ্গিয়াছিল।

অস্য প্রতিজ্ঞাং মা ভাঙ্‌ক্ষম্ (মহা)=ইহার প্রতিজ্ঞা ভঙ্গ করি নাই।

পাণ্ডবাঃ যথা কুরুণাং সৈন্যানি বভঞ্জুঃ, তথা তে পিতা পাণ্ডব-সৈন্যানি বভঞ্জ (মহা)=পাণ্ডবেরা যেমন কৌরবদিগের সৈন্য সমুদায় ছিন্ন ভিন্ন করিয়াছিলেন, সেইরূপ তোমার পিতা পাণ্ডব-সৈন্যসমুদায় ছিন্ন ভিন্ন করিয়াছেন।

ভুজ্—১ পালন করা, ২ রক্ষা করা।

ভুনক্তি পৃথিবীং রাজা (সংক্ষিপ্ত)=রাজা পৃথিবী পালন করেন।

স তস্য রাজ্যং ন্যাসমিব অভুনক্ (রঘু)=তিনি তাঁহার রাজ্য গচ্ছিত বস্তুর ন্যায় রক্ষা করিয়াছিলেন।

চতুর্দ্দশানাং বর্ষাণামন্তে ভোক্ষ্যতি মেদিনীম্ (রামা)=রাম চতুর্দ্দশ বৎসরের শেষে পৃথিবী পালন করিবেন।

সংস্কৃতে অনুবাদ কর :—

তুমি গাছের ডালগুলি (বিটপান্) কেন ভাঙ্গিতেছ? তোমরা পরস্পর প্রণয় ভাঙ্গিও না। সে ক্রোধহেতু উন্মত্ত হইয়া গৃহের সমস্ত হাঁড়ি (হণ্ডিকাঃ) ভাঙ্গিয়াছে। তুমি এবার যদি গালি দাও (যদি পুনর্গালীং দাস্যসি) তাহা হইলে তোমার হাত মোচড়াইয়া (মোটয়িত্বা) ভাঙ্গিব। রাম মিথিলায় শিব-ধনু ভাঙ্গিয়াছিলেন। কৃষ্ণ কুরুক্ষেত্রে ভীষ্মের প্রতিজ্ঞা ভঙ্গ করিতে পারেন নাই। সৈন্যেরা দুর্গের বহির্দ্বার (তোরণম্) ভাঙ্গিয়া প্রবেশ করিয়াছিল।

সেই রাজা পুত্রের ন্যায় প্রজাদিগকে পালন করিতেছেন। তুমি এই দরিদ্রটিকে অন্নদ্বারা পালন কর। ধনী লোকেরা দরিদ্রদিগকে পালন করুন। তিনি বহুদিন আমাকে পালন করিয়াছেন, অতএব আমি যত দিন বাঁচিব, তত দিন তাঁহাকে ভুলিব না। মহারাজ! আপনি বিনা কে আমাদিগকে পালন করিবে। রাম দশ হাজার বৎসর (দশবর্ষসহস্রাণি) প্রজা-দিগকে পালন করিয়াছিলেন।

চতুর্দ্দশ পাঠ।

হিন্‌স্। লট্ হিনস্তি হিংস্তঃ হিংসন্তি, হিনস্‌সি ০০, হিনস্মি হিংস্ব ০। লোট্ হিনস্ত ০০, হিন্ধি ০০, হিনসানি ০০। লিঙ্ হিংস্যাৎ। লঙ্ অহিনঃ ০ অহিংসন্, অহিনঃ ০ ০, অহিনসম্ অহিংস্ব ০। লৃট্ হিংসিষ্যতি। লিট্ জিহিংস জিহিংসতুঃ ০, জিহিংসিথ ০ জিহিংস, ০ জিহিংসিব ০। লুঙ্ অহিংসীৎ অহিংসিষ্টাম্ অহিং-সিষুঃ। তুম্—হিংসিতুম্। ক্ত্বা—হিংসিত্বা। যপ্—০হিংস্য।

হিন্‌স্—১ হিংসা করা, ২ দ্বেষ করা, ৩ ঈর্ষ্যা করা।

ভগবান্ স্বয়ম্ভূর্ভূতৈর্ভূতানি হিনস্তি (মহা)= ভগবান্ বিধাতা প্রাণীদিগের দ্বারা প্রাণীদিগকে হিংসা করেন।

ন নর্ম্মযুক্তং বচনং হিনস্তি (মহা)= পরিহাসযুক্ত বাক্য বিদ্বেষ করে না।

অহম্ ইন্দ্রস্য বিক্রমং হিনস্মি (মহা)= আমি ইন্দ্রের বিক্রমকে ঈর্ষ্যা করিয়া থাকি।

অহিতঞ্চাপি পুরুষং ন হিংস্যাঃ (রামা)=শত্রু ব্যক্তিকেও দ্বেষ করা উচিত নহে।

অহিংসা পরমো ধর্ম্মস্তস্মাৎ ব্রাহ্মণঃ সর্ব্বান্ প্রাণভৃতঃ ন হিংস্যাৎ (মহা)=অহিংসা পরম ধর্ম্ম, সেই হেতু ব্রাহ্মণ সমস্ত প্রাণীকে হিংসা করিবেন না।

সংস্কৃতে অনুবাদ কর :—

বাঘেরা সকল প্রাণীকে হিংসা করে। আহা! তুমি এই নিরাশ্রয় জন্তুটীকে হিংসা করিও না। ধর্ম্মের নিমিত্ত কোনও প্রাণীকে হিংসা করা উচিত নয়। তিনি কখনও কোন প্রাণীকে হিংসা করেন নাই। আমি প্রতিজ্ঞা করিতেছি যে, আজ হইতে একটি প্রাণীও হিংসা করিব না। দুর্য্যোধন পাণ্ডবদিগকে বিদ্বেষ করিতেন। খলেরা পরের ঐশ্বর্য্য দেখিয়া তাহার উপর ঈর্ষ্যা করে। পূর্ব্বকালে ক্ষত্রিয় নৃপতি যজ্ঞে একটি পশুহিংসা করিতেন। বৌদ্ধেরা ধর্ম্মের নিমিত্ত কোনও প্রাণীকে হিংসা করেন না। যিনি ধর্ম্মের নিমিত্ত পশুদিগকে হিংসা করেন, তাঁহার ধর্ম্ম কলঙ্কিত হয়; যেহেতু অহিংসা পরম ধর্ম্ম।

পঞ্চদশ পাঠ।

অদাদি—অকর্ম্মক—পরস্মৈপদী।

ভা। লট্ ভাতি ভাতঃ ভান্তি। লঙ্ অভাৎ ০ অভান্ অভুঃ। লৃট্ ভাস্যতি। লিট্ বভৌ বভতুঃ ০, বভিথ বভাথ ০ বভ, ০ বভিব ০। লুঙ্ অভাসীৎ অভাসিষ্টাম্ অভাসিষুঃ। তুম্—ভাতুম্। ক্ত্বা—ভাত্বা। যপ্—০ ভায়।

স্না। লট্ স্নাতি। লিট্ সস্নৌ ০০, সস্নিথ সস্নাথ ০ সস্ন, ০ সস্নিব ০। লুঙ্ অস্নাসীৎ। তুম্—স্নাতুম্। ক্ত্বা—স্নাত্বা। যপ্—০ স্নায়।

রুদ্। লট্ রোদিতি রুদিতঃ রুদন্তি, রোদিষি ০০, ০ রুদিবঃ ০। লোট্ রোদিতু ০০, রুদিহি ০০, রোদানি ০০। লিঙ্ রুদ্যাৎ। লঙ্ অরোদৎ, অরোদীৎ, অরুদিতাম্ অরুদন্, অরোদঃ অরোদীঃ ০০, অরোদম্ অরুদিব ০। লৃট্—রোদিষ্যতি। লিট্ রুরোদ রুরুদতুঃ ০, রুরোদিথ ০ রুরুদ। ০ রুরুদিব ০। লুঙ্ অরোদীৎ অরোদিষ্টাম্ অরোদিষুঃ। তুম্—রোদিতুম্। ক্ত্বা—রুদিত্বা। যপ্—রুদ্য।

ভা—দীপ্তি পাওয়া।

গগনে চন্দ্রমা ভাতি নিশায়াং উড়ুভিঃ সহ=চন্দ্র আকাশে রাত্রিকালে নক্ষত্রদিগের সহিত শোভা পায়।

বভৌ ক্রুদ্ধস্য সিংহস্য মুখস্য সদৃশং মুখম্ (রামা)=বদন-মণ্ডল ক্রুদ্ধ সিংহের মুখের সদৃশ দীপ্তি পাইয়াছিল।

নরেন্দ্রকন্যকাঃ দক্ষসুতা ইব আবভুঃ (রঘু)=রাজকন্যারা দক্ষকন্যাদিগের ন্যায় শোভা পাইয়াছিল।

প্রতি+ভা=প্রতিভাত হওয়া=to appear or become clear or apparent. বোধ হওয়া।

ধর্ম্মঃ সবিশেষমদ্য মে ত্রিবর্গসারঃ প্রতিভাতি (কুমার)=ধর্ম্ম সবিশেষরূপে আজি আমার ত্রিবর্গের মধ্যে শ্রেষ্ঠ বলিয়া প্রতিভাত হইতেছে।

ইদং ন সত্যং প্রতিভাতি মাম্ (রামা)=ইহা আমার সত্য বলিয়া বোধ হইতেছে না।

তেষাং মনীষিণাং বিপ্রাণাং মন্ত্রগ্রামঃ কিং ন প্রত্যভাৎ (মহা) =সেই পণ্ডিত ব্রাহ্মণদিগের মন্ত্রসমূহ কি বোধগম্য হয় নাই ?

সর্ব্বে চ বেদাঃ সর্ব্বাণি চ ধর্ম্মশাস্ত্রাণি তে প্রতিভাস্যন্তি (মহা) =সমস্ত বেদ ও সমস্ত ধর্ম্মশাস্ত্র তোমার বোধগম্য হইবে।

স্না—স্নান করা।

অস্নাতে ময়ি যঃ সুব্রতা ন স্নাতি (মহা)=আমি স্নান না করিলে যে সাধ্বী স্নান করেন না।

অনাতুরো যথা অহনি তথা প্রাতর্নিত্যং স্নায়াৎ (মহা)= সুস্থ ব্যক্তি দিবসের ন্যায় প্রাতঃকালে নিত্য স্নান করিবে।

অস্নাত্বা কিঞ্চন কর্ম্ম নাচরেৎ (স্মৃতি)=স্নান না করিয়া কোনও কার্য্যের অনুষ্ঠান করিবে না।

রুদ্‌—রোদন করা।

ত্বং ধরণ্যাং পতিতা কিং রোদিষি (মহা)=তুমি ভূতলে পতিত হইয়া কেন রোদন করিতেছ ?

আহ্বানসূচক রোদন বুঝাইলে, রুদ্‌ ধাতু সকর্ম্মক হয়। যথা—

দশগ্রীবো বীরবাহুং রুরোদ (ভট্টি)=দশানন বীরবাহুর নাম করিয়া কাঁদিতেছিলেন।

সমস্তাঃ দেব্যঃ সমেতাঃ রুরুদুঃ (রামা)=সমস্ত দেবীরা মিলিত হইয়া রোদন করিয়াছিলেন।

সুকুমারক ! মা রোদীঃ তব হ্যেষ স্যমন্তকঃ (বিষ্ণু)=হে সুকুমার রোদন করিও না ; নিশ্চয় এই স্যমন্তক মণি তোমার।

অসৌ দশাননম্ উচ্চৈঃ রোদিতি স্ম (ভট্টি)=সে দশাননের নাম ধরিয়া উচ্চৈঃস্বরে কাঁদিয়াছিল।

সংস্কৃতে অনুবাদ কর :—

সরোবরে শ্বেত ও লোহিত পদ্মসমুদায় শোভা পাইতেছে। শিশু ব্যতিরেকে গৃহ শোভা পায় না। এই কুঁড়াগুলি (কোরকাঃ) যখন প্রস্ফুটিত হইবে, তখন লতা ও তরুগুলি শোভা পাইবে। ঐ পর্ব্বতটি দূর হইতে নীল মেঘের ন্যায় প্রতিভাত হইতেছে। তোমার মুখ দেখিয়া আমার এরূপ বোধ হইতেছে যে, তুমি চোর। পূর্ব্বে গুরুর প্রসাদে গুরুভক্ত ছাত্রদিগের সমস্ত শাস্ত্রই বোধগম্য হইত।

স্না। গঙ্গার ঘাটে (ঘট্টে) প্রতিদিন বহুলোক স্নান করে। তুমি গায়ে বেশ করিয়া সরিষার তৈল মাখিয়া (সম্যক্ সার্ষপং তৈলং ম্রক্ষিত্বা) গঙ্গায় স্নান কর। প্রতিদিন প্রাতঃকালে স্নান করা উচিত। আমি যখন পীড়িত হইয়াছিলাম, তখন একমাস স্নান করি নাই। আমার কি এমন ভাগ্য হবে যে, আমি কাশী যাইয়া মণিকর্ণিকায় স্নান করিব। তাঁহারা সকলে মিলিত হইয়া গোদাবরীতে স্নান করিয়াছিল। তিনি স্নান করিবার নিমিত্ত গঙ্গায় গিয়াছেন। আমি প্রাতঃস্নান করিয়া চণ্ডীপাঠ করিব।

মা! তুমি কাঁদিতেছ কেন? বৎস! তুমি কাঁদিও না, তোমাকে একটি সুন্দর খেলনা (ক্রীড়নকং) দিব। মাকে না দেখিয়া ছেলেগুলি সমস্ত রাত্রি কাঁদিয়াছে। সেই মহাত্মার মৃত্যু হইলে, দেশের সমস্ত লোক কাঁদিবে। রাম বনে যাইবে, এই বৃত্তান্ত শুনিয়া কৌশল্যা উচ্চস্বরে কাঁদিয়াছিলেন।

ষোড়শ পাঠ।

জাগৃ। লট্ জাগর্ত্তি জাগৃতঃ জাগ্রতি, জাগর্ষি ০ ০, জাগর্ম্মি ০ ০। লোট্ জাগর্ত্তু ০ ০, জাগৃহি ০ ০, জাগরাণি ০ ০। লিঙ্ জাগৃয়াৎ। লঙ্ অজাগঃ ০ অজাগরুঃ, অজাগঃ ০ ০, অজাগরম্ ০ ০। লৃট্ জাগরিষ্যতি। লিট্ জাগরামাস জজাগার জাগরামাসতুঃ জজাগরতুঃ জাগরামাসুঃ জজাগরুঃ, জাগরামাসিথ জজাগরিথ ০ জাগরামাস জজাগর, ০ জাগরামাসিব জজাগরিব ০। জাগরাম্বভূব, জাগরাঞ্চকার। লুঙ্ অজাগরীৎ। তুম্—জাগরিতুম্। ক্ত্বা—জাগরিত্বা। যপ্—০ জাগর্য্য।

অস্। লট্ অস্তি স্তঃ সন্তি, অসি স্থঃ ০, অস্মি স্বঃ স্মঃ। লোট্ অস্তু স্তাম্ সন্তু, এধি ০ ০, অসানি ০ ০। লিঙ্ স্যাৎ স্যাতাম্ স্যুঃ। লঙ্ আসীৎ আস্তাম্ আসন্, আসীঃ ০ ০, আসম্ আস্ব আস্ম।

জাগৃ—জাগরিত হওয়া।

কৌশল্যে! যদি জাগর্ষি মে বচঃ শৃণু (রামা) = কৌশল্যে! যদি জাগিয়া থাক, আমার বাক্য শ্রবণ কর।

নৈকঃ সুপ্তেষু জাগৃয়াৎ (মহা)=নিদ্রিতদিগের মধ্যে একাকী জাগিয়া থাকা উচিত নহে।

বয়ং কাকুৎস্থস্য গুপ্ত্যর্থং নিশাং জাগরিষ্যামঃ (রামা)—আমরা কাকুস্থবংশীয় রামের রক্ষার নিমিত্ত রাত্রি জাগরণ করিব।

প্র+জাগৃ=সাবধান হওয়া;—(রাবণঃ) অরেরীহাসু অনিশং প্রজাগরাঞ্চকার (ভট্টি)=রাবণ শত্রুর চেষ্টা (গতিবিধি) বিষয়ে সতত সাবধান হইয়াছিল।

অস্—সত্তা, বিদ্যমানতা।

নাসৌ ধর্ম্মো যত্র ন সত্যমস্তি, ন সা সভা যত্র ন সন্তি বৃদ্ধাঃ (হিতো)=যাহাতে সত্য নাই তাহা ধর্ম্ম নহে, যেখানে পণ্ডিত নাই তাহা সভা নহে।

পরিক্ষিত! নঃ প্রিয়েভ্যঃ স্বস্তি অস্তু (মহা)=হে পরিক্ষিত! আমাদের প্রিয়জনদিগের মঙ্গল হউক।

গচ্ছ পুত্র! শিবং তেঽস্তু (মহা)=হে পুত্র! গমন কর, তোমার মঙ্গল হউক।

মহামুনির্বাল্মীকিঃ তূষ্ণীমাসীৎ (রামা)=মহামুনি বাল্মীকি নীরব হইলেন।

সগরস্য সুমতিঃ কেশিনী চ দ্বে ভার্য্যে আস্তাম্ (বিষ্ণু)=সগরের সুমতি ও কেশিনী নামে দুই ভার্য্যা ছিলেন।

প্রাদুস্+অস্—১ উত্থিত হওয়া, ২ প্রকাশ পাওয়া।

আকাশে মহান্ শব্দঃ প্রাদুরাসীৎ (রামা)=আকাশে মহান্ শব্দ উঠিয়াছিল।

তে তপোধনাঃ সপদি প্রভোঃ পুরঃ প্রাদুরাসন্ (কুমার)=সেই তাপসেরা তৎক্ষণাৎ প্রভুর অগ্রে প্রকাশ পাইয়াছিলেন।

সংস্কৃতে অনুবাদ কর:—

চোরেরা সমস্ত রাত্রি জাগিয়া থাকে। ওহে! তোমাদের গৃহে চোর প্রবেশ করিয়াছে, তোমরা শীঘ্র জাগরিত হও। এখানে চোরের ভয় আছে, অতএব সমস্ত রাত্রি জাগিয়া থাকা উচিত। মাধবের কন্যার বিবাহে আমরা সমস্ত রাত্রি জাগিয়াছিলাম। ভাই! আজ আমাদের বাড়ীতে উৎসব হইবে, অতএব আমরা সমস্ত রাত্রি জাগিব। সে প্রতিদিন রাত্রিতে দশটা

পর্য্যন্ত (দশমীং হোরাং যাবৎ) জাগিত। ক্রমাগত (উপর্য্যুপরি) তিন রাত্রি জাগিয়া (জাগরিত্বা স্থিতস্য) আমার শরীর অবসন্ন হইতেছে।

আজ আমার জালায় (অলিঞ্জর) জল নাই। তুমি এই শুভদিনে গমন কর, তোমার পথ সমুদায় নিরাপদ্ হউক। এই শুভকার্য্যে তাহাদিগের দুঃখিত হওয়া উচিত নহে। পাটলীপুত্র নগরে চন্দ্রগুপ্ত নামে রাজা ছিলেন।

সপ্তদশ পাঠ।

অদাদি—সকর্ম্মক—পরস্মৈপদী।

যা। লট্ যাতি যাতঃ যান্তি। লঙ্ অযাৎ অযাতাম্ অযান্ অযুঃ। লৃট্ যাস্যতি। লিট্ যযৌ যযতুঃ ০, যযিথ যযাথ ০ যয, যযৌ যযিব ০। লুঙ্ অযাসীৎ অযাসিষ্টাম্ অযাসিষুঃ। তুম্— যাতুম্। ক্ত্বা—যাত্বা। যপ্—০ যায়।

খ্যা। কর্ত্তৃবাচ্যে লট্, লোট্, লিঙ্ ও লঙ্ এই চারি বিভক্তিতে খ্যাধাতুর প্রয়োগ হয়। যথা—লট্ খ্যাতি। লোট্ খ্যাতু। লিঙ্ খ্যায়াৎ। লঙ্ অখ্যাৎ অখ্যাতাম্ অখ্যান্ অখ্যুঃ।

যা—১ গমন করা, ২ প্রাপ্ত হওয়া।

ধর্ম্মস্যাতিক্রমেণ কুলানি অকুলতাং যান্তি (মহা)=ধর্ম্মের অতিক্রমহেতু কুলসমুদায় নীচকুলতা প্রাপ্ত হয়।

মম দোষাঃ প্রশমং প্রয়ান্তু (বিষ্ণু)=আমার দোষ সমুদায় নিবৃত্তি প্রাপ্ত হউক।

লোকেষু তেষামিদং চরিতং খ্যাতিং যাস্যতি (রামা)=জগতে তাহাদিগের এই চরিত্র খ্যাতি লাভ করিবে।

অনেন কৃষ্ণেন বিনা বয়ং গোকুলং ন যাস্যামঃ (বিষ্ণু)= এই কৃষ্ণ ব্যতিরেকে আমরা গোষ্ঠে যাইব না।

ক্রিয়া ও কালের একত্বে প্রথম, মধ্যম ও উত্তম পুরুষ কর্ত্তা হইলে ক্রিয়াপদ উত্তম পুরুষ হয়। যথা—

অহঞ্চ রামশ্চ ত্বয়া সমং মথুরাং শ্বো যাস্যামঃ (বিষ্ণু)=আমি ও বলরাম তোমার সহিত কাল মথুরায় যাইব।

একদাতু বিনা রামং কৃষ্ণো বৃন্দাবনং যযৌ (বিষ্ণু)=এক-সময়ে বলরাম ব্যতিরেকে কৃষ্ণ বৃন্দাবনে গমন করিয়াছিলেন।

অনু+যা—১ সহগমন করা, ২ অনুকরণ করা।

এক এব সুহৃদ্ধর্ম্মো নিধনেঽপ্যনুযাতি যঃ (মনু)=একমাত্র ধর্ম্মই সুহৃৎ, যাহা মৃত্যুকালেও সঙ্গে যায়।

রাজানস্তস্য রক্ষিতুর্যশঃ ন কিল অনুযযুঃ (রঘু)=রাজারা সেই প্রজাপালকের যশের নিশ্চয় অনুকরণ করিতে পারেন নাই।

আ+যা—১ প্রাপ্ত হওয়া, ২ আগমন করা।

স্নেহচ্ছেদেঽপি সাধূনাং গুণা বিক্রিয়াং ন আয়ান্তি (হিতো) =স্নেহের বিচ্ছেদ হইলেও সাধুদিগের গুণসমুদায় বিকৃতি প্রাপ্ত হয় না।

সম্+অভি+যা—গত হওয়া;—ইহ চ নো দ্বাদশ সমাঃ সমভ্যয়ুঃ (দশকু)=এই স্থানেই আমাদিগের দ্বাদশ বৎসর অতীত হইয়াছে।

সম্+উপ+যা—আগমন করা;—তত্র সমন্ততঃ সুমহান্

জনৌঘঃ সমুপায়াৎ (রামা)=সেই স্থানে চারিদিক্ হইতে বহুল জনসমূহ আসিয়াছিল।

প্র+যা—প্রস্থান করা;—ততস্ত্রিদশাঃ প্রণম্য স্বানি ধিষ্ণ্যানি প্রযযুঃ (বিষ্ণু)=তাহার পর দেবতারা প্রণাম করিয়া নিজ নিজ স্থানে প্রস্থান করিলেন।

প্রতি+যা—দিকে গমন করা;—হৃষ্টাঃ সর্ব্বাঃ প্রকৃতয়ঃ রামং প্রতিযযুঃ (রামা)=সমস্ত প্রজারা আনন্দিত হইয়া রামের দিকে গমন করিয়াছিল।

খ্যা—কথন, বর্ণন করা।

অহমাখ্যামি তে রাম! যথাগস্ত্যো মহামুনিঃ (রামা)=হে রাম! মহামুনি অগস্ত্য যেখানে, আমি তোমায় বলিতেছি।

আখ্যাহি মে কো ভবান্ উগ্ররূপঃ (গীতা)=ভীষণরূপ আপনি কে? আমায় বলুন।

সংস্কৃতে অনুবাদ কর:—

ওহে তোমরা কোথায় যাইতেছ? ভাই! আমরা মাধবের গৃহে ভোজন করিতে যাইতেছি। তোমরা শীঘ্র যাও, না হইলে গাড়ী (নোচেৎ শকটং) পাইবে না। আমার পুত্রটি কল্য (পূর্ব্বেদ্যুঃ) যাদবের সহিত কলিকাতা গিয়াছে। আমি রাম ব্যতিরেকে একাকী বাড়ী যাইব না। মাধব যখন কাশী যাইবে, তখন আমিও তাহার সঙ্গে যাইব। অপ+যা—পলায়ন করা; কর্ণ শত্রুদিগের নিকট হইতে পরাজিত হইয়া (শত্রুভ্যঃ পরাজিত্য) পলায়ন করিয়াছিলেন। তুমি মহৎ লোকদিগের কার্য্যের অনুসরণ করিবে। ভারতের সমস্ত নৃপতি সেই সভায় আগমন করিয়াছিলেন। দরিদ্র হইলেও সাধু ব্যক্তিরা কখনও দুঃখ প্রাপ্ত

হন না। এইরূপে পাণ্ডবদিগের ত্রয়োদশ বৎসর গত হইয়াছিল। নবীনের পুত্রটি চারি মাস কোথায় প্রস্থান করিয়াছে, কেহই জানে না। রাজা রাজধানীতে ফিরিয়া আসিতেছেন, ইহা শুনিয়া পুরবাসীরা তাঁহার দিকে গমন করিতেছে।

জ্ঞানী মনুষ্যেরা সতত স্থায্য বাক্য বলেন। তোমরা কাহার পুত্র তাহা আমাকে বল। অভি+খ্যা—শোভা পাওয়া; সাধ্বী স্ত্রী পতি বিনা শোভা পায় না। তুমি এই পুস্তকে সাধুদিগের চরিত্র বর্ণনা কর। উপ+আ+খ্যা—বর্ণন করা; আমি এই পুস্তকে রামের চরিত্র বর্ণন করিতেছি। শত্রুও গৃহে আসিলে (গৃহমাগতং শত্রুমপি) প্রত্যাখ্যান করা উচিত নহে। বি+আ +খ্যা—ব্যাখ্যা করা; তুমি মাঘের এই তিনটি শ্লোক ব্যাখ্যা কর।

অষ্টাদশ পাঠ।

ই। লট্ এতি ইতঃ যন্তি, এষি ০ ০, এমি ০ ০। লোট্ এতু ইতাম্ যন্তু, ইহি ইতম্ ০, অয়ানি ০০। লিঙ্ ইয়াৎ। লঙ্ ঐৎ ঐতাম্ আয়ন্, ঐঃ ঐতম্ ঐত, আয়ম্ ঐব ঐম। লৃট্ এষ্যতি। লিট্ ইয়ায় ঈয়তুঃ ঈয়ুঃ, ইয়য়িথ ইয়েথ ০ ঈয়, ইয়ায় ঈয়িব ০। লুঙ্ অগাৎ অগাতাম্ অগুঃ। তুম্—এতুম্। ক্ত্বা— ইত্বা। যপ্—০ ইত্য।

অধি—ই। লট্ অধ্যেতি অধীতঃ অধিয়ন্তি অধীয়ন্তি।

ই—গমন করা।

অলিরেতি বনাৎ কমলম্ (হিতো)=ভ্রমর বন হইতে পদ্মের নিকটে গমন করে।

আদিত্যস্যোদয়ে দ্বিজাতয়ঃ সমেত্য সভামীয়ুঃ (রামা)= সূর্য্যের উদয় হইলে, ব্রাহ্মণেরা মিলিত হইয়া সভায় গমন করিয়াছিলেন।

অতি+ই—১ অতিক্রম করা, ২ প্রাণত্যাগ করা।

অগ্নিস্ত্বিষা পূষণং ন অত্যেতি (মাঘ)=অগ্নি তেজোদ্বারা সূর্য্যকে অতিক্রম করিতে পারে না।

অম্ব! ময়ি অনাগতে রাজা কেন ব্যাধিনা অত্যগাৎ (রামা)= মাতঃ! আমি অনুপস্থিত হইলে, রাজা কোন রোগে প্রাণত্যাগ করিয়াছেন।

বি+অতি+ই—১ অতিক্রম করা, ২ অতীত হওয়া।

তস্য প্রজাঃ আ মনোর্বর্ত্মনঃ পরং রেখামাত্রমপি ন ব্যতীয়ুঃ (রঘু)=তাঁহার প্রজাগণ মনুপ্রভৃতির আচার পদ্ধতির অধিক রেখামাত্রও অতিক্রম করিত না।

তস্য ত্রিগুণানি সপ্ত দিনানি ব্যতীয়ুঃ (রঘু)=তাঁহার এক-বিংশতি দিবস অতীত হইয়াছিল।

অনু+ই—সঙ্গে গমন;—নিজাবুদ্ধিশ্ছায়েব পুরুষং সততমন্বেতি (মহা)=নিজবুদ্ধি ছায়ার ন্যায় সতত পুরুষের সঙ্গে গমন করে।

অপ+ই—ক্ষয় হওয়া;—ধর্ম্মঃ পাদশঃ অপৈতি (মনু)=ধর্ম্ম একপাদ করিয়া ক্ষয় হয়।

অভি+ই—১ প্রাপ্ত হওয়া, ২ নিকটে গমন করা।

কৃত্রিমং বৈরং দ্রাক্ নাশম্ অভ্যেতি (পঞ্চ)=কৃত্রিম শত্রুতা শীঘ্র বিনাশ প্রাপ্ত হয়।

ততো গাধিসুতঃ ক্ষিতীন্দ্রম্ অভ্যগাৎ (ভট্টি)=তাহার পর, বিশ্বামিত্র রাজার নিকটে গমন করিয়াছিলেন।

অব+ই—জ্ঞান, জানা ;—রাজন! সর্ব্বত্র নো বার্ত্তমবেহি (রঘু)=হে রাজন্! সকল বিষয়ে আমাদিগের কুশল জানুন।

আ+ই—আগমন করা ;—এহি এহি ভো হিরণ্যক! এহি (পঞ্চ)=আইস আইস, হে হিরণ্যক! আইস।

উদ্+ই—১ উৎপন্ন হওয়া, ২ উদ্গত হওয়া।

উদেতি পূর্ব্বং কুসুমং ততঃ ফলম্ (শকু)=অগ্রে পুষ্প, তাহার পর ফল উৎপন্ন হয়।

কৃশানোঃ পুণ্যো ধূম উদিয়ায় (রঘু)=অগ্নি হইতে পবিত্র ধূম উদ্গত হইয়াছিল।

উপ+ই—১ নিকটে গমন করা, ২ প্রাপ্ত হওয়া।

লক্ষ্মীঃ উদ্যোগিনং পুরুষসিংহমুপৈতি (হিতো)=লক্ষ্মী উদ্-যোগী পুরুষশ্রেষ্ঠের নিকটে গমন করেন।

নরেন্দ্র! কস্মাৎ সমুপৈষি চিন্তাম্ (বিষ্ণু)=হে নরেন্দ্র! কি হেতু চিন্তাপ্রাপ্ত হইতেছ?

অভি+উপ+ই—১ অঙ্গীকার করা, ২ প্রাপ্ত হওয়া, ৩ উপস্থিত হওয়া।

যৎ ছলমভ্যুপৈতি তৎ সত্যং ন (হিতো)=যাহা শঠতা অঙ্গীকার করে, তাহা সত্য নহে।

ন তৌ ভয়ং সম্ভ্রমমভ্যুপেয়তুঃ (রামা)=তাঁহারা দুই জন ভয় ও ব্যাকুলতা প্রাপ্ত হন নাই।

সর্ব্বে তমভ্যুপেত্য প্রোচুঃ (পঞ্চ)=সকলে তাহার নিকটে উপস্থিত হইয়া বলিয়াছিল।

বি+ই—নিবৃত্ত হওয়া ;—তব ভয়ং নাস্তি ব্যেতু তে মানসো

জ্বরঃ (মহা)—তোমার ভয় নাই, তোমার মানসিক জ্বর নিবৃত্ত হউক।

প্রতি+ই—১ প্রতিগমন করা, ফিরিয়া যাওয়া ; ২ বিশ্বাস করা।

অগ্রজন্মা গুরোঃ সকাশং প্রতীয়ায় (রঘু)=ব্রাহ্মণ গুরুর নিকটে প্রতিগমন করিয়াছিলেন।

অধি+ই—স্মরণ করা ;—অসৌ লক্ষ্মণস্তব অধ্যেতি (ভট্টি)= সেই লক্ষ্মণ তোমাকে স্মরণ করিতেছেন।

সংস্কৃতে অনুবাদ কর :—

প্রাতঃকালে কৃষকেরা লাঙ্গল লইয়া ক্ষেত্রে যায়। মনুষ্যদিগের স্বভাব সকল গুণকে অতিক্রম করে। তাহার পুত্র বৃক্ষ হইতে পড়িয়া মরিয়াছে। বৎস! তুমি কখনও পিতার আজ্ঞা উল্লঙ্ঘন করিও না। সেই সাধ্বী ছায়ার ন্যায় স্বামীর সহিত গমন করিয়াছেন। মনুষ্যেরা যাদৃশ কর্ম্ম আচরণ করে, তাহারা তাদৃশ ফল প্রাপ্ত হয়। অপ+ই—তোমরা এ স্থান হইতে সরিয়া যাও। আমি সুন্দর বা কুৎসিত হই, তোমার কি ক্ষতি হইতেছে? (কিমপৈতি তে ?)। বি+অপ+ই—জ্ঞানহেতু মনুষ্যের ভ্রান্তি নিবৃত্ত হয়। তাহার কার্য্য দেখিয়া সকলেই তাহাকে সাধু বলিয়া জানিয়াছে। কাল আমার গৃহে পাঁচটী লোক আসিবে (এষ্যন্তি)। তোমার বংশে কোনও মহাপুরুষ উৎপন্ন হইবেন। প্রতিদিন প্রাতঃকালে পূর্ব্বদিকে সূর্য্য উদিত হয়। পাণ্ডবেরা ত্রয়োদশ বৎসরের পর পুনর্ব্বার পৈতৃকরাজ্য প্রাপ্ত হইয়াছিলেন। সে গুরুর নিকটে উপস্থিত হইয়া তাঁহার চরণ দুইটিতে নিপতিত হইয়াছিল। যে বালক চোরের সংসর্গ স্বীকার করে, সে চোর

হয়। আমি স্বরহেতু জানিতেছি, এই ঘরে মানুষ আছে। সে কলিকাতায় একমাস থাকিয়া ঘরে ফিরিয়া আসিয়াছে। যে এই ঔষধ পান করিবে, তাহার শরীর হইতে সমস্ত রোগ নিবৃত্ত হইবে। যাহারা ঈশ্বরকে সতত স্মরণ করে, তাহাদের সমস্ত বিপৎ নিবৃত্ত হয়।

ঊনবিংশ পাঠ।

বিদ্। লট্ বেত্তি বিত্তঃ বিদন্তি, বেৎসি ০০, বেদ্মি ০০। পক্ষে—বেদ বিদতুঃ বিদুঃ, বেত্থ বিদথুঃ বিদ, বেদ বিদ্ব বিদ্ম। লোট্ বেত্তু বিত্তাম্ বিদন্তু, বিদ্ধি ০০, বেদানি ০০। পক্ষে—বিদাঙ্করোতু ইত্যাদি। লিঙ্ বিদ্যাৎ। লঙ্ অবেৎ অবিত্তাম্ অবিদুঃ অবিদন্, অবেৎ অবেঃ অবিত্তম্ ০, অবেদম্ অবিদ্ব ০। লৃট্ বেদিষ্যতি (১)। লিট্ বিদাঞ্চকার ইত্যাদি। পক্ষে—বিবেদ বিবিদতুঃ ০, বিবেদিথ ০০, ০ বিবিদিব ০। লুঙ্ অবেদীৎ অবেদিষ্টাম্ অবেদিষুঃ। তুম্—বেদিতুম্। ক্ত্বা—বিদিত্বা। যপ্—০ বিদ্য।

বিদ্—জ্ঞান, জানা।

তাড়কা তস্য বিক্রমং বেত্তি (ভট্টি) = তাড়কা তাঁহার বিক্রম জানে।

---

(১) জয়াদিত্য, জিনেন্দ্র, বিনীতকীর্ত্তি, বামন ও ভাগবৃত্তিকারের মতে জ্ঞানার্থ বিদ্ ধাতুর উত্তর ইট্ হইয়া 'বেদিষ্যতি' পদ হয়, কিন্তু অন্য বৈয়াকরণদিগের মতে 'বেৎস্যতি' এইরূপ পদ হয়।

ত্বং হৃদি স্থিতং সর্ব্বং বেৎসি (বিষ্ণু)=তুমি হৃদয়স্থিত সমস্ত জান।

যঃ কর্ম্মণা মনসা বাচা সর্ব্বেষাং হিতে রতঃ স ধর্ম্মং বেদ (মহা) =যিনি কর্ম্ম, মন ও বাক্য দ্বারা সকলের হিতানুষ্ঠানে রত, তিনি ধর্ম্ম জানেন।

ত্বং ধর্ম্মস্য তত্ত্বং কথঞ্চন পুরা ন বেত্থ (মহা)=তুমি কোনও প্রকারে ধর্ম্মের তত্ত্ব জানিবে না।

যঃ ক্রোধমোহৌ ত্যজতি তং দেবা ব্রাহ্মণং বিদুঃ (মহা)= যিনি ক্রোধ ও মোহ ত্যাগ করেন, দেবতারা তাঁহাকে ব্রাহ্মণ বলেন।

পার্থ! মাং সর্ব্বভূতানাং বীজং বিদ্ধি (গীতা)=হে পার্থ! আমাকে সর্ব্বভূতের কারণ জানিও।

মহেন্দ্রোঽপি নৈতদ্বেদ কুতো বেৎস্যন্তি মানবাঃ (মহা)= ইন্দ্রও ইহা জানেন না, মানবেরা কি প্রকারে জানিবে?

(ভবন্তঃ) বিদাঙ্কুর্ব্বন্তু রামস্য বৃত্তম্ (ভট্টি)। (তোমরা)= রামের চেষ্টা অবগত হও।

যোগিন্! অহং ত্বাং কথং বিদ্যাম্ (গীতা)=যোগিবর! আমি তোমাকে কি প্রকারে জানিতে পারি।

তে প্লবঙ্গমাঃ ইন্দ্রজিন্মার্গং ন বিবিদুঃ (ভট্টি)=সেই বানরেরা ইন্দ্রজিতের পথ জানিত না।

বৈদেহীং রামাৎ অন্যানিরুৎসুকাং বিদাঞ্চকার (ভট্টি)= রাবণ সীতাকে রামভিন্ন অন্য ব্যক্তিতে অনাসক্ত জানিয়াছিল।

সংস্কৃতে অনুবাদ কর :—

সে কিরূপ ধার্ম্মিক তাহা সকলেই জানে। কুটিল মনুষ্যেরা

ধর্ম্মের গূঢ়তত্ত্ব জানে না। মাধব আমার বাড়ীতে এক বৎসর ছিল, আমি তাহার স্বভাব জানি। ধর্ম্মই যে মনুষ্যদিগের সুহৃৎ, তাহা তোমরা জান। দুর্জ্জনেরা সমস্ত শাস্ত্র জানুক, তথাপি তাহারা ধার্ম্মিক নহে। তোমার এই ধর্ম্মসঙ্গত (ধর্ম্ম্যেণ) কর্ম্ম হেতু সকলেই তোমাকে ধার্ম্মিক জানিয়াছে। আমি তাহার আকার দেখিয়া তাহাকে বুদ্ধিমান্ জানিয়াছি। সত্যই যে, জগৎকে রক্ষা করিতেছে, তাহা তোমাদের জানা উচিত। কে (কো নাম) সেই মহাত্মাকে নিন্দা করিয়াছে, তুমি কি তাহাকে জান ? সীতা যে, রাম ব্যতিরেকে অন্যকে উপাসনা করেন না, (নান্যমুপাস্তে) তাহা রাবণ জানিয়াছিল। পাণ্ডবেরা যে, যুদ্ধে জয় লাভ করিবে (লপ্স্যন্তে) তাহা ভীষ্মাদি সকলে জানিয়াছিলেন।

বিংশ পাঠ।

হন্। লট্ হন্তি হতঃ ঘ্নন্তি, হংসি • ০, হন্মি হন্বঃ ০। লোট্ হন্তু • ঘ্নন্তু, জহি • ০, হনানি ০ ০। লিঙ্ হন্যাৎ। লঙ্ অহন্ অহতাম্ অঘ্নন্, অহন্ ০ ০, অহনম্ অহন্ব ০। লৃট্ হনিষ্যতি। লিট্ জঘান জঘ্নতুঃ ০, জঘনিথ জঘন্থ ০ জঘ্ন, জঘান জঘ্নিব ০। লুঙ্ অবধীৎ অবধিষ্টাম্ অবধিষুঃ। তুম্—হন্তুম্। ক্ত্বা—হত্বা। যপ্—০ হত্য।

হন্ – বিনাশ করা।

শ্রিয়ঃ সমৃদ্ধা অপি হন্তি দুর্নয়ঃ (হিতো)=দুর্নীতি বর্দ্ধিত সম্পত্তিকেও নষ্ট করে।

বীর! ইমং ক্রোধং জহি, প্রীতো ভব (মহা)=হে বীর! এই ক্রোধকে বিনাশ কর, প্রীত হও।

অহমিমাং পাপাং কৈকেয়ীং হন্ত্যাম্ (রামা)=আমি এই পাপীয়সী কৈকেয়ীকে বিনাশ করি।

যদি ত্বং প্রজানামুপকারায় মাং হনিষ্যসি (বিষ্ণু)=যদি তুমি প্রজাদিগের উপকারের নিমিত্ত আমাকে বিনাশ কর।

স তয়োরেকং বাণেন জঘান (বিষ্ণু)=তিনি সেই দুয়ের মধ্যে একটীকে বাণদ্বারা হনন করিয়াছিলেন।

রাঘবো দুরাত্মানং রাবণমবধীৎ (রামা)=রাঘব দুরাত্মা রাবণকে বিনাশ করিয়াছিলেন।

আ+হন্—আঘাত করা, প্রহার করা;—মাধবো রণে নবভিঃ শরৈঃ রাক্ষসমাজঘান (মহা)=মাধব সংগ্রামে নয়টি শরদ্বারা রাক্ষসকে প্রহার করিয়াছিলেন।

উপ+হন্—কলুষিত করা;—রাক্ষসা অপি হৈয়ঙ্গবীনং (১) হবির্ন উপঘ্নন্তি (ভট্টি)=রাক্ষসেরাও সদ্যোজাত ঘৃত কলুষিত করিতেছে না।

বি+হন্—বাধা দেওয়া;—রক্ষাংসি বনে ক্রতূন্ বিঘ্নন্তি (ভট্টি) রাক্ষসেরা বনে যজ্ঞসমুদায়ে বাধা দিতেছে।

প্র, নি ও প্রণি পূর্ব্বক হন্ ধাতুর কর্ম্মে দ্বিতীয়া ও ষষ্ঠী বিভক্তি হয়। যথা—

অহং বো নিহনিষ্যামি রসাতলগতানপি (রামা)=পাতালে গমন করিলেও আমি তোমাদিগকে বিনাশ করিব।

---

(১) হৈয়ঙ্গবীনম্—পূর্ব্বদিবসের দুগ্ধজাত ঘৃত।

ময়ি গতে রামো রাক্ষসানাং প্রণিহনিষ্যতি (ভট্টি)=আমি গত হইলে, রাম রাক্ষসদিগকে বিনাশ করিবে।

মাধব! স্বজনং হত্বা কথং সুখিনঃ স্যাম? (গীতা)—হে মাধব! আত্মীয় জনকে বিনাশ করিয়া কি প্রকারে সুখী হইব?

ধার্ত্তরাষ্ট্রান্ নিহত্য নঃ কা প্রীতিঃ স্যাৎ? (গীতা)—ধৃতরাষ্ট্রপুত্রদিগকে বিনাশ করিয়া আমাদিগের কি আনন্দ হইবে?

সংস্কৃতে অনুবাদ কর ঃ—

অজ্ঞ লোকেরা ধর্ম্মের নিমিত্ত প্রাণীদিগকে বিনাশ করে। ক্রোধের তুল্য শত্রু নাই, অতএব ক্রোধকে বিনাশ কর। যদি কেহ বিনাশ করিতে আইসে, তাহাকে তৎক্ষণাৎ বিনাশ করা উচিত। যে ক্ষিপ্ত কুকুরটা (অলর্ক) নবীনকে কামড়াইয়াছিল, আমি তাহাকে বিনাশ করিয়াছি। ভীম প্রতিজ্ঞা করিয়াছিলেন যে, আমি ধৃতরাষ্ট্রপুত্রদিগকে (ধার্ত্তরাষ্ট্রান্) সংগ্রামে বিনাশ করিব। রাম বানরদিগের সহিত লঙ্কায় প্রবেশ করিয়া রাক্ষসকুল বিনাশ করিয়াছিলেন। অব+হন্—(the act of threshing=কণ্ডন। দুইটি স্ত্রীলোক সমস্তদিন চাউল (তণ্ডুলান্) কাঁড়িতেছে। নবীন! যদি তুমি কাল বিদ্যালয়ে না আইস, তাহা হইলে তোমাকে বেত্রদ্বারা প্রহার করিব। খলেরা লোকের শুভকর্ম্মে বাধা দেয়। সম্+হন্—মিলিত হওয়া। তাহারা সকলে মিলিত হইয়া আমার নিকটে আসিয়াছিল।

একবিংশ পাঠ।

ভ্বাদি—অকর্ম্মক—পরস্মৈপদী।

ভী। লট্ বিভেতি বিভীতঃ বিভিতঃ বিভ্যতি, বিভেষি বিভীথঃ বিভিথঃ ০, বিভেমি বিভীবঃ বিভিবঃ ০। লোট্ বিভেতু ০ বিভ্যতু, বিভীহি বিভিহি বিভীতম্ বিভিতম্ ০, বিভয়ানি ০০। লিঙ্ বিভীয়াৎ বিভিয়াৎ। লঙ্ অবিভেৎ অবিভীতাম্ অবিভিতাম্ অবিভয়ুঃ, অবিভেঃ ০০, অবিভয়ম্ অবিভীব অবিভিব ০। লৃট্ ভেষ্যতি। লিট্ বিভায় বিভ্যতুঃ ০, বিভয়িথ বিভেথ ০ বিভা, বিভায় বিভ্যিব ০। পক্ষে—বিভয়াঞ্চকার, বিভয়াম্বভূব, বিভয়ামাস। লুঙ্ অভৈষীৎ অভৈষ্টাম্ অভৈষুঃ। তুম্—ভেতুম্। ক্ত্বা—ভীত্বা। যপ্—০ ভায়।

ভী—১ ভয় হওয়া, ২ ভীত হওয়া।

ন তন্মিত্রং যস্য কোপাদ্বিভেতি (মহা)=যাহার কোপহেতু ভয় হয়, সে মিত্র নহে।

হিরণ্যক ! কিং লুব্ধকাদ্বিভেষি ? (পঞ্চ)=হিরণ্যক ! তুমি কি ব্যাধ হইতে ভীত হইতেছে ?

অসৌ রাবণঃ কাকুৎস্থাৎ প্রবিভয়াঞ্চকার (ভট্টি)=সেই রাবণ ককুৎস্থ বংশীয় রাম হইতে ভীত হইয়াছিল।

"দ্বৌ নঞৌ প্রকৃতার্থং গময়তঃ" দুইটি নিষেধবাচক অব্যয়ের প্রয়োগে প্রকৃতার্থের বোধ হয়। যথা—

যুবাম্ অস্মাৎ কুম্ভকর্ণাৎ মা ন ভৈষ্টম্ (ভট্টি)=তোমরা দুই জন এই কুম্ভকর্ণ হইতে ভীত হও নাই, তাহা নহে।

সংস্কৃতে অনুবাদ কর :—

বীরের হৃদয়ে উৎসাহ আছে, তাই তিনি কাহা হইতেও ভীত হন না। ভাই! যদি তুমি বীর হও, তবে মৃত্যু হইতেও ভীত হইও না। ক্রূর সর্পের ন্যায় দুর্জ্জন হইতে ভীত হওয়া উচিত। সেই মহাত্মা সম্পূর্ণ স্বার্থ ত্যাগ করিয়াছিলেন, তাই মরণ হইতেও ভীত হন নাই। রাম সত্য হইতেই ভীত হইতেন, তাই পিতৃ-সত্য রক্ষার নিমিত্ত বনে গিয়াছিলেন। রাবণের মৃত্যু হইলে, লঙ্কার সমস্ত রাক্ষস রাম হইতে ভীত হইয়াছিল। আমরা প্রাণ-ত্যাগ করিব, তথাপি প্রবল শত্রু হইতেও ভীত হইব না।

দ্বাবিংশ পাঠ।

হ্বাদি—সকর্ম্মক—পরস্মৈপদী।

হা। লট্ জহাতি জহীতঃ জহিতঃ, জহতি, জহাসি • •, জহামি • •। লোট্ জহাতু জহীতাম্ জহিতাম্ জহতু, জহীহি জহিহি জহাহি • •, জহানি • •। লিঙ্ জহ্যাৎ। লঙ্ অজহাৎ অজহীতাম্ অজহিতাম্ অজহুঃ, অজহাঃ • •, অজহাম্ অজহীব অজহিব•। লৃট্ হাস্যতি। লিট্ জহৌ জহতুঃ•, জহিথ জহাথ• জহ, জহৌ জহিব•। লুঙ্ অহাসীৎ অহাসিষ্টাম্ অহাসিষুঃ। তুম্—হাতুম্। ক্ত্বা—হিত্বা। যপ্ • হায়।

হা—ত্যাগ করা।

হা মহারাজ! হা স্বামিন্! কিং মাং জহাসি? (মহা)=হায় মহারাজ! হায় স্বামিন্! কেন আমাকে ত্যাগ করিতেছ?

যো লোভাৎ ধর্ম্মং বিপ্রজহাতি স বিনশ্যতি (মহা)=যে লোভ হেতু ধর্ম্ম ত্যাগ করে, সে বিনষ্ট হয়।

শোকং জহীহি বৈদেহি! রাবণেজহিহি দ্বেষং জহাহি প্রমদাবনম্ (ভট্টি)=হে বৈদেহি! শোক ত্যাগ কর, রাবণে বিদ্বেষ ত্যাগ কর এবং অশোক বন ত্যাগ কর।

গুরুর্মে যথা স্বধর্ম্মান্ ন জহ্যাৎ (মহা)=আমার গুরু যেমন স্বধর্ম্ম ত্যাগ না করেন।

কৌশল্যা ত্বাঞ্চ মাঞ্চ যদি হাস্যতি (রামা)=কৌশল্যা তোমাকে এবং আমাকে যদি ত্যাগ করেন।

অদ্যৈবাবাং প্রহাস্যাবো জীবিতং নাত্র সংশয়ঃ (মহা)=আমরা দুইজন অদ্যই জীবন ত্যাগ করিব, এ বিষয়ে সন্দেহ নাই।

সংস্কৃতে অনুবাদ কর :—

যাহার যেরূপ স্বভাব সে তাহা কখনও ত্যাগ করে না। তুমি আমার বাক্য না শুনিয়া সমস্ত ত্যাগ করিতেছ, কিন্তু পরে (আয়ত্যাম্) অনুতাপ করিবে। তুমি যদি আপনার মঙ্গল চাও তবে দোষগুলি ত্যাগ কর। ভবিষ্যৎ সম্যক্‌রূপে না জানিয়া বর্ত্তমান ত্যাগ করা উচিত নহে। তোমরা অতিমূঢ়, তাই অর্থলোভে স্বধর্ম্ম ত্যাগ করিয়াছ। রাম বলিয়াছিলেন, আমি রাজ্য ত্যাগ করিব, কিন্তু সত্য ত্যাগ করিতে পারিব না। রাম প্রজাদিগের সন্তোষের নিমিত্ত প্রাণ অপেক্ষাও প্রিয়তর সীতাকে ত্যাগ করিয়াছিলেন। তিনি রাজ্য ও সুখ ত্যাগ করিয়া সীতা ও লক্ষ্মণের সহিত বনে গিয়াছিলেন।

ত্রয়োবিংশ পাঠ।

চুরাদি—সকর্ম্মক—পরস্মৈপদী।

কথ - লট্ কথয়তি। লৃট্ কথয়িষ্যতি। লিট্ কথয়াসাস, কথয়াম্বভূব, কথয়াঞ্চকার। লুঙ্ অচকথৎ। তুম্—কথয়িতুম্। ক্ত্বা—কথয়িত্বা। যপ্—০ কথয্য

গণ—লট্ গণয়তি। লুঙ্ অজগণৎ অজীগণৎ। তুম্—গণয়িতুম্। ক্ত্বা—গণয়িত্বা। যপ্—০ গণয্য।

ভক্ষ—লট্ ভক্ষয়তি। লুঙ্ অবভক্ষৎ। তুম্—ভক্ষয়িতুম্। ক্ত্বা—ভক্ষয়িক্ত্বা। যপ্—০ ভক্ষ্য।

কথ—কথন।

কথনার্থ ধাতুর প্রয়োগে গৌণকর্ম্মে প্রায় চতুর্থী হয়। যথা—তদহং সকলং তুভ্যং কথয়ামি (বিষ্ণু)=আমি সেই সমস্ত তোমাকে বলিতেছি।

স বিপ্রস্তত্র তে কথামকথয়ৎ (মহা)=সেই ব্রাহ্মণ সেখানে তোমার কথা বলিলেন।

স বিপ্রস্তদা তৎ সর্ব্বং কথয়ামাস (মহা)=সেই ব্রাহ্মণ তখন সেই সমস্ত বলিয়াছিলেন।

ইতি মে চতুরঃ প্রশ্নান্ কথয়িত্বা জলং পিব (মহা)=আমার এই চারিটি প্রশ্ন বলিয়া জল পান কর।

গণ ১ সংখ্যা করা, ২ মনে করা, উত্তম বলিয়া মনে করা।

স মে তাং ভক্তিমেব (দক্ষিণাম্) অগণয়ৎ (রঘু)=তিনি আমার সেই ভক্তিকেই দক্ষিণা মনে করিলেন।

জনয়িতা মে মঘবতোঽপি ভাগ্যবন্তমাত্মানমজীগণৎ (দশকু)

=আমার পিতা ইন্দ্র অপেক্ষাও আপনাকে ভাগ্যবান্ মনে করিলেন।

বি+গণ—নিশ্চয় জানা ;—রাজন্! আত্মনঃ অদূরবর্ত্তিনীং সিদ্ধিং বিগণয় (রঘু)=হে রাজন্! নিশ্চয় জানিও অচিরে তোমার কার্য্য সিদ্ধি হইবে।

ভক্ষ—ভক্ষণ করা।

আশংসা অর্থাৎ অপ্রাপ্ত প্রিয় বস্তুর প্রাপ্তি-ইচ্ছার্থে ভবিষ্যৎ-কালে ধাতুর উত্তর লট্ হয়। যথা—

আঃ কথমেতৎ সুললিতং মাংসং ভক্ষয়ামি (হিতো) = আহা! কি প্রকারে এই প্রীতিকর মাংস ভক্ষণ করিব?

চতুরকোঽপি শনৈঃ শনৈস্তস্য উষ্ট্রস্য মাংসং ভক্ষয়ামাস (পঞ্চ) =চতুরকও (কোন শৃগালের নাম) অল্পে অল্পে সেই উষ্ট্রের মাংস ভক্ষণ করিয়াছিল।

সংস্কৃতে অনুবাদ কর :—

আমি তোমাকে ধ্রুবের উপাখ্যান বলিতেছি শ্রবণ কর। পিতঃ! আমাকে রামায়ণের একটি উপাখ্যান বলুন। শিশুরা যাহা দ্বারা উপদেশ পায়, তাহাদিগকে এরূপ গল্প (আখ্যায়িকা) বলা উচিত। মাতা গত রাত্রিতে আমাকে একটি উত্তম গল্প বলিয়াছেন। আমি তোমাকে মহাভারতের কয়েকটি (কতিপয়) উপাখ্যান বলিব। ঋষিরা পূর্ব্বে তপোবনে নারীদিগকে পতিব্রতার ধর্ম্ম (পাতিব্রত্যং) বলিতেন।

দোকানিরা দোকানে কড়ি (আপণিকাঃ বিপণ্যাং বরাটকান্) গণিতেছে। এই গৃহে কতগুলি মনুষ্য আছে, তাহাদিগকে গণনা কর। যাহারা পাপ আচরণ করে, তাহাদিগকে মনুষ্যের মধ্যে

মনে করা উচিত নয়। তাহার হৃদয়ে কৃতজ্ঞতা ছিল না, এই হেতু আমি তাহাকে পশু মনে করিতাম। অব+গণ—অবজ্ঞা করা; এই পাপ কর্ম্ম হেতু সমস্ত লোক তোমাকে অবজ্ঞা করিবে। নল মুহূর্ত্ত মধ্যে বৃক্ষের পত্রগুলি গণনা করিতেন। আমি নিশ্চয় জানিয়াছি, তুমি পিতার অবাধ্যতা হেতু দুঃখ পাইবে।

সিংহ ক্ষুদ্র জন্তুদিগকে ভক্ষণ করে না। আমি তোমাকে সুপক্ক ফল দিতেছি, তুমি ভক্ষণ কর। শিশুর হস্ত হইতে লড্ডুক কাড়িয়া লইয়া (আচ্ছিদ্য) ভক্ষণ করা উচিত নয়। আমার বাগানে যতগুলি আম ছিল, বানরেরা সেই সমস্তগুলি ভক্ষণ করিয়াছে। আমি যত দিন বাঁচিব, তত দিন মাংস ভক্ষণ করিব না। আমি এই বর প্রার্থনা করি (প্রার্থয়ে) যেন আমার ছেলে চিরকাল দুধে ভাতে (দুগ্ধান্নং) খায়। পূর্ব্বে রাক্ষসেরা মনুষ্যদিগকে ভক্ষণ করিত। তুমি এই পাকা কাঁটালটি (পনস) ভক্ষণ করিয়া বাড়ী যাও।

চতুর্বিংশ পাঠ।

পাল্—লট্ পালয়তি। লুঙ্ অপপালৎ।

পীড়্—লট্ পীড়য়তি। লুঙ্ অপিপীড়ৎ অপীপিড়ৎ।

পূজ্—লট্ পূজয়তি। লুঙ্ অপূপুজৎ। পূর—পূজধাতুবৎ।

কৃৎ—লট্ কীর্ত্তয়তি। লুঙ্ অচিকীর্ত্তৎ অচীকৃতৎ।

পাল্—পালন করা।

ভরতঃ পালয়েৎ রাজ্যম্ (রামা)=ভরত রাজ্য পালন করুক।

পরি+পাল—সর্ব্বতোভাবে পালন করা।

ভূপালাঃ পরিপালয়ন্তু বসুধাম্ (হিতো)=ভূপতিরা পৃথিবীকে সর্ব্বতোভাবে পালন করুন।

অহমত্র স্থিত্বা ত্বাং পরিপালয়িষ্যামি (পঞ্চ)=আমি এখানে থাকিয়া তোমাকে সর্ব্বতোভাবে পালন করিব।

প্রতি+পাল—১ পোষণ করা, ২ প্রতীক্ষা করা।

অন্যাসক্তো দেবঃ তদবসরং প্রতিপালয়ামি (শকু)=রাজা অন্য বিষয়ে আসক্ত, সেই হেতু অবসর প্রতীক্ষা করি।

পীড়্—১ পীড়া দেওয়া, ২ মর্দ্দন করা।

বলবান্ পিতৃস্নেহো মাং ভৃশং পীড়য়তি (রামা)=প্রবল পিতৃস্নেহ আমাকে অত্যন্ত পীড়া দিতেছে।

বৃকোদরস্তস্য কণ্ঠং পাণিভ্যাং পীড়য়ামাস (মহা)=ভীম দুই হস্তদ্বারা তাহার কণ্ঠদেশ মর্দ্দন করিয়াছিলেন।

নি+পীড়্—অভিবন্দন করা; দিলীপঃ সদারস্তু গুরোঃ পাদৌ নিপীড্য পুনরেব দোগ্ধ্রীং ভেজে (রঘু)=দিলীপ সস্ত্রীক গুরুর পাদদ্বয় অভিবন্দন করিয়া পুনর্ব্বার দোহন শীলা ধেনুরই সেবা করিতে লাগিলেন।

পূজ্—১ পূজা করা, ২ সম্মান করা।

অতিথিং পূজয়েৎ যস্তু স যাতি পরমাং গতিম্ (পঞ্চ)=তিনি অতিথির পূজা করেন, তিনি উৎকৃষ্ট গতি প্রাপ্ত হন।

সোঽপি তং দৃষ্ট্বৈব স্বাগতেন অভ্যপূজয়ৎ (মহা)=তিনিও তাঁহাকে দেখিয়াই স্বাগত বাক্য দ্বারা সম্মান করিয়াছিলেন।

পূর্—১ চরিতার্থ করা, ২ পূর্ণ করা।

অচিরেণৈব যে তুষ্টাঃ পূরয়ন্তি মনোরথান্ (হিতো)=যাঁহারা শীঘ্র সন্তুষ্ট হইয়া মনোরথ পূর্ণ করেন।

শতক্রতুঃ ক্ষণেন সলিলেন বসুন্ধরাং পূরয়ামাস (মহা)=ইন্দ্র ক্ষণকালের মধ্যে জল দ্বারা পৃথিবী পূর্ণ করিয়াছিলেন।

কৄৎ—১ বর্ণন করা, ২ গুণ কীর্ত্তন করা।

ব্রহ্মন্! বিস্তরেণ উৎপত্তিং প্রকীর্ত্তয় (বিষ্ণু)=হে ব্রহ্মন্! বিস্তৃতরূপে উৎপত্তি বর্ণন করুন।

মানবাঃ প্রাতঃ সায়ঞ্চ ত্বাং কীর্ত্তয়িষ্যন্তি (বিষ্ণু)=মনুষ্যেরা প্রভাতে ও সায়ংকালে তোমার গুণ কীর্ত্তন করিবে।

সংস্কৃতে অনুবাদ কর:—

পাল। সেই রাজা প্রজাদিগকে পুত্রের ন্যায় পালন করেন। আহা এই শিশুটির মাতা নাই, তুমি ইহাকে (এনং) পোষণ কর। আমি চিরকাল যাহাকে অন্ন দ্বারা পালন করিয়াছি, সে এখন আমার শত্রু। আমার যত ধন আছে, তদ্দ্বারা দরিদ্রদিগকে পালন করিব। যে রাজা প্রজাদিগকে সর্ব্বতোভাবে পালন করেন, প্রজারা তাঁহাকে দেবতার ন্যায় পূজা করে। আমি সমস্ত দিন তাহার প্রতীক্ষা করিতেছি, তথাপি সে সেখানে আসিল না।

পীড়। নিষ্ঠুর লোকেরা সমস্ত প্রাণীকে পীড়া দেয়। বৎস! তুমি অকারণ কোনও জন্তুকে পীড়া দিও না। আ+পীড়—ভূষিত করা, সেই নারী অলঙ্কার দ্বারা সর্ব্বাঙ্গ ভূষিত করিয়াছে। কখনও কোনও প্রাণীকে ক্লেশ দেওয়া উচিত নয়। তিনি বহুদিবসের পর গৃহে আসিয়া পিতার চরণ দুইটি বন্দনা করিয়াছিলেন। পিতা তৎক্ষণাৎ পুত্রকে আলিঙ্গন করিয়া আসনে উপবেশন করিলেন। নির্+পীড়—নিষ্পীড়ন, নিংড়ান; এই ভিজে (আর্দ্র) কাপড় খানি জোরে নিংড়াইয়া (গাঢ়ং নিষ্পীড্য) এইখানে মিলিয়া দাও (বিস্তারয়)।

পূজ। আমি এখন বিষ্ণুর পূজা করিতেছি। প্রজাবৎসল রাজাকে দেবতার ন্যায় পূজা করা উচিত। তুমি তোমার মাতাকে 'দেবী' এই মনে করিয়া (দেবীতি মত্বা) ভক্তিপূর্ব্বক পূজা কর। পিতা সমস্ত দেবতাস্বরূপ (সর্ব্বদেবময়ো পিতা) অতএব তাঁহাকে কায়, মন ও বাক্য দ্বারা পূজা করিব।

ঈশ্বর সকলের মনোরথ পূর্ণ করেন। তুমি এই কুম্ভটি জল দ্বারা পূর্ণ কর। তুমি শ্লোকের একটি চরণ বল, আমি তাহা পূরণ করিব। হরি সেই ভক্তদিগের প্রার্থনা পূর্ণ করিয়াছেন। ভাই! তুমি লজ্জা করিও না (মা লজ্জস্ব), পেট ভরিয়া খাও (উদরং পূরয়িত্বা ভুঙ্ক্ষ্ব)। সে কুম্ভটি জল দ্বারা পূর্ণ করিবার নিমিত্ত নদীতে গিয়াছে। এই পৃথিবীতে সমস্ত লোক যাঁহার যশ কীর্ত্তন করে, তিনি দরিদ্র হইলেও ধন্য। তুমি সতত হরির গুণ কীর্ত্তন কর, তিনি নিশ্চয় তোমার মনোরথ পূর্ণ করিবেন। আমি যতদিন বাঁচিব, ততদিন তোমার গুণ কীর্ত্তন করিব। যে সকল গুণ দ্বারা মনুষ্য সাধু হন, সেই গুণ সমুদায় আপনি কীর্ত্তন করুন।